


শ্রীঅমূল্যধন রায় ভট্ট

সানসী প্রেস ১৬।১ এ, বিডন ষ্ট্রীট, কলিকাতা। শ্রীশীতলচন্দ্র ভট্টাচার্য্য কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

2007

भूगा এक টाका।



শ্রীঅমূল্যধন রায় ভট্ট

সানসী প্রেস ১৬।১ এ, বিডন ষ্ট্রীট, কলিকাতা। শ্রীশীতলচন্দ্র ভট্টাচার্য্য কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

2007

भूगा এक টाका।



পর্মারাধ্য পতিতপাবন শ্রীশ্রীরাধারমণ চরণ দাস দেবের শ্রীকরকমলে;—

শ্রীশ্রীরাধারমণ কৃষ্ণ, শ্রীপাট পানিহাটী, ১৩৩১ দাল ২৫ পৌষ।

শ্রীচরণরেণু প্রার্থী অমুক্র্য

122.Ja 924.60.

গৌড়ীয় বৈশ্বব-সন্মিলনী হইতে, "প্রীশ্রীদ্বাদশ গোপালের শ্রীপাটের"
ইতিবৃত্ত সংগ্রহ ভন্ত, ভজিভাজন পণ্ডিত শ্রীযুক্ত অমূল্য চরণ বিদ্যাভূষণ
মহাশ্য ঘোষণা করেন। তাঁহারই নির্দেশমন্ত এই কার্য্যে ব্রতী হইয়া প্রায়
সকল বৈশ্বব তীর্যন্থানগুলিতে পরিভ্রমণ করতঃ, যতদূর সাধ্য বিসরণ সংগ্রহ
করিয়াছিলাম ও শ্রীশ্রীগৌরাঙ্গ-সেবক" পজিকায় প্রকাশিত হইয়াছিল।
ইহাতে আমার ক্রতিত্ব কিছুই নাই;যে স্থানে যেমন দেখিয়াছি ও ওনিয়াছি,
অধিকন্ত গ্রন্থমধ্যে যে সব বিবরণ লিপিবদ্ধ আছে তাহাই একত্র উদ্ধৃত
করিয়াছি মাত্র। পুত্তকমধ্যে যথেষ্ট ছাপায় ভ্রমপ্রমাদ রহিয়া গেল; ভক্ত
পাঠক ক্রপা করিয়া মার্জনা করিবেন। উহা ভিন্ন আমার যে কোন ভ্রম দৃষ্ট
গইবে,অমুগ্রহ করিয়া জানাইয়া দিলে, পর সংস্করণে সংশোধন করিয়া লইব।

অষ্টম গোপাল শ্রীশ্রীপুরুষোত্তম ঠাকুরসম্বন্ধে তদ্বংশীয় বোধধানার ভক্তিভাজন শ্ৰীল সতীৰ চক্ৰ গোস্বামী প্ৰভৃতি প্ৰভূথাদগণ ছাদ্ৰবৰ্ষ 🖹 গৌরাঙ্গ-দেবক পত্রিকায় একাধিকবার প্রতিবাদ করিয়াছিলেন; তাঁহাদের মতে 'শ্রীশ্রীকানাই ঠাকুর ও ইহাঁর পিতৃদেব শ্রীশ্রীপুরুষোত্তম ঠাকুর উভয়ে (পিতাপুত্রে) ধাদশ গোপাণের পর্যায়ভূক্ত।' অধিক্স শ্রীশ্রীপুরুষোত্তম ঠাকুরের শ্রীপাট স্থসাগর গ্রাম ৮গঙ্গাদেবীর ভারতে ধবংশ হইলে, তাঁহার সেবিত শ্রীবিগ্রহ চাঁহড় গ্রামে বিজয় করেন। এ সংবাদ ঐ অঞ্চলে প্রসিদ্ধ, বিশেষত প্রচলিত বছগ্রন্থে এ কাহিনী বিবৃত থাকিলেও, প্রভূপাদগণ তাহা স্বীকার করেন না। তাঁহারা পঞ্জিকার লিখিত মতেই বিশেষ আন্থাবান। এসম্বন্ধে এ অধ্য বহু বিনয় সহকায়ে, যথাসাধ্য প্রমাণাদি দিয়া নিবেদন, উক্ত পত্রিকাতেই জ্ঞাপন করিয়াছিল। কিন্তু গুনিয়াছি তাহাতেও প্রভূপাদগণ সম্ভূষ্ট নহেন। সে কারণ এসমুদ্ধে গোস্বামী মহাশ্রগণের আত্মীর বা শ্রীশ্রীকানাই ঠাকুরের বা শ্রীশ্রীপুরু-ষোত্তম ঠাকুরের স্থযোগ্য বংশধর ভাজনঘাট শ্রীপাটের সভ্যনিষ্ঠ পূজ্যপান্ ত্রীল হরিজীবনে গোস্বামী প্রভূপাদের মত উদ্ধৃত করিয়া, আমি নিশ্চিস্ত হইলাম। তিনি লিখিয়াছেন;—

("শ্রীবুক্ত সতীশ চন্দ্র গোস্বামী মহাশয়) শ্রীশ্রীঠাকুর কানাইকে ধান্দর

আমরা হারতীয় প্রামাণিক গ্রন্থে তাঁহার উল্লেখ দেখি নাই। এ বিষয়ে প্রতিবাদকর্মে * শুরিকু অমূল্যধন রায়ভট্ট মহাশয় অতীব বিনয় দহকারে যাহা লিথিয়াছেন, তাহাতে বিশেষ কোন ভ্রম প্রমাদ আছে বিলয়া মনে হয় না; বাস্তবিকই শুশ্রীঠাকুর কানাই প্রামাণিক গ্রন্থে দ্বাদশ গোপালের মধ্যে পরিগণিত হয়েন নাই। * * স্থতবং শ্রীযুক্ত সতীশ চন্ত্র গোপালির মধ্যে পরিগণিত হয়েন নাই। * শুভ্তির তুদ্ধাতিত্ত প্রমাণ প্রোমামী মহাশয়ের গুপ্তপ্রেস পঞ্জিকা * শুভ্তির তুদ্ধাতিত্ত প্রমাণ প্রয়োগদারা তাঁহাদের (শ্রীশ্রীঠাকুর কানাই প্রভৃতির) মহত্ব বৃদ্ধির ধে প্রয়াস তাহা অকিঞ্চিংকর। * * তৎপরে লিথিয়াছেন;—

"* প্রাচীন স্থসাগর গঙ্গাগর্ভে নিহিত হওয়া নিবন্ধন, উহার পরিবর্ত্তে কেহ কেহ বোধখানাকে একজে পিতাপুত্রের শ্রীপাট বলিয়া অভিহিত্ত করিয়াছেন বটে, কিন্তু বোধখানা একমাত্র শ্রীউজ্জ্ব গোপাল শ্রীশ্রীকানাই ঠাকুরেরই শ্রীপাট বলিয়া নির্দিষ্ট হওয়াই বিধেয়া

* * এবিষয়ে পরম পণ্ডিত বৈষ্ণবাচার্যা ৺বিহারী লাল গোস্থামী মহাশয়
একপ্রকার তাহাই বলিয়াছেন। বহুশাল্পদর্শী পূজাপাদ পণ্ডিত-প্রবর্গ শর্মেরন্দ্র নাথ গোস্থামী বিভাবিনোদ মহাশয়েরও এ বিষয়ে মতদৈত ছিল
না, এবং পরম ভাগবত "সপ্ল-বিলাস" প্রভৃতি গ্রন্থপ্রণতা প্রাদিদ্ধ কৃষ্ণক্ষল
গোস্থামীপাদও এই মতের পোষণ করিয়াছেন।"

শ্রীরাঙ্গ-দেবক ১২ বর্ষ ২২৬ পৃ:)


উপসংহাবে, যে সকল গ্রন্থকারগণের গ্রন্থ হইতে প্রমাণাদি উদ্ধৃত করি-য়াছি তাঁহাদের, বিশেষতঃ গৌড়ীয় বৈষ্ণব-সন্মিলনীকে ভক্তিভরে ক্বতজ্ঞতঃ জ্ঞাপন করিতেছি। সন্মিলনীর অনুকম্পাতেই এই গ্রন্থ প্রকাশিত হইল।

সর্বশ্যেষ নিবেদন, এই গ্রন্থটে শ্রীশ্রীদাদশ গোপালের শ্রীপাট ভ্রমণকারী ভক্তগণের মধ্যে, একজনেরও যদি পথা পরিচম্বের শ্রম লাধব হয় তবে এ অধম ক্বতার্থ হইবে। ইতি---

শ্রীশ্রীরাধারমণ কুঞ্জ শ্রীপাট পানিহাটী ২৫ পৌষ ১৩৩১।

ভক্তপদরজপ্রার্থী—

শ্রীতামুল্যধন রায় ভট্ট



শীর্ন্দাবন-লীলার শীর্ক্ষের স্থাগণ "গোপাল" নামে অভিহিত। এই স্থাগণ চারি শ্রেণীতে বিভক্ত। যথা—১। স্থাক্ত, ২। স্থা, ৩। প্রিয়স্থা এবং ৪। ন্র্যাস্থা।

> স্কাদশ্চ স্থায়শ্চ তথা প্রিয়সথাঃ পরে। প্রিয়নর্শ্বয়স্থাশ্চেত্যুক্তা গোজে চতুর্বিধাঃ । (ভক্তিরসামৃত্যিক্ক, পশ্চিম বিভাগ, ৩ লহরী)।

(ক) সূহং:--

"বাৎসল্যগন্ধিসথ্যাস্ত কিঞ্চিতে বয়সাধিকাঃ। সায়ুধান্তভা হুষ্টেভ্যঃ সদা রক্ষাপরায়ণাঃ॥"

অর্কাৎ যাঁহাদের স্থ্য বাৎস্কাগন্ধ-বিশিষ্ট এবং যাঁহারা ক্রম্ব অপেক্ষা কিঞ্চিৎ বয়োধিক, অস্ত্রধারী ও সর্বাদা গুষ্টগণ হইতে শ্রীক্রম্বনে রক্ষা করেন, ভাঁহারা সূক্র।

স্থল্গণের নাম যথা :—গোভট, ভদ্রাশ্ব, বীরভন্ত,ভদ্রবর্দ্ধন, কুলবীর, মঙলীভদ্র, যক্ষেদ্রভট্ট, মহাভীম।

(৭) সথা:---

"কনিষ্ঠকরাঃ সংখ্যন সম্দাঃ প্রীতিগন্ধিনা ।"

বাঁহাদের স্থা দাস্ত-গ্রুবিশিষ্ট এবং বাঁহারা কনির্ভক্ত, তাঁহারা স্থা। স্থাগণের নাম:--- বজার, বিশাল, দেবগুগু, মণিবন্ধ, ব্যন্ত, বরূপপ, ওজারী, মকরন্দ, কর্মন্দ, মন্দর, কুলিক, কুগুমাপীর, কন্দ, চন্দন, কুলিক(?)।

প্রিরস্থা:---

"বরস্তল্যাঃ প্রিয়সথাঃ স্থাং কেবলমা শ্রিতাঃ।।"

যাঁহারা তুলাবয়স্ক ও কেবল সখ্যমাত্র আশ্রয় করিয়া থাকেন, তাঁহা-দিগকে প্রিয়স্থা কহে। প্রিয়স্থার নাম :—

স্তোকক্বক, কিন্ধিণী, স্থদাম, অংশু, ভদ্রসেন, বস্থদাম, দাম, বিশাসী, বিটক্ষ, কলবিক্ষ, পুগুরীক, স্থদামাদি ও শ্রীদাম।

(ঘ) নশ্বস্থাঃ—

"প্রিয়নর্মবয়স্তাস্ত পূর্কতোপ্যভিতো বয়ঃ। আত্যন্তিকরহস্তেমু যুক্তান্তে অবিশেষিনঃ॥"

প্রিয় নর্ম্মগাসকল পূর্বোক্ত স্ক্রং, সখা ও প্রিয়সখা প্রভৃতি ইইডে শ্রেষ্ঠ, বিশেষ ভাবশালী এবং অতিশয় রহস্তপ্রিয়। শ্রীক্রফের কোন রহস্তই বাহাদের অগোচর নাই, তাঁহারাই নর্ম্মগা। মধুররসেই নর্মস্থার কার্য্য। নর্মস্থার নাম ঃ—

সুবল, অর্জুন, গন্ধর্ম, সনন্দন, বসন্ত, উজ্জ্বল, কোকিল, মধুমঙ্গল, সুবাহু, মহাবাহু, লবঙ্গ প্রভৃতি। আরও—

তৃষ্ণতুল্য ক্ষেত্র পার্ষদর্গণ হয়।
বিশেষ আশ্চর্য্য কিছু ব্রজনিশুচয়॥
ক্রথ্য্য দেখিয়া নাহি ভাবান্তর হয়।
মাধুর্য্যের পরাকাটা শুদ্ধ প্রেমময়॥
ক্রথ্য্য দেখিয়া শ্রীঅর্জ্জুন মহাশয়।
তটস্থ হইয়া বহু শুবন করয়॥

ব্ৰজ্বাসী আবাল বনিতা যত জন। ঐশ্বৰ্যা দেখিয়া নাহি করমে গণন॥

("ভক্তমাল", পয়ার, ১ম, ১১৯পুঃ)।

শ্রীক্ষাফের এই স্থাগণ অনস্ত। ভক্তমালে আছে:—
অনস্ত অর্ক্ দু শ্রীক্ষাফের স্থাগণ।
অনস্ত নাহিক পারে করিতে গণন ॥
শ্রীক্ষপ গোস্বামী ঘহা প্রকাশিলা ক্ষিতি।
তাহাই কীর্ত্তন করি তরিতে হুর্গতি॥

এই চারি প্রকার দথার মধ্যে 'প্রিয়স্থা' এবং 'নর্দ্মস্থার' গণ হইতেই।
নাদশ গোপাল শ্রীগোরাঙ্গ অবভারে অবভীর্ণ হইয়াছিলেন।

শ্রীদামশ্চ সুদামশ্চ বসুদামো মহাবল:।
সবাহু: স্থোককৃষ্ণত স্বলশ্চ তথার্জুন:॥
মহাবাহু: গন্ধর্কশ্চ মধুমগ্রল এবচ।
কোকিলো দাদশশৈচ্ব ইমে ক্কপ্রিয়ন্ধরা:॥

্ (শ্রীনিত্যানন্দ্রব্রিভধৃত্বচনং, ৩য়, ১৭২ পৃঃ)।

কাহারও কাহারও মতে 'গদ্ধর্ব' ও 'কোকিল গোপাল' দাদ্শ গোপালের অন্তর্গত নহেন। ইহাঁদের পরিবর্ত্তে "দাম'' ও 'লবঙ্গ' এই তুই কন দাদ্শ গোপালের মধো।

এই সকল সথা বা গোপালগণের শ্রীগোরাঙ্গলীলায় যাঁহার যে যে নাম, তাহা শ্রীগোরগণোদেশনীপিকা" গ্রন্থে বর্ণিত আছে। যথা :—

- (১) পুরা শ্রীদামনামানীদভিরামোহধুনা মহান্। স্বাত্রিংশন্তিঃ জনৈরেব বাহুং কার্চমুবাহ যঃ॥ ১২৬
- (২) পুরা স্থলাননামাসীদভা ঠকুর হৃদর: ॥
- (৩) বস্থামস্থা যশ্চ প্তিভঃ শ্রীধনজ্যঃ॥ ১২৭

দ্বাদশ গোপাল

- (৪) সুবলো যঃ প্রিয়শ্রেষ্ঠঃ স গৌরীদাসপত্তিত:।
- (e) ক্মলাকর: পিপলাই নামাদীদ্**ষো ম**হাবল:॥ ১২৮
- (৬) সুবাহুর্যো ব্রজে গোপো দত্ত উদ্ধারণাথ্যক:।
- (৭) মহেশপণ্ডিত: শীমনাহাবাহুবর্জে স্থা॥ ১২৯
- (৮) স্তোককৃষ্ণঃ স্থা প্রাগ্যো দাসঃ শ্রীপুরুষোত্তমঃ॥ ১৩•
- (৯) সদাশিবস্থতো নামা নাগরঃ পুরুষোত্তমঃ। বৈল্পবংশোর বো নামা দামা যো বল্লবো ব্রুজে॥ ১৩১
- (১০) নারার্জুনঃ স্থা প্রাগ্যো দাসঃ শ্রীপর্মেশ্বরঃ।
- (১১) কালশ্রীক্ষদানঃ স যো লবকঃ স্থা ব্রজে। ১৩২
- ে২) খোলাবেচাতয়াখ্যাতঃ পণ্ডিতঃ শ্রীধরো দ্বি**জঃ।** আসীদ্ব্রজে হাস্তকারী যো নামা কুস্কুমাসবঃ॥ ১৩৩
- (১৩) বলরামদথঃ ক শ্চিৎ পেবলো গোপবালকঃ। আফ্রীদ্রেঞ্জে পুরা বোহতা দ হলারুধঠকুরঃ॥ ১৩৪
- (১৪) বর্রথণঃ স্থানামা রুষ্ণচক্রত ধোরতে। আদীৎ সূত্রব গোরাঙ্গবল্লভো ক্রুপণ্ডিতঃ ॥ ১৩৫
- (১৫) গন্ধর্কো যো ব্রজে গোপঃ কুমুদানন্দপণ্ডিতঃ॥
 "গণোদ্দেশে" এই পনের জন গোপালের নাম আছে। ভক্তমাল গ্রন্থে
 ইহার অমুবাদ দেখা যায়ঃ——
 - (১) গৌরাঙ্গভকত যত ব্রজপরিকর। সংক্ষেপে করিব কিছু বর্ণন তাহার॥ শ্রীমান্ শ্রীদাম শ্রীঅভিরাম ভেল। যোড়শাঙ্গের কাষ্ঠ্ যেঁহ বংশী বাজাইল॥
 - (২) স্থলর ঠাকুর যেঁহ পুর্বের শীর্ষাম।
 - (৩) পণ্ডিত শ্রীধনঞ্জয় **তেঁ**হ ব**ন্নদাম** 🛭

- (8) প্রসিদ্ধ পণ্ডিত শ্রীগোরীদাস স্থবল।
- (৫) ক্মলাক্র পিপলাই যেঁহ মহাবল।।
- (৬) সুবাহু গোপাল যেঁহ উদ্ধারণ দত।
- (৭) মহাবা**হ স্থা এীমান্** মহেশ পণ্ডিত 🛭
- (৮) স্তোককৃষ্ণ থেঁহ তেঁহ দাস পুরুষোত্তম।
- নাগর পুরুষোত্তম থেঁহ পূর্বের ব্রজে দাম।।
 (পাঠান্তর—তেঁহ পূর্বের ব্রজদান।)
- (১০) অর্জ্জুন নামেতে স্থা পর্মেশ্বর দাস।
- (১১) লবজ নামেতে স্থা কালা কৃষ্ণদাস।
- (১২) খোলা-বেচা শ্রীধরপণ্ডিত যে ব্রাহ্মণে। খোলা কাড়াকাড়ি প্রভূ কৈল যাঁর সনে॥ তেঁহ যেঁহ হন ব্রজে শ্রীমধুমঙ্গল॥
- (১৩) হলারুধ প্রভু হন পুরুবে প্রবল। বলদেব স্থা ভেঁহ নাম যে প্রবল। গুণেতে স্মান প্রায় স্মান যে বল।
- (১৪) স্বরূপেতে ক্লুস্থা শ্রীক্লু পণ্ডিত।
- ` (১৫) গন্ধর্ক আখ্যান কুমুদানন্দ পণ্ডিত 🖟 (৩য় মালা, ৩০ খৃঃ)।

উপরোক্ত পঞ্চদশ গোপালের মধ্যে যাঁহারা দ্বাদশ গোপাল পর্যারে অভিহিত, তাঁহাদের নাম প্রাচীন গ্রন্থ একমাত্র "অনন্তসংহিতার" লিখিত আছে। "শব্দকর্মজ্মধৃত" "অনন্তসংহিতার" বচন—("চৈত্ত্র" শব্দে, গ্রামে ।।

(১) শ্রীদাননামগোপালো মম রামশ্র চ প্রিয়ঃ! অভিরাম ইতি খ্যাতঃ পৃথিবাং স ভবিষাতি॥

- (२) হৃদামনামগোপাল: শ্রীমান্ হ্রন্তরঠকুর:।
- (৩) বস্থদামপ্রিয়সথঃ শ্রীধনঞ্জপণ্ডিতঃ ॥
- (৪) স্থবলো মে প্রিয়দথা গৌরীদাদাথাপণ্ডিত:।
- (৫) কমলাকরপিপ্লিলাই পূর্ব্বগাতো মহাবল:॥
- (🕶) পূর্বাদেহে সুরাহর্য্য উদ্ধারণমহাশয়:।
- (৭) মহাবাহর্গোপ-বালঃ শ্রীমান্ মহেশপভিতঃ॥
- (৮) পুরুষোত্তমো বৈগুকুলে স্তোকরুফঃ প্রিয়ো মম।
- (৯) অর্জুনঃ পূর্বদেহে যঃ কলৌ শ্রীপর্মেশ্বরঃ।
- (১০) পূর্ব্বপ্রিয়োলবঙ্গো মে ক্ষাখ্যঃ স কলৌ মুগোঃ
- (১১) শ্রীধর: শ্রীধরসমঃ পূর্বের শ্রীমধুমঙ্গল:॥
- (১২) স্থবলো বলরামসথঃ কলৌ শ্রীহলায়ুধঃ। দ্বাদশৈতে ভবিষাস্তি কলৌ মদ্বর্গারকণে॥

ইহাই "গণোদেশ"-লিখিত গোপালগণের মধ্যে বাদশ গোপাল। অধিকস্ত "গণোদেশদীপিকায়" উদ্ধারণ দত্ত ঠাকুরকে স্থবাহ্য স্থা বলা হইরাছে। এখানে 'স্বাহ্য।' আছে, এবং শ্রীধর পণ্ডিত 'কুস্নাসব' স্থার স্থানে 'মধুমগল' এই মাত্র সামান্ত প্রভেদ। তাহা হইলে:—

>	শ্রীত্মভিরাম ঠাকুব	জ্ঞীলাম স্থা।	(প্রিয়সথা)
	শ্রীস্থলরানন ঠাকুর	সুদাম স্থা।	(প্রিয়সথা)
	শ্রীধনঞ্জ পণ্ডিত	বস্থাম স্থা।	(প্রিয়ুদ্রথা)
8	শ্রীগোরীদাদ পাওত	স্থুবল স্থা।	(নৰ্শ্বস্থা)
c	শ্রীকমলাকর পিপলাই	মহাবল স	(२) (1 14 1
	শ্রীউন্ধারণ দত্ত	সুবাহ্য বা সুরাহ্য্য স্থা।	(নৰ্শ্বস্থা)
-			_

ন। শ্রীমহেশ পণ্ডিত
মহাবাস্থ্য স্থা। (নর্ম্মস্থা)
৮। শ্রীপুরুষোত্তম দাস
স্থোক ক্ষান্ত স্থা। (প্রিয়স্থা)

৯। জীপরমেশ্ব দাস

অৰ্জ্জুন স্থা। (নৰ্ম্মস্থা)

১০৷ শ্রীকৃষ্ণ বা কালাকৃষ্ণদাস

লবজ স্থা। (নর্ম্মস্থা)

১১। শ্রীধর পণ্ডিত

মধুমজল বা কুস্থমাদৰ। (নৰ্মদ্ধা)

১২। শ্রীহলার্ধ ঠাকুর

(শ্রীবলদেবের স্থা ২য় স্থবল,

বা প্রবল স্থা।) (१)

"শ্রীচৈতত্যসঙ্গীতায়" জানা যায় ;---

দ্বাদশ গোপাল নাম শুন অতঃপর॥

- (১) শ্রীদাম জ্বিল আসি থানাকুল ধামে। বিখ্যাত হইল তথা অভিরাম নামে॥
- (২) শ্রীসুদাম স্থানন্দ নামেতে প্রকাশ।

 হলদা মহেশ্রপুরে কৈলা বাস।
- (৩) ৰহ্মদাম জাড় গ্ৰামে উদয় হইলা। [•] ধনঞ্জয় পঞ্জিত নামেতে প্ৰকাশিলা॥
- (৩) দাম মহাশয় নবদ্বীপে উপনীত।
 শ্রীপুরুষোত্তম নাম বিথাত পশুত॥
- (৫) স্থবল আসিয়া কৈল অম্বিকা নিবাস। তথা নাম হৈল পণ্ডিত গৌরীদাস॥
- (৬) মহাবল আক্না মাহেশেতে কৈল ধাম। তথায় কমলাকর পিপিলাই নাম॥
- (৭) সপ্তথ্যামে স্থবাহুর হইল জনম। উদ্ধারণ দত্ত নাম সর্ব স্থলকণ।

^{*} কোন কোন পুস্তকে 'হ্লারানল' স্থানে 'উন্নবানল' আছে। ইহা যে লিপি-করের ভ্রম, তাহা বেশ বুঝা যায়।

- (৮) জন্মিলেন মহাবাহু বরাহনগরে। মহেশ পণ্ডিত নাম দেশদেশান্তরে॥
- (৯) স্থসাগরেতে স্তোকরুষ্ণ গুণাকর। শ্রীপুরুষোত্তম কবিরাজ নামধর॥
- (১০) বিরাট পুরেতে হয় অর্জ্জুনের বাস। নামেতে পরমেশ্বর উপাধিতে দাস॥
- (১১) জাগুলি গ্রামে জ্রীলবঙ্গ জনমিশ আদি। কালীকৃষ্ণনাদ নামে যেঁহ গুণরাশি॥
- (১২) বোধথাসা নগরেতে উজ্জ্বল সুধীর। নিধুক্কফ দাস নামে তেজেতে মিহির॥

কোন কোন গ্রন্থে 'বিরাটপুর' স্থানে 'ভরতপুর', 'জাভালি' গ্রামের স্থানে 'কুলি' গ্রাম আছে। 'বোধখাদা' 'বোধখানা' হইবে।

মৃণ "অনস্তদংহিতার" সহিত "চৈতন্তসংগীতার" দশম গোপাল পর্যান্ত পরিচয়ের ঠিক মিল আছে, কিন্তু ইহাতে একাদশ গোপাল মধুমঙ্গল শীধর পণ্ডিত ও দাদশসংখ্যক গোপাল শীহলায়ুধ ঠাকুরের নাম নাই। তৎ-পরিবর্তে দাম গোপাল শীপুরুষোত্তম পণ্ডিতের ও উজ্জ্বল গোপাল নিধুরুষ্ণ দাস নাম আছে।

"গৌরগণোদ্দেশে" ১৫ জন গোপালের মধ্যে সদাশিব কবিরাজের পুত্র "পুরুষোত্তম নাগরের" নাম আছে, কিন্তু উজ্জ্বল গোপাল নিধুরুষণ দাস বলিয়া কোন নাম নাই। 'নিধুরুষণদাস' লিপিকরের নিশ্চিত ভূল। 'শিশু রুষণদাস' হইবে। কারণ, পুরুষোত্তম ঠাকুরের পুত্রের নাম শিশু রুষণদাস' এবং তিনিই উজ্জ্বল গোপাল ছিলেন। যথা,—

পুরুষোত্তমস্থত শিশু ক্লঞ্চাস গোস্বামী। উজ্জ্বশস্ক্রপ অনুভবে জানি আমি॥

(ঐ ঐতিতভাচক্রোদয়, ২ দর্শন)।

অভিরাম দাসকত 'পোটপর্য্যটন" পৃথিতে দাদশ গোপালের ও তাঁহাদের শ্রীপাটের পরিচয় এইরূপঃ—

- (১) অভিরাম পূর্বের স্থদাম (শ্রীদাম হইবে) খানাকুলে স্থিতি। খানাকুল কৃষ্ণনগর গ্রাম নাম খ্যাতি॥
- (২) হলদা মহেশপুরে স্থলরানদের বাস। স্থলরানন পূর্বে স্থলাম জানিবা নিশ্চয়॥
- (৩) কাঁচড়াপাড়া জন্মভূমি জলস্কীতে বাস। ধনঞ্জ বস্থদাম জানিবা নিৰ্য্যাস ।
- (৪) আকলা মহেশেতে জাগেশরে স্থিতি। কমলাকর পিপলাই এই সে নিশ্চিতি॥ কমলাকর মহাবল পূর্কনাম হয়।
 - ৫) উদ্ধারণ দত্তের বাস কৃষ্পুর হয়॥
 তুগলীর নিকট হয় কৃষ্পুর গ্রাম।
 উদ্ধারণ স্বান্ত জানিবা পূর্বনাম॥
 - (৬) সাগুনা সরভাঙ্গা স্থাসাগর নিকটে। মহেশ পণ্ডিত বাস কহি করপুটে॥ মহেশ মহাবাহু পুর্বের জানিবা আধ্যান।
 - (৭) ঝড়গাছিতে বাস শ্রীকৃঞ্চাস নাম॥
 - ্৮) পরমেশ্বর দাস পূর্ব্বে তোকরুষ্ণ ছিল।

- (৯) বোদখানাতে নাগর পুরুষোত্তম জ্বিল।।
 বোদখানাতে হলদা পরগণা জানিবা সর্বজনে।
 স্থাম স্থা পুরুষোত্তম পূর্ব আখ্যানে।
- (>

) সাঁচড়া পরমেশ্বর দাসের বসতি।

 পরমেশ্বর অর্জুন স্থা পূর্ব্বে এই খ্যাতি॥

 মাধবের স্থা এই পাণ্ডব নহে।

 হিরণ গাঁ সাঁচড়া পাঁচড়া স্ব্রজনে কহে॥
- (১১) আকাই হাটে কালাক্ষণাদের বসতি। পূর্বেতে লবজ স্থা থার নাম থ্যাতি॥
- (১২) থোলাবেচ শ্রীধরের নবদ্বীপে বাস।

 মধুমঙ্গল পূর্ব্বে এই জানিবা নির্যাস॥

 এই যে দাদশ পাট হইল লিখন।

"সাহিত্যপরিষৎ-পত্রিকা"য় উদ্ত "পাটপর্যাটন", ১৩১৮।

২मংখ্যা, ১০৮পৃ:।

অনস্তদংহিতার সহিত পাটপর্যাটনের অনৈকা হইতেছে:—৪র্থ গোপাল স্থবল—গোরীদাস পণ্ডিতের এবং ১২ সংথাক গোপাল হলায়ুধ ঠাকুরের ইহাতে নাম নাই; ইঁহাদের পরিবর্ত্তে বড়গাছির ক্ষণদাসকে ধরা হইয়াছে। কিন্তু ইনি যে কোন্ গোপাল, তাহার উল্লেখ নাই। এবং স্থদাম গোপালকে একবার স্থালরানন্দ ঠাকুর বলিয়া, পুনরায় নাগর পুরুষো-ভমকে স্থদাম বলিয়া লেখা হইয়াছে। অধিকস্ত স্তোকক্ষণ পুরুষোভ্রম শিকুরকে পরমেশ্বর দাস বলা হইয়াছে, এইটি অবশ্য লিপিকরের ভ্রম।

দ্বাদশ গোপাল

হাদশ গোপাল সহন্ধে এইরূপ অল্লবিস্তর অনৈক্য মত সকল গ্রন্থেই দেখা বায় ● ।

* বৃন্দাবন দাস ঠাকুর-প্রণীত "বৈষ্ণব-বন্দনায়" কেবল ১০ জনকে গোপাল পর্যায়ে এ ভুতিহিত করা হইয়াছে। "অনস্ত-সংহিতার" সহিত এখানে ১।২।৪।৮ সংখ্যক গোপালের মিল আছে, বাকি বড়ই অনৈক্য । পরস্ত ইহাতে ৩ জন পুরুষোওমের নাম আছে।

পুরাতন "পঞ্জিকায়" কালাকৃঞ্দাস ঠাকুরের পরিবর্ত্তে শ্রীকানাই ঠাকুরের নাম আছে।

"বৈষ্ণৰ আচারদর্পণে" (১ম খণ্ড, ৩৩২ পৃঃ) ছাদশ গোপাল নির্ণয়ে "অনন্ত-সংছিতার" শ্রীহলায়ুধ ঠাকুরের পরিবর্গ্ডে শ্রীপুরুষোত্তম নাগরকে ধরা ইইয়াছে। অধিকত্ত উক্ত গ্রন্থের ৩৫২ পৃঃ "রামচন্দ্র কবিরাজ" মতে বলিয়া যে ছাদশ গোপালের বিবরণ আছে, ভাহা এবং ৩৫৩ পৃষ্ঠায় বৃন্দাবনদানের মত বলিয়া যে ছাদশজন স্থানে ক্রেছেশ জন গোপালের উল্লেখ আছে, "অনন্তসংহিতা" কি "গণোদ্দেশের" সহিত তাহার আদৌ মিল হয় না।

"প্রীবিষ্ণ প্রিয়া" (সাপ্তাহিক, ১২৮ গৌ: অঃ, শ্রাবণ সংখ্যায়) দ্বাদশ পোপালের বিবরণে শ্রীহলায়ুধ ঠাকুরের পরিবর্ত্তে শ্রীপুরুষোত্তম নাম আছে। অন্ত সংখ্যায়— "পঞ্চ তেবের বাম ভাগে ১২শ গোপালের ভোগসংস্থানবিধি" লেখা আছে। অধিকস্ত দাম গোপাল নাগর প্রুষোত্তমকে কাশীশ্বর ঠাকুর ও স্তোককৃষ্ণ প্রুষোত্তম দাসকে প্রুষোত্তম সঞ্জয় বলিয়া অভিহিত করা হইয়াছে।

"শ্রীশ্রীনিত্যাচরিতেও" (৩য়,১৬৬ পৃঃ) "বিষ্ণুপ্রিয়া" পত্রিকারই ম**ত লেখ**া আছে।

রেমুন। শ্রীশ্রীরচোরা গোপীনাথ মন্দির হইতে শ্রীপাদ বিনোদচৈততা দাস বাবাজী মহাশয় যে "মালসা ভোগ" বিধির মানচিত্র প্রকাশ করিয়াছেন, তাহাতেও স্বাদশ গোপালের মধ্যে শ্রীহলায়ুধ ঠাকুরের নাম দেন নাই।

শ্রীযুক্ত ব্রজনাথ দাসকৃত " শ্রীবৈঞ্চব স্মর্গীয় চিত্রাবলীতে'(১।ক) চৌষটি মহান্তের ভোগ বসিবার ক্রমে "অনস্তসংহিতার" সহিত অনৈক্য আছে। ভাহাতে মধুমঙ্গল শ্রীধর পণ্ডিতের স্থানে শ্রীনরহরি ঠাকুরকে, শ্রীহলাযুধ ঠাকুরের পরিবর্ত্তে পুরুষোত্ম নাগরকে এবং লবঙ্গ স্থা কালাকৃষ্ণদাস স্থানে কুমুদানন্দ ঠাকুরকে গন্ধর্ক সথা বলিয়া উল্লেখ করা হইয়াছে।

এই সকল পরম্পর বিরোধী বিভিন্ন মতের মীমাংসার একমাত্র উপায়
সর্বাপেক্ষা প্রাচীন গ্রন্থের মতানুবর্ত্তী হওয়। কবিকর্ণপূর ১৪৯৮ শকাবেশ
শ্রীগোরগণোদেশনীপিকা রচনা করেন (১)। এজন্ম ইহা বিশেষ প্রাচীন ও
প্রামাণ্য গ্রন্থ। অধিকন্ত অবৈত প্রভুর শিয়া ঈশান নাগর বৃদ্ধবয়সে ১৪৯০
শকাবে যে "শ্রীঅবৈতপ্রকাশ"গ্রন্থ রচনা করেন (২), তাহাতে প্রাচীন
শাস্ত্রন্থ "শ্রীঅনন্তনংহিতার" উল্লেখ আছে। যথা:—শ্রীঅবৈত প্রভু
শ্রীহরিদাস ঠাকুরকে "অনন্তসংহিতার" ভবিষাদ্বাণী বলিতেছেন:—

"প্রভু (শ্রীঅদৈত) কহে শুনহ রে প্রিয় হরিদাস। এই গ্রামে (নদীয়ার) ক্ষচন্দ্র হইবে প্রকাশ॥ "শ্রীঅনন্তসংহিতার" সেই সিদ্ধবাক্য। তাহার সত্যতা আজি হইল প্রত্যক্ষ্য॥

(অবৈতপ্রকাশ, ৯৮ পৃঃ)।

(অধ্যৈতপ্রকাশ)।

এ জন্ত সর্বাহীন এবং বিশেষ প্রামাণ্য গ্রন্থ **চইথানির মতাত্বর্তী** হওয়াই বিশেষ কর্ত্তব্যবোগে আমরা ইঁহাদে<mark>র মতেই দ্বানশ গোপাল নির্ণয়</mark> করিলাম।

⁽২) গৌরপদতর্জিণী ৫২ পৃঃ ১৪৮৮ শকাব্দ বলিয়া উল্লেখ আছে।
শাকে ৰম্প্রহ্মিতে মনুনৈৰ যুক্তে
প্রস্থোহয়মাবিরভবৎ কতমস্তা বজাৎ।
চৈতভাচন্দ্রচরিতামৃতমগ্রচিক্তঃ

শোধাঃ) সমাকলিতগৌরগণাখ্য এবঃ ॥

(২১৫ শ্লোক, চৈঃ চন্দ্রোদয়ধৃত— ১৩৯ পৃঃ)।

(২) চৌদ্দশত নবতি শকাব্দ পরিমাণে।
লীলাগ্রন্থ সাল্ল কৈকু শ্লীলাউড় গ্রামে॥

দ্বাদশ গোপাল

তাহা হইলে অনন্তসংহিতা মতে দাদশ জন গৌরলীলার পারিষদ :---

গৌর	গুণোদেশ মতে ইঁহারা	কুষ্ণলীলার যে যে গোপাল,—	-
5 1	শ্রী অভিরাম ঠাকুর	শ্রীদামগোপাল	
ર 1	স্থলরানন্দ ঠাকুর	স্থাম "	
9 }	ধনঞ্জয় পণ্ডিত	বসুদাম "	
	শ্রীগোরীদাস পণ্ডিত	সূবল "	
e }	🔊 কমলাকর পিপলাই	মহাবল "	
4 [উন্ধারণ দত্ত ঠাকুর	স্থান্ত বা স্থ্রাহ্য্য গোপাল	
۹ ۱	শ্ৰীমহেশ পণ্ডিত	মহাবাহ "	
b	শ্রীপুরুষোত্তম দাস ঠাকুর	স্থোককৃষ্ণ "	
5	শ্রীপর্মেশ্বর দাস	অৰ্জুন- —	
2 - 1	শ্রীকালাকৃষ্ণদাস ঠাকুর	লবঙ্গ ,.	
>>	শ্রীশ্রীধর পণ্ডিত	মধু মঙ্গল ,,	
١ 🔾	শ্ৰীহলায়ুধ ঠাকুর	(বলদেব-স্থা) প্রবল	
		বা ২য় সুবল গোপাল।	
	L		

ইহাই হির সিদ্ধান্ত হইল।(১)

(১) "বৈষ্ণৰ আচারদর্পনে" (৩০৪ পৃঃ) উপরিউক্ত দ্বাদশ গোপাল ব্যক্তিরেকে।
মাদশ উপগোপালের নাম আছে। যথাঃ—

41.1 (0 10.1) 1(0.1) (11.4) (1.4)							
> 1	সুবল	স ধা	শীহলায়্ধ ঠাকুর	শ্ৰীপা ট	রামচক্রপুর (নবদীপ)		
₹	বরুধপ	21	শ্ৰীরুদ্রপ ণ্ডিড	>>	বল্লবপুর।		
৩	গ দ্ধ ৰ্ব্ব	51	শ্ৰীমুকুনদানন্দ পণ্ডিত	3 F	नवन्त्रील ।		
8	কি কিণী	"	শ্রীকাশীশ্বর পণ্ডিড	* ?	বল্লৰপুর।		
•	অংশুমান	,,	শ্ৰীওঝা বনমালী দাস	, P	কুল্যাপাড়া।		
# w ;	ভন্ন সেন	1	শ্রীসস্ত ঠাকুর	,,	রুকুনপুর।		
9	ব্সস্ত	71	<u> </u>	30	ৰংশীটোটা।		
¥	উজ্জল	,,	শ্ৰীগঙ্গাদ !স	**	নৈহাটি।		
> 1	কৌকিল	>)	গ্রীগোপাল ঠাকুর	**	গৌরাঙ্গপুর।		
3 • (ৰিলাসী	,,	শ্ৰীশিবাই	71	বেলু ন ।		
221	পুওরীক		শ্ৰীনন্দাই	9	শালাগ্রাম।		
> ۶ ا	কলবিঙ্ক	2)	শ্ৰী বিষ্ণাই	.»	ঝামটপুর।		

হাদশ গোপাল

শ্রীপাট

'পাটপর্য্যটন" গ্রন্থে জানা যায়:—(১) গৌড়মগুল মধ্যে গৌড়ীয় বৈষ্ণবগণের ৫টী ধাম এবং ২৯টী শ্রীপাট (২) দর্শনীয় আছে। এবং এই ৩৪টী শ্রীপাটের মধ্যে ১২টী দ্বাদশ গোপালের।

শ্রীনবদ্বীপ ধানে প্রভুর জন্ম হয়।
কাটোয়া প্রভুর ধান জানিবা নিশ্চয়॥
একচাকা জন্মভূমি থড়দহে বাস।
শ্রীনিত্যানন্দের হুই ধান জানিবা নির্য্যাস॥
শ্রীনিত্র ধান শান্তিপুরে হয়।
এই পঞ্চ ধান সবে জানিবে নিশ্চয়॥
(পাটপর্যাটন)।

(১) অভিরাম দাসক্ত "পাটপর্যাটন" গ্রন্থ, ত**অন্মিকাচরণ ব্রহ্মচারী 'মহাশর** ১০১৮।২সংখ্যা "সাহিত্যপরিষৎপত্রি**কা**য়" প্রচার করিয়া**ছিলেন। উক্ত গ্রন্থে জানা যায়,** "পাটনির্ণয়" নামক একখানি প্রাচীন হন্থ আছেঃ—

> বে যে গ্রামে পরিক্রমা করিবারে হয়। সে সকল গ্রাম এই লিখিল নিশ্চয়। "পাটনির্ণয়" গ্রন্থে আছিয়ে বিস্তার।

তা দেখি এই চুমুক হইল নির্দ্ধার ॥——পাটপ্র্যাটন, ১১১ পৃঃ।

এই গ্রন্থানি এখনও অপ্রকাশিত অবস্থায় আছে। প্রকাশিত হইলে বিশুর শ্রীপাটের বিবরণ জানা যাইতে পারিবে।

(২) পট্ট শব্দের অর্থ গ্রাম। চলিত ভাষা পাট। ভক্তের বাসস্থান হেতু "শী'যুক্ত করা হয়। (কানুতত্তনির্গ, ৭২ পৃ:)।

আরিও যে সকল স্থানোএকাধিক ভক্তের জন্ম, তাহাকে মহাপাট বলে। যথা :--
১ই তিন ভক্তাবাদে মহাপাটাখ্যান। (পাটপ্র্যটন)।

পঞ্চ ধাম, দ্বাদশ পাট সপ্তদশ হয়।
ভক্তগণের সপ্তদশ সহ চৌত্রিশা হয়।
এই শ্রীপাটগুলি ভক্তগণকে পরিক্রমা করিতে হয়। যথা:—
ধ্য ধে গ্রামে পরিক্রমা করিবারে হয়।
সে সকল গ্রাম এই লিখিল নিশ্চয়।

প্রত্যু ইচ্ছা হইলে সমুদ্য শ্রীপাটগুলির বিবরণ, বিশেষতঃ যাতায়াতের পথের পরিচয় প্রদান করিব।

শ্রীশ্রীনিত্যানন্দ-পারিষদগণের বিবরণ

শ্রীচৈতমতাগবতাদি গ্রন্থে জানা যায়ঃ—দ্বাদশ গোপালের মধ্যে একাদশ জন শ্রীনিত্যানন্দ প্রভুর শাখা। কেবল খোলাবেচা শ্রীধর পঞ্জিত শ্রীচৈতমপ্রভুর শাখা।

এই পারিষদগণ সকলেই পর্মানন্দ্ময়। নাম প্রচার বা সংকীর্ত্তন ভিন্ন ই হাদের আর কোনই কাষ্য ছিল না।

কারো কোন কর্ম নাহি সংকীর্ত্তন বিনে। সভার গোপাল ভাব বাড়ে ক্ষণে ক্ষণে॥ কি ভোজনে, কি শয়নে কিবা পর্যাটনে। ক্ষণেক না যায় ব্যর্থ সংকীর্ত্তন বিনে॥

--ভাগবত, অঃা

ই হাদের সকলেই মহা মহা পণ্ডিত, দেখিতে পরম স্থাদর এবং দেহে অবিরাম অষ্ট সাত্তিক ভাব বিশ্বমান :—

নিরবধি সবার শরীরে ক্ষভাব। অশ্রু কম্প পুলক যত অন্তরাগ। সভার সৌন্দর্য্য যেন অভিন্ন মদন। নিরবধি সভেই করেন সংকীর্ত্তন॥ (ঐ)।

সকলেরই—

বেত্র বংশী শিঙা ছাঁদদড়ি শুঞ্জাহার। তাড় থাড় হৃদে, পান্নে নৃপুর স্থার॥ (এ)

হাদপ গোপাল

নিত্যানন্দের গণ যত সব ব্রজস্থা। শৃঙ্গ বেত্র গোপবেশ শিরে শিথিপাথা॥

---চরিভামৃত, আদি, ১১।

পারিয়দো সব ধরিলেন অলঙ্কার। অঙ্গদ বলয় মল ঘুঙ্গুর সুহার॥ (১)

—ভাগবত, ৫ম (৪৫৮)।

শ্রীঅমূল্যধন রায় ভট্ট

(১) প্রীপ্রনিত্যানন্দ প্রভুর অপ্রকটের পরেও শ্রীপ্রীবীরভদ্র প্রভুও ঐরপ গোপ-বেশে সঞ্জিত থাকিতেন; কিন্তু তাঁহার পৌত্র শ্রীগোগীজনবল্লভ, শ্রীরামকৃষ্ণ ও শ্রীরামচন্দ্র গোবামী প্রভুত্রয় শিয়বর্গকে এই বেশ ধারণ করিতে নিষেধ করেন। তাহাতে সকলেই প্রভুদের আজ্ঞায় গোপবেশ পরিত্যাগ করিয়াছিলেন, কেবল মুর্শিদাবাদের অধীন ক্ষিস্প্রের নিকট বাজিতপুরের শ্রীশ্রীভগ্যামসর্কেষর শ্রীবিগ্রহ সেবক মহান্ত রামকৃষ্ণদাস এই নিষেধ আজ্ঞা প্রতিপালন করেন নাই, এই জন্ম তিনি প্রভুপাদগণ কর্তৃক তাজা ও শূড়াধারী" আখ্যা প্রাপ্ত হন। উক্ত রামকৃষ্ণদাসের গুরু এবং শিষ্যধারা এই ;—

প্রীজার্বা মাতা

শ্রীক্রীরভক্র প্রভু
শ্রীরামক্ষদাস চুড়াধারী

মাধবদাস

ক্ষদাস

বালকানন্দ ঐ

রামকৃষ্ণদাস

বানক্ষদাস

বানক্ষদাস

বিনক্ষ দাস ঐ

নবীনক্ষ দাস ঐ

নবীনক্ষ দাস ঐ

ভিনক্তি শর্মণঃ ঐ

এই প্রণালী শ্রীবৃন্দাবনের মাধবাচার্য্য প্রভুর কুঞ্জে কামদার গোরদান বাবাজীর। নিকট হইতে প্রাপ্ত। (শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া, ৮ম বর্যা—৩১৬ পৃঃ)। জীল বৃন্দাবনদাস ঠাকুর বলিয়াছেন,—এই পারিষদগণের নাম স্বরণ করিলেও ভববন্ধন মোচন হয়। আরও—

নিত্যাননস্বরপের দাসের মহিমা।

যতেক বালক দেখি তোমার সংহতি।
শ্রীদাম স্থদাম প্রায় লয় মোর মতি।
বৃন্দাবন-ক্রীড়ার যতেক শিশুগণ।
সকল তোমার সঙ্গে লয় মোর মন।
সেই ভাব সেই কান্তি সেই সর্ব্ধশিক্তি।
সর্বাদেহে দেখি সেই নন্দগোষ্ঠী ভক্তি॥
এতেকে যে তোমারে, তোমার সেবকেরে।

প্রীতি করে সত্য সত্য সে করে আমারে॥ ভাগবত, অন্ত্য, ৮ম।

শীবৃদ্যবনদাস ঠাকুর বলেন,—শীশীনিত্যানন্দ প্রভুর পারিষদগণ সকলেই "নন্দগোষ্ঠী গোপ-গোপীর অবতার"। ইহাদের পূর্বলীলার কাহার কি স্বরূপ, তাহা বর্ণনা করিতে শীনিত। নন্দ প্রভুর নিষেধ আছে। এজন্ম উহাদের পূর্বি আখ্যা লিখিলাম না।

নিত্যানন্দ স্বরূপের নিষেধ লাগিয়া।
পুর্বনাম না লিখিল বিদিত করিয়া। (১) (ভাগবত, অস্তা, ৬।)

⁽ ১) কিন্তু কবিকর্ণপুর প্রভৃতি ভক্তগণ ত পারিষদ সকলেরই পুর্বালীলার নাম প্রকাশ করিয়া গিয়াছেন। অধিকন্ত শ্রীচৈতন্তভাগবত রচনার পূর্বে গৌরগণোদেশ রচিত হইয়াছে।

শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পারিষদ সঙ্গে গৌড়ে আগমন।

৬পুরীধাম হইতে শ্রীমনাহাপ্রভুর আজায় শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু, পতিত উদ্ধারের জন্ম সমুদর পরিকর দঙ্গে গৌড় দেশে আগমন করেন। সর্বাত্যে শ্রীপাট পানিহাটীতে শ্রীল রাঘ্ব পণ্ডিতের গৃহে আগমন করিয়া তথার তিন মাস যাপন করিয়াছিলে। প্রাচীন পদে আছে:--

শ্রীগোরাঙ্গ আদেশ পাঞা, নিতাই বিদায় হঞা

আইলেন শ্রীগৌড়মগুলে।

সঙ্গে ভাই অভিন্নাম, গৌরীদাস গুণ্ধাম,

কীর্ত্তন বিহার কুতূহলে॥

রামাই স্বন্দরানন্দ,

বাস্থ আদি ভক্তবুন্দ,

সতত কীর্ত্তন-রসে ভোলা।

পানিহাটি গ্রামে আসি, গঙ্গাতীরে পরকাশি

রাঘব পণ্ডিত সহ মেলা।

সকল ভকত লৈয়া গৌর-প্রেমে মন্ত হৈঞা

বিহরুয়ে নিত্যানন্দ রায়।

পতিত হুৰ্গত দেখি,

হইয়া ক্রণ আঁখি

প্রেমরত্ন জগতে বিলার 🛚

হরিনাম চিস্তামণি,

मित्रां कीर्द किला धनी

পাপতাপ হঃথ দুরে গেল।

পড়িয়া বিষম ফাঁদে

না ভজি নিতাইচাঁদে

প্ৰেমদাস ৰঞ্চিত হইল্যা

ঠিক ঐ সময়ে সপ্তথামের রাজা গোবর্দ্ধন দাসের পুত্র প্রসিদ্ধ ভক্ত

শীরমুনাথ দাস গোস্বামী পানিহাটিতে আগমন করিয়া প্রভুর কুপাপ্রাথী হইলে রহস্তচ্চলে প্রভু রঘুনাথের দণ্ড করেন—অর্থাৎ "চিড়া দ্ধি মোর গণে করাও ভোজন।" ইহারই নাম পানিহাটির "দণ্ডমহোৎসব"। এই ঘটনা ১৪৩৯ শকাব্দে হয়। (কাহারও কাহারও মতে ১৪৩৮ শকাব্দে)।

ঐ সময়ে পানিহাটীতে প্রভুর নিকটে অক্সান্ত ভক্ত এবং দ্বাদশ গোপালের প্রায় সকলেই ছিলেন। উৎসবের প্রসাদ ভোজন সময়ে :—

রামদাস (১) স্থানর নান (২) দাস গ্রাধর।
ম্রারি, কমলাকর (৩) সদাশিব, পুরন্দর।
ধনঞ্জয় (৪) জগদীশ, পর্মেশ্বর দাস (৫)।
মহেশ (৬) গৌরীদাস (৭) আর হোড় রুঞ্জাস॥*
উদ্ধারণ দত্ত (৮) আদি যত আর নিজ্জন।

উপরে বিদিলা সব কে করে গণন ॥—(চরিতামৃত, অন্তা, ৬)।

শ্রীপাট পানিহাটীতে বে স্থানে দণ্ডমহোৎসব হইয়াছিল, সেই পঞ্চবটী,
সেই পিণ্ডা বা বেদী, সেই রাঘব-ভবন প্রভৃতি প্রাচীন স্মৃতিচিহ্নগুলি
অক্সাপি অক্সাভাবে শ্রীনিত্যানন্দ-লীলার সাক্ষ্য দিতেছে। । অধিকন্ত
সেই সময় হইতে আজ পর্যান্ত উক্ত প্রেম উৎসব প্রতি বৎসর

বড়গাছিনিবাদী রাজা হরি হোড়ের পুত্র হোড় কৃঞ্দাদ।
 "কৃষ্ণদাদ, রাজা হরি হোড়ের নন্দন।" ভক্তিরত্বাকর, ৯৯০ পৃ:।

[†] ব্যাননের শ্রীচেতগুমঙ্গলে :—

^{ি &}quot;পানিহাটী সম আমে নাহি গঙ্গাতীরে ।

[📑] বড় বড় সমাজ সৰ পতাকা মন্দিরে॥ 🛮 ইত্যাদি।

পানিহাটী জেলা ২৪ পরগণার গঙ্গার উপরেই। ই, বি, রেলের সোদ-পুর ষ্টেসন হইতে এক মাইল পশ্চিমে। কলিকাতা হইতে ১/১০ পরসা মাত্র ভাড়া। এ বিধরের বিস্তারিত বিবরণ সাহিত্য-পরিষৎ-পত্রিকার ১৩২২। ধর্ষসং-সচিত্র প্রবন্ধে প্রকাশ করিরাছি।

ক্রৈষ্ঠ মালের শুক্লা অমোদশীতে (স্নান্যাতার ছই দিন পুর্বে) আশ্চর্য্য-ভাবে সমাধা হইয়া আগিতেছে।

উপরিউক্ত (শ্রীচরিতামৃতের পয়ারে) ৮ জন গোপালের নাম ব্যতিরেকে আর বাঁহাদের নাম নাই, তাঁহাদের উপস্থিতি,—

"উদ্ধারণ দত্ত আদি যত আর নিজ জন॥''

পদের দারাই বুঝা যাইতেছে। এটিচতগুভাগবতে জানা যায়, প্রভুর সঙ্গে তাঁহার সকল পারিষ্দই গোড়ে বা পানিহাটীতে আগমন করিয়াছিলেন:—

> নিত্যানন্দস্তরপের যত আপ্রগণ। নিত্যানন্দ সঙ্গে সভে করিলা গ্যন ॥—(অস্তা, ⊄ম।)

ইহা দ্বারা আমরা দ্বাদশ গোপালের একটী কাল নির্ণয়ের পদ্বা পাইলাম। অর্থাৎ ১৪০৮।৩৯ শকে ই হাদের পানিহাটীতে আগমন। অনুমান, তথন সকলের বয়ঃক্রম ২৫ হইতে ৫০ বংসথের মধ্যে; কাহার কাহার কিঞ্চিৎবেশী।

"বঙ্গভাষা ও সাহিত্য" পুস্তকে জানা বার:—১৫০৪ শকানে বা পানিহাটীর উৎসবের ৬৫।৬৬ বৎসর পরে শ্রীল নরোন্তম ঠাকুরের শ্রীপাট থেতুরী গ্রামের বিখ্যাত উৎসব হয়। ঐ উৎসবে তদানীস্কন সকল ভক্তেরই আগমন হুইয়ছিল। দাদশ গোপালের মধ্যে ঐ সময়ে কমলাকর পিপলাই, কালাকুফ্ডদাস ও পরমেশ্বর দাস, ইঁহাদের উপস্থিতি দেখি। এজন্ত ইঁহাদের দীর্যজীবী বলিয়া মনে হয়। স্থালরানন্দ, গোরীদাস প্রভৃতি যে সেই সময়ে অপ্রকট হইয়ছেন, তাহার স্থাপার আভাস "নরোত্তমবিলাস," "ভিক্তিরত্বাকর" প্রভৃতি গ্রন্থে পাওয়া যায়। (১)

⁽১) কিন্ত এখানে বলিয়া রাখি, একমাত্র মহাপ্রভুর জন্মনন ভিন্ন আর কাহারও জন্মসন নিভু লভাবে পাইবার উপায় নাই। সন তারিশ লইয়া মিলাইজে মাইলেই



🖣 🖺 নিত্যানন্দ প্রভু পানিহাটিতে রাঘব-ভবনে সমুদ্ধ গোপালগণকে লইয়া কীর্ত্তন-বিলাস করেন। ঐ সময়ে:—

> তিন মাস কার বাহ্য নাহিক শরীরে। দেহধর্ম তিলার্দ্ধেক কাহার না ফুরে॥ তিন মাস কেহ নাহি করিল আহার। সবে প্রেমহুরে নৃত্য বই নাহি আর ॥

আমরা ছাদশ গোপালের সমর নির্বয় বিশ্বর গোলমাল দেখা যায়। সাধ্যমত চেষ্টা করিয়াছি, এবং প্রাসন্ধ মত উল্ল ত করিয়াছি।

মহাপ্রভু শ্রীগোরাক্তদেবের,—

জন্ম

ভিরোভাব

4本1年~~28-9 ইংবাজী —১৪৮৫)৮৬ দৰ বাড্লা —৮৯২ श्यित्री — 🔄

১৪৫৫ — ঙরা আধাঢ়, শুক্রবার, ১৫৩৩।৩৪, শুক্লাষ্ট্রমী (রবিবারে নছে)

86

ই

১৯। ফাব্রন শুক্রবার জন্ম। পূর্ণিমা চন্দ্রগ্রহণ। মতান্তরে ১৮ ফাব্রুন শনিবারে। ইংরাজী—১৯ এ মার্চ্চ বলিয়া 'মানসী ও মর্শ্মবাণীতে" আছে (১০ বর্ষ, ৩০৪ পৃঃ) ইহা ঠিক নহে। এই তারিখ এবং তিখির মীমাংসা করিয়া দেন, এমন কি কেহ জ্যোতিষী নাই ?

🗐 🖺 নিত্যানন্দ প্রভুর আবির্ভাব—১৪৭৩ খঃ, তিয়োভাব—১৫৪২ খুঃ। দ্বাদশ গোপা-লের অনেকেই নিত্যানন্দ প্রভুর পরে ভিরেছিত হয়েন।

উপরিউক্ত সময়ে ভারতের রাজ্যুবর্গের বিবরণ।

দিল্লীর সিংহাসনে—

- ৪। জহর উদ্দিন ব্যবর —১৫৩৬—৩৯
- ১। বহুলোল লোদী—১৪৫১—৮৮ খুঃ অঃ ৫। নসির উদ্দিন হুমায়ুন—১৫৩•—৩৯
- ২। সিকেন্দর লোদী—১৯৮৮-- ১৫১৭ ৬। ফরিদ উদ্দিন সের সাহ,—১৫৩৯ ৪৫
- ৩। ইবাধীম লোদী—১৫১৭—১৫২৬ । ইসলাম সাহ—১৫৪৫—৫৩

শেষে ভক্তগণ এমন প্ৰেমবিহ্বল হইলেন যে, প্ৰভুকে তাঁহাদের আহাৰু করাইয়া দিতে হইত। সময়ে সময়ে কুত্রিম ক্রোধ করিয়া বান্ধিয়া রাখিতে 😉 মারিতে হইত।

> পুত্র প্রায় করি প্রভু সভারে ধরিয়া। করায়েন ভোজন আপন হস্ত দিয়া ॥ কারেও বা বাহ্মিয়া ব্রাথেন নিজ পালে। মারেন বান্ধেন তভু অট্ট হাসে 🛭 (ভাগবত—অস্ত্যু. ৫)।

এইরূপে শ্রীনিত্যানন্দ প্রভু পারিষদগণকে সর্বভিণে ভূষিত করিয়া, নাম প্রেম প্রচারের উপযুক্ত করিয়া লইলেন। তথ্ন:—

> ষত পারিষদ নিত্যানন্দের প্রধান। সভাতে হইল সর্ব শক্তি অধিষ্ঠান॥

- ৮। ফিরোজ সাহ—১৫৫০
- আকবর-->৫৫৬--১৬০৫ (বাঙ্গালার ইতিহাস, ৯ম পরিঃ, ২২৮পৃঃ) 🥻 । গিয়াসউদ্দিন ছমায়ুন ১৫৩৮ উড়িষ্যার সিংহাদনে--
- ১ ৷ পুৰুষোত্তম দেৰ ১৪৬৯—৯৭
- ২৷ প্রতাপরুদ্র দেব ১৪৯৭—১৫৪∙
- ج. ৩। তৎপুত্র বাঙ্গালার সিংহাদনে—
- জালাল উদ্দিন ফতে সাহ ১৪৮২--৮৭
- স্বতান বার্বন ১৪৮৬
- সৈফউন্দিন ফিরোজ সাহ ১৪৮৬-৮৯
- নাসির উদ্দিন মহমুদ সাহ ১৪৮৯-৯•
- সমস উদ্দিন মজফার সাহ ১৪৯০--- ৯৩
- আলাউন্দিনুহোসেন সাহ:৪৯৩-১৫১৯

- ৭। নাসির উদ্দিন নসরৎ সাহ ১৫১৯—৩
- ৮। আলাউদ্দিন ফিরো**জ সাহ** ১৫৩২

বহলল লোদীর সময়ে মহাপ্রভুর জন্ম এব হুমায়ুনের শেষ রাজজের সময়ে ভিরোভাব শ্রীনিত্যানন্দ প্রভুরও বহলললোদীর সমঙ্কে এবং সের সাহের শেষ ভিরোভাব।

ঘদিশ গোপালের অধিকাংশই আকবরের প্রথম রাজত্ব পর্যান্ত প্রকট থাকা অনুমান হয়।



সর্বজ্ঞতা বাক্যসিদ্ধি হইল সভার।
সভে হইলেন যেন কন্দর্প আকার ॥
কভে মারে পরশ করেন হস্ত দিয়া।
শেই হয় বিহবল সকল পাসরিয়া॥
এইমত পানিহাটী গ্রামে তিন মাস।
করে নিত্যানন্দ প্রভু ভক্তির বিকাশ॥— (ঐ)।

অধিকস্ক প্রভু গোপালগণকে শীয় প্রেম প্রদান করিয়া নিজের মত শক্তিমান করিলেন,— • ্

আপনে ষেহেন মহাপ্রাপু নিত্যানন্দ।
সেই মত করিলেন সর্বা ভক্তারুন্দ॥ (এ)।

অতঃপর প্রত্যেককে প্রেম প্রচারের জন্ম স্থান নির্দেশ করিয়া দিলেন, — পণ্ডিত কমলাকান্ত পরম উদাম।

যাহারে দিলেন নিত্যানন্দ সপ্তগ্রাম॥— 🔄, 🤏।

এখানে "সপ্তগ্রাম" অর্থে হুগলী জেলার সপ্তগ্রাম বা সাতগাঁ পরগণাও হুইতে পারে এবং ৭টা গ্রামও হুইতে পারে। জয়ানন্দের 'চৈতন্তমঙ্গলে, আছে,—

কমলাকর পিপলাই ভাবের উদ্দাম। নিত্যানন্দ দিলা যাঁরে পানিহাটী গ্রাম॥

(ঐ, বিজয়থণ্ড, ১৪৪ পৃঃ)।

এইরপে প্রভু পোগালগণ সঙ্গে প্রথমতঃ (১) পানিহাটী, তৎপরে থড়দহ, এড়িয়াদহ সপ্রগ্রাম, ত্রিবেণী, শান্তিপুর, (২) (৬) (৪) (৫) (৬)

⁽১) পানিহাটী পূর্বের বলিয়াছি।

⁽ ९) এড়দ্হ ২৪ পরগণার গঙ্গার তীরে।

⁽৩) এড়িয়াদহ। ২৪ পরগণার গঙ্গার ধারে।

⁽৪) সপ্তগ্রাম ই, আই, আর, ত্রিশবিঘা হইতে অর্দ্ধ মাইল।

^(•) जिर्दानी--- इंग्लीय निकटें।

^{্(}৬) শান্তিপুর, প্রসিদ্ধ স্থান, নদীয়া জেলায়।

নবদ্বীপ, থানাবোড়া, বড়গাছি, দোগাছিয়া, কুলিয়া, (৭) (৮) (১০) (১০)

প্রভৃতি গঙ্গাতীরবর্ত্তী প্রসিদ্ধ প্রসিদ্ধ গ্রামে ভ্রমণ করিয়া জীব উদ্ধার করিতে লাগিলেন।

> তবে নিত্যানন্দ প্রভু পারিষদ সঙ্গে। প্রতি গ্রামে গ্রামে ভ্রমে সঙ্কীর্ত্তন-রঞ্জে।

> > (ভাগবত, অস্ত্যু, ৬ ৷)

এ যাত্রার কয়েক বংসর পরে জীনিত্যানন্দ প্রভূ বিবাহ করিয়া থড়দহে শ্রীধাম করেন। সম্ভবতঃ এই সময়ের পর হইতেই দ্বাদশ গোপালগণেরও শ্রীপাট হইতে আরম্ভ হয়। কেহ কেহ দার পরিগ্রহ করেন এবং কেহ কেহ চিরকুমার থাকেন।

্গোপালগণেরও আবার সহস্র সহস্র শিষ্য হইল। সেই শিষ্যগণও সকলে গুরুর ভাষে শক্তিমান্ হইয়া জগতে শ্রীগৌরাঙ্গর্ম প্রচার করিতে লাগিলেন।

> সহস্র সহস্র একো সেবকের গণ। নিত্যানন্দ প্রদাদে তারাও গুরু সম।

> > (ঐ, ৪৭৫ পৃঃ)।

⁽৭) নবন্ধীপ, শ্রীধাম।

⁽৮) **থানাযোড়া, নবদ্বীপের নিকটে**।

⁽৯) বড়গাছি। নবদ্বীপের ¢ ক্রোশ দুরে।

^{(&}gt;•) সোগাছিয়া, নৰদ্বীপের নিকটে।

⁽১১) কুলিয়া, কাঁচড়াপাড়ার ছই ক্রোশ দূরে**র কুলিয়া নছে। নদীরার নিকট** সাতকুলিয়া গ্রাম।

ভোগবিধিতে এই দাদশ গোপালের ভোগ পঞ্চতত্ত্বের ভোগের ধাম-ভাগে পূর্ব্বাভিমুখে দিবার ব্যবস্থা আছে। (রেম্নার ভোগবিবরণ)। •

এইবার আমরা দ্বাদশ গোপালের প্রত্যেকের যে বিবরণ সংগ্রহ করি-ু শ্লাছি, তাহা নিমে শিপিবন্ধ করিতেছি।

১। শ্রীল অভিরাম গোস্বামী

ব্রজের—শ্রীদাম সথা। ব্রাহ্মণ। শ্রীপাট থানাকুল ক্ষণনগর। হুগলী জেলা। উৎসব—বৈশাথী কৃষ্ণা সপ্তমী তিথি।

স্থান-পরিচয়---(১৩২৮।২৮এ মাঘ, শনিবার, শ্রীপাট দর্শন)

ক্ষণগরের জেলা হুগলী, মহকুমা আরামবাগ, থানা থানাকুল, ডাক-ঘর লাঙ্গুলপাড়া। এই স্থানে যাইতে হইলে হাবড়া আমতা লাইটরেলে (H.A.R) হাবড়া হইতে ৩০ মাইল চাঁপাডাঙ্গা ষ্টেশন (ভাড়া ॥৮/১০), তথা হইতে দক্ষিণ পশ্চিম কোণে প্রায় ৯ মাইল দূরে। বর্ষাকালে রাস্তা জলম্ম হয়। এ জন্ম ঐ সময়ে বি, এন, আর, হাবড়া হইতে কোলাঘাট, তথা হইতে হীমারে রাণীচক (ভাড়া ১১১০), রাণীচক হইতে ৭ মাইল উত্তরে।

বাল্লার ৩।৪টা ক্বঞ্চনগর আছে। এই ক্বঞ্চনগর থানাক্লের সরিহিত বিলিয়া ইহাকে "থানাকুল ক্বঞ্চনগর" বলে। লাট ক্বঞ্চনগর শালিলে—ক্ষ্ণনগর, রোধানগর, গোপীনাথপুর, রঘুনাথপুর, ধর্মপুর, কামদেরপুর, গুণানন্দপুর, কার্রা, ধান্তেশ্বরী, চক অনস্ত ও সাপ্থ, এই ক্রথানি গ্রামকে ব্যার। সকলগুলিই দারকেশ্বর নদের উপকূলে অবস্থিত। দারকেশ্বর—নদ এ সকল গ্রামের মধ্য দিয়া দক্ষিণমুথে গমন ক্রত রূপনারামণে

মিশিরাছে। দারকেখরের পূর্কানাম রক্ষাকর, বর্তমান নাম কাণা নদী। এই কাপা নাম সম্বন্ধে "অভিরামলীলামৃতে", (৫ পঃ) জানা যায়ঃ—

গোঁসাঞি (শ্রীঅভিরাম) * * ।

মান লাগি নদীতে গেলেন তথন।

রত্বাকর নদী সেই সদা প্রবাহিত।
গোঁসাঞির কোপীন সেই হরে আচ্ছিত॥
কোধেতে গোঁসাঞি তারে দিল অভিশাপ।

ষারকেশ্বর বলি নাম কেহ না কহিবে । কাণানদী বলি তোমা সবাই ডাকিবে ॥

'দর্শক" পত্রিকায় (১৩২১।২২ জৈছি) দেখিয়াছিলাম :—কৃষ্ণনগরাদি(১)
প্রামসকল পূর্বে ব্রমাকর নদের গর্ভে ছিল এবং বৈদেশিক
পরিবাজক হুয়েনসাং প্রভৃতির অর্ণবিধান ঐ পথ দিয়া প্রাচীন নগরী
ভাশ্রিলিপ্ত বা তমলুক গমনাগমন করিত। কৃষ্ণনগরের পূর্বেস্থ কাবিলপুর
হইতে পশ্চিমস্থ পাতৃল গ্রাম পর্যান্ত ঐ ব্রমাকরের বিস্তৃতির প্রমাণ
এখনও স্থানে স্থানে থাল ও জাহাজের মান্তলাদি প্রাপ্তির দ্বারা স্পষ্টক্রপে দেখা যাইতেছে। কৃষ্ণনগরের পশ্চিমে রত্নাকর নদের স্থতিস্বরূপ
একটা অপ্রশন্ত থাল অধুনা "বড়ী" নামে অভিহিত। চারিশত বৎসর
পূর্বে মহাপ্রভু শ্রীগৌরাঙ্গদেব অন্তরন্ধগণের সহিত নীলাচল ধামে বাইবার
সমর এই স্থানে শ্রীশ্রীচরণরজ দ্বারা পরিপুরিত করিয়া গিয়াছিলেন
শুনা বার।" (१)

⁽১) কৃষ্ণনগরের পূর্কা পারে রাধানগর গ্রাম। এই স্থানে মহাত্মা রাজা রামমোহন রায়ের ও ফর্গায় প্রসন্ত্রমার সর্কাধিকারী মহাত্মগণের জন্মভূমি। রামমোহন শ্বভিমন্দির নির্মাণ হইভেছে। (পরপৃষ্ঠার জন্তবা।)

দুৰ্থনীয় স্থান

- কে) ক্ষনগরে প্রায় ৩ শীত ঘর লোকের বাস। তন্মধ্যে ব্রাহ্মণ-সংখ্যাই বেশি। অধিকাংশই কৃষিজীবী। একটী বাজার আছে, এবং সোম ও ওক্রবারে হাট হয়। পার্যবর্তী গ্রাম গোপালনগরে জ্ঞানদার্মন্দরী। ইনষ্টিটিউসন নামক হাইস্থল আছে। উহা ৮হরিমোহন রায় মহাশয়-দিগের বংশীয়গণ ঘারা প্রতিষ্ঠিত। মন্দির-প্রাঙ্গণের ভিতর ও বাহিরে বর্তমানে ৩৬ ঘর অভিরাম-বংশধরগণের বাস।
- (খ) বর্ত্তমান শ্রীমন্দিরের দক্ষিণে একটা প্রাচীন নবরত্ব মুন্দির আছে। একথানি প্রস্তর্কলকে ১১৮১ সাল লেখা দেখিলাম। মন্দির-নর্মাতা নাম দেন নাই। জানা গেল, নিকটবর্ত্তী গ্রামের স্বর্গীর নছিরাম সিংহ গহলা নামক জনৈক ভক্ত ইহা নির্মাণ করিয়া দিয়াছিলেন। বংশধরগণ বলিলেন, ইহাই শ্রীঅভিরামের প্রাচীন শ্রীবিগ্রহের স্থানা তৎপুর্বে থড়ের ঘরে এই স্থলে ঠাকুর থাকিতেন।

খানাকুল নাম সম্বন্ধে প্রবাদ—অভিয়াম গোস্থামী ঐ স্থানের মালিনী নামে একটা শ্লেচ্ছ রমণীকে শিষ্যা করেন। সেই কৃষ্ণভক্ত নারীকে ভাহার পরিজনবর্গ 'থানা' বা থালুদ্রব্য যাহা দিয়া আসিত, তিনি অপবিত্র বোধে ঐ সকল নদীর কূলে লুকাইয়া রাখিতেন। তদর্ধি ঐ গ্রাম খানাকূল নামে অভিহিত হয়। পূর্কে ইহার নাম কাজীপুর ছিল।

থানাকুল হইল নাম কাজীপুর এখন।

—অভিরামনীলামৃত।

কৃষ্ণনগার হইতে > মাইল দক্ষিণে বহু প্রাচীন শ্রীশ্রীঘণ্টেশ্বর মহাদেবের মন্দির এখন বর্ত্তমান। শ্রীমহালিকেশ্বর তান্তে শিবশতনামস্তোত্তে আছে,—
"ঘণ্টেশ্বরশ্চ দেবেশি রত্নাকরনদী তটে।" (স্থাক—১৩২১)। বর্ত্তমান মন্দিরও অতীব **স্থলর** ও উচ্চ**িশ্থ। প্রস্তরফলকে—**

শীশাগোপীনথি জীউ

সন ১২১৯ সাল মাঘ মাহা

মন্দির তৈয়ারী। সন ১৩০৮

সালে মেরামত মাহা বৈশাথ

লেখা আছে। ইহার নির্মাতাও নামের প্রশ্নানী ছিলেন না। জানি-লাম, হগলী জেলার আরামবাগের নিকট মাধবপুরনিবাসী ৮পুগুরীকাক সি নামক জনৈক ধনী ভক্ত ইহা নির্মাণ করিয়া দিয়াছিলেন।

- গে) মন্দিরের সম্ম্থের নাটমন্দিরটাও দেখিতে মনোহর। আন-ন্দের বিষয়, হুগলী এবং মেদিনীপুর জেলার মংস্তজীবী ধীবরগণ টাদা করিয়া ইহা ১২৬৩ সালে নির্মাণ করিয়া দেন। পরে উহা ভয় হইলে ঐ সকল ধীবরগণের বংশধরগণ ১৬২০ সালে উহা সংস্কার করিয়া দেন। একথানি প্রস্তরফলকে ধীবরগণের নাম আছে।
- খি সিদ্ধ বকুলকুঞ্জ;—ইহা মন্দিরের বাহিরে গেটের নিকট। গৈটটি বেশ প্রশন্ত। ছই পার্থে দিতল গৃহে নহবংখানা। বকুল বৃক্ষটী প্রাচীন,কালের নহে। বংশধরগণ বলিলেন;—সর্বপ্রথমে অভিরাম ঠাকুর এই স্থানে আসিয়া উপবেশন করেন। তাঁহার প্রোথিত বকুল বৃক্ষ নষ্ট হইলে, পরে ঐ স্থানে ফিছুদিন জ্রীনাম সংকীর্ত্তন হইতে হইতে প্ররাম প্রাচীন বৃক্ষের মূল হইতে এই বৃক্ষ জন্মিয়াছে। এ স্থানটিতে ১৩২২ সালে উবিদপুরনিরাসিনী জ্রীমতী স্থবরণী দাসী একটা বেদী ও বৃক্ষতলে একটা ক্রম মন্দির নির্মাণ করিয়া দিয়াছেন।
- (ঙ) শ্রীবিগ্রহ। মনিরমধ্যে সিংহাসনে নিম্নলিখিত শ্রীবিগ্রহ আছেন,—-

শ্রীবলরাম শ্রীমদনমোহন শ্রীশ্রীগোপীনাথ শ্রীশ্রভিরাম শ্রীব্রজবন্ধভ (একক) ঠাকুর যুগল মৃষ্টি

(এবং শ্রীশিলা ও শ্রীগোপালের মূর্ত্তি)

অভিরাম ঠাকুরের শ্রীশ্রীগোপীনাথ বিগ্রহ একথানি কাইপাথরে খোদিত।
প্রস্তাহথানি সভয় হাত উচ্চ এবং এক হাত চওড়া। খোদিত হইলেও
শ্রীবিগ্রহের হস্তপদগুলি অন্যান্য বিগ্রহের ন্যায়। প্রস্তর্থানিতে
বস্ত্রহরণের চিত্র থোদিত আছে। শ্রীষমুনা প্রবাহিত, পর্বতে ধেরু
চরিতেছে, কদম্বরক্ষের উপর গোপীনাথ বংশী বাজাইতেছেন,
গোপীগণ চারিদিকে বস্ত্র ভিক্ষা করিতেছেন। প্রবাদ, অভিরামঠাকুর
প্র্করিণী থনন করিতে করিতে এই লীলাচিত্রযুক্ত শ্রীবিগ্রহ প্রাপ্ত
হন। তদবধি উক্ত সমুখের পুক্রিণী "অভিরামকুগু" বা "রামকুগু"
নামে অভিহিত হইয়া আসিতেছে।

শ্রীবলরামমূর্তিটী অভিরাম-শিশ্ব রাধানগরবাদী শ্রীল ধহনদন হালদারের ছিল। তাঁহার বংশ লোপ হইলে এই স্থানে সেবিত হইতেছেন।

শীঅভিরামের বিগ্রহ দেখিরা আমাদের ধারণা হইরাছিল, ইনি
শীগোরাল দেব। গোস্বামিগণ বলিলেন—"তাহা নহে, ইহা শীঅভিরামের ই
নৃত্যাবেশমূর্ত্তি। শীচরণযুগল সঙ্কুচিত। অভিরামের সাড়ে সাত হাত
উচ্চ কলেবর ছিল, শীনিত্যানন্দ প্রভু তাহা সঙ্কুচিত করিয়া দেন।" (১)

শেত গৌর লুকাইয়া অরণ গৌর কেনে:
দাদা বলরাম বলি না লাগরে মনে ৪

⁽১) এবিষয়ে জানা যায়:—জীনিত্যানন্দ প্রভু বৃন্দাবনে গ্রুন্ করত:
জীলাম ৷ জীলাম ! বলিয়া উচ্চৈ:স্বরে ডাকিলে গোবর্জন হইতে জীলাম বা অভিরাম দেব
বাহির হইয়া বলিলেন ;—

মন্দিরমধ্যে লোহার দিন্দুকে শ্রীঅভিরামের ব্যবহৃত ও বৈষ্ণব গ্রন্থে উক্ত প্রদিদ্ধ করমঙ্গল চাবুক" আছে । " ৩৬ বর বংশধরের ৩৬টা চাবীদ্বারা উক্ত দিন্ধুক আবদ্ধ। অর্থ প্রদান করিলেও উহা করিবার উপায় নাই। সকলে একত্রে এবং একমত হইলে তবে বাহির করা হয়। সংবাদদাতা শ্রীযুক্ত মোহিনীমোহন গোস্বামী বলিলেন,—"আমি জীবনে উহা কুইবারমাত্র বাহির হইতে দেখিয়াছি। আকার প্রায় ২ হাত লম্বা ও ১ ইঞ্চিব্র, জরি দিয়া জড়ান, অনুমান বেতের।"

শ্রীপাটে তুইখানি গ্রন্থ আছে, একখানি রামদাস-প্রণীত শ্রীঅভিরামলীলামৃত," অন্তথানি "অভিরামপটল।" অভিরামলীলামৃত পূর্বে ছাপা
হইরাছিল, এখন পাওয়া যায় না। শীদ্রই শ্রীপাট হইতে রমণীমোহন
গোস্থামা ছাপাইবেন। "অভিরামপটল" এ পর্যান্ত অমৃদ্রিত অবস্থার
আছে।

অভিরাম ঠাকুরের বংশধরগণ বর্তমান হুগলী ও বাঁকুড়া জেলার ক্ষুনগর, আমতা, বিষ্ণুপুর, বাঁকুড়া, কতুলপুর, মৃজাপুর, মকরন্দপুর প্রভৃতি গ্রামে বাস করেন।

কৃষ্ণনগরে চৈত্র মাদের কৃষ্ণা সপ্তমী তিথিতে শ্রীকভিরাম ঠাকুরের উৎসব

প্ৰভু তথন স্বপরিচয় জানাইয়া বলিলেন:—
এই হইয়াছে কলিকালে।
সুমায়ে রহিলে মুর্থ জাতি যে গোয়ালো।
তার সক্ষে হাত দিয়া কৈল আকর্ধণ।
স্বর্ধ হও বলি এই বলিলা বচন ॥

সেই হইতে শ্রীদামের সাড়ে সাত হাতের পরিবর্তে সাড়ে চারি হস্ত কলেবর হইল।
এই ঘটনা নিত্যানন্দ প্রভুর সঙ্গে উদ্ধারণ দত্ত স্বচক্ষে দেখিরা বীরচক্রপ্রভূত্বে
বিলিরাছিলেন। (নিত্যানন্দ বংশবিস্তার গ্রন্থ, ৭৬ পৃঃ)।

হইয়া থাকে। (পঞ্জিকায় বৈশাখী ক্বফা সপ্তমী আছে।) উহা তিরোভাব উৎসব, কি জ্বোৎসব, তাহা গোস্বামিগণ বলিতে পারিলেন না। উৎসবে খুব ভক্তসমাপ্তম হয়। ইহা ব্যতিরেকে জীজীগোপীনাথ জীউর রাস, দোল, রথ প্রভৃতি উৎসবও হইয়া থাকে।

শীশীগোপীনাথ জীউর মন্দিরের উত্তর গারে ক্বফনগরবাসী (কাষ্ত্র) চৌধুরি-বংশের প্রতিষ্ঠিত শীশীরাধাবল্লভ জীউর শ্রীমন্দির আছে। ইহাও প্রাচীন।

বৈষ্ণবত্তান্থে শ্রীঅভিরাম-প্রদক্ষ।

- (ক) গৌরগণোদ্দেশদীপিকায়;—
 পুরা জীলামনামাদীদভিরামোহধুনা মহান্।
 দ্বাজিংশতা জনৈরেব বাহাং কাঠমুবাহ য: ॥
- (থ) ভক্তমালে (তৃতীয়মালা,—৩০ পৃঃ)— শ্রীমান শ্রীদাম শ্রীল অভিরাম ভেল। ষোড়শাঙ্কের কাষ্ঠ যেই বংশী বাজাইল।
- (গ) অনস্তসংহিতায়—
 শীদামনামগ্যেপালো মম রামস্ত চ প্রিয়ঃ।
 শভিরাম ইতি থ্যাতঃ পৃথিব্যাং স ভবিষ্যতি॥
- (ষ) বৈষ্ণৰ আচারদর্পন (১ম, ৩৩২ পৃঃ)—
 রন্দাবনে কৃষ্ণস্থা গোপাল শ্রীদাম।
 এবে গৌরাঙ্গের সঙ্গে নাম অভিরাম॥
 নিত্যানন্দ প্রভূপাথা মহাবলবান।
 বজের রাথাল বেশ স্থা অভিরাম॥
 গৌড় দেশে থানাকুলে নিবাস প্রচার।
 বজিশ বোঝা কাঠের হয় বংশী হাহার॥

- (৩) "পাটপর্যাইনে" :—

 অভিরাম পুর্বের্গ স্থান খানাকুলে স্থিতি।

 থানাকুল স্কুফনগর গ্রাম নাম খ্যাতি॥
- (চ) দ্বাদশ পাট নির্ণয়ে ;— আদৌ ঠাকুর অভিরামের পাঠ খানাকুল—ক্বঞ্চনগর।
- (ছ) চৈতভাসঙ্গীতায়;— শ্রীদাম জন্মিল আসি থানাকুল ধামে। বিখাতি হইল তথা অভিরাম নামে॥
- (জ) বৈষ্ণবন্দনা, বুন্দাবন্দাস ঠাকুরক্ত;—
 প্রিয় পারিষদ রামদাস মহাশয়।
 নিরস্তর ঈশ্বর ভাবে যেই কথা কয়॥
 যার বাক্য কেহ ঝাট না পারে বুঝিতে।
 নিরস্তর গৌরচক্র যাঁর হৃদয়েতে॥
 সভার অধিক ভাব গৃহস্থ রামদাস।
 যাঁহার হৃদয়ে কৃষ্ণ ছিল তিন মাস॥
 শ্রীদাম করিয়া যাঁরে ভাগবতে কয়।
 রামদাস সেই বস্ত জানিহ নিশ্চয়॥
- বে বৈষ্ণববন্দনা, বৃন্দাবন দাসকত;—
 বন্দ ভক্ত অগ্রগণ্য ঠাকুর রামদাস।
 বিশ্ব ভরি খ্যাতি বাঁর অদ্ভূত প্রকাশ।
 বোল সাম্বের কাঠ গোটা পড়িয়া আছিল।
 অবংলে হু আঙ্গুলে ধরিয়া ভূলিল।
 শ্রীদাম গোপাল সেই অভিরাম গোসাঞি।
 বিতীয় চৈতন্ত মহিমার অস্ত নাই।

- (ঞ) বৈশ্ববন্ধনা, দৈবকীনন্ধনকুত ;—
 ঠাকুর শ্রীকাভিরাম বন্ধিব সাদরে।
 যোগ সাজের কাঠ বেঁহো বংগী করি ধরে॥
- (हे) देव का जिशासाय 'त्रामहाय' नाम कारहा
- (ঠ) ঐতিতন্তসঙ্গলে (লোচনদাসের),— শ্রীরামহন্দর গৌরীদাস আদি বত। নিত্যানন্দসন্দী বন্দো যতেক ভকত । (স্ত্রেপঞ্জ, ২ পৃঃ)।
- (ড) জীটেভন্তমঞ্চলে (জরানন্দক্ত),—

 সর্বাপ্ত শীরামদাস ঠাকুর মহাশর।

 নিরবধি ঈশর ভাবে বেই কথা কর।

মহা ভাবগ্রস্ত হৈলা শ্রীরামদাস।
বার পরে গৌরাঙ্গ আছিলা ছর মাস । বিজর্পত, ১১৪পৃঃ।
(চ) শ্রীতৈভন্তভাগবতে (অস্তা, ৬অঃ, ৪৭৩ পৃঃ)—
পরম পার্যদ রামদাস মহাশয়॥
নিরবধি ঈশর ভাবে সে কথা কর। (১)

১। অনেতে বলেন, বৈক্ষবন্দানার প্রীয়ুলাবন্দান ঠাকুর ও জীতিতন্ত্র-ভাগবভনার বুলাবন্দান ঠাকুর একই ব্যক্তি। কিন্তু এবানে সম্পেদ্ হইভেছে, ভাগবভনার জীবুলাবন্দান ঠাকুর জীতৈতন্ত্রভাগবতে লিবিয়াছেন, "জীনিভাগিনের

বলিভেছেন:--

(৭) এটিচতঃচরিতামৃতে (আদি, ১০ পঃ, ৯৯ পৃঃ) এটিচতন্ত শাধা বর্ণনে ;----

রামদাস অভিরাম স্থা প্রেমরাশি।
বোল সাঙ্গের কাষ্ঠ হাতে লৈয়া কৈল বাঁশী।।
পুনরার ১১শ পরিচেছদে শ্রীনিভানিন্দ-শাথার মধ্যে ইংকে ধরা হইরাছে।
শ্রীতিভগুশাথা ও শ্রীনিভানিন্দশাথা, এই হুই শাথার মধ্যে কেন
ধ্যে ইংকে ধরা হইরাছে, ভাহার কারণ শ্রীণ কবিরাল গোসামী

শ্রীরামদাস আর শ্রীগদাধর দাস।
চৈতন্ত গোসাঞির ভক্ত রহে তাঁর পাশ।
নিত্যানন্দের আজা যবে হৈল গোড় যাইতে।
মহাপ্রভু এই ছই দিলা তাঁর সাথে।

অত এব তুই গণে দোঁহার গণন। (ঐ, ১১ পরিছেদে)। উক্ত "চরিতামূতের" পাদটীকায় আছে (১০১ পৃ:),—"অভিরাম গোস্থামীর এক নাম রাম্বাস।"


স্থতিসর্বাধ গ্রন্থ প্রায়ণ ব্যাধার আভিরাম-বংশের আদি পুরুষ শিধিরাছেন,—

"গোপীনাথো মহাপ্রভ্বিজয়তে যত্রাজিরামো মহান্ গোসামী শতবাহাদারুগুরলীং রুজা সমাবাদয়ৎ। যং ক্রেয়ুর্ব্রজবাসিবৈক্ষবগণাঃ শ্রীগুপ্তর্কাবনম্ তিমিন্ শ্রীমতি চারুক্ষনগরে বাসো মদীয়োহধুনা।
— অভি: লীলাম্ত, ৭ পরি:। গৌরপদতর্জিণীধৃত, ২২ পৃ:।

নিবেধ হেতু গোপালগণের প্রজনীলার নাম লিখিলাম না। কিন্ত বৈক্ষবক্ষণার বৃদ্ধবিদ্ধাস ঠাকুর গোপালগণের পূর্ববিদ্ধ ব্যক্ত করিয়াছেন। এজন্ত আমাদের মনে হয়, উভয় গ্রন্থকার একজন নতেন।

শ্রীঅভিরাম গোসামী

আবির্ভাব-কাল আরুমানিক ১৪০০ শকারণ। মহাপ্রভু অপেকা বয়োজােষ্ঠ এবং শ্রীনিত্যানন্দ প্রভু অপেকা কনিষ্ঠ। ১৪৩৮ শকের "দশুমহােংসবে" উপস্থিত ছিলেন। ১৫০৪ থেতুরীর উৎদবে ইংগার নাম নাই। এ জন্য ১৪শ শকান্দের মধ্যেই অপ্রকট বলিয়া মনে হয়। ইনি অভিরাম, রাম, রামদাদ ও রামস্থলর নামে থাতে। শ্রীক্ষান্দ শীলায় শ্রীমতী রাধার জ্যেষ্ঠ সহােদর শ্রীদাম এবং রামন্ত্রীশার ইনি ভরত ছিলেন (১)।



অভিরামের পত্নার নাম-মালতী দেবী। এক দিবস অভিরাম ঠাকুর শ্রীনিত্যানন প্রভুর সহিত ক্রীড়া করিতে করিতে প্রেমরসে উন্মন্ত চইয়া বাঁশী বাজাইতে চাহিলেন, কিন্তু তথায় বাঁশী না থাকার শত জন

১। নিভাগনৰ-চারভ, ৩য়।

মনুষ্যের বোঝা, এমন একথানি কাঠকে (১) ইনি অনায়ালে উত্তোলনা করতঃ বংশীর স্থায়ণ করিয়াছিলেন।

অভিরাম-লীলামৃতে আছে:—ইনি এবং ইহাঁর সহধর্মিণী চুইজনে।
জন্ম পরিগ্রহ না করিয়াই একেবারে জীবৃন্দাবন হইতে কলিষুগে গৌর-লীলায় ধোগ দান করেন।

বৈশ্বর প্রন্থে অভিরাম ও রামদাস একই ভক্ত বলিয়া জানা যায়—
সাধারণতঃ তাহাই মনে হয়। কিন্তু স্বর্গীর জগবন্ধু ভদ্র মহালয়
লিখিয়াছেন;— পলগদীশন গুপ্ত (শ্রীচৈত্তচরিতামৃত্ত গ্রন্থে) রামদাসকে
অভিরামের নামান্তর বলিয়া উল্লেখ করিয়াছেন। ফলতঃ ভাহা নহে।
শ্রীঅভিরাম-লীলামৃতে জানা যার যে, শ্রীগৌরাঙ্গদেব এই অভিরাম
গোণালকে শ্রীকুন্দাবন হইতে শ্রীনবদীপে আনমন জন্ম অনুরোধ করিলে
তিনি তথন মহাপ্রভুর সঙ্গে শ্রমং না আসিয়া শক্তি সঞ্চার ঘারা "রামদাসের" প্রকাশ করেন। রামদাস মহাপ্রভুর সঙ্গে শ্রীনবদীপ খামে
আগমনপূর্বক নৃত্যকীর্ত্তনে জগৎ মোহিত ও পাষণ্ড দলন করেন।
অভিরামের শ্রন্থপ রামদাস শ্রীনিত্যানন্দের শাথাভুক্ত; শ্বং অভিরাম
শ্রীচৈতন্তপাথা।" (গৌরপদতরঙ্গিণী—২ংপৃঃ)। কিন্তু "ভক্তিরত্বাকর"
গ্রন্থে আমরা দেখিতে পাই, অভিরাম—

জীব উদ্ধারিতে অবতীর্ণ বিপ্রাধরে॥ সর্বাশাস্ত্রে পণ্ডিত পরম মনোরম। নৃত্যগীত বাস্থে বিশারদ অমুপম।

১। ভজিরত্নাকরের মতে ১ শত জনের বোরা, জরানন্দ হতে ৭ জনের, . গুণোদ্দেশ্দীশিকা মতে ৩২ জনের, এবং ভজ্মাল মতে ১৬ জনের বোরা।

আরও অভিরাষলীলায়তে আছে—উক্ত কার্চ ব্রজ্বালকগণের ব্রলীর স্বাষ্টি। অভিরাষণ্ডী মালিনী দেবী উহা এক অসুলে ধারণ করিয়াছিলেন।

প্রাভূ নিত্যানন্দ বলরামের ইঞ্চাতে।
করিল বিবাহ বিজ্ঞা বিপ্রের গৃহেতে॥
শীক্ষজিরামের পদ্দী নাম শ্রীমালিনী।
তাঁহার প্রভাব যত কহিতে না জানি॥

(ঐ—৪৩ ভরঙ্গ — ১২৭পৃঃ)।

তাহা হইলে ইহাজারা অভিরামের বিপ্রগৃহে জন্ম এবং বিপ্রকল্পা বিবাই প্রমাণিত হইতেছে। অভিরাম ঠাকুর ক্ষণনগরে শ্রীপাট স্থাপন করিলে তিনি স্থানেশে মৃত্তিকামধ্য হইতে শ্রীশ্রীগোপীনাথ বিগ্রহকে প্রাপ্ত হইয়া সেবা প্রকাশ করেন।

বাড়ীর পূর্বেতে রামকুও থোদাইতে।
শীস্তির ছলে ক্লফ হইলা সাক্ষাতে॥
শীগোপীনাথ নাম পরম মোহন।
শাশেষ বিশেষ রূপে করেন দেবন।

(অমুরাগবলী, ৩৪ পৃ:)।

ঠাকুর অভিরাম বড়ই তেজনী ছিলেন। ইহাঁর প্রণাম কেইই সহ্ করিতে পারিতেন না। ইনি প্রাকৃত শাল্থামশিলা ও দেববিগ্রহ ভিন্ন অন্ত সমুদ্র প্রণাম দারা চুর্ণ করিয়া দিতেন। আইনিভ্যানন্দ প্রভুর সাতটী পুত্রকে প্রণামদারা নষ্ট করেন। পরে ইনিইনিক প্রতারভ্র প্রভু জন্মগ্রহণ করিলে ও ইহার প্রণাম সহ্ করাতে ইনি উহাকে শ্রীগোরাজের দিতীয় মৃত্তি বলিয়া শ্রীকার করিয়াছিলেন। ইনি হুষ্টের দমন করিতেন। পারগুগণ ইহাকে দেখিয়া ভয়ে কম্পনান হইত।

অভিরাম গোস্বামীর প্রতাপ প্রচণ্ড। যারে দেখি কাঁপে সদা হুর্জ্জয় পাষ্ড।।

(ভক্তিরত্না:, ৪র্থ, ১২৭ পৃ:)।

ইনি বহু নাস্তিক, হুরাচারী ও পাষ্ড জীবকে উদ্ধার করিয়াছিলেন। "জয়মসল" নামে একগাছি চাবুক সর্বাদা ইনি হস্তে রাখিতেন। ফে ভাগ্যবানের উপর ইহা বার্ষত হইড, তাহার অশেষ হুর্গতি বিনাশ হইয়া। প্রেমধন লাভ হইত।

খোড়ার চাবুক নাম জয়মকল। ভাহা মারি করে লোকে শ্রেমায় বি**হ্বল**॥

(অমুরাগবল্লী, ৩৭ পৃঃ)।

শীনিবাদ আচার্য্য প্রভুক্কনগরে শীঅভিরাম-গৃহে গমন করিলে অভিরাম উহাকে পরীক্ষা করিয়াছিলেন। এবং প্রেমদান জন্ত শীনিবাদকে তিনবার জন্তমঙ্গল দারা আঘাত করাতে মালিনী দেবী অভিরামের হন্ত ধরিয়া নিবারণ করেন। কারণ:—,

মালিনী কহয়ে হৈয়্য করহ গোসাঞি।
কৈলে অনুগ্রহ যে ভাহার সীমা নাই॥
শীনিবাস বালক নারিবে হির হৈছে।
প্রেমে মন্ত হৈলে কার্যা নারিবে সাধিতে॥

(ভক্তিঃত্মাকর)।

পূর্বে বিনিয়াছি, শ্রীনিত্যানন্দ প্রভুর সহিত শ্রীবৃন্দাবনে অভিরামের সাক্ষাৎ হয় ও সাড়ে সাত হাত কলেবর হইতে তিনি অভিরামকে সাড়ে চারি হাত করিয়া দেন।

শীনিত্যানন প্রভুর সঙ্গে ইনি পুরীধাম হইতে পানিহাটীতে আগমন করেন। নিত্যানন প্রভু মধ্যে মধ্যে ক্লফনগরে অভিরামগৃহে গমন করিতেন।

> মধ্যে মধ্যে প্রভূ নিত্যানন্দ গণ সনে। আইদেন প্রিয় অভিয়াম-ভবনে ॥—ভক্তিঃ, ৪র্থ, ১২৮।

জন্মনক্ষের মতে— শ্রীগোরাঙ্গ প্রাভূ চয় মাস ইহার গৃহে অবস্থান করিয়া-ছিলেন। কিন্তু জন্তু কোন গ্রন্থে এ কথা নাই।

অভিরামের উক্তিযুক্ত একটী প্রচলিত গীত বৈষ্ণবগণের সুথে প্রায়ই ভুলা যায়;—

কাল অঙ্গ গৌর কেন ভাই ?

আমি রে ভোর শ্রীদামস্থা আমায় চিনতে পার নাই॥

কিন্ত "বৈষ্ণববন্দনার" অভিরাম-বন্দনার আছে,—

শ্বাহার হৃদধ্যে কৃষ্ণ ছিলা তিন মাস"।

জয়ানন্দের উক্তির বোধ হয় "অভিরামের হৃদয়াগারে" অর্থ।

অভিরাম গোপালের শাখা শ্রীবেদগর্ভাচার্যাক্বত অভিরাম-প্রণাম ; বধা ;—

> শ্রীদামাঝাং পুরা প্রেমমূর্ত্তিং বিপ্রশিরোমণিং। শ্রীমালিনীপতিং:পুজামভিরামমহং ডজে॥

> > —ভক্তি:, ৪র্থ, ১২৮।

श्रीपाटमञ्ज शान स्था---

বাস: পিজং বিত্ৰতং শৃঙ্গ-পাণিং বদ্ধস্পদ্ধিং সৌহ্বদানাধ্যেন। ভাষোঞ্চীষং শ্রামধামাভিরামং শ্রীদামানং দামভাজং ভঙ্গমি॥

(চৈতভাচজোদর, ২র, ১৫১ পৃঃ)।

প্রাচীন "অভিরামণীলামৃত" ও "অভিরাম পটল" প্রস্থে এবং বর্ত্তমান শীবিধুভূষণ ভট্টাচার্য্য-প্রণীত "অভিরাম গোপামী" নামক গ্রন্থে ইহার বিস্তারিত বিবরণ শিধিত আছে।

অভিরাম ঠাকুরের শিয়গণের মধ্যে সাড়ে সাভাইশ রূম ভঙ্ক অন্তর্ম ছিলেন। শ্রীনিবাস আচার্য্য প্রভুকে অদ্ধিক ধ্যা হইরাছে। কারণ, তিমি ইহারও অনুগত এবং গোপাল ভট্টেরও শিয়া। উক্ত শিয়গণের শ্রীপাটের বিবরণ অনেকগুলি সংগ্রহ করিয়াছি। ক্রমে এমে শ্রীপাটের বিবরণ অনেকগুলি সংগ্রহ করিয়াছি। ক্রমে এমে শ্রীপাটের বিবরণ লুপ্ত হইরা ষাইতেছে। এজন্য লিপিবদ্ধ করা আবশ্রক বোধে এখানে লিপিবদ্ধ করিলাম।

শ্রীঅভিরাম গোসামীর শাখা নির্বয়

অভিরামদাস নামক অনৈক ভক্ত "পাটপর্যাটন" ও "অভিরাম শাখা নির্ণয়" নামক গ্রন্থ রচনা করেন। সন্তবতঃ ইনি অভিরাম গোসামীরই শিব্যশাখা হইবেন।—উক্ত "শাখানির্গ্রে" আছে:—

অভিরাম স্থানে শিশ্ব হইল যত।
তা সভার নাম গ্রাম গিথিয়ে নিশ্চিত।
থ:নাকুলে ক্ষণাস ঠাকুরের বাস। (১)
কৈরড় গ্রামেতে বেদগর্ভ পরকাশ॥ (২)
বুড়ন গ্রামেতে হরিদাদের বস্তি। (৩)

⁽১) ধানাকুল, কৃষ্ণন্পর হইতে ১ ক্রোশ দক্ষিণে। কৃষ্ণাস ঠাকুরের কোন চিহ্নাই।

⁽২) কৈয়ড় প্ৰাম বৰ্জ্যাৰ হইতে ৫ জোশ দক্ষিণ পশ্চিৰে। বেদপ্ৰতি ঠাকুরের বংশ আছেন। নাম রজনীকান্ত পোস্থামী। জীবিপ্ৰাহ সেবা হয়।

⁽७) अ बुष्न ७ रिकाम अक्षरिकाम ठाकूत नर्वत ।

হেলাগ্রামে পাথিয়া গোপালদাসের স্থিতি॥ (১)
পাকমালাটিতে বাস গুল্ফ না ায়ণ। (২)
সীতানগরে বাস সাভিয়া মোজন॥
মহিনামুজিতে বাস সভারাষ্ব নাম। (৩)
সালিথাতে রজনী পণ্ডিত আথ্যান।
ভঙ্গমোড়াতে বাস স্করানন্দ নাম॥ (৪)

(১) হেলা গ্রামকে হেলাল বলে। কৃষ্ণনগর হইতে ১ ক্রেম্বি উন্তরে। জেলা হুগলী, থানা খানাকুল। বারকেরর নদীর পূর্বে গায়ে। ২৮ নাব ১৩২৮ এই ছান্ট্রী আমরা দর্শন করি। প্রাচীন কালের একটা ফুল মন্দির ছিল, ভাষা ভয় হইরা ইটুক-শুলি শুপীকৃত হইয়া রহিয়াছে। দক্ষিণে একটা তুলসাবেদী এবং উন্তরে একটা পুষ্ণরিণী আছে। শ্রীবিগ্রহাদি ছানান্তরিত হইয়াছে। উক্ত ফুল মন্দিরটিকে কেই কেই পাখিরা গোণালের সমাজ বলিলেন। শুনিলাম, পের সেবারেভ রামচন্দ্র বিদ্যার্থবের পরলোক গমনের পর হইতে এই শ্রীপাটটির এইরেপ হর্দিশা। আর ছই ভিন বৎসরের মধ্যে চিহ্ন পর্যান্ত থাকিবে না। গ্রামহাসিগণ দরিল ক্রিন্তানী। আনি না, কোন্ মহাদ্রার হারা প্রভু এই সব শ্রীপাটের প্রভি রক্ষা করাইবেন।

পোপালদাসের "পাবিরা" আব্যা সম্বন্ধে প্রবাদ, অভিরাম ঠাকুর কোন কারণে গোপালকে দণ্ড দিবার অন্ত বলেন, —"অদ্যই তোমাকে লপুরীধান হইছে মহাপ্রদাদ আনিরা ভক্তপণকে ভোজন করাইছে হইবে।" ইহাতে পোপাল পশ্লীর স্থার উড়িরা সিরা পুরী হইতে প্রসাদ আনরন করতঃ ভক্ত সেবা করিরাছিলেন। একজ উইার ঐ আ্যা হর।

- (২) পাক্ষাল্টী ; মেদিনীপুর জেলার জাড়া গ্রামের নিকট। নারারণ ঠাকু-রের বংশধর আছেন।
 - (७) यत्रमामुष्ट् वैक्ष्ण (क्षणात्र ।
 - (৪) ভাঙামোড়া ছগলী জেলায়, দামোদরের ভীরে। ভারকেরর হইছে ক্রোশ উত্তর পশ্চিমে। শুলীমদলমোহন বিপ্রহ আছেন। স্করানকের

দ্বীপগ্রামে স্থিতি কৃষ্ণানন্দ অবধৃত। (১)
সোনাতলা ব্লাদেশে ব্লনকৃষ্ণদাস নিশ্চিত॥ (২)
মালদহে মুবারিদাস করেন বসতি।
পানিহাটীতে ঠাকুর মোহনের স্থিতি॥ (৩)
রাধানগরে বাস ষত্ হালদার। (৪)
হীরামাধ্য দাস স্থিতি অনন্ত নগর॥ (৫)
মহেশ গ্রামেতে বাস গোপালদাস নাম। (৬)
কোটরাতে বাস অচ্যুত পণ্ডিত আখ্যান॥ (৭)

- ভিরোভাব উৎসব পৌষ ক্ষাইনীতে হয়। বংশ্বক্ষে পাম **শ্রমণ্ডির ক্ষা গোষানী**ভ শ্রীললিভনোহন গোষানী শ্রভৃতি।

অভিরামনীলামৃতে জানা যায়, এই স্থানে মৃত্দারাম ও রজনী পণ্ডিত প্রভৃতির
ব্রীপাট ছিল। মৃত্দা পণ্ডিত সোনাতনী গ্রামে জীগ্রীতপ্রামরায় বিগ্রহ সেবা করিভেন। পরে রজনী পণ্ডিত নিকটবর্ডী বাধরপুর গ্রামে তপ্রাম রায়কে জইয়া পেলে
মৃত্দা পণ্ডিত উপরিউক্ত ব্রীক্রীতমাদনমোহনকে সেবা করিতে থাকেন।

- (১) দীপে দারহাটা বলে। ছপনী জেলার। বংশধরের নাম জীক্ষকমল পোনামী।
- (২) সোনাতলা গ্রাম হাবড়া জেলায়। বংশধর কেহই নাই। পাবনা জেলার বে সোনাতলা গ্রাম আছে, তাহা ইহা নহে।
- (৩) পানিহাটী। শ্রীরাম পণ্ডিতের শ্রীপাট। ২৪ পরপণার কলিকাডা ইতে ৪ ক্রোশ উত্তরে। মোহন ঠাকুরের বংশ নাই।
- (৪) রাধানগর কৃষ্ণনগরের দক্ষিণ গায়ে। বংশলোপ হইলে বহু হালদারের শ্রীবিগ্রহ ৮বলরাম জীউ কৃষ্ণনগরে অভিরামের শ্রীপাটে সেবিভ হইতেছেন।
 - (e) अव्यक्तित्र कृष्ण्य प्रदेश विक्र । रक्ष वाहे।
- (৬) মহেশ বর্ত্তমান ছগণী জেলায় জীয়ামপুরের নিকট। ক্ষলাকর পিপলাই ঠাকুরের জীপাট মাকেশ গ্রাম।
 - (१) (काइँद्री शानाकून शानात्र निक्षे छन्नी व्यना, दश्मधत्र आहिन।

পাটবা প্রামেতে দ্বারী লক্ষ্মীনারারণ।
নীলাচলে স্থিতি গোপীনাথ দাস আখ্যান॥
চুনাথালিবাসী দাস নক্ষিশোর। (১)
পাতাগ্রামে বিহুর ব্রহ্মচারী সভত বিহার॥ (২)
বিদ্রপাড়াবাসী রামকৃষ্ণ নাম।
গৌরাঙ্গপুরেতে স্থিতি কমলাকর দাস আখ্যান॥ (৩)
গোপাল ভট্টের শিষ্য আচার্য্য শ্রীনিবাস।
অর্দ্ধাথা আচার্য্য জানিবা নির্য্যাস॥ (৪)
বিশ্বগ্রামেতে বাস ঠাকুর বলরাম।
সাড়ে চব্বিশ শাথার কহিলাম গ্রাম॥
শ্রীরত্ত্বেশ্বর পাদপ্র করি ধ্যান। (৫)
সংক্ষেপে রচনা কৈল দাস অভিরাম॥

⁽১) নন্দকিশোর রসকলিকা গ্রন্থ-প্রণেতা।

⁽২) পাতাথান হর্মান জেলার পাতৃপ থান। অবিকাচরণ প্রকারী বলেন, এইখানে অভিযাম সোকামীর শাখার বাস।

⁽৩) গৌরালপুর। খানাকুলকুফনপর হইতে ১ নাইল উভরে। ছপলী জোনা। শীশীপৌরাল মহাপড় ও শীশীনিভ্যাননা অভুর শীমুর্তি সেবা হয়। ফাস্তুনী পূর্বিয়তে উৎসব। ক্মলাকর আক্রণ ছিলেন, নিকটেই ইহার সমাজ। বংশবর ও দৌহিত্রবংশ আছেন।

[&]quot;ৰীৰিত্যাৰন্দচরিতে" (২০৩পৃঃ) কোকিল পোপাল বৰ্ণায় উক্ত গৌরাজপুরে। "পোপাল ঠাকুরের" শ্রীপাট বলিয়া লেখা আছে। উভয়ে কি এক ব্যক্তি।

⁽⁸⁾ अहे कात्र । श्रीमियामक वर्षा करेत्राहर।

⁽৫) এই রত্নেশ্বর গ্রন্থকারের শুক্ত, এবং অভিরাশ পোস্থানীর বংশ বা শাধা বিলয়া মনে হয়। (পদ্মপৃষ্ঠা জইব্য)

২। শ্রীস্থলরানন ঠাকুর * ব্রজের স্থাম স্থা। ব্রাক্ষণ।

শ্রীপাট মহেশপুর। **য**শোহর। উৎসব---মাষী পূর্ণিমায়।

স্থান-পরিচয়,—মহেশপুর গ্রাম ষশোহর জেলায়। ই, বি, রেণ মাজিদিয়া (পুর্বের শিবনিবাদ নামের পরিবর্তে মাজিদিয়া নাম হইয়াছে)

যে যে গ্রামগুলির পরিচয় পাইলাম না, যদি কেছ জানেন, ভবে কুপা করিয়া জানাইবেন---

- ২। সালিখা---রজনী পণ্ডিত। (হারড়ার নিকট সালিখা কি ?)
- ७। পाइना---धादी नजीनाकात्रन।
- ৪। বিহুপাড়া---রামকুফ।
- ৫। বিশ্বগ্রাম---বলরাম ঠাকুর।
- देवकव श्राष्ट्र 8 कन कुन्नतानाना नाम गारेश्राकि।
- (ক) সুন্দরানন্দ পণ্ডিত, শ্রীঋভিরাম-শিষ্য। ভালাখোড়াতে বাস সুন্দরানন্দ নাম। (পাটপর্যাটন)।
- ্শ(খ) সুন্দরান্দ ঠাকুর। নিত্যান্দ-শাখা, ব্রের খঞ্জনী স্থী। জ্ঞীপটি ব্রাহনগর।

"খপ্তৰী স্থী এবে ভূদার ঠাকুর।" (বৈষণৰ আচার দর্পৰ)।

(গ) সুন্দরানন্দ (মতান্তরে আনন্দানন্দ)। স্থামানন্দ প্রভূর শিষ্য **শি**শ্ট গোপীবল্লপুর।

"জগল্লাথ গদাধর আর শুন্দরাশনা" শোহাবলাস, ২০বিঃ।

্থ) স্থলরানন ঠাকুর। শ্রীনিবাস আচার্য্য অভুর পৌত্র। গভিসোবিন্দের পুত্র ও শিষ্য।

> শ্রিক্সরানন্দ আর শ্রীহরি ঠাকুর। ভিন পুত্র শিষ্য তাঁর ভিন ভক্ত সূর 🛭 (কর্ণানন্দ, ২য়, ২০ পৃঃ!

ষ্টেদন হয়তে ১৪ মাইল পুর্বে দিকে। পরুর গাড়ী পাওয়া বায়। এই স্থানটীতে প্রাচীন স্থতিহিন্দ একমাত্র স্থাননের জন্মভিটা ভিন্ন আরু কিছু নাই।

শীপাটে ওনৈক বৈষ্ণৰ বাস করেন। শীমন্দির ও শীবিগ্রহাদি সকলই আর দিনের। বর্তমানে মহেশপুরে শীশীরাধাবল্লভ ও শীশীরাধারমণের সেবা হয়।

স্ক্রানক ঠাকুর চিরকুমার ছিলেন, এ জন্ত তাঁহার বংশ নাই। জ্ঞাতি ভ্রাতাদের ও সেবায়েত শিশ্ত-বংশ বর্তমানে আছে।

বীরভূম জেলার মঙ্গলভিহি গ্রামে স্থলরানন্দের জ্ঞাতি-বংশ আছেন।
তথার শীশ্রীবলরাম জীউর সেবা হয়। মহেশপুরনিবাসী জ্ঞাতিবংশধর শ্রীযুক্ত ব্রজগোপাল ভট্টাচার্য্য ঠাকুর (১৯২২, ২৩ ক্ষেব্রুরারী ভারিখের) পত্রের হারা উপরিউক্ত সংবাদগুলি জ্ঞানাইরাছেন।

শ্রীযুক্ত সনৎকুমার গোষামী বন্ধবহের পত্রে (১৮।৩। ২২ তারিখের)
শবগত হইয়ছি— শ্রীস্থলরানল ঠাকুরের বাসভূমি মহেশপুর গ্রামের
প্রান্তে। ৰাল্কভিটা আছে। উহার নিকটে বেত্রবভী নদী। উহার বংশধর
কৈহ নাই। স্থলরানল ঠাকুরের প্রতিষ্ঠিত শ্রীশ্রীয়াধাবলভ বিগ্রহ
সৈদাবাদের গোস্বামীরা চুরি করিয়া সইয়া যায়।পরে স্থপাদেশে
দার্থমন্ত্র প্রতিষ্ঠিত হয়। বর্ত্তমানে মহেশপুরের জমিদার মহাশন্ত্রগ
ইহার সেবান্তে। মাধী পূর্ণিমার দিবস স্থলরানল ঠাকুরের তিরোভাক
উৎসব হইয়া থাকে। স্থলরানন্দের শ্বরূপ— শ্রুদামা। শ্

শনিতানিক প্রিয়ত কং ॥ শনিতানিক প্রিয়ক্ত কং ॥ শনিতানিক প্রিয়ক্ত্রানক ।
মহা অমুভব রসে হয় ভাবানক ॥
বাস্ত্রা অমুভব তাঁহার কহন না ধার।
এক মাত্র বাল তাহে স্ক্রপ ব্রায়॥

জাষিরের গাছ হইতে কদম্বের ফুল। জুই কাণে পরিয়া রূপ দেখাইলা নিস্তুল॥ — ৈঃ চল্রোদয়, ২য়, ১৪২ পৃঃ।

বৈষ্ণৰ গ্ৰন্থে শ্ৰীস্থলরানন্দ-প্রসঙ্গ;— (ক) অনন্তসংহিতার;—

স্থামনাম গোপাল শ্রীমান্ স্করঠক র:।

(খ) গৌরসংণাদেশ,—

পুরা স্থামনামাদীদতা ঠকু বস্থকর:। (১২৭)

(গ) ভক্তমালে,—

স্থানর ঠাকুর থেঁচ তেঁহ শ্রীস্থাম।

(ঘ) বৈষ্ণব আচারদর্শণে (১ম, ৩০২ পৃঃ);—
স্থাম গোপাল পুর্বের ক্রফার্মা রঙ্গী।
স্থানন্দ ঠাকুর এবে চৈতজ্যের সঙ্গী॥
বাল্যকালাব্ধি তীর্থভ্রমণ প্রচুর।
নিত্যানন্দ-শাথা বাস হয় মহেশপুর॥

(ঙ) পাটপর্য্যটনে;—

হলদা মহেশপুরে স্থলরানদের বাস। স্থলরানন্দ পুর্বে স্থাম জানিবা নির্যাস॥

(চ) নীলাচল দাদের ১২শ পাটনির্ণয়ে;—

ঠাকুর স্থলরানল হলদা মহেশপুর।

- (ছ) ঐীতৈত্তস্পীতায়,---
 - শ্রীর্থান স্থলবোনন্দ নামেতে প্রকাশ। হলদা মহেশপুরে করিলেন বাস॥
- (জ) বৈষ্ণববন্দনা। বুন্দাবন্দাস ঠাকুরের ক্ত,—
 প্রেমের সমুদ্র ভেল শ্রীপ্রন্দরানন্দ নাম।
 নিত্যানন্দ স্বরূপের মহা প্রেমধাম॥
 পারিষ্ক মধ্যে যাঁর প্রথমে গ্রনা।
 নিত্যানন্দ স্বরূপের ধন প্রাণে বাধানে।
 স্বন্ধানন্দ বেই বস্তু জানে স্কাজনে।
- ্ষ) বৈষ্ণবিশ্বনা, দৈবকী নলনক্ত,—
 স্থানল ঠাকুর বন্ধির বড় আশে।
 ফুটাল কদম্ম ফুল জয়ীরের গাছে।
- (ঞ) বৈষ্ণববন্দনা, বৃন্দাবন দাসক্বত,—
 ব্ৰেলের স্থাম বন্দো ঠাকুর স্থার ।
 ত্বি সম তেজ যাঁর মূর্ত্তি মনোহর ॥
 যাঁর দাসে ধরিয়া বনের ব্রাজ্ঞ আনে।
 কোল দিয়া হরিনাম শুনার তার কাবে॥
- (ট) বৈষ্ণব অভিধানেও স্থলরানন্দের নাম আছে।
- (ঠ) এটিডেরভাগবতে (আস্তা, ৬। ৪৭৪ পৃঃ),—

⁽১) "বাৰা" শব্দে ধাৰো, জগপতা কাসুচক | চ্ছে |

প্রেমরদসমূদ্র স্থলরামন্দ নাম। নিত্যানন্দ সক্ষপের পার্ষদ প্রধান॥

ডে । ইটিরিভামৃতে (আদি, ১১ আ:। ১০২ পৃ:) —
স্বলরানন্দ নিভ্যানন্দের শাখা ভূতামর্ঘ।
যার সনে নিভ্যানন্দ করে ব্রজ্মর্ঘ।

(ঢ) জয়ানন্দের শ্রীচৈতগ্রমঞ্লে,—

শ্রীস্থানন্দ ঠাকুর পানির ভিতরে। কুন্তীর ধরিয়া আনে সভার পোচরে॥

উক্ত অংশগুলির মশ্ম হইতেছে এই বে, স্থানানদ ঠাকুর ব্রঞ্জের স্থান স্থা, ইান তেজ্বস্থী এবং দিব্য কলেবরধারী ছিলেন। বাল্যকালাবধি তীর্থানুরাগী হইয়া তীর্থ পর্যাটন করিতে পাকেন। ইহাঁর জনাভূমি হলান মহেশপুরে। ইনি মহাপ্রেমিক এবং শ্রীনিত্যানাদ প্রভূব পারিষদগণের প্রধান ছিলেন। ইনি জাষীরের বৃক্ষে কদ্পের ফুল ফুটাইয়াছিলেন এবং প্রেমোন্মত্ত অবস্থার কৃত্তীর ধরিয়া আনিতেন। ইহাঁর শিন্তাগণ এমত ক্ষমতাশালী ও প্রেমিক ছিলেন যে, বনের বাজিকে ধরিয়া আনিয় তাহাদের কানে হরিনাম দিতেন। ইনি চিরকুমার ছিলেন। ইহাঁর সম্বন্ধে এই বংলামাক্ত পরিচয় ভিল্ল আর কিছু মাত্র পাইবার উপার নাই।

ইহাঁর আবির্ভাবকার অন্নমান ১৪০০ শত শকান্দের কিছু পূর্বে এবং তিরোভাব ৪০০ শত শকান্দের শেষভাগে। পুরীধান হইতে শ্রীপাট পানিহাটীর দশুমহোৎসবে ১৪৩৯ শকে উপান্ত ছিলেন। থেতুরীর ১৫০৪ শকান্দের উৎসবে ইহাকে দেখা যায় না।

শ্রীধনপ্রয় পণ্ডিত। (১)

ব্রজের বহুদাম। ব্রাহ্মণ।

শ্রীপাট শীতকগ্রাম। জেলা বর্দ্ধিনান।

ভিরোভাবোৎসব—১৪ই মাঘ, প্রাত বৎসর।

আবিভাব—১৪০৬ শকান্দ, চৈত্র, হক্লা প্রামী।

স্থানপরিচয় :-- (১৩ই ফাজ্রন, শনিবার, ১৩২৮, জ্রীপটিদর্শন।)

শীতলগ্রাম বর্দ্ধনি জেলার, থানা মঙ্গলকোট; ডাক্বর কৈচর। বর্দ্ধনি ইতে কাটোয়া লাইট রেলে কৈচর টেশনে নামিয়া ১ মাইল পূর্ব উত্তর কোণে। হাওড়া হইতে কাটোয়া ৯• মাইল। ভাড়া ১৮০ আনা। কাটোরা হইতে ৯ মাইল কৈচর টেশন ভাড়া ১৮০ আনা। বর্দ্ধনি হইতে ২০ মাইল কৈচর ভাড়া ১৮০ খানা। বর্দ্ধনি হইতে ২০ মাইল কৈচর ভাড়া ১৮০ গ্রহা।

শীতলগ্রামকে পূর্বে শীধল গ্রাম বলিত। বর্ত্তমানে ক্ষুদ্র গ্রাম,

২০০ শত আন্দান্ত লোকের বাস। ৮/১০ ঘর ব্রাহ্মণ। সকলেই
কমিনীবী। উগ্রক্ষান্তিয়ের বাস বেশি। গ্রামে হাট বাজার নাই, একটী
চতুপাঠী ও নিম প্রাইমারী পাঠশালা আছে। নদীরার বেডডৌত্রী
গ্রামনিবাসী শ্রীবভূতিভূষণ পাল চৌধুরীদিগের ইহা জ্মিদারী।
দর্শনীর স্থান:—

দেখালয়্টী খড়ুয়া ঘরের, চারিদিকে মাটির প্রাচীর । একটী

⁽১) শ্রীনবাস আচার্য্য প্রভুগ বিদ্যাগুরুষ নাম ধনপ্রয় বিদ্যাবাগীল বা বিদ্যা-বাচম্পত্তি।

[&]quot;ধনপ্তার বিদ্যাবাচম্পতি ভাগাবানু॥"-

ক্লিকার্নের গাছ আছে। প্রাচীন কালে 'বাজারবন কাবানী' গ্রামের মল্লিক বাবুরা শ্রীবিগ্রহের পাকাগৃহ করিয়াদিরা ছিলেন। ৬৪।৬৫
বংসর হইবে, সে মন্দির ভাঙ্গিরা গিরাছে। প্রাচীন মন্দিরের ভিত
দেখিলাম। (বর্ত্তমানে বর্জমান জেলার চুঁচড়াভোলা ফটো গ্রামনিবাসী নীলমণি কর্মকার শ্রীমন্দির নির্মাণ করিয়া দিবেন বলিয়া
উল্লোগী হইয়াছেন।)

গ্রাম্যদেরী ৺দিদ্ধেরী মাতার আন্তানা আছে। প্রবেশপথের বামদিকে একটা তুলসী-বেদী, উহাই ধনঞ্জর পণ্ডিতের সমাধি-বেদী। পশ্চিমদারী গৃহমধ্যে শ্রীধনগ্রের দেবিত শ্রীবিগ্রহ আছেন:—
শ্রীগোপীনাথ, শ্রীশ্রীনিভাই গৌরাদদেব, শ্রীদামোদর।

শ্রীবিগ্রহের অলকারাদি ছিল, সম্প্রতি চুরি গিয়াছে। দেবালয় হইতে অল দুরে একটা বাগানে শ্রীবিগ্রহ লইয়া গিয়া মাদ মাদের ১৪ই ভারিপে তিনোভাব উৎসব হয়।

দেবালয়ের নিকট খন বস্তি, বড়ই স্থানাভাব। মহাপ্রভুর রাস উৎসব হয়।—সেবায়েতগণ দরিদ্র হইলেও সমাগত অতিথিকে প্রসাদ ধান করেন।

ধনপ্রস পতিতের প্রকৃত জন্মভূমি,—চট্টগ্রাম জেলার জাড়গ্রামে।
ইনি তথা হইতে শীতল গ্রামেও শাক্ডাপাড়াগ্রামে জ্রীবিপ্রহ-দেবা
প্রকাশ করেন। ইইার সহজে বৈক্বগ্রন্থে জানা বার;—

(ক) গৌরগণোদেশে— বস্থামস্থা যশ্চ পশ্তিক: শ্রীধনঞ্জঃ। (১২৭)

(খ) ভক্তমাণে—

পণ্ডিত শ্ৰীধনঞ্জয় ঠেছ ৰমুদাৰ ॥

(१) देवक्षय चाठाइमर्गाम ;---

পূর্বে গোপাল বহুদাম থার পরিচয়।
এথানে প্রকট শ্রীপণ্ডিত ধনপ্রয়॥
সর্বায় গোরাকে দিয়া হৈল তার দান।
নিত্যানক প্রভূপার্থা শীতল প্রামে বাস॥

(ঘ) পাটপর্য্যটনে—

কাঁচড়াপাড়া জন্মভূমি জলকিতে বাস। ধনঞ্জ বস্থাম জানিবা নিৰ্যাস॥

এই কাঁচড়াপাড়ায় কোন সময় হয় ত তিনি অবস্থিতি করিগছিলেন।
(কাঁচড়াপাড়া ই, বি, রেলের একটা প্রেশন, জলসীনদী নবরীপের খড়েনদী,—ইহা নহে, জলঙ্গি—জলন্দি হইবে। এই স্থানে ধনপ্রয়ের ভ্রাতৃবংশ
নাস করেন। বর্মান জেলায় বোলপুরের নিকটে।

(৬) অনস্তসংহিতায়:---

বত্নামপ্রিয়দশঃ শ্রীধনপ্রয়পণ্ডিতঃ।

- (চ) নীলাচল দাদের স্বাদশপাটে "নবদীপে শ্রীপাট" বলিয়া লেখা আছে।
 - (ছ) চৈতগুদঙ্গীতার—

বহুদাম আড়গ্রামে উদয় হইলা। ধনপ্র পঞ্জিত নামেতে প্রকাশিলা॥

(अ) বৃদ্ধাবনদাস ঠাকুরক্ষত বৈষ্ণব-বন্দনার—গোপালনির্ণয়ে ইহার নাম নাই। কমলাকর পিপলাইকে বহুদাম বলা ইইয়াছে। ব্যাপালনির্ণয়ের শেষে আছে,— ধনজন পতিত মহাস্ত বিশক্ষণ।
বাহার হাদমে নিত্যানন্দ স্ক্কিণ॥
দৈবকীনন্দ্ৰকৃত "বৈষ্ণবেদ্দান্ত"ও ইহার নাম নাই।

(বা) বৃদ্যবন্দাসকত বৈষ্ণবন্দনায়;—
পণ্ডিত শ্রীধনপ্তর করিব বন্দনা।
প্রাণিদ্ধ বৈরাগ্য যার সংসারে ঘোষণা॥
লক্ষকের গারিস্থ যে পায়ে দিয়া।
ভাণ্ড হাতে করিলেক কৌপীন পরিয়া॥

(লক্ষ গৃহত্তের ভোজন উপধোগী বিষয়বৈভব।)

- (ঞ) বৈষ্ণব অভিধানে ইহার নাম আছে।
- (ট) ভজিরত্বাকরে—১ম, তপৃঃ— জয় কামু, ধনঞ্জয়, বিজয় পণ্ডিত।
- (ঠ) শ্রীটেভক্তভাগবভে---অন্তা, ৬ঠ, ৪৭৪ পৃঃ,— ধনপ্রয় প**্তিত মহান্ত বিলক্ষণ।** বাঁহার হাদকে নিত্যানন্দ আমুক্ষণ॥
- (ড) জীতৈত জ চরিভামতে আদি, ১১৭ পৃঃ,—
 নিত্যানল প্রিয় ভূতা পণ্ডিত ধনপ্রয়।
 অত্যন্ত বিরক্ত দদা কৃষ্ণ-প্রেম্ময়।
- (ঢ) জয়ানন্দের হৈতিভামসল ;—
 ধনঞ্চ পণ্ডিত কেবল জ্যোতিৰ্মায়।
 নির্বাধ নিত্যনেন্দ যাহার হান্য়॥
 বাল্যভাবে ধনঞ্য পণ্ডিত নাচতে।
 মুধ হইতে স্প বারি হৈল আহি স্থিত ॥

শ্রীশিত্যানন্দ-চরিতে (৩য় —১৮৭ পৃঃ) ইহার সময়ে এইরাপ আছে:—

শ্নীশ্রীতৈত্ত মহাপ্রভূর আবির্ভাবের এক বংসর পৃথেবি অর্থাৎ
১৪০৬ শকের তৈত্র মাসের শুক্রা পঞ্চমীতে তাঁহার শ্রীক্ষ্ণ-লীলার
স্থা, গোপালগণের মধ্যে তৃতীয় গোপাল বস্থাম শ্রীধনপ্রয় পণ্ডিত
নাম ধারণ করিয়া শ্রীতৈত্ত্য-লীলার পৃষ্টির জন্ত চ্ট্রগ্রামের জাড় গ্রামে
আবিত্তি হইয়াছিলেন। * *

শ্বনপ্রয়ের পিতার নাম শ্রীপতি বন্দ্যোপাধ্যায়, মাতার নাম শ্রীমতী কালিন্দী দেবী। শ্রীমৎ ধনপ্রয় পণ্ডিত শ্রীনিত্যানন্দ প্রভুর একজন পরম ভক্ত ছিলেন। * * *

কিথিত আছে, ধনজন নাল্যকালে অত্যন্ত দেণ্ডিকভক্ত ছিলেন।
প্রাতে, মধ্যাক্তে এবং সায়ংকালে তুলদী মন্দিরের নিকট সান্তাকে প্রণিপাত
করিয়া কেমন এক স্থানির তথ অমুভব করিতেন। ধনঞ্জনের জনক
জননী শ্রীমতী হরিপ্রিয়া নায়ী এক অসামান্ত লাবণ্যময়ী লকনার সহিত্ত
ধনজনের পরিণন্ন কার্য্য সম্পাদন করিয়াছিলেন। বিবাহের পর ধনঞ্জন
কিছুদিন বিলাস-বৈরাগ্য অবলয়নপূর্কক গৃহে ছিলেন। কিন্তু মহামন্ত্র
হরিনাম প্রচারের সাহায্য করিতে হাহার আবির্ভাব, তিনি কি কামিনীপ্রেমডোরে আবন্ধ থাকিতে পারেন ? অনন্ত প্রেমের অফুরস্ত উৎসে
অবগাহন করিবার জন্ত ভাহার প্রাণ চঞ্চল হইল। স্নেহমন্ত্র জনক,
স্নেহমন্ত্রী জননী ও প্রেমমন্ত্রী পত্নীকে ব'লরা সংসার ত্যাগ করা অসম্ভব
বুঝিয়া, তীর্থভ্রমণ করিবার ছলে পিঞ্জরাবদ্ধ বিহন্ত সংসার-পিঞ্জর হইতে
মুক্তিলাত করিলেন। বাইবার সমন্ত্র ভাহার পিতা, তাহাকে পাথের
পরচ জন্ত প্রচুর অর্থ দিয়াছিলেন। (ইহার পিতা বিশেষ ধনী ছিলেন)।

ধনঞ্জর সেই সমস্ত অর্থ হাজিগ্রামে মহাপ্রভুর চরণে (?) অর্পণ করিয়া হস্তে ভাতে গ্রহণ করিলেন (১)।

> বিলাস-বৈরাগা বন্দ পণ্ডিত ধনপ্রয়। সকল প্রভূকে দিয়া ভাগু হাতে লয়।

তৎপরে ধনপ্রয় বর্দ্ধমান জেলার শীতলপ্রামে আনিয়া তথাকার পাষত্তগণকে হরিনাম মহামন্ত্র প্রদান কর্ত্বন । তৎপরে নবদীপে যথন সমুদয়
ভক্ত আসিয়া শ্রীমন্মহাপ্রভুর সহিত্ত মিলিত হইভেছিলেন, সেই সময়
ধনপ্রয় পতিতও নবদীপ ধামে উপস্থিত হইলেন। এ কথা শ্রীকৈতন্ত্রভাগবতে আছে(?)। কিছুদিন নবদীপে মহাপ্রভুর সহিত হরিনাম সংকীর্ত্তমে
বিভারে থাকিয়া শীতলগ্রামে প্রভ্যাবর্ত্তন করেন এবং তথা হইছে
শ্রীস্থান্তনধাম দর্শনে যান। বুন্দাবন ষাইবার সময়ে মেমারী ষ্টেসনের
তিন ক্রোশ দক্ষিণে অবন্ধিত সাঁচড়া-পাঁচড়া গ্রামে (২) কিছুকাল
ভাবস্থানপূর্ব্বক স্বীয় সহযাজী শিশ্রকে তথার শ্রীসেবা প্রকাশ করিতে
অনুমতি দিয়া তিনি বুন্দাবনে চলিয়া যান। এজন্ত সাঁচড়া-পাঁচড়াকেও
লোকে শ্রনপ্রয়ের পাটে বলিয়া থাকেন। কিন্তু শীতল প্রামেই ভাহার
প্রথান শ্রীপাট। বৃন্দাবন হইতে প্রভ্যাগ্যন্তপূর্বক জলন্দি গ্রামে (৩)

১। জীনিবাস আচাৰ্য্য প্ৰভুৱ জীপাট যাজিমাৰ। মহাপ্ৰভূ ৰাজিমাৰে কোন সময়ে পিয়াছিলেন ভাষা কোন ছানেই নাই।

২। সাঁচড়া-পাঁচড়া গ্রাম বর্জমান মেমারী টেশন হউতে ও জ্রোশ দক্ষিণে। সাতদেউলে, ও অজাপুর গ্রাম হইতে ১ জ্রোশ। গুনিলাম, বর্জমানে ঐ স্থানে ধনপ্রয় পশ্চিতের কোন স্থৃতিচিহ্ন নাই।

ত। অলমিতাম বোলপুর (ই আই আর) টেসবের ৪।৫ ক্রোশ পূর্বের আছে। এখানে অবিশ্রহ আছেন।

- দেব-সেবা করেন এবং তথা হইতে প্নরায় শীতনগ্রামে আসিয়া জীগোরাখদেবের সেবা প্রকাশ করেন। কিছুদিন শ্বয়ং সেবাকার্য্য সম্পন্ন করিবার
পরে শ্বীর শিশ্ববর্গকে উক্ত সেবাভার অর্পণ করতঃ ঐ স্থানেই সমাধি
গ্রহণ করেন। অস্তাবধি শীতনগ্রামে তাঁহার চিহ্নিস্কু সমাজ বিজ্ঞমান,
আহে।"

ধনঞ্জরে প্রণাম মন্ত :---

হরিনামাত্বস্থাক সদা-ভদ্তাবপূরিত। বনজয়-মহাবাহ্-গোপালায় নমো নমঃ॥

"গৌরপদতর্জিণীতে" আছে (১০০ পৃ:):--

ু ধনপ্রস্থ প্রথমে বিলাসী গৃহস্থ ছিলেন। পরে মনে বৈরাগ্যের উদয় হওয়াতে সর্বাস্থ গুরুদেবকে অর্পণ করিয়া ভিক্ষাবৃত্তি অবলম্বন করেন। সাঁচড়া-পাঁচড়া গ্রামে ইহার শ্রীপাট। ইত্যাদি।

নানান্থানে তাঁহার জীপাটের কারণ—বে সকল স্থানে পাষ্ঠ, দ্বা, প্রভৃতির আবাস বলিয়া তিনি শুনিতেন, সেই স্থানেই গ্রন করতঃ তাহাদের হরিনাম দিয়া সাধুপ্রকৃতির করিয়া লইতেন। শীতশগ্রামেও পূর্বে গৃইপ্রকৃতির লোকের বাস ছিল; তাহারা প্রথমে ধনপ্রয়ের জীবননাল করিতে উন্মত হইয়াছিল। পরে সেই গুর্তগণকে তিনি মুর্ত করিয়া দেন। অনুসন্ধানে জানিলাম:—


ধনপ্রবের বংশ নাই। তাঁহার এক ভ্রান্তা ছিলেন—তাঁহার নাম
সঞ্জয়। সঞ্জয়ও মহাভক্ত ছিলেন। ইহার প্রজের নাম রামকানাই
ঠাকুর। সঞ্জয়ের শ্রীপাট বর্জমান জেলার বোলপুরের নিকট জলন্দি
গ্রামে। ভাক্ষর লোকনগর। সঞ্জয়ের বংশধর বর্জমানে শ্রীনীলমণি
ঠাকুর ও শ্রীরাধাণচন্ত ঠাকুর গ্রভ্তি এবং দৌহিত্র-সন্তান শ্রীকানাইলাল

মুখোপাধ্যায় প্রভৃতি জগদিগ্রামেই বাদ করিতেছেন। ট্র স্থানে শ্রীশ্রীরাধাগোবিন্দ দেবা আছে।

বোলপরের অতি নিকটে মূলুক গ্রামে উক্ত রামকানাইরের শ্রীপাট। সেবায়েত শ্রীদুগলনিশোর মুখোপাধ্যায় ও শ্রীগৌরকিশোর মুখোপাধ্যায় ঐ স্থানে বাস করেন। কেহ কেহ বলেন,—সঞ্জয়, ধনঞ্জারর শিশ্বা ছিলেন। আবির্ভাব বা লীলাকাল।——

১৪০৬ শকে তৈত্র শুক্লা পঞ্মীতে জনা। মহাপ্রভু অপেক্ষা ১ বস্থরের
ব্যোধিক। ১৪৩৯ শক্ষে "দুওমহোৎদ্বে" উপস্থিত ছিলেন। ১৫০৪
শক্ষে থেতুরীর উৎদ্বে নাম নাই। অনুমান ১৪০০ শকাক্ষের শেষ ভাগে ডিরোভাব।

শীতশগ্রামে বর্ত্তগানে যাঁচারা সেবারেত আছেন, তাঁহারা ধন্তক প্রতির শিষ্মের বংশধর। তাঁহাদের বংশতালকা বাগা পাইয়াছি, তাহা এই:—



কিলোক

क्रांक्रीक

রামকিহর

র(মগ্ড)

अंमिलक य

রামরাম্

更[公司[五

で数以

ट्रमाह्म यट्राम

শ্ৰীশ্ৰীদাশগোপাল 和1000 の記述 ष्ट्रवस्ट्रसारम র(মধন জগমে হিন श्रीस्त्राम 対の対域 到(公民 वर्षभारम "धमञ्जम भरिवास" विनिधा भाषि) গোপী মাহন রাম্মেহিন **6**43 ₹ \$6 ₹ 14 ক্তিবাস **3 4 F** কোষলক্ষ শীধনপ্তম পাজিড রাধান্থ ক্মলাকর বা क्निंग्रह्म मछान्) डेपाधि बाब्होसूने ं जायान राम छोषुरी (रुट्राबार्ट 制厂 শিষ্য-শাৰা শীতল এখিম A(5)强 िश्रमाय ग्र शिष्ठम्था (म्यो ङोमनाथ गृर्था ज्ञां भ भाष নক্ষণ ঠাকুর <u>₹</u>) | | A B 1418 ू ४ब्र জীবনক্ষের প্রাচীন শ্রীবিগ্রহ স্থামস্থর জীউ বর্তমানে গোপাল রায় চৌধুরীর বাটীতে আছেন।

শীতল গ্রামের শ্রীপাটে রক্ষিত প্রাচীন পুথি শ্রীমন্তাগবত গ্রন্থ-মধ্যে একথানি ১২৭৪ সাল ২০ অগ্রহারণ লিখিত কাগজে ধনশ্রম পশ্তিতের অষ্টক দেখিতে পাইয়া তাহা অবিকল নকল করিয়াছি। ষথা:—

- ১। অস-সস-নৃত্যরসনিত্যদায়পালনং
 নিভা গোপবাল সল নিভাগেবাকারিতং
 ধনঞ্জপণ্ডিতং কৃষ্ণপ্রেমদর্শিতং।
 - ২। বর্ণশ্রেষ্ঠ জ্ঞানজ্যেষ্ঠ সর্বানান্ত দর্শিতং কিন্তিমন্ত যশোধন্ত বেদধর্মপালনং নিত্য ক্বতা সর্বজাতি প্রভূপাদ অপিতং ধনঞ্জন পঞ্জিং ক্বফপ্রেম দ্পিতং ।
 - গেবাধর্ম স্থাপনাদি গৌরদেশে বিস্তারি।
 দিবাজ্ঞান প্রেমদান সর্বাকীব নিস্তারি।
 দর্শনে স্পর্শনে নিজ ভাব মার্জিতং
 ধনপ্রয় পণ্ডিতং ক্রফপ্রেম দর্শিতং।
 - ৪। ভালজান মূর্ত্তিমন্ত ক্ষণভক্তি দায়কং
 শান্তি ধুর ক্ষমাধীর সংকীর্ত্তনবোধিতং
 ধনপ্রের পশ্তিং ক্রফপ্রেম দর্শিতং।।
 - ে। চম্পকান্ত ভক্তনক চন্দনা'দ চক্তিতং শ্রীচৈত্তাক্তপা নিতঃ রাধাভাবে অক্তিতং ধনপ্তর পণ্ডিতং ক্রফপ্রেম দর্শিতং॥

এইছাদ ক্লাপাল

- ৬। শুদ্ধ ভাও হস্ত দণ্ড বাচনায় ধরিতং সর্ববিত্ত আত্মভক্ত ক্রঞ্চপটে অপিতিং ধনশ্বর পণ্ডিতং ক্রফপ্রেম দর্শিতং॥
 - ৭। শুদ্ধবেশ সর্কাদেশ তীর্থধর্ম পূালনং সর্কাজীব দয়াশীল দেহ মাত্র ধারণং ভত্তরান দান জন্ত নাম ধাম সুসলং ধনজন পণ্ডিতং জীক্ষণেশেন দ্বিতং ॥
- ৮। সর্বাইট গিজি জন্ত ভক্ত পূর্ণ মানসং সর্বাকাম পুরণায় ভূমগুলমগুনং ধনপ্তায় পতিতং জ্ঞীকৃষ্ণপ্রেম দর্শিতং।

অৰ ধ্যান--ধনপ্ৰয়ং মহাবাহুং শ্ৰামলং পীতবাসসং।

বিভূক্ত বেণুহস্তঞ্চ গোপবেশধরং ভজে il

প্রণাম——নমঃ রদজ্ঞায় প্রেমভক্তিপ্রদায় চ। ধনপ্রমুপক্তিভায় পোপালার নমোহস্ত তে॥

শ্রীগোরীদাস পণ্ডিছ। (১)

ব্ৰজের সুবলস্থা। ব্ৰাক্ষণ।

শ্ৰীপাট অম্বিকা কালনা। (বৰ্জমান জেলা)।

আবির্ভাব—১৪•৭, ভিরোভাক—১৪৮১ শকাক। শ্রাবণ শুক্রা ত্রোদশী। স্থানপরিচয়:—(১২ ফাব্ধন ১০২৮, শুক্রবার শ্রীপাট দর্শনের সৌভাগ্য হয়।)

⁽⁾⁾ देवसव्याद्य चात्र इटेसन शीतीमाननामा उटकात माम चाट्यः—

⁽ফ) শ্রামানৰ শ্রন্থ নিব্য--

বর্জমান জেলার গলার ধারে অধিকা কালনা।—ইহা মহকুমা ও একরপ ক্ষুদ্র সহর। হাওড়া হইতে ৫১ মাইল—(বাওেল বারহারয়া রেলের) কালনা কেওঁ টেশন, ভাড়া ৮/৫। টেশন হইতে প্রায় ১ ক্রোম পূর্ব্বদিকে প্রীপাট। বোড়াগাড়ী ও থাকিবার বাসা যথেষ্ট পাওয়া যায়। চাউলের বাবসার জন্ত কালনা বিখাত। প্রীপাট, বর্জমান রাজার নৃত্রন সমাজবাদী বা বাজারের নিকটেই। গৌরীদাসের দেবালয়ের প্রবেশপথে একটি অপূর্ব্ব ভেঁতুলবৃক্ষ। ঐ ভেঁতুল বুক্ষের ভলে মহাপ্রভু ও গৌরীদাস পণ্ডিতের সন্মিলন হইয়াছিল। গাছটী শুকাইয়া গিয়াছিল কিন্তু আশ্চর্যাভাবে একটী ক্রি হইতে প্ররায় বৃহৎ বুক্ষে পরিণত হইয়াছে। বুক্তলে একটী অভি ক্ষুদ্র মন্দির এবং চারিদিকে বেদি ও বেলিং দেওয়া একধানি প্রস্তর্কলকে আছে:—

শ্রীশ্রমহাপ্রত্ব বিশ্রামন্থান আম্লিডলা শ্রীশ্রীদান স্থাননত্বান শ্রীশাট অপ্রকা

এই বৃক্ষের দক্ষিণেই বর্ত্তমান দেবালয়। প্রভুর বাটীর পৃর্কাদিকে একটা প্রকাণ্ড মন্দির, বিস্তৃত প্রাঙ্গণ, চারিদিকে উচ্চ প্রাচীর ও গৃহ এবং বৃহৎ তোরণ। কিন্তু সবই শৃত্ত, কোন দেবমূর্ত্তি নাই, মন্দিরে গাছ বাহির হইতেছে। এমন স্থরমা মন্দিরে কেন প্রভু থাকেন না, কারণ ক্ষিজ্ঞাসার কানিলাম, পূর্কে কলিকাতার ধনী নিমাই মল্লিক

(भारोकाम नाम नामा मर्क्छवाकत । त्यम्बिमाम, २०।

(४) देवकवदम्बन्ध---

পৌরীদাস কার্ত্নীরার কেশেতে ধরিয়া। নিতাদনন ভব করাইল নিজনভি দিয়া॥ অচ্যতবাবু বলেন, ইনি পদকর্তা ভিলেন। (গৌরপদভ্রাল্লী, ২১ শৃঃ)। মহাশর এই সব নির্মাণ করিয়া উহাতে প্রাভূকে স্থাপন করিবেন মনস্থ করিয়াছিলেন। কিন্তু সেবায়েত গোস্বামিগণের সহিত মতানৈক্য হওয়ার সকল কার্য্যে পরিণত করিতে পারেন নাই। আরও নানা কথা আছে। নিকটে ১১৬৫ সালে নির্মিত ৪ হস্ত উচ্চের একথানি পিত্রের

द्रथ (मिथ्याम। नाउँमिनिदात व्यञ्जक्ताक (मिथ्याम,—

মদনমোহন পাল তহা পুত্র শ্রীরজনিকান্ত পাল শ্রীমুরলীধর পাল শ্রীপ্রিয়নাথ পাল ঢাকা নবাবপ্র—সন ১৩১৯ সাল শ্রীসরজুগ

মিক্তি সাং কাশী।

দেবালয়টী অভীব পরিষয়ের পরিচছন। খেতপ্রস্তর-মণ্ডিত। গৃহের ভিনটী প্রকোষ্ঠে এইরূপভাবে শীশীবিগ্রহগণ আহেন:---

শ্রী বাধার কার্যার কার্যার প্র শ্রী শ্রী জগনাথ শ্রী বসরাম ও শ্রী প্র শাওত বামনী তা

নানাবিধ শ্রীশিলা ও গোপালাদি

ভনিলাম, মহাপ্রভুর হস্তে বৈটা বাহাল এবং একথানি গীতা গ্রন্থ আছে। রীতিমত দক্ষিণা দিলে তাহা দেখিতে পাওয়া যায়। শ্রীমনিরে সাধারণকে বিগ্রহ দর্শন করিতে দেওয়া হয় না। নবদ্বীপের ভেট প্রার্থনার মত এখানেও দর্শনী দিতে হয়। তবে চারি আনা স্থল এক খানা।

ৰে স্থানে দেবালয়, সেই স্থানটিকে অস্থিকা বলো ইহার উত্তরেই কালনা। এজন্তই অস্থিকা কালনানাম। গৌরীদাস পণ্ডিভের বাড়ীর পশ্চিম দিকে শ্রীস্থাদাস পশ্চিতের দেবালয় ও প্রসিদ্ধ পিছপুরুষ ভগবান্দাস বাবাজীর আশ্রম। ইংহার বিবরণ পরে বলিব।

বৈষ্ণৰ গ্ৰন্থে শ্ৰীগোৰীৰাদ প্ৰদণ্য:---

- (क) গৌরগণোদেশনীপিকার:—
 সুবলো যঃ প্রিয়শ্রেষ্ঠঃ স গৌরীদাসপণ্ডিতঃ। ১২৮
- ্থ) ভক্তমালে,— প্রসিদ্ধ পশ্চিত শ্রীংগারীদান স্বল।
- (গ) বৈষ্ণৰ আচারদর্পণে,---

সুবল গোপাল রুফ প্রিয় স্থাবিদিত।
এবে গৌরাঙ্গের সঙ্গে গৌরীদাস পণ্ডিত॥
হেন ভাগ্যবান আরু নাহি কোন ঠাই।
ভাগ্যবিধি যার গৃহে চৈতত্ত নিতাই॥
সর্বা সমর্পণ কৈল প্রভুর সেবার।
নিত্যানল প্রভূশাখা বাস ভাষিকার॥

- ্ঘ) জ্রীটেডভা-পারিষদ-জন্মনির্ণরে;— গৌরীদাস পণ্ডিত জনিল অধিকার।
- (৪) অনন্তসংহিতার:— স্বলো মে প্রিয়সথো গৌরীদাসাধ্যপণ্ডিত:॥
- (চ) হাদশ পাট নির্ণবেঃ—

 অধিকা গোরীদানের পাট।

- ছ) চৈত্ত সঙ্গীয়ার:—

 স্বল আসিয়া কৈল অম্বিকানিবাস।
 তথা নাম হৈল পণ্ডিত গৌরীদাস॥
- জে) বৈক্ষববন্দনা (বৃন্দাবনদাস ঠাকুরক্ত),—
 গৌরীদাস পশুত পরম ভাগ্যবান।
 কার্মন বাক্যে হার নিত্যানন্দ প্রাণ।
 স্বল করিয়া হারে প্রাণে কহিল।
 গৌরীদাস পশুতেরে সকলে জানিল॥
- ্ব। বৈষ্ণবৰন্দনা (দৈবকীনন্দনকৃত),—
 গোরীদাস পণ্ডিত বন্দোঁ প্রভুর আজাকারী।
 আচার্য্য গোসাঞ্জিরে যে নিল উৎকল পুরী॥
- (ঞ) বৈষ্ণববন্দনা, বুন্দাবন্দাসক্ত,— বন্দিব শ্রীগোরীদাদ পণ্ডিত ঠাকুর। নিত্যানন্দ প্রেরপাত্র মহিমা প্রচুর॥
- (ট) বৈহুৰ অভিধানে গৌৰীদাস নাম আছে।
- (ঠ) তৈজভাগবতে অন্তা, ৬৯, ৪৭৪ পৃ:,—
 গৌরীদাস পঞ্জি পরম ভাগ্যবান্।
 কায় মন বাক্যে নিভ্যানন্দ ধার প্রাণ॥
- (ড) ঐতিভক্তচিরতামৃত, আদি, ১১।১০২ পৃ:,—
 গৌরীদাস পাশুতের প্রেমোদাম ভক্তি।
 কৃষ্ণপ্রেমা দিতে গৈতে ধরে ধেহো শক্তি॥
- ্ ত জয়াননের চৈত্ত মঙ্গণ :—
 মহা শক্তিধর শ্রীগোগীগাস পণ্ডিত।
 বার দেহে নিত্যানক হৈলা বিদিত ।

(গ) অবৈত প্ৰকাশে, ২২২ পৃঃ—

শ্রীগোরীদাস পণ্ডিত নহে সাধারণ।
ব্রঞ্জে যেই ক্লফাপ্রিয় স্থাতে গণন।
মোর প্রভূ (শ্রীক্রিড) কহে যারে স্থল গোণাল।
রাধাক্তফের গুঢ়লীলা জানয়ে সকল।

ভক্তপ্রবর শ্রীঅচ্যুত্তরণ চৌধুরী তত্ত্বনিধি মহাশয় শিধিয়াছেন;—
(বিফুপ্রিয়া পত্রিকা) শ্রীপ্রবলকে প্রণাম করিতেছি, এই স্থবলই
আমাদের গৌরীদাস-রূপে অবতার্ণ। শালিগ্রামনিবাসী কংশারি মিশ্র পরম শ্রদাবন্ত পবিত্রতের ব্যক্তি। এই:—

কংশারি মিশ্রের পত্নী নাম যে কমলা।
তাহার গর্ভেতে ছয় পুত্র উপজিলা॥
দামোদর বড় জগল্লাথ তার ছোট।
স্থাদাস ঠাকুর হয়েন ভাহার কনিষ্ঠ ॥
তাহার কনিষ্ঠ হন পশ্তিত গৌরীদাস।
কহজ রফদাস থেই পরে মন আল॥
তাহার কনিষ্ঠ হয়েন নৃসিংহটৈততা।
প্রেম বিতরণ করি বিশ্ব কৈল ধলা॥
এই ছয় ভ্রাতা মিলি নিত্যানন্দ সনে।
গৌরাঙ্গের আজ্রায় করেন প্রেমদানে॥

(সুবেলামকল) ⊦

এই ছব প্রতিষ্টি পর্য বৈষ্ণক ও পার্যদ ভক্ত। গৌরীদাস বাল্যায়িছি অনাশক্ত চিত্ত। তিনি জ্যেষ্ঠ প্রতিয়ে আদেশ নইয়া শালিগ্রাম হইতে অধিকায় পলাতীয়ে আদিয়া নির্জনে সাধন ভক্তন করিতে লাগিলেন। (১) পরে প্রতুর হচ্চায় গৌরীদাসকে বিবাহ করিতে হইয়াছিল। তাঁহার স্ক্রীয় নাম ইয়মতী বিষ্ণাদেবী এবং এই পুত্রের নাম:—

বলরাম দাস আর রঘুনাথ দাস। বিমকা দেখীর গর্ভে ফ্রান্ত প্রকাশা॥

(হ্ৰণমকল)।

একদা শ্রীনিত্যানন্দ প্রাত্ত ও মহাপ্রভু শাস্তিপুরের শ্রীঅবৈতগৃহ হৈতে নবরীশে আদিবার সময় হরিনদী (২) গ্রামে আদিয়া নৌকায় উঠেন ও অয়ং নৌকা বাহিয়া গঙ্গা পার হন। ঐ সময়ে প্রভু

১। সরধেন প্রাদাস পণ্ডিত উদার।
ভার ভাতা গৌরীদাস পণ্ডিত প্রচার॥
শানিগ্রাম হৈতে জ্যেষ্ঠ ভাতার কহিল।
সঙ্গাতীরে কৈলা বাস অধিকা আসিরা।

ভজিরত্ন: গ্র, ১০৮ পৃ: ।

শালিপ্রার নবছীপ হইতে ১৯ জোশ। এবাবে কংশারি বিশ্রের আভিরণ বাস করেন। অনৈকের নাম শ্রীরাধানোহন গোমানী। ইহার ডাক্ষরাজি বা শানিভে পারার সঠিক বিবরণ জানিতে পারি নাই।

ভজিরত্নাকরে ১২।১১০ পৃঃ "বড়গাছি ছইতে শালিপ্রায় আল্য দূরে॥" ২। হরিবদীগ্রায—নদীয়া জেলায় শান্তিপুরের ২ জোশ পশ্চিমে। নব্দীপে না গিয়া সেই বৈঠা হাতে লইফাই, অধিকার গৌরীদাসালরে উপস্থিত হইলেন এবং আবেশ ভাবে গৌরীদাস্কে বুলিলেন,—

> এই লেহ বৈঠা এবে দিলাম ভোমারে। ভবনদী পার কর সকল জীবেরে॥—স্বল্মস্ল।

বৈঠার সহিত প্রভূ গৌরীদাসকে শক্তিসঞ্চার করিলেন। গৌরীদাস পেই বলে যথার্থই জীবকে ভবনদী পার করিতে লাগিলেন। প্রভূ আর একটা অনুল্য দ্রব্যও গৌরীদাসকে দিলেন—প্রভূর সহস্ত-লিখিত একধানি গীতাগ্রন্থ। প্রভূপদত্ত পূত্তম সেই গীতা ও বৈঠা দর্শনের সৌভাগ্য আমার ভায় অধ্যেরও ভাগ্যে ঘটরাছিল। খনগ্রামনদাস যথার্থই বলিয়াছেন,—

প্রভুর শ্রীহন্তের অক্ষর গীতাথানি। দর্শনে যে সুথ ভাহা কহিতে না জানি॥

ভক্তিরত্বাকর গন—৫:৬।

পরে সর্যাস গ্রহণ করিয়া প্রভু ষধন শান্তিপুরে আগমন করেন, ভথক শত শত ভক্ত তাঁহার দর্শনার্থ আগিয়ছিলেন। কিছু গৌরীদাস প্রভুকে দেখিতে আসিলেন না। শচী বিফুপ্রিয়ার ছঃখের কারণ, ভক্তদের বিষাদের কারণ সন্মাসের উপর উহোর রাগ জয়িল, প্রভুর "নিষ্ঠুরতার" ভাহার অভিমান জয়িল। চরিভামতে আছে,—"এরপ অভিমান, প্রেমাভিমানী ভক্তের এক একটা ভর্মনাবাকা বেদ্স্বতি হইতেও ভগবানের কাছে অধিক মিষ্ট।

> প্রিয়া যদি মান করি করুয়ে ভৎ সন। বেংস্কৃতি হইতে তাহা হরে মোর মনঃ

ভক্তের ভাবে ভগবান্ শ্রীগোরাঙ্গ বিমোহিত হইয়া শ্রীনিতাই সনে অধিকার উপস্থিত হইগোপ্রভু প্রথমতঃ যে ঠেতুল বৃক্ষতলে উপবেশন করিয়াছিলেন, ঐ বৃক্ষী পরবর্ত্তী কালে ক্ষা হইলে উহার বোয়া বা ঝুরি হইতে আশ্চর্যার্ক্তপে একটা বৃক্ষ বাহির হইয়াছে।)

প্রভুগোরীদাদের দক্ষুখে। এখন গোরীদাদের অভিমান কোধার দু এখন কি তাহা থাকিতে পারে ? তাই গোরীদাদের প্রাণে আনদ্ধের টেউ উঠিল। প্রভু আমাদের আগে হইতে গোরাদাদকে আলিক্ষন করিলেন। আর কি কি হইল—তাহা প্রাচীন পদের মধুমর ভাষার বলাই ভাল।

> "ঠাকুর পণ্ডিত বাড়ী, গোরা নাচে ফিরি ফিরি নিত্যানন্দ বলে হরি হরি।

> কাঁদি গৌরীদাস বলে, পড়ি প্রভুর পদতলে,

কভুনা ছাড়িবে মোর বড়ৌ॥

আমার বচন রাথ, অধিকা নগরে থাক,

এই নিবেদন তুয়া পায়।

বলি ছাড়ি যাবে ভূমি, নিশ্চর মরিব আমি,

রাধ্ব দে নির্থিয়া কার।

ভোষরা যে ছটি ভাই, থাক মোর এক ঠাই

ভবে সভার হবে পরিতাণ।

পুন নিবেদন করি, লাভাড়িয়া গৌরহরি

তবে জানি পতিন্ত-পাবন॥——(গীভকরতক)।

बना बाह्ना, क्ष्मवान् क्रास्त्र निक्रे भवाक हरेलन। शोहोहारमञ

বাকা অত্ত, (সর্যাসীর গৃহে থাকিতে নাই)ভাই ইহা রকা করিভে প্রভূকে একটা উপায় সৃষ্টি করিতে হইল। অগভ্যা তথম :—

व्यक् करह शोदीमान,

ছড়িহ এমন আখ.

প্রতিসৃত্তি দেবা করি দেখ।

ভাহাতে আছি বে আমি, নিশ্চর জানিহ ভূমি

সত্য মোর এই কাক্য রাধ॥

এত ওনি গৌগীদাস,

ছাড়ি দীর্ঘ নিশাস,

ফুকরি ফুকরি পুনঃ কালে।

পুনঃ সেই হুই ভাই,

প্রবোধ কবিল ভায়,

তমু হিয়া থির নাহি বাব্ধে॥

करह होन क्रक्षनान.

চৈভক্ত-চরবে আশ:

হুই ভাই বহিল তথায়।

ঠাকুর পশ্চিতের প্রেমে, বন্দী হইলা ছুই ক্সেন্

ভক্তৰ্থ্যল তেঞি পায় ৷

গোরীদাস যথন কিছুতেই শান্ত হইলেন না, ভ্ৰন:-

পণ্ডিতের মন জানি প্রভু গৌরহরি। পণ্ডিতেরে কহরে অনেক বন্ধ করি ॥ নবদীপ হইতে নিম্বুক আনাইবে। মোর ভাকা সহ মোরে নির্মাণ করিবে ॥

অনারাপে নির্মাণ হইব সৃত্তিগন।

কুরা অভিনাম পূর্ণ কবিব নিশ্চব।। (ভক্তিরতাকর)।

शोशीमान उसन मझानल्य नक्षीण स्ट्रेंट निम्लूक वर्शाए एक निम-

বুক্ষুলের আঁতুড় বরে নিমাই জন্ম গ্রহণ করেন এবং বে বুক্ষের প্রের রস লইয়া অবৈত প্রভু একটা স্থোকাত মূর্চ্ছিত শিশুকে সেবন করাইয়া চৈত্ত সম্পাদন করিয়াছিলেন (অনস্তসংহিতায় এই বিবরণ ন্তব্য) ও বাহাতে শিশুর নাম নিমাই হয়, সৈই প্রসিদ্ধ মহিমাময় বৃক্ত আনমন ও তদার। তীদৃতি নির্মিত করিলেন। (১) এ সূর্তি (क নির্মাণ করিণ ? সে ভারুরের নাম কি ? ভজিরতাকর কলেন,— "আপনে প্রকটয়ে অন্তের ছল মাত্র।" (২)

শ্ৰীমৃতি নিৰ্শিষ্ঠ চইলে শ্ৰভু বলিলেন,---পুন প্রভু কংহ তারে, ভোগ ইচ্ছা হয় যারে

সেই হুই রাখ নিজ বরে।

ভোমার প্রতীতি শাসি, ভোমা ঠাই খাব মাগি,

সভা সভা জাদিহ অন্তরে ॥—(গীতকল্লভক)।

কিছ বর্তবাবে কারাপুরে যে নিখবুক আছে, তাহা সাবায় দিলের। আবরাত উক্ত নববুক্তকে দেৰিয়াছি।

२। किन परिवज्यकार्य थाएक, श्रीत्रीमाम निर्वह श्रीवृद्धिवत निर्माण कतित्रा-हिटलन,---

অথান্ পৌরীবাস শিক্ষকার্য্যে পট্টভর। वैष्ट শিল নাহি কানে ভূবন ভিতর । (অবৈভঞ্জাশ, ২২২পৃঃ)। चात्र काना वात्र :--

পোলা কৰে এক মৃত্তি নহে সুপোভন। নিভ্যানন্দের প্রভিবৃত্তি করহ স্থাপন। ঐ। শারও উক্ত প্রয়ে শাহে, শীল্ডিভ প্রভু ঐ শ্রীবিগ্রহ প্রতিষ্ঠাকার্য্য সম্পাদন করিয়া-विदेशन !

১। অচ্যত বাৰু পাদিটীকার জিখিরাছেন :-- "এই পবিত্র বুক্তবের সভীবি বুল ব্দ্যাপি মায়াপুষে (নদীয়ায়) এই বিত ইইয়া থাকে।"

পভিতের (ইহাই অভিলাষ। এই অভিলাষ তথনই পূর্ণ হইল। ভাই:-

ভ্ৰিয়া প্ৰিভয়াক

করিলা রন্ধন কাজ

চারি জনে ভোজন করাইয়া।

পুষ্প মাল্য ৰজ্ঞ দিয়া,

ভামূলাদি সমর্পিরা,

সর্ব অংক গন্ধ লেপিয়া॥

নানা মতে পরতীত,

ক্রিয়া ফিরিল চিত্ত,

सिहाद्य द्रांचिन निक चद्य ।

পণ্ডিতের প্রেম কাগি, তুই ভাই ধাই মাগি,

कुरे (भना नीनांहन भूरत ॥

(গীতঃত্মাকরে হরিদাসক্ত পদ)।

অর্থাৎ এট অভেদ মুর্ত্তিচতুইয়ের ছই জন মহাপ্রভুও ছই জন শ্রীনিতানিন প্রভুর এক নিত্যানন প্রভুও এক শ্রীমৌরার্গ প্রভু গৌরীদাস-মন্দিরে রহিলেন ও অক্ত যুগল তপুরীধানে যাতা করিলেন।১

সত্য করি ছই ভাই বরেতে রহিল।

প্রকাশ হইয়া ছই নীলাচলে গেল॥ (সুবল্মগল।)

অক্তাপিও দেই হুই মুর্ত্তি কালনায় বিরাজিত আছেন।

(তন্ন থক্ত, ১৪১ পুঃ)।

রামকেলি-মালদহ হইতে ৮।১ ক্রোপ পূর্বে দক্ষিণে।

কাৰাই ৰাটশালা--- বাজৰহল হইতে ৩ ক্ৰোশ। লুপ লাইৰে ভিনপাহাড়ী ८हेमरन नामिया वाक लाहरन याहरक इत। क निकाला इहरक २०२ माहेन।

১। "এদিত্যানন্দ চরিতে" এই সব ঘটনা মহাপ্রভুর পুরী মইতে ১ম প্রীক্ষাবন भमन जन्म दाक्ति क्रेस। प्रामदक्ति वा जामकानारे नार्षेणांका क्रेस्ट यथन कित्रिया ব্যাদেন ও শান্তিপুরে গমন করেন, সেই সময় বলিয়া লিখিত ব্যাছে।

হে সৌভাগ্যবান্ পাঠক! আপনি অন্বিকায় গিয়া ঐ ভূবনমোহন রূপ একবার দর্শন করিয়া আসিবেন। এইখানে সেই অপুর্ব প্রাচীন গীতটা দিব। ব্ধা,—

দেবাদিদেব গৌরচন্ত্র গৌরীদাস-মন্দিরে।
আনন্দকন নিত্যাসন্দ সঙ্গে রঞে বিহরে।
তপ্তথ্যে অলকান্তি প্রাতঃ অরুণ অন্তরে।
পাষ্ঠদন্ত থকা হেতু ধর্মদণ্ড বিচরে।
শীরুফটেচতক্ত নিত্যানন্দ অধিকাতে বিহরে।
গৌরীদাস করত আল সর্বজীব উদ্ধারে।

जबादन जक्ती दशमत्त्वत्र कथा कारह,---

ছই প্রভু নীলাচলে গমন কবিলে, প্রদিন গৌরীদাস আগ্রহের সহিত রন্ধন করিয়া ছই ভাগে থাইতে দিলেন। কিন্তু শীবিগ্রহের নিকট ভোগজব্য বেমন দিয়াছেন, তেমনিই রহিয়াছে, প্রভুৱা ধান নাই। ইহা দেখিরা গৌরীদাস সহস্ত হইবেন কেন ? তিনি,—

কিছু জোধাবেগে কছে বচন মধুব।।
বিনা ভক্ষণেতে যদি হুথ পাও মনে।
ভবে মোরে রন্ধন করাও কি কাঃগে।
এত কহি গৌরীদাস রহে মৌন ধরি।

(ভক্তিরত্বাকর)।

গৌরীদাসের সংস্থার, যদি প্রভুরা না খান, তবে ভিনিও থাইবেন না,
আনাহারে প্রাণ দিবেন। তখন আর কি রঙ্গ চলে ? তাই,—
হাসিয়া প্রভু পণ্ডিতে কহরে ধীরি ধীরি ।
আরে সমাধান নহে ভোমার রহন।

আয়াদি করহ বছ প্রকার বাঞ্চন ।
নিষেধ না নান প্রম দেখিতে না পারি।
অনারাসে যে হয় ভাহাই সর্ফোপরি॥ (১)।

७ थन (श्रेत्रीमान वर्णन,--- (वर्ण । त्वर्ण । उरव आह,---

"----- ত্রীছে কভু না করিব।


এক শাক সিদ্ধাপক করি ভূঞাতিব। (১)।

তথন: — পগুতের কথা শুমি ছই প্রেড্ চাদে। করয়ে ভোজন কিছু পরম উল্লাদে॥ (১)।

দিনি অনন্ত কোটি অগতের নাথ, বীহার ইঙ্গিছে বিশ্বের বিলয় সংঘটিত হয়, সেই মহিমময় জগৎকর্তার সহিত ভজের এইরূপ খেলা অথবা ভজের সহিত এইরূপ রঞ্জ, ইহা ঐতিবক্তবধর্ম বিশেষরূপে আমাণিত করেন। প্রীভগবানের এইরূপ মধুর চরিত্র বাঁছারা চিস্তা করিতে পারেন, তাঁহারাও ধন্ত, তাঁহারাও রভার্ধ।

শ্রীরপদতর লিনীতে স্থারি জগদন ভদ্র মহালর লিথিরাছেম (২৯ পৃ:), "গৌরীদাস পণ্ডিত মুণুটিবংশজাত বরুণ ফাচম্পান্তির সন্ধান। পূর্বনিবাস শালিগ্রামে ছিল। মহাপ্রভূপ্রদত্ত বৈঠা ইহার অপ্রকটের পর ইহার শিষ্য হৃদর্চৈত্ত (ইনি গৌরীদাসের পুত্রের কলাকে বিবাহ করেন) প্রাপ্ত হন। এই হৃদর্চৈত্তকের শিষ্যই বিধ্যাত শামানন্দ প্রভূ। ইহারদারা উড়িয়াপ্রদেশে বৈফ্রবংশ্র প্রচার হয়।

গৌরাঙ্গদেবের সহিত গৌরীদাসের মিলনের সমরে জ্রীগৌরাক্তের বরঃক্রম ২৩ এবং জ্রীনিত্যানক প্রভুর বরঃক্রম ৩২ বংসর ছিল। গৌরীদাসের পদ্মী বিমলাদেবীর গর্ভে বড় বলরাম ও রঘুনাথ নামে ছই পুত্র জন্ম। রঘুনাখের মহেশ পশুত ও ঠাকুর গোফিক নামে ছই পুত্র। স্প্রাবধি গৌরীদাসের বংশধরের। কাকনার আছেন। বিস্ত আমরা কালমার গিরা বিশেষ অনুসন্ধানে জানিলাম,—স্বর্গীর জগবস্থ ভত্ত মহাশরের সিদ্ধান্ত "গৌরীদাল পশুত মুখোপাখ্যার বরুণ বাচম্পতির সন্থান," তাহা নহে। স্ব্যাদাস পশুতের জ্ঞীপাটে বে বংশতালিকা আছে, ভাহাতে স্থ্যাদাসকে "খোষাল, পোশোর সন্থান, বাংসাগোত্র" বলিয়া জানা যায়। আরও গৌরীদাস পশুতে বা স্বন্ধ-তৈতন্তের বংশ নাই। যাহারা আছেন, তাহারা গৌরীদাস পশুতের বা স্বন্ধতিতন্তের শিশ্য-শাখাবংশ। স্থাদাস পশুতের বংশ,—




এহ চক্রদেশর শ্রীগোরীদাস পাশুতের নিকট দীকা লয়েন।

বিহারীলাল গোখামী + শীরাধিকাপ্রদাদ গোখামী (বর্ত্তমান)


(🕮 🕮 स्र्रामान-मन्दित श्राशः)

কংশারি মিশ্রের জ্ঞাতিবংশধরগণ শালিগ্রামে বাস করেন। জনৈকের নাম—শ্রীরাধামোহন গোস্বামী।


শ্রীদাস পশ্চিতের শিশ্বশাথ'----




^{*} ইনি ভ্রনযোহনের পোয়াপুত্র। বর্দ্ধমান জেলার পারহাট গ্রামে বাস ছিল। ১২৬২ সালে পোয়াপুত্র হন।



বর্তমানে শ্রীপাট অন্থিকায় গৌরীদান পাওতের শ্রীপাটের দেবায়েত গোলামী থাহারা আছেন, তাঁহাদের বংশ "পল্লীবাসী"র সম্পাদক শ্রীগোপেন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় যতদূর দিতে পারিয়াছেন, তাহা এই :—





আবির্ভাবকালঃ—১৪০৭ শকে জন্ম। ১৪৮১ শকে প্রাথণ মাদের শুক্লা ত্রয়োদশীতে ভিরোভাব।

১৪৩০ শকে প্রভূর সহিত অধিকাতে মিল্স। ১৪৩৯ শকে দণ্ড-মহোৎসবে উপস্থিতি।

জাহ্নবাদেরী জীবুনাবনে গিয়া, গৌরীদাস পণ্ডিতের বা খুল্লভাতের সমাজ দেখিয়া ক্রন্দন করিয়াছিলেন:—

> গৌরীদাস পশুতের সমাধি দেখিতে। বহু বারিধারা নেত্রে নারে নিবারিতে।

> > ভক্তিরত্নাঃ, ১১-৬৭০ পৃঃ।

র্নাবনের ধীর স্মীরে—ধীরস্মীর কুঞ্চে গোরীদাস পণ্ডিত শ্রামরায় বিগ্রহ স্থাপন করেন এবং ঐ স্থানেই তাঁহার সমাধি হয়।

मानगो, ১৩२৫, ভাস, २८ शृ:।

" ইবিত প্রকাশে" জানা বার (২২২ পৃ:)— অবৈভপ্রভু ভিরোভাবের সামান্ত দিন পূর্বে ভদানীস্তন সকল ভক্তকে স্বীয় গৃহে আহ্বান করেন। এজন্ত গৌরীদাস পণ্ডিতেরও আগমন হয়।

ছ বৈত্র প্র জন্ম — ১৪৩৩।৩৪ খৃঃ অবেশ এবং হিতি — ১২৫ বংসর।

ভিরোভাব—১৫৫ গণে ধ্রং অংশ। ইহাবারা ১৫৫৭ বা ১৫৫৬ পুঃ অব্যত্ত গৌরীদাণেক বিভয়ানত। আলা দাক। কিন্তু অভ্যান্ত প্রয়ের বারা ভাষা প্রমাণিক হক্ষ না।

বাহা কউক, জামরা যুক্তকরে পভিত্রপাবন, জীনিতাই-পারিষদ প্রকা গোপাল গৌরীদাসকে দণ্ডকং করিভেছিঃ—

> তমুক্তিৰিজিত হিন্নণঃ হরিদ্ধিতং হরিণিং হরিব্দসনং। স্বলং ক্বল্যনয়নং নয়নান্দিত-বান্ধবং কলে। (তৈতক্লচজ্ঞোদয়, ২য়, ১৬৪ পৃ:)।

সূৰ্য্যদাস পণ্ডিভ

কালনায় জ্ঞীল স্থাদাস পণ্ডিতের মন্দির।

১২ই ফাস্তুন, ১৩২৮, গুক্রবার আমরা এই শ্রীপাট দর্শন করি।
গ্রীদাস পণ্ডিতের শ্রীমন্দিরের পশ্চিম দিকে এই দেবালয়। উহাতে
শ্রীস্ধাদাস পণ্ডিত শ্রীশ্রীনিভাই গৌরাক শ্রীশ্রীমদনমোহন
শ্রীবস্থামাত। ও
শ্রীজাহ্রামাত।

क्षेक्षणामञ्चल । क्षेत्रओ बार्ट्यासवीत

ঞীবিগ্রহ আছেন। মনিবের প্রস্তরফলকে,---

শ্রীক্ষরিক। কালনা ৮ শ্রীশ্রীশ্যামস্থার নিতাই গৌরাঙ্গ মন্দির
৮ ক্ষাদান পাঞ্জের গাদি। শ্রীমতী মনোমঞ্জরী মহাদেবী স্বাধীন
ক্রিপুরার তৃতীর ঈর্রী কর্ত্ব ১৮০১ শ্রাক্ষে ১০১৯ বিশ্বরাক্ষে
জীর্ণ সংস্কৃত হইল।

শিতল ধাতুর, ক্ষাকারের। ঐ শ্রীসৃত্তি স্থাদাস পঞ্জি জাহ্ণবাদেবীকে দেন নাই। এজন্ম উহাঁরই নামে শ্রীপাট থড়দহে শ্যামহন্দর জীউর প্রতিষ্ঠা হইখাছিল। বর্ত্তনান সেবারেত শ্রীস রাধিকানাথ গোস্থামী (পোয়াবংশ) মহাশ্র জতীব যত্তে আমাদের সকল স্থান দর্শন করাইলেন।

গৌড়ীয় বৈষ্ণবগণের ইহা মাতামহালয়। বৃদ্ধ দাদামখাশয়ের নিকট যেরূপ বালক দৌহিত্রগণের আকার ও ভোজনের ব্যবস্থা হয়, অধমদের ও সেইরূপ স্বেহ, দেইরূপ ভোজনাদির ব্যবহা হুইয়াছিল।

মন্দিরের দক্ষিণে একটা খুব পুরাতন কুলগাছ দেখিলাম। শেবারেত গোস্থামী প্রভু বলিলেন,—"প্রবাদ, ঐ স্থানেই শ্রীনিভানেন প্রভুর সহিত বসুধা দেবার বিবাহ সময়ে কুলাচার-কার্য্য সম্পন্ন ইইয়াছিল। এবং ঐ স্থানেই স্থানাস পণ্ডিতের বাদগৃহ ছিল। পশ্চিম দিকের প্রক্রিণীর নাম শ্রামক্ত"।

শ্রীনিত্যানন্দ প্রভুর শ্রীহন্তের একটা তুলদী কার্ছের ছড়ি দেখিগাম। প্রায় ও হাত লখা। কিন্তু খুব প্রাচীন বলিয়া মনে হইল না। মণিপুরের 'লোডেম ভোন নেরাই' নিবাদা ইয়াম পেম পক্ষইদিং ১৩১ দেশে নাট-মন্দিরটী সংস্থার করিয়া দিয়াছেন।

এথানে শ্রীশ্রীনিত্যানন প্রভূর আবির্ভাব উৎসবের দিন উৎসব হয়। ১৪১০ শকাকে বৈশাথী পূর্ণিমাতে জাহ্নবা মাতার জন্ম। বস্থা দেবী জ্যেষ্ঠা ছিলেন।

সেবায়েত মহাশর, আমাদের শ্রীস্থ্যদাস পণ্ডিতের যে বংশ-তালিকা প্রদান করিয়াছিলেন, গৌরীদাস পণ্ডিত প্রসঙ্গে তাহা দিয়াছি।

শ্রীলভগবান্দাস বাবাজীর আশ্রম

কাননার শ্রীল ভগবানদাস বাবাজী প্রাণিদ্ধ দিদ্ধ পুরুষ ছিলেন।
তিনি পূর্বে শ্রীপাট ষণড়াতে সাধন ভজন করিতেন, পরে এই স্থানে
আগমন করেন। বাজারের অতি নিকটেই ইহার আশ্রম। এথানে
তাঁহার সমাধি আছে। এবং "নামন্তর্ম" ও শ্রীবিশ্রাহ সেবা আছে।
সমাধি-মন্দিরের নিকট একটা কামরাঙা গাছ দেখিলাম। একটা ইদারা
আছে, তাহাতে নামিবার জন্ম দূর হইতে বরাবর সিঙ্গি গিরাছে। শেষ
ধাপে শীতল জলের নিকট বসিয়া তিনি নাম করিতেন। ভক্তগণের পক্ষে
এই প্রিত্র স্থানটা দর্শনীয়। ১২৯২ সালে বিজয়া দশমীর পরের
ক্ষাইমীতে বাবাজী নহাশরের তিরোভাব হয়। আশ্রমবাসী বর্তমান
শ্রীপ্যারীচরণ দাস বাবাজী আমাদের যত্ন করিয়া সমুদ্র স্থান দর্শন
করাইলেন। শুনিলাম, আশ্রমে অনেক গ্রন্থ ছিল—জনৈক বাবাজী
কর্ত্ব তাহা নই হয়। যমুনা দাসী নামে একটি বৈফবী এথানে ছিল।
ভাহার ভাল্বরণো ফ্রির ঘোষ আশ্রমের জ্মীজমা ফাঁকি দিয়া লয়।

শ্রীভগবান্দাস বাবাজীর গুরুপ্রণালি

শ্ৰীশ্ৰীনিত্যানন্দ প্ৰভূ

শ্ৰীঞ্জীরঘুনাথদাদ গোন্ধামী (দপ্ত গ্রামের)

শ্ৰীব্ৰীরাধাচরণ দাস বাবাজী

শ্ৰীশ্ৰীনারায়ণদাস বাবাজী

এই জাম গোরাসদাস বাবাজী

শ্রীশীসিজ্ফফদাস বাবাজী (গোবর্জনের)

এ এ সিদ্ধ কণম'থ দাস এ শী নিদ্ধ হৈতত্ত্ব-শ্ৰীভগবানদাস বাবাজী (কালনা) वावाकी (১৫ - वरमद्रः माम वावाकी বয়ঃক্রমে অপ্রাঞ্চ) (গৌরভাতারী) (নবদ্বীপ) (ম্বরীপ) **टमबालाम ८**शोइटशाविन्स विकृताम জগদীশ যঃনাথ নরোত্তম (নবদীপ) (নবদীপ) (কালনা) (চুচুড়া (কালীদহ) (নেকুডলা) পূৰ্বানন্দ শ্ৰীজীগৌরহরি দাস বাবাজী (নবদীপ) **बोबोबाबाद्रम्यहत्रमात्र वादाको** (৺পুঞীর বড় ৰাবাজী, নব্দীপে শ্রীপ্যারিচরণ দাস नमाञ) ১৩১ रा ३७ का सम जीवामः (১৩২৮ বর্ত্তমান) গমন, শুক্ল। ঘিতীয়া ললিভা<u>র</u> বী शाविनमाम नवद्यीभगम য়ামদাস নিভ্যাননদাস এবং (পুরী হরিদাদ (ধামপ্রাপ্ত) (নব্দীপ রাধা-বাবাজী (নবদীপ (অসংখ্য ঠাকুরের সমাজ) রমণ বাগ) সেবাশ্রম, ভৃষ্য): ধামপ্রাপ্ত, **५०२०। माप**

নিকটেই বর্জমান রাজবংশের কীর্ত্তি—শ্রীশ্রীলালজী, শ্রীশ্রীক্ষরায়জী, শ্রীনরনারায়ণ, শ্রীরামসীতা ও ১০৮ শিবালয় এবং রাজাদের সমাজ-দৈবিবার উপযুক্ত।

🖺 শ্রীদ্বাদশ গোপাল

(৫ম গোপাল) ঐকমলাকর পিপলাই)।

ব্রজের মহাবল গোপাল। ব্রাহ্মণ। শ্রীপাট মাহেশ। (হুগলি জেলা)।

আবির্ভাব—১৪১৪—তিরোভাব ১৪৮৫ শকাব্দের চৈত্র শুক্লা ত্রোদশী তিথি।

১৩২১।১৭ই মাধ পূর্ণিমা দিবসে শ্রীপাট দর্শন। স্থান-পরিচয়,—

হগণি শ্বেণার মাহেশ গ্রাম। ইহার থানা শ্রীরামপুর ও শ্রীরামপুর মিউনিসিপালিটীর তনং ওয়ার্ডভুক্ত। গলার উপরেই। ই, আই, আর, হাবড়া হইতে ১২ মাইল উত্তরে শ্রীরামপুর ষ্টেসনে নামিরা দেড় মাইল পথ দক্ষিণে আসিলেই শ্রীমন্দির। ভাচা ১৫ পরসা। শোড়ার গাড়ী পাওরা বার। পুরাতন মন্দির গলাগর্ভে।: বর্ত্তমান শ্রীমন্দির গ্রাভটাত্ত রোডের উপরেই। এই গ্রামের দক্ষিণ গান্ধ আকুরা—

⁽১) বৈকৰ শাস্ত্ৰে নিয়লিখিত ক্ষলাক্ত্ৰ বা ক্ষলাকাল্ক নামা ভল্কের উল্লেখ আছে:--

⁽ক) ক্ষ**লাকান্ত** বিশ্বাস, অধৈত প্রত্যুত্র কর্মচায়ী ও সেবক। চরিঃ, আঃ—১২।

⁽४) कमनाकाश्च कत्र। नद्याख्यभिष्य। द्यायविनाम-----।

⁽গ) কনলাকান্ত। শভুর সহপাঠী। ভক্তিরত্নাকর-১২ ভরজ।

⁽ব) ক্ষলাকাত। **এ**টিচনক শাখা, চরিতামৃত = বাদি ১০ ।

⁽ও) কমলাকর বিজ। জীতৈতক্তপাখা, চরিতামুভ—ন্ধ্য ১০।

⁽⁵⁾ क्यमाक्त देवमा। लाह्य मात्मत्र भिछ।।

⁽ছ) ক্ষলাক্র দাস ঠাকুর। অভিরাম-শিষা। পাটপ্রাট্র।

গ্রাম। এজন্ত "মাক্ষনা-মাহেশ" বলিয়া পূর্বে খ্যাত ছিল। কৰি বিপ্র-সাদের গ্রন্থে মাহেশের উল্লেখ আছে। মাহেশে শ্রীকগরাথ দেব প্রতিষ্ঠিত হইবার পূর্বেই ইয় কক্ষণাকীর্ণ ছিল।

দর্শনীর স্থান :—মন্দিরটী বৃহৎ এবং স্কণ্ম । প্রাঙ্গণটী প্রাচীর ধারা বেষ্টিত। একটী বৃহৎ টগর ফুলের গাছ মন্দিরের উত্তরে আছে; রাশি রাশি খেত ফুলে স্থানটীকে আলোকিত করিয়া রাথে। মন্দির, নাটমন্দির, ভোগমন্দির, স্থানবেদী প্রভৃতি ইংরাজি ১৭৫৫ খৃঃ অব্দেক্তি কাতার স্থায় নয়ানটাদ মল্লিক মহাশয় সংস্থার করিয়া দিয়াছিলেন। মন্দিরের উত্তরাংশে বিস্তৃত ময়দানের উপর স্থানবেদী। মাহেশের রপ্যাতা এবং স্থান-যাতা পশ্চিমবঙ্গের বিথাতে উৎসব। এই রপোৎসবে পূর্কে সমুদয় গোপালগণ একজিত হইতেন বিশ্বয় শুনা বায়। ঐ ক্লারণেই মাহেশের রথ-যাত্রাকে শ্রাদশ গোপালের" পার্বন বলে।

শ্রীনালিরে শ্রীশ্রীজগন্নাপ, বলরাম ও স্বভন্তা দেবী বিরাজ করিতেছেন।
শ্রীনালা ও মন্তান্ত শ্রীমৃতিৎ আছে। এই স্থানে আসিলে আনকশুলি বৈশ্বব তীর্থ দর্শন হয়। মাহেশের আর্ম মাইল উন্তরে শ্রীকালীশ্রর
পণ্ডিতের শ্রীপাট বল্লভপুর, তথা হইতে দেড় মাইল উত্তরে শ্রীকাণীশ্রর
পণ্ডিতের শ্রীপাট হাতরা গ্রাম। এবং মাহেশের পরপারে দক্ষিণ
দিকে প্রসিদ্ধ শ্রীপাট খড়দহ। থড়দহের দক্ষিণ সীমার শ্রীরাম পশ্তিতের
শ্রীপাট স্থাচর গ্রাম। স্থাচরের দক্ষিণ সীমার শ্রীরাম পশ্তিতের
শ্রীপাট পানিহাটী গ্রাম। পানিহাটী হইতে > ক্রোশ দক্ষিণে
শ্রীভাগবতাচার্যোর শ্রীপাট বরাহনগর। থড়দহ হইতে পুর্কাদিকে >
ক্রোশ অতিক্রম করিলে শ্রীমধু পণ্ডিতের শ্রীপাট সাইবোনা গ্রাম।

. শ্রীমৎ কমলাকর পিপলাই প্রসঙ্গ।

গত ১৩২৮ বৈশাধ সংখ্যার শুশ্রীশ্রীগোরাঙ্গ-সেবক" পত্রিকার ইইার সম্বন্ধে আমরা যে প্রবন্ধ গিধিয়াছিলাম, তাহা এথানে উচ্ছ করিতেছি:—(১)

"এতি ভত্তমঙ্গলে দেখিতে পাই:---

প্রেমের উন্নাদ বত কমলাকর পিপলাই। নিজ অঙ্ক কাটে তবু ৰাহ্জান নাই।

(अग्रानम, উखत्र ४७, ১৫১ शृ:)।

ত্বি দাদশ গোপালের মধ্যে ব্রজের মহাবদ গোপাল। শ্রীনিত্যানক প্রভ্র শাধা এবং সহচর। স্থলর্বনের নিকট থালিজ্বি নামক গ্রাম হইতে টুআগমন করত: মাহেশে শ্রীশ্রীজগরাধ দেবের দেবা প্রকাশ করেন। (২) গৌরগণোক্তেশে (৩) এবং শ্রীচরিতামৃতে ইহার নাম

মহাবল পোপাল বে ছিল বুনাবল।
কমলাকর পিপলাই সেই সে এখানে ॥
দিবা রাত্র করে রাধাকৃষ্ণ গুণগান।
নিত্যানন্দ প্রস্তু শাখা বৈফবের প্রাণা।
পঙ্গার পশ্চিম তীরে মাহেশে রহিল।
অপরাধ প্রতিমৃতি করি দেবা কৈলা॥

(७) कननाकव शिश्माई नामागोप्रमा महारमः । ১২৮ स्नाक।

⁽১) এই প্রবন্ধের বছ উপকরণ ও বংশতালিকা প্রীল ক্ষলাকর হইতে ১৪শ অধন্তন বংশধর মাহেশনিবাদী প্রীশ্রীজগরাধ দেবের সেবায়েত প্রীনুষ্ঠ প্রদাদদাস অবিকারী নহাশর তাঁহাদের প্রাচীন কাগজ পত্র হইতে বছ অনুসন্ধান করতঃ গত ১৩২১ নাম মানে আমাকে দিয়াছিলেন। এজন্য তাঁহার নিকট কুজ্জতা জ্ঞাপন করিতেছি।

⁽२) • देवकव काठात्रमर्था .--

উল্লেখ আছে। বৈফাববন্দনার ইহাঁর নাম উল্লেখের পরই আর এক ক্মলাকর ঠাকুরের নাম পাওরা বার (১)।

বৈষ্ণব গ্রন্থের অনেক স্থানেই ইহার নাম থাকিলেও বিশেষ কোন বিবরণ কোন গ্রন্থে পাওয়া যায় না (২)।

জরানন্দের চৈতজ্ঞসঙ্গলে আছে,— শ্রীনিত্যানন্দ প্রভু কমলাকরকে পানিহাটী গ্রাম প্রদান করিয়াছিলেন। শ্রীচৈতজ্ঞভাগবতে সপ্রগ্রাম প্রদানের কথা আছে। অনুমান, ইহা প্রেম প্রচারার্থ স্থান নির্দেশ।

শ্রীপাদ নিত্যানন্দ প্রভু যখন পানিকাটীতে রখুনাথ শাস গোসামীর

. (১) পাটপর্ব্যটনে :---

"আকৰা মাহেশে জন্ম জাপেখনে ছিভি। ক্ষলাক্য পিপলাই এই সে নিশ্চিভি॥ ক্ষলাক্য মহাবল পূৰ্ববাম হয়।"

্বংশ্বরগ্রের মতে মাহেশে জন্ম নহে। আর জাপেশর বোধ হর লিশিকরের ভ্রম। জগলাবে হইতেও শারে।)

অব্ভসংহিতার :-

"কমলাকর শিশলাই পূর্বখ্যাতো ৰহাবলঃ।"

হৈতভ্ৰনসীতার :--

মহাবল আকনা বাহেশে কৈল ধান। তথার কমলাকর গিপলাই নাম।

क्लबारनः—

"ক্ষলাক্র পিপলাই ষেহি মহাবল ॥"

देवसद्यम्भात्र- (देवदकोनसम्बद्ध)

ক্ষলাক্স শিশলাই বন্দো ভাৰবিলানী। যে শ্ৰভুৱে বলিল লহ বেত দেহ বাদী !

⁽১) শ্লিপলাই ঠাকুর বন্ধো বাল্যভাবে ভোলা।" পরে— শতবে বন্ধো ঠাকুর ক্ষলাকর দাস।" বুন্ধাবন দাসকৃত বৈশ্ববন্দনা।

শিশুমহোৎসব করেন, তথন ইনি উপস্থিত ছিলেন। থেতুরীর উৎসবেও ইহার নাম আছে। তাহার পর আর কোন সংবাদ বৈষ্ণব গ্রন্থ হইতে পাওয়া যায় না। তবে ইনি শেষ জীবনে স্থীয় কন্তাকে শ্রীতীরভদ্র প্রভূকে সম্প্রদান করতঃ শ্রীত্রন্দাবনে গমন করেন ও তথার সিদ্ধি প্রাপ্ত হন, তাহা "বৈষ্ণবাচারদর্পণ" হইতে জানা যায়। যথা—

নারায়ণী কন্তা বীরভজে সমর্পিয়া। সিদ্ধি প্রাপ্তি হৈল যাঁর বুন্দাবনে গিয়া॥

প্রভূ বীরচক্রের বিবাহ বা ভার্যার বিষয়ে ভিন চারিটী বিভিন্ন
মত আছে। "শ্রীনিভ্যানন প্রভুর বংশবিস্তার" গ্রন্থে (৩র স্তবকে
১৬ পৃ:) দেখিতে পাই;—কমলাকর পিপলারের এক কলা ছিল,
তাঁহার নাম শ্রীমতী বিহাঝালা দেবী। ইহার স্বামীর নাম স্থামর।
ইহার নিবাস মাহেশে এবং ইনি পরম ভক্ত।

চরিভাযুতে---আদি ১০ম।

মাধৰ আচাৰ্য্য, কমলাকান্ত, শ্ৰীষত্নন্দন।
বৈশ্ব আচারদর্গনে, (ভিন্নতে—৩০২ পৃঃ)—কমলাকর পিপলাইকে—ভোককৃষ্ণ
স্থা বলা ইইয়াছে।

६ वन भाग भागित्र चाटक,---

নব্দীপে ক্যলাকর পিপলাই।

বুনাৰৰ দাসঠাকুরকুত বৈষ্ণববন্দনায় ইহাকে বস্থদান গোপাল বলা হইরাছে—
পণ্ডিত কমলাকর পরম উদ্দাম।
যাহারে দিলেন নিত্যানন্দ সপ্ত গ্রাম।
বস্থান করি যাবে পুরাণে কহিল।

ুক্ষলাকর সেই বক্ত সকলে জানিল 🛊 ইত্যাদি

মাহেশনিবাসী এক বিপ্রা শুদ্ধচিত।
বিষ্ণু বৈষ্ণৰ পূজা তাঁর নিত্য ক্লতা ॥
স্থানয় নাম পিপলায়ের জামাতা।
বিত্যান্যালা নাম হয় তাঁহার বনিতা॥

ইহারা ৺পুরীধামে সমুদ্র হইতে নারায়ণী নান্নী এক কন্তারক্ষ প্রোপ্ত হন এবং বীরচন্দ্র প্রভু পুরীধামে গমন করিলে উক্ত কন্তার সহিত তাঁহার বিবাহ প্রদান করেন।

আরও কমলাকর পিপলায়ের জামাতার 'সুধাময়' নামের পরিবর্জে ষত্নন্দন নামও দেখিতে পাই। বধা:—

> শ্রীষত্নন্দন, শুরুচিত হন, নানাবিধ গুণালর। ভার্যা বিদ্যালাগা, লক্ষীসম লীলা, পিভা যার পিপলাই।। মাহেশে নিবাস, জগলাথে আশ, অন্ত আশা কিছু নাই। শ্রীকমলাকর, যাহার শ্বশুর, ভাষতা যত্নন্দন।"

ক্ষণাকর-বংশীরগণ আবার ভিন্নর্থ বলেন। তাঁহারা বলেনঃ—
ক্ষণাকরের কন্তার নাম রাধারাণী এবং তাঁহার ক্ষিষ্ঠ ভাতার
ক্রার নাম রমাদেবী। এই ভাতার ছই ক্রাকে ধড়দহের প্রশিদ্ধ
কুলিন কামদেব পণ্ডিত ও যোগেশ্বর পণ্ডিভন্ন বিবাহ করেন।

খড়দহের স্থনামধ্যাত কামদেব পণ্ডিতকে অনেকেই প্রীগোরাঙ্গধর্মাবলম্বী বলিয়া উল্লেখ করেন। "গৌর-চরিত-চিন্তামণি" প্রস্তে
(কিফুপ্রিয়াধৃত, ২৪৩ পৃঃ) বৈষ্ণব-বন্দনায় এক কামদেব নাম আছে।
অধিকন্ত প্রীচরিতামৃত আদি ১২ পরিছেদে 'কামদেব' নাম আছে।
প্রভূপাদ রাধিকানাথ গোস্বামী সম্পাদিত প্রীচরিতামৃত প্রস্তের পাদটীকায় আছে,—"ইনি বঙ্গীয় ব্রাহ্মণ, থড়দহের কুলিনপ্রেক্সমানদেক
পণ্ডিত।" শ্রীপাট খড়দহের পুরাতন রাসমন্দিরেয় নিকট কামদেবের

জনাস্থান ছিল। এবং কামদেবের প্রপৌত্র চাঁদেশর্মার স্থাপিত শ্রীশ্রীরাধা-কান্ত বিগ্রহের মন্দির অস্তাবধি দৃষ্ট হয়।

এই শ্রাধাকান্ত শ্রীবিগ্রহ মহারাজা প্রতাপান্ধিত্যের ছিলেন। চাঁদ
শর্মা যশোর নগরে উক্ত রাজার কর্মচারী ছিলেন। মানসিংহ বথন
যশোর নগর ছারখার করিয়া প্রতাপাদিত্যকে বন্দী করত: দিল্লী দইয়া
বাইতেছিলেন, সেই সময় নগরবাসী প্রাণভয়ে কে কোথার পলাইয়া
কোল। এমন অবস্থার উক্ত শ্রীবিগ্রহের সেবা হইতেছে না দেখিয়া
ভক্ত চাঁদশর্মার প্রাণ বড়ই ব্যথিত হইতে থাকে, তাই তিনি শ্রীবিগ্রহকে
বক্ষে করিয়া পলাইয়া আসেন ও স্থগ্রাম খড়দহে স্থাপিত করেন।
"সাহিত্য" প্রিকার (১৩২৭, ফাল্কন, চৈত্র সংখ্যার-৭০৭ পূঃ) কামদেব
পণ্ডিত হইতে অধন্তন জ্রোদশ পুরুষ শ্রীযুক্ত বতীশচক্র মুখোগাধ্যায় এম
এ, মহাশর তিত্তি ও নিত্যানন্দ" প্রবন্ধে লিথিয়াছেন:—

* * * কমলাকর আবার উক্ত কামদেব ও যোগেশ্বর পণ্ডিতের শশুর ছিলেন।—যোগেশ্বর ও বিলেষত তদমুজ কামদেব সাতিশয় আগ্রহ প্রকাশপূর্বক শশুর কমলাকরকে অনুরোধ করিয়া শ্রীপাদ নিত্যানদকে শঙ্দহে আনরন করেন। * * *

ভবদশী কামদেব পণ্ডিভ আগনার যজোপবীত হইতে নিভানিককে বিস্তা দান করিয়া ভাঁহাকে গৌকিক সমাজভূক্ত করিয়া খড়দহে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। * * *


আরও ইহার মতে উক্ত শ্রীশ্রীরাধাকান্ত বিগ্রহ কামদেব-প্রতিষ্ঠিত।

বড়দর্শের কুলিনপাড়ার শিরোমণি মহাশরেরা উক্ত টাদশর্মার বংশধর।

শ্রীশ্রীরাধাকান্তের সেবারেত-বংশের তালিকা,—

কামদেব পণ্ডিত

ভীধর (এবং **অন্ত ১**•পুত্র)



মাহেশের কমলাকরবংশীয় অধিকারী মহাশয়দের প্রদত্ত বিবরণ

১৪১৪ শকাকে বা বাজলা ৮৯৯ সালে স্থানরবনের নিকট থালিজুলি প্রাথম শ্রীল কমলাকর পিপ্লায়ের জন্ম হয়। ইনি শুদ্ধ শোত্রিয় রাট্য-শ্রেণী প্রাহ্মণ, বাৎস্য গোত্র, পঞ্চ প্রবর। ইনি বিশেষ ধনী জনিদারের পুত্র ছিলেন। ইহার কনিষ্ঠ ল্রাভার নাম নিধিপতি।

প্রবাজকরণে ভ্রমণ করিতে করিতে ৮পুরীধামে উপুরীত হন।
(বীগদাধর পণ্ডিতের শাখাতে এক জ্বানন্দ ব্রন্ধচারীর নাম পাওয়া যার।

তিনি ব্রজনীলার ললিতা স্থী ছিলেন।) এবং জগন্নাথ দেবকৈ সহস্তে রন্ধন করিয়া ভোজন করাইবেন, এই প্রবল বাদনা হয়। কিন্তু সেবক-গণ এরূপ নির্মবিক্ষ কার্য্য করিতে না দিলে তিনি ব্যথিত প্রাণে অনাগরে পড়িয়া থাকেন, পরে স্থাদেশ প্রাপ্ত হন—"মাহেশে জাহ্বী-তীরে তুমি আমাকে পাইবে ও মনের সাধে দেবা করিবে।"

শ্রনন্দ বাঙ্গলার প্রত্যাবর্ত্তন করতঃ মাহেশের বনভূমিতে আগমন করেন। এবং পুনরার আদেশ প্রাপ্ত হন ও গঙ্গার তীরে শ্রীঞ্জগরাঞ্জনিবর শ্রীবিগ্রহ ভাগমান অবস্থার দেখিতে পান। নেই হইতে বঙ্গদেশে প্রথম জগরাঞ্ধ মূর্ত্তির আবির্ভাব হয়। গ্রুবানন্দ মনের সাধে শ্রীবিগ্রহের সেবা করিতে করিতে বৃদ্ধ হইলে কাহার হাতে তাঁহার প্রাণাণেক্ষা প্রির শ্রীবিগ্রহকে দিয়া বাইবেন, ভাবিতেছেন—এমন সময়ে আদেশ হয়, "কমলাকরনামা আমার এক ভক্ত আদিতেছে। তাহাকে তৃমি দেবাভার শ্রপণ কর।"

পরদিন প্রাত্তে (১৪৫৪ শকাকে) কমলাকর মাহেশে উপনীত হইলে জ্বানন্দ আনন্দে উৎফুল হইয়া প্রেমালিঙ্গন করত শ্রীবিগ্রহের সমৃদর ভার কমলাকরকে অর্পণ করিয়া আনন্দময় ধামে চলিয়া যান।

ক্ষণাকর বৈরাগ্য গ্রহণ করতঃ পরিজনবর্গকে কিছুমাত্র না বলিয়া গৃহ ত্যাগ করিয়াছিলেন। এ জন্তু আত্মীয় স্থাজন তাঁহার জন্তু কাত্র হইয়া অধ্যেশ করিতে করিতে মাহেশে আসিয়া তাঁহাকে দেবদেবার নিযুক্ত দেখিতে পান।—কনিষ্ঠ ভ্রাতা বহু সাধ্য সাধনায় যথন জ্যেষ্ঠ ক্ষণাক্ষের মন পরিবর্ত্তন করিতে পারিলেন না, তথন স্থ্যাম থালিজ্লি হইতে তিনিও যাবতীর পরিজনবর্গ লইয়া মাহেশে আসিয়া বাস করিতে লাগিল্লেন। এ সঙ্গে প্রোহিত চভিবর ঠাকুর এবং নাপিত ও অনেক্ষণ্ডলি ভদ্র প্রজাও মাহেশে আসিয়া বাস করিতে গালি ভদ্র প্রজাও মাহেশে আসিয়া বাস করিতে থাকেন।

ক্ষণাকরের পুত্রের নাম চতুর্জ, কক্সার নাম রাধারাণী এবং লাঙা নিধিপতির ক্সার নাম রমাদেবী। ব্যাসময়ে কঞ্চান্ত্র বয়ঃ প্রাপ্ত হইলে উভর লাভা চিস্তান্তিত হন, কিন্তু ভক্তের মনোবেদনা ব্বিতে পারিয়া ভগাবান্ উপযুক্ত পাত্র ঠিক ক্রিয়া দেন। পড়দহের প্রসিদ্ধ নবগুণ-সম্পন্ন কুলীন কামদেব পশ্তিত ও যোগেশ্বর পশ্তিত্তন্ত্রকে ক্সা সম্প্রদান ক্রা হয়।

ক্ষলাকর ১৪৮৫ শকাবে বা ৯৭০ সালে ৭১ বংগর বংগ্রেমকালে স্থাম গমন করেন।

বংশধরগণের নিকট এই মাত্র পরিচয় প্রাপ্ত হওয়া বায়। আশ্চর্য্যের বিষয়, যাঁচার গৌহবে কমলাকরের গৌহব, সেই মহাপ্রভু বা জীনিভানিন্দ প্রভুর সহিত কমলাকরের মিলনাদি সম্বন্ধে ইহারা কোন কথাই বংগন নাই। আরও অবগত হওয়া যায়:—

ক্ষণাক্ষরের পুত্রের নাম চতুর্জ। ইইার ছই পুত্র—নারারণ ও
ক্ষণার্থ। নারারণের পুত্র জগদানকা। জপদানকার পুত্র রাজীবকোচন। এই রাজীবণোচনের সময় দেবসেবার অর্থের অপ্রতুগ হয়।
ক্থিত আছে, কোন কারণে ঢাকার নবাব থানে ওয়ালিস লা বাজলা।
১০৬০ সালে জ্রীজগন্নাথ দেবকে ১১৮৫ বিঘা জমি দান করেন। মাহেলের:
দেড় ক্রোল দক্ষিণ পশ্চিম কোণে ঐ সমস্ত জমি এখনও আছে।
অধিকস্ত ঐ জ্যি বা মৌজার নাম জগন্নাথপুব ১।

১। "প্রীরাধাবল্লক ও অগন্নাথ দেবের অবিয় কাহিনী" গ্রন্থে ৩১ পৃঃ জানা যায়,
মুর্শিদাবাদের কোনও নবাব নদীবক্ষে বিপন্ন হইনা জগন্নাথ দেবের মন্দিরে আশ্রেম প্রাপ্ত হয়েন। এ জন্ম ভিনি জগন্নাথ দেবের সেবার জন্ম মৌজা জগন্নাথপুরে:
১১৮৫ বিশা জমি দান করেন।

১৮১১ খ্র: 🕶: হুগলীর তৃতীয় স্বজ্ঞের আদালতে জগনাপপুরের ভূসম্পৃত্তি

কিছুকাল পরে পানিহাটীর জমিদার তগোরীচরণ রায় চৌধুরী বধন নবাবের দাওরানী কার্যো নিবুক্ত ছিলেন, তখন উক্ত জগন্নাধপুর ভৌজীকে নিশ্বর করিবার জন্ম চুণাধালি পরগণার উপর উহার করভার চাপাইয়া শিয়া ভার্জাই দেবোত্তর করিয়া দেন।

প্রাচীন মন্দির তগঙ্গাগর্ভে পতিত ইইলে কলিকাতা পাথুরিয়াঘাটা-নিবাসী স্বর্গীয় নরানটাদ মল্লিক ১২৬২ সালে বর্ত্তমান মন্দির নির্মাণ করিয়া দেন এবং জগগ্রাথ দেবের প্রণামী স্বরূপ ২০ হাজার টাকা অর্পণ করেন।

সম্বন্ধে ১৫নং মকর্মমার বিবরণীতে ঐ নবাবী দানের বিষয় লিখিত আছে। থোঁজা জগলাপপুরের পরগনা বোরো, সরকার সাতগাঁ, চাকলা হগলী। বর্তমানে জগলাণ-পুর নিস্কর ভালুক। উহা হগলী কালেক্টরীর ৭৫৫নং ভৌজিভুক্ত।

উক্ত গ্রন্থ করে বলেন :— "বাজলার ইতিহাসে খানে ওয়ালিস খাঁ নামে কোন ন্বাবের উল্লেখ দৃষ্ট হয় না। ১০৬০ সাল হইলে সে সময়ে বাজলার ন্বাব ফুল্ডান কুলা।" ইহার পরে ইনি বলেন, যাহা হুউক, জগরাথপুর যে দেব ও অতিথি সেবার জক্ত ন্বাবদত তালুক, ভাহাতে কোন সন্দেহ নাই।" (৩০ পুঃ)

উক্ত গ্রন্থের ২৬ পৃষ্ঠার জানা যার, কমলাকর মহাশর নবছীপে সার্বভৌমের টোলেও জীনিমাইর সজে পাঠ করিতেন। জাবার নিমাই পণ্ডিতের টোলেও পাঠের কথা জাছে। কিন্তু বৈফার গ্রন্থে এ বিষয়ের কোন উল্লেখ নাই। আমরা প্রেই বলিয়াছি, অভুর সহপাঠী কমলাকর এই পিশ্লাই কমলাকর হইতে ভিন্নভক্ত।

শ্রীকান্ত ভট্টাচার্য্য-প্রণীত "জগন্নাথচরিভবর্ণন" নামক গ্রন্থে ক্মলাকরের প্রস্ক পাছে।


মাহেশের অগরাধ দেব ও কমলাকর সহজে শ্রীরামপুরের পাদরীদের অকাশিত "বাস্পীয় কল ও ভারতবর্ষীয় রেলওয়ে" পুস্তকে এবং কলিকান্তা রিভিউ, ছগলী পেনেটিয়ারে, ও ক্রনোর্ড শাহেবকৃত "A Brif sketch of the Hoogli District" পুস্তকে এবং ভোলানার চন্দ্রকৃত "Travels of a Hindu" পুস্তকে উপরোজি ক্রাই নানাভাবে বর্ণিত আছে।

ছঃথের বিষয়, ভিনি মন্দির প্রতিষ্ঠা করিয়া ষাইতে পারেন নাই।
৺নয়ানটাদ মল্লিক মহাশথের পূত্র নিমাইচরণ ও গৌরচরণ মল্লিক ছর
উক্ত বিশ হাজার টাকার মধ্যে ৫ হাজার রিসিভারে জমা দেন ও বাকি
টাকার জমি জমা খরিদ করিয়া দিবার প্রস্তাব হয়। কিন্তু জমি খরিদ
না হওরা পর্যন্ত উক্ত টাকার ক্ষদ বরাবরই প্রদান করিতেন; মধ্যে
বন্ধ করেন, পুনরার ১৩২০ সন হইতে দিভেছেন।

নিমাই মলিক মহাশরের সহধার্মণী ৬পুরীধানে জগরাথ দেবকে দিবার জন্ম বহুমূল্যের হুইখানি স্থাহস্ত লইরা গমন করিতে করিতে পথি- মধ্যে তিনি স্থাদেশ প্রাপ্ত হন, পুরীতে না দিরা মাহেশে জীজীবলভদ্ধকে এই স্থাহস্ত পরাইলেই আমার সন্তোষ হুইবে। এই আদেশে উক্ত প্রাবৃত্তী রমণী পুরীর পথ হুইতে প্রত্যাবর্ত্তন করতঃ জীবলভদ্ধের অঙ্গে স্থাহস্ত প্রদান করেন।

জগরাথদেবের থেচরার ভোগের জন্ম ইনি মাসিক বন্দোবন্ত করিরা-ছিলেন। ইহার পুত্র পৌত্র পর্যন্ত সে ব্যয় নির্কাহ করিতেন। কিন্ত বর্তিমান বংশধরগণ আর প্রদান করেন না। (১)


শ্রীজগরাথ দেবের রথথানি ভামবাজারনিবাদী দেওয়ান কৃষ্ণরাম বস্থ



(২) নির্মাণ করিয়া দেন। পরে তৎপুত্র দেওয়ান শুরুচরণ বস্থ পুরাতন রথ
ভৌগ হইলে নবরথ নির্মাণ করিয়া দেন। ১২৬০ সালে দৈবগতিকে রথথানি ভত্মীভূত হইলে শুরুচরণ বাবুর পুত্র কালাচাদ বস্থ রায় বাহাত্রর
পুনরায় রথ নির্মাণ করিয়া দেন। পরে উহাও শ্বোগা হইলে তৎপুত্র বিশ্বভর বস্থ রথ নির্মাণ করেন। কিছু ১২৯২ সালে পুনরায় রথথানি দক্ষ
হলৈ বিশ্বভর বাবুর কনিষ্ঠ ভ্রাতা ক্রফ্চজ্র বস্থ মহাণর প্রায় ২০ হাজার
টাকা ব্যুরে বুহৎ গৌছনির্মিত রথ প্রস্তুত করিয়া দিয়াছেন।

পূর্বের রথবাত্তার সমরে মাহেশ হইতে শ্রীপাট বন্ধতপুরে শ্রীল রুদ্রে প্রিভিন্ন দেবলের শ্রীবিগ্রহ পরাধাবলর কীর নিকটে শ্রীক্ষরাথ দেবল গমন করিতেন। ১২৬২ সাল হইতে উভর সেবারেত মধ্যে মনোমালিন্য ও মকদ্রমা হওরায় এই বহু প্রাচীন প্রথা উঠিরা গিরাছে। একস্থ শ্রীক্রগল্লাখদেবের ক্ষ্ণবাটী বা গুলাবাটীর শাবশ্রক হইলে—উপরিউক্ত নরানটাল মল্লিকবংশীরা রঙ্গমরী দাসী ১২৬৪ সালে মাহেশ হইতে এক পোরা দ্রে গ্রাওটাক রোডের উপরেই স্থানর গুলাবাটী নির্মাণ ও ভাহাতে শ্রীশ্রীরাধারমণ বিগ্রহ প্রতিষ্ঠা করতঃ জগল্লাথ দেবকে শর্পক করিয়াছেন।

এই মল্লিকবংশীয়গাল জগন্নাথদেবকে বিস্তর : অলঙ্কারাদি দিয়াছিলেন। কিন্তু সেবায়েৎগণের সহিত মনোমালিন্য হওয়ার ভাঁহারা নিজেদের নিকট



রাথিয়া দিয়াছেন। বর্ত্তমানে পর্বাদ উপলক্ষে জীরামপুরের দে বাবু-দের গৃহ হইতে অলক্ষার আনিয়া জীবিগ্রাহকে সজ্জিত করা হয়।

পিশলাই মহাশরের বংশধরগণের:উপাধি চক্রবর্তী এবং "মাধিকারী" নামে থ্যাত। এথানে ক্ষলাক্রের কোন সমাধি নাই।

আবির্ভাবকাল—বংশধরগণের মতে ১৪১৪ শকে জন্ম, ১৪৫৫ শকে নাহেশে আগমন এবং ১৪৮৫ শকে চৈত্র শুক্রা অব্যোদশীতে ভিরোভাব। (১)

(৬ষ্ঠ গোপাল) জীউদ্ধারণ দত্ত ঠাকুর।

ব্ৰজের হ্বাহুদ্ধা। (বৈশ্র, হ্বর্ণবিশিক্কুলোজ্জলকারী)

শ্রীপাট সপ্রথাম। হগলী।

আবির্ভাব—১৪•৩ শকান্ধ, তিরোন্ডাব—১৪৬৩ শক।
মার্গণীর্ধ, ক্লফা একাদশীন্তে উৎসব।
১৩২৮। ১৮ই ফাস্কন দর্শন-সৌন্ডাগ্য।

স্থান-পরিচয়।---

ত্যলীজেলার সপ্তথাম বা সাত্যা। ই আই আর রেলের গ্রিশ-বিঘা প্রেদনের (হাওড়া হইতে ২৭ মাইল, ভাড়া ৮/১৫) পশ্চিমে এক পোরা পথ, গ্রাণ্ড টাক্ষ রোডের ধারে একং প্রাসম্পরস্থী নদীর নিকটে।

⁽১) বৈষ্ণবগ্রহে জানা যায়, ১৯৩৯ শকালের পানিছাটীর দণ্ডবলেবের ও ১৯০৪ শকালের পেতৃরীর উৎসবে ইহার নাম রহিরছে। পানিছাটীর উৎসবের পরেতে মাহেশে আগতন বা শ্রীপাট স্থাপন ইহা ঠিক। কিন্তু তিরোভার সম্বন্ধে বিশেষ মতানৈক্য হইতেহে, ১৯০৪ শকে ৯০ বংসর বয়ঃক্রমে বেজুরীতে উপন্তিত। বংশগরগণের মতে ১৪৮০ শকে ১৯০ বংশর বয়ঃক্রমে তিরোভার। প্রেই বিলিয়াছি, একমান্ত মহাপ্রস্তর্ম সন ব্যতিরেকে জার কাছারও সময় নিতৃতি নহে। এজক্ত বংশগরগণের প্রাচীন কাগজের মতই প্রথমে দিয়াছি।

বাজেল কাটোয়া রেলের বংশবাটী প্রেসন হইতে দেড় মাইল পথ। পূর্বে সপ্তথাম বালতে বাহদেবপুর, বাশবেড়ে, ক্ষণপুর, নিভ্যানলপুর, শিষ-পুর ও শহানগর, এই সভিটী গ্রামের সমষ্টি বুঝাইত। বর্ত্তমানে লোক-শুগু চতুদ্দিকে জলল। সাধান্ত কৃষিকীবীর বাস।

বহু কাল হচতে সপ্তথ্যাম রাজকীয় বলারের পদাভিবিক্ত ছিল। চারি
শত বংসর পূর্বে জাহ্নবীলোত সপ্তথাম হইয়া আন্দুলের নিকট বাইয়া
বহির্গত হইত। এই সরস্বতী যে একদিন বিশালদেহা ও পরাক্রমশালিনী
ছিলেন, ভবিষয়ে অনুমাত্র সন্দেহ নাই। যোড়প শতালীর শেবাংশে
নদী ভরাট হইতে আরস্ত হইয়া সপ্তথামের পতান আরস্ত হয়। এখনও
নদীগর্ভে নৌকা ও জাহাজের ভ্রাবশিষ্ট ও লৌহশুভাগাদি এবং বৃহৎ
বৃহৎ মাস্থলাদি পাওয়া যায়। এই মহানগরীতে পূর্বে ঐর্থা ও সমৃদ্ধিশালী ১৫০০ ঘর স্বর্ণবিশিক্ ও ১৩০০ ঘর অপরাপর ব্যবসায়ী
জ্ঞাতির বাস ছিল। ইহার উপকৃলে ক্ষুদ্র বৃহৎ নৌকারাজি ঘনবিক্রম্ত
থাকিয়া শোভা সম্পাদন করিত এবং বলিক্গণের বাণিজ্যালয়, দেবালয়
সকলের উন্নত মস্তক্ নদীতট পরিশোভিত করিত। রাজপ্র সকল
জনতাপূর্ণ থাকিয়া চলাচল কইসাধ্য বলিয়া প্রতীর্মান হইত। হায় !
আক্র সেই সপ্তথ্যাম কালের বিভিত্র গভিতে জনমানবশ্রু মহারণ্য সম
পরিলুগুমান হইতেছে।

সপ্তথামের দেই প্রাচীন স্থসমৃদ্ধির কাহিনী দেশ বিংদশের নানা গ্রন্থে বার্ণত আছে। শিক্ষিত পাঠকের তাহা অবিদিত নাই। গ্রন্থ-বাহুণ্য ভরে আমরা বেশি কিছু উদ্ধৃত করিতে পারিলাম না।

দর্শনীয় স্থান:—শ্রীমন্দির সাধারণ গৃহাকারেয়, উহার মধ্যে—
শ্রীশ্রীষড়ভূজ মহাপ্রভূ শ্রীশ্রীগোরাক

া
শ্রীশহা
শ্রীশহা
শ্রীশহা

তিনটী গোপাল এবং দশটী শিলা শ্রীবিগ্রহগণ আছেন। বেদীর গাঙ্গে ধোদিত আছে :---

প্রসাদনাস বড়াল, সাক্ষীগোপাল বড়াল, নিভাইচরণ বড়াল, হরলাল বড়াল।

দতঠাকুরবংশীর হুগণী বাণীনিবাদী ৺লগমোহন দত্ত মহাশরের বহুকালের প্রতিষ্ঠিত বিগ্রহ সকলের মধ্যে উদ্ধারণ দত্ত ঠাকুরের দারুমর শ্রীমৃর্তিও সেবিত হইতেন। তাহা হইতে কটো চিত্র তুলিরা শ্রীপাটে সেবা হইতেছে। "বঙ্গ ছাবা ও সাহিত্য" গ্রন্থে দতঠাকুরের প্রতিমৃর্তি খাছে।

দন্তঠাকুরের পূজিত শ্রীশালগ্রাম শিলা বর্ত্তমানে হুগলী বালীনিবাসী শ্রীনাথ দন্তের বাটীতে সেবিত হইতেছেন। শ্রীমড্ডুল মূর্জিই শালি বিগ্রহ। দন্তঠাকুর ইংগকে শহন্তে সেবা করিতেন। বছদিন পরে অনৈক ভক্ত বৈষ্ণব শ্রীনিত্যানন্দ ও শ্রীগোরাল-মূর্জি প্রতিষ্ঠা করেন। ৮গোপীনাথ জীউ দীননাথ দের শ্বাপিত।

দেবালয়ের সমুথে নাটমন্দির, তাহাতে স্থববিণিক্ সমাজের: হিতৈযিগণের উদ্দেশে অনেকগুলি প্রস্তিরফুলক আছে।

মাধবী লডা: --

এই মাধবীকুঞ্জে শ্রীনিভ্যানন্দ রায় বিশ্রাম করতঃ শ্রীবৃন্দাবন লীলা আহাদ করিতেন। প্রবাদ, ১৪৩৮ শকের চৈত্র মাসে একদিন উদ্ধারণের মহিমা প্রচারার্থে একটা ডাইলের কাটি শ্রীশ্রীনিভ্যানন্দ প্রভু উদ্ধারণকে প্রোধিত করিতে বলেন, ভাহাতেই এই মনোমুগ্ধকর মাধবী লভাটী ইইয়াছিল। লভাতল স্থানর ভাবে বাঁধান। প্রবাদ, এই স্থানে বিশ্রাম করিলে শ্রীনিভ্যানন্দের ক্রপালাভ হয়। নামপ্রক্ষ মন্দির দেবালয়ের দক্ষিণ পশ্চিম কোণে। ১৩১৩ শনে চন্দননগরনিবাসী শ্রীনিভ্যকিক্ষর শীল মহাশয় চারি বুগের চারি নাম মহামস্ত্র প্রস্তরফলকে অক্ষিত করিয়া একটা ক্ষুদ্র মন্দির নির্মাণ করিয়া দিয়াছেন।

নৃপুর কুণ্ড দেবালয়ের পশ্চিম দিকে। প্রবাদ, এই পুরুরিণীতে জ্বলাকে করিতে কারতে শ্রীনিভাইটাদের শ্রীচরণের নৃপুর স্থালিত হইয়া পড়ে। তদবধি ঐ আথ্যা হইয়াছে। এই স্থানের প্রিত্র বারি ভক্তপ্র মস্তকে ধারণ করিয়া থাকেন।

ইছা বা'তরেকে দেবালয় হইতে সামান্ত দূরে প্রাচীন কালের মসজীদ ও সমাধিদও এবং ভগ্ন তুর্গ ও বণিক্দিগের গৃহের পোন্তা দেখা যায়। সরস্বতী নদীর পোল এবং সেই স্থানের দূর্গ্ত শতীব মনোহর। মসজীদে আর্বী ভাষায় খোদিত ফোটানের শ্লোক আছে।গভর্মেণ্ট কর্তৃক একণে স্যত্নের্কিত।

দেবাণ্যের প্রায় এক পোয়া দক্ষিণে, ক্ষাপুর প্রান্তে প্রদিদ্ধ জীরঘুনাথ দাস গোসামীর জন্মভূমি। এবং আরও সাত জোশ দক্ষিণে ভোদো
গ্রামে ঝড় ঠাকুরের জীপাট। পরে বিবরণ দিব।

দেবালয়ের ব্যবস্থা, উন্ধারণ দত্ত ঠাকুরের তিরোভাবের পর কইতে সিদ্ধ বৈশুব দ্বাহাই শ্রীপাটের দেবা চলিত। শ্রাদে ক্রিয়ের দেবস্বার অর্থের অপ্রত্ন হইলে ১২৮০ সালে চৈত্র মাসে বৈশ্ববপ্রবন্ধ চলিতাইদাস বৈরাগী বহু কন্তে শ্রীপাটের জন্ত বার বিঘা জমি সংগ্রহ করেন। শ্রীপাটের বিদ্যালয় শ্রীশ্রীচালগোলী-নাথ বিগ্রহ স্থাপিত করেন। শ্রীপাটের উন্নতির জন্ত বাঁশবেড়ে-

নিবাদী পূজাপাদ নিমাইটাদ গোস্থামী মহাশর এবং নিক্টন্থ ভদ্র মহোদয়গণ বিস্তর চেষ্টা করিতেন। ৮মধুস্থান দত্ত মহাশার মন্দিরাদি সংস্কার করিয়া মাসিক বৃত্তির বন্দোবস্ত করেন। পরে তথাবধায়ক-গণের পরণোক গমন হইলে জ্ঞীপাট একেবারে নষ্ট হইতে বদে। এজন্ত গত ১৩০৬ সালের ১লা মান্ব তারিথে স্বর্গবিশিক্ষণ একটা বিরাট জাতীয় সভা আহ্বান করতঃ জ্ঞীপাটের চমৎকার জ্ঞীর্দ্ধি সাধন করেন ও অন্তাবধি করিতেছেন। জ্গলীর ভূতপূর্ব্ব সবন্ধন্ধ বলরাম মল্লিক মহাশার এ বিষয়ে প্রধান উন্তোগী ছিলেন। বর্ত্তমানে সেবার বন্দোবস্ত বড়ই স্বন্দর। তবে বিদেশীয় দর্শক বা সাধু ভক্ত প্রভৃতির আগমন হইলে তাঁহাদের প্রসাদাদি পাইবার কোন স্ববিধা নাই।

বৈষ্ণৰ গ্ৰান্থে শ্ৰীউন্ধাৰণ প্ৰসঙ্গ

(ক) গণোদ্দেশে,— স্বাহুর্যো ব্রঞ্জে গোপো দত্ত উদ্ধারণাথ্যক: ৪১২৯

(भ) देवक्षव च्याठा इमर्शिल ;—

ক্বাহু গোপাল ব্ৰন্থে ছিল বিরাজিত।
উদ্ধারণ দত্ত বলি এবে প্রাকটিত।
নিত্যানক্ষপ্রিয় শাথা অনস্তত্কতি।
যার বংশে নিত্যানক বিনা নাহি গতি॥
ক্ষেত্র হৈতে নিত্যানক সঙ্গে গৌড়ে আইল।
গুলাতীরে উদ্ধারণপুরে বাদ কৈল।

(গ) পাটণ্যাটন—

উদ্ধারণ দত্তের বাস কৃষ্ণপুরে হয়॥

- ত্গলীর নিকট হয় ক্ষণপুর গ্রাম। উদ্ধারণ স্থবাত জানিবা পুর্বনাম।
- (খ) ঐতিতক্তপাধিষদ-জন্মন্ত্র:—
 শান্তপুরে জন্মিল। রায় মুকুন্দ।
 উদ্ধারণ দত্ত আর জন্ম ক্ষানন্দ। (†)
- (ও) অনস্তদংহিতায়:— পুর্বদেহে স্থরাহর্য্য উদ্ধারণ মহাশ্র।
- (চ) ঘাদশ পাটানণয়ে,— উদ্ধারণ দত্ত সপ্রগ্রাম।
- (ছ) চৈতন্ত্ৰীতায়,— সপ্থামে স্বাহ্র হইল জন্ম। উদারণ দত্ত নাম স্ক্রলক্ষণ॥
- জে) দৈবকীনন্দনকৃত বৈষ্ণবেবন্দনায়,— উদ্ধাৰণ দত্ত বঙ্গে হঞা সাবহিত। নিভানিক সংগ্ধে বেড়াইল স্ক্রীথি॥
- (ঝ) বৃন্ধাবনদাসক ত বৈষ্ণবৰ্তনায়.—
 পরম সাদরে বন্দো দত্ত উদ্ধারণ।
 নিত্যানন্দ সঙ্গে তীর্থ যে কৈল ভ্রমণ॥
- (ঞ) ভক্তমালে,— স্বাহ্ন গোপাল খেঁহ উদ্ধারণ দত্ত।
- (ট) বৈঞ্ব অভিধানেও নাম আছে।
- (ঠ) শ্রীভাগবতে, অস্ত্যা, ৬।৪৭৪,— উদারণ দত্ত মহা বৈষ্ণব উদার। শিত্যানন্দ সেবায় যাহার অধিকার॥

- (ড) শীচরিতাম্ত, আদি, ১২।১০২,—
 মহাভাগবত শ্রেষ্ঠ দক্ত উদ্ধারণ।
 সক্ষ ভাবে সেবে কিড্যানন্দের চর্না॥
 নিম্লিখিত গ্রন্থে ইংগাকে মহাবল স্থা বলা হইয়াছে,—
- (ঢ) বৃন্ধাবন ঠাকুংকুত বৈষ্ণববন্দনায় :—
 উদ্ধারণ দত্ত মহা বৈষ্ণব উদার।
 নিত্যানন্দ দেবায় ঘাঁহার অধিকার॥
 মহাবল করি যারে ভাগবতে কয়।
 উদ্ধাৰণ সেই বস্ত জানিহ নিশ্চয়॥
- (ণ) বৈষ্ণৰ আচাৰের ভিন্ন মতেও ইনি মহাবল।
- (ড) ভক্কণাম্ত গ্ হঃ—
 স্থামী ও স্তা যথা এক আ্থা হয়।
 ভক্ত ও ভগবান্ কি এক নয়।
 উদারণ দত্ত ভক্ত অবভার।
 ভক্ত শ্রেষ্ঠ আর মহিমা অপার॥

স্বাগীয় হারাধন দত্ত নহাশয়-শিথিত প্রবন্ধে আছে(১), :—১৪০৩ শ্বে গঙ্গা ষমুনা সরস্বতীর মুক্ত বেণীর স্থান পুণাতীর্থ ত্রিবেণীর তিরোবর্তী সপ্রগ্রামাথ্য নগরে স্বর্ণবিশিক্কুলে শাণ্ডিল্য গোত্তে শ্রীমহদ্ধারণ দত্ত ঠাকুর আবিভূতি চন। ইহাঁর পিতার নাম শ্রীকর দত্ত, মাতার নাম ভদ্রাবতী, এবং পুত্রের নাম শ্রীনিবাদ দত্ত।

শীমুকুন্দ ঠাকুর নিভাগাথায় লিখিয়াছেন ;—

⁽১) "জ্মাজ্মি" প্রিকার প্রবন্ধ, যাহা "স্বর্বণিক্" নানক গ্রেছের ২য় গতে ১০ পৃঃ উদ্ধৃত হইয়াছে।

শ্রীকরনদন, দত উদ্ধারণ, ভদ্রাবতী-গর্ভজাত।
ত্রিবেণীতে বাস, নিভারের দাস, শ্রীগোরাঙ্গ-পদাপ্রিত।
শাণ্ডিল্য প্রবর, শ্রেষ্ঠ শাস্ত ধীর, স্ক্রব্বিণিক্ প্যাতি।
রাধাক্রফ-পদ, ধ্যায় আবরত, বৈশুকুলে উৎপাত্ত।
বিষয় বাণিজ্য সাংসারিক কার্য্য, মল প্রায় তাভ্য করি।
পুত্র শ্রীনিবাসে, রাথিয়া আবাসে, হইলা বিবেকাচারী॥
(পদসমুদ্র, ৩০৪১ পদ)।

দত ঠাকুর জ্ঞীনিত্যানন্দ প্রভুর মন্ত্রশিষ্য ও স্থা ছিলেন। ইনি বিপুল ঐর্থ্য ত্যাগ করিয়া কাণ্ডাল বেশে প্রভুগণের সেবক ভাবাবলম্বনে পুরীধামে থাকিতেন।

ভক্ত দিগ্দর্শনীতে জানা যায়:—তিনি ৪৮ বংগর বয়ঃক্রমে বৈরাগ্য-ধর্মা অবস্থন করিয়া ৬ বংগর নীলাচলে এবং ৬ বংগর শ্রিক্রনাবনধামে বাস করিয়া ৬০ বংগর বয়ঃক্রমে অর্থাৎ ১৪৬০ শকের (ভিন্নমতে ১৪৫০ শকে) মার্গশীর্ষ মাসে ক্রফা একাদশীতে শ্রীরুন্দাবনের বংশীতটের নিকটে দেহ রক্ষা করেন। ঐ স্থানে তাঁহার সমাধি আছে। ইইার রচিত কোন গ্রন্থ, কি পদাবাল নাই। পরস্ত পাঠের জন্ত বহুবিধ গ্রন্থ সংগ্রহ করিয়াছিলেন। এথনও ভাহার কিছু কিছু আছে (উক্ত পহারাধন দত্তগৃহে)।

দত ঠাকুরের উর্দ্ধ বা আদিপুরুষ ভবেশ দত্ত অহোধা। প্রদেশ হইতে বাণিজ্য হেতৃ ৯৭৫ শকাবেদ ব্রহ্মপুত্রতীরে স্থবর্ণ গ্রামে আসিরা বাস করেন ও তথায় কাজিলাল ধরের ভগিনী শ্রীমংী ভাগ্যবতীকে বিবাহ করেন। কাঞ্জিলালের পুত্রের নাম কবি উমাপতি ধর, তিনি লক্ষ্ণসেনের সভাসদ ছিলেন। ভবেশ দত্রের পুত্রের নাম শ্রীক্রম্ভ দত্র। ইনি দিগ্বিলয়ী ছিলেন। গীতগোৰিনের ক্ষণ পক্ষে এবং শিব পক্ষে ব্যাখ্যা ক্রিয়া "গঙ্গা" নামে এক অন্ত টীকা ক্রিয়াছিলেন।

নীলাচল হইতে মহাপ্রভূ যখন শ্রীনিভাানন প্রভূকে প্রচার কার্যোর জন্ত বলে পাঠান, তথন দাস গদাধর প্রভূত্তরের কথাবার্তার সময়ে উপস্থিত ছিলেন। গদাধর ঐ সমস্ত কথা স্বীয় পদে ব্যক্ত করিয়াছেন (?)। শ্রীচৈতন্ত-ভাগবতে আছে:—

আজা পাই নিত্যানন্দক্তে দেই কণে।
চলিলেন গৌড় দেশে লয়ে ভক্তগণে॥
উদারণ দত্ত ভাগাবত্যের মন্দিরে।
রহিলেন তাহা প্রভু ত্রিবেণীর তীরে॥
কারমন বাক্যে নিত্যানন্দের চরণ।
ভক্তিলেন অকৈতবে দত্ত উদ্ধারণ॥
নিত্যানন্দ স্বরূপের-সেবা অধিকার।
পাইলেন উদ্ধারণ কিবা ভাগা তাঁর॥

একদিন শ্রীনিভাইটাদ পরিহাস করিয়া বলিলেন,—উদারণ। "স্বন্পুরাণ" দেখিয়াছ ?

উদ্ধারণ বলিলেন,—না প্রভু।

প্রভু—তুমিও মূর্থ, তোমার অজাতিও মূর্থ। কারণ, অলপ্রাণে আছে,—

> হরিনামাকরং ভ্ক ভালে গোপীমৃদাঙ্কিতম্। তুলদীমালিকোরহং ন স্প্রের্থমোদ্ভটা:॥

উদ্ধারণ সেই দিন ২ইতে স্বজাতিবর্গের সহিত মালাতিলক ধারণ করেন। জীজীনিত্যানন্দ প্রভু স্থবর্ণবর্গিক্গণের এই সব পবিজ আচরণে ও হরিনামে গাঢ় সমুরাগ দেখিয়া:— সপ্রামের সব বণিকের ঘরে ঘরে।
আপনে নিভাইটাদ কীর্তনে বিহরে।
বণিক্সকল নিভ্যানন্দের চরণ।
সক্ষভাবে সেবিলেন লইয়া শরণ॥
বণিক্ সভার ক্ষভজন দেখিতে।

মনে চমৎকার পায় সকল জগতে॥ (ভাগবত, অস্তা)।
পরে শীনিত্যানন্দ প্রভু যথন মহাপ্রভুর আজ্ঞায় দার পরিগ্রহ করিতে
গমন করেন, তথন শীউদ্ধারণত তাঁহার সঙ্গে ছিলেন এবং প্রধান উদ্ধোগী
ছিলেন।

প্রকাদন নিত্যানন্দ প্রভাতে উঠিরা।
অধিকা নগরে ধান এক ভ্রু লইরা॥
জাতিতে বণিক্ নাম উদ্ধারণ দত্ত।
প্রভূপারিষদ হন পরম মহন্ত॥
স্থ্যাদাস পণ্ডিতের দাহেতে রহিয়া।
অন্তঃপুরে দত্তেরে দিলেন পাঠাইয়া॥
তিহোঁ গিয়া কহিল প্রভূর সমাচার।
শুনিয়া পণ্ডিত আসি কৈল নমস্কার॥
প্রভূ কহে ভোমার কাছে আসিলাম আমি।
বিবাহ করিব মোরে কন্তা দেহ ভূমি॥

(বংশবিস্তার, ৫পৃঃ)।

34

বিবাহের পরে যথন সমাগত আক্ষণমগুলী প্রভুকে কিজাসা করিয়া-ছিলেন :—

> শ্রীপাদের নিতি নিতি ভিক্ষা আয়োজন। স্বপাক করহ কিমা আছুয়ে ব্রাহ্মণ।

তথন :— প্রভু কহে কথন বা আমি পাক করি।
না পারিশে উদ্ধারণ রাখ্যে উতারি॥
এই মত প্রিবর্ত্ত রূপে পাক হয়।
ভূনিয়া সভার মনে লাগিল সংশ্রম্ম — (এ. ৮পৃ;)।

ব্ৰাক্ষণণ আশ্চৰ্যা হইয়া জিজ্ঞাস। ক্রিলেন;— ভারা কহে এ বৈষ্ণৰ হল কোন্ জাভি । পূৰ্বাশ্ৰমে কোন নাম কোথায় বৃস্তি ॥

ইহার উত্তরেঃ— প্রভু কহে ত্রিবেণীতে বস্তি ইহার। স্বর্ণবিণিক্ দেখি কারমু সীকার॥ (এ)।

ষপিচ—

কি কই নিত্যানন্দের জাতির পরিপাটি। উদ্ধারণ দত্ত সোনার বেনে যার ডালে দের স্বাটি॥

উক্ত প্রবংশ আরও বহু বিষয় শিথিত আছে, সম্পায় উদ্ত করিতে গারিলাম না।

জী নীবিষ্ণু প্রিয়া, তম বর্ষ, ১১শ সংখ্যার জানা ধার,—

উদ্ধারণ দত্ত ঠাকুর নৈহাটীর রাজার দাওয়ান ছিলেন। (এই
নৈহাটী ই বি রেলের নৈহাটী জংসন নহে, কাটোয়ার দেড় মাইল
উত্তরে নৈহাটী গ্রাম)। ঐ রাজার নাম নৈ রাজা। ইহার জন্মস্থান
ঝামটপুরের নিকট রসভালা। ইহা ভিন্ন আর কোন পরিচয়পাওয়া
বায় না। পাতাইহাট গ্রামে বাঙেল কাটোয়া রেলের দাইহাট
টেশনের নিকটে নৈরাজার অট্টা'লকার চিহ্ন আছে। উক্ত নৈহাটী
বৈষ্ণব গ্রন্থে নবহট নামে খ্যাত। দত্ত ঠাকুর রাজকার্য্য উপলক্ষে
বে স্থানে বাস করিতেন, অন্থাবাধিও লোকে ঐ স্থানকে উদ্ধারণপুর
বলে। একটী প্রাচীন বাঁধা নিম্বুক্ষ দৃষ্ট হয়। প্রবাদ, ঐ স্থানে মহাপ্রভু

একবার পদার্পণ করিয়াছিলেন। দন্তঠাকুরের প্রতিষ্ঠিত এই স্থানের জীত্রীনিভাইগৌরাঙ্গ বিগ্রহ বনয়ারী আবাদের দানীশ্মনদ বাহাত্রের রাঞ্জধানীতে নীত হইয়াছেন (১)। প্রতি বৎসর মকর সংক্রান্তিতে উদ্ধাবদ্যর আগমন করেন।

ঐ দিনে ঐ স্থানেও দত্ত ঠাক্রের তিরোভাব উৎসব হইয়া থাকে।
তিন দিবসবাাপী মেলা হয়। উদ্ধারণপুরের মন্দিরের পশ্চিম দিকে
দত্ত মহাশয়ের সমাধি-বেদী এবং পুর্বাদিকে উক্ত প্রাচীন নিম্নর্ক।
(ধর্মানন্দ মহাভারতী বলেন—শ্রীবৃন্দাবনে বংশীতটে ইহার সমাধি। ঐ
সমাধির নিকটে প্রাচীন নিম্নুক্সমূলে মহাপ্রভু উপবেশন করিয়াছিলেন।) বর্তমান মন্দিরাদি উক্ত বনয়ারী আবাদের অধিপতি কর্তৃক
নির্মিত।

এই গ্রামের অব্যবহিত দক্ষিণে বেণেপাড়া নামক পল্লী। অনুমান, দত্ত ঠাকুরের কুটুম্বগণ এই স্থানে বাদ করিতেন। কতক্ত্রিল বৈঞ্চব আধ্যা আতে স্থানটী বড়ই মনোহর, গঞ্চার উপরে।

(১) বন্ধারা শাবাদের বৈষ্ণবরাজপরিবার,— শীদাম দাস মহারাজা নিত্যানন্দদাস। ইনি ১৭৫ • খু: দিলার দহে প্রাশ্ম কর্ত্তক গ্রাজপদ পান। বন্ধারী দেব গোবিন্দ দেব বাং ১২৩১ দেহত্যাগ দক্তক পুত্র মুকুন্দ দেব

৩০।৩৫ বংসরের উপর হইবে, বর্ষার ভাজনে গঙ্গাভীরে একটা বাধা ঘাট আবিষ্কৃত হইয়াছে; উহা ক্রফপ্রস্থারের ও সূদ্র সূদ্র ইউক ঘারা নির্মিত। এই ঘাটটা উদ্ধারণ ঠাকুরের বলিয়া সাধারণের বিখাস। (কাটোয়ার অজয় নদ ও গঙ্গাসগম হইতে আমহা ঘাটটা দেখিতে পাইলাম।) এই গ্রামের পশ্চিম অংশে একটা প্রাচীন সেভু আছে, ভাহাও প্রাচীন কালের।

জাহ্বা দেবী ভ্রমণ সময়ে সপ্তথামে উদ্ধারণ দত্তের জীপাটে গমন করিয়া ভক্ত উদ্ধারণের জন্ম বিলাপ করিয়াছিলেন;—

> সিশ্বরী গেলেন শীঘ্র উদ্ধারণ ঘরে।। উদ্ধারণ দত্তের বাটীতে স্থিতি কৈল। উদ্ধারণ দত্তের চরিত্র সোঙ্কিরা। শীক্ষাহ্বা সম্বরী ধরিতে নারে হিয়া॥

> > ভক্তিরত্ব', ১১।৭•৫ |

ভবেশ দত্ত (৯৭৫ শকে)

(স্ত্রী ভগবতী দেবী)

গ্রন্থানতে প্রাপ্ত উদ্ধারণ দত্তের বংশীরগণের নাম,—
চক্রবংশীর
অজ্যুখা মল্লিক [ইহার সহিত উদ্ধারণ দত্তের পূক্ষপুরুষের বিবাহ হয়]
গঙ্গানল
পুত্র
নীলাম্বর দত্ত
অমরচাদ দত্ত

শ্রীকর দত্ত শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুর শ্রীনিবাস দত্ত

- (ক) হুগলী, বদনগঞ্জনিবাসী স্বর্গীয় হারাধন দত্ত উদ্ধারণ ঠাকুরের বংশধর। ইহার বৃদ্ধপ্রপিতামহ কুপারাম সিংহ। আউল মনোহরদাস বাবাজী (যিনি ১৬-৭ শকের ২৯ পৌষ দেহ রক্ষা করেন জাহানাবাদ পোষাটের নিকট উক্ত বদনগঞ্জ আমে ইহার সমাধি আছে) কুপারাম সিংহকে বিস্তর প্রাচীন কৈব গ্রন্থ দান করিয়াছিলেন। (বিষ্ণুপ্রিয়া, ২য় বর্ষ)।
- (ধ) তগলী ধালীনিবাসী ৮জগমোহন দত ৮ঞীনাথ দত্ত ও মদন দত্ত মহাশয়ও উদ্ধারণবংশীয়।
- (গ) ২০নং গুলু ওস্তাগর লেনের স্থারন্তনাথ দত্ত, পি, এন, দত্ত মহাশ্রগণ্ড উহার বংশধর।
- (ঘ) কলিকাতা সিটি কলেজের পাশে গোষ্ঠদত্ত এবং কাঞালী দক্ত মহাশয়গণও উদ্ধারণবংশীয়।

বংশতালিকার জন্য আমি বিশুর চেষ্টা করিয়াছিলাম। কিন্তু পূর্ব্বী-পর সঠিক ভাবে কেহই অবগত নহেন।

সপ্তগ্রামের ক্বফপুরে শ্রীরঘুনাথ দাস গোসামীর শ্রীপাট দর্শন।

সপ্রতাম হইতে আমরা (১৩২৮।১৮ ফাল্পন) ক্লমপুরে শ্রীল রঘু-নাথ দাস গোস্থামীর জন্মভমি দর্শন করিছে গমন করি। সপ্রতামের শ্রীপাট হইতে কৃষ্ণপুর ১ মাইল দক্ষিণে। ইহার ডাক্ষর দেবানন্দ-পুর, হুগলী জেলা। ইটকনিশিত ভগ্নমন্দির। হমধ্যে;—

শ্রীশ্রীনতাই শ্রীশ্রীগোরাঙ্গ শ্রীশ্রীরাধানোহন

বিরাজিত। মন্দিরের পশ্চিম গায়ে একটা কুদ্র গৃহে একথানি প্রস্তরের পূজা হয়; উহাতে শ্রীল রঘুনাথদাস বসিয়া বাল্যকালে হরিনাম করিতেন। এই শ্রীপাটে অবস্বর্কিত অনেকগুলি পূঁথি দেখিতে পাইলাম:—>। ১১৬৫ সালের ১৮ চৈত্র বৃহস্পতি বারের লিখিত গোবিন্দ-লীলামৃত। ২। ১২১০ সালের ১৭ বৈশাথ লিখিত শ্রীক্রদাবনদাসকৃত শ্রীচৈতভাগণোদ্দেশ। ইহা বোধ হয়, এখনও মুজিত হয় নাই। লিপিকার গ্রন্থ শেষ করিয়া সন তারিথ দিয়া পরে লিখিয়া গিয়াছেন—"তামাক খাব।" ৩। শ্রীচৈতভাচরিতামৃত। পাতা গোলমালের জন্ম নকলের তারিথ পাইলাম না। তবে খ্বই প্রাচীন। ৪। জ্ঞানমত প্রসঙ্গ। সংস্কৃত গ্রন্থ, বঞ্গাকরে। আরও বিস্তর

৪। জ্ঞানমত প্রাপন্ধ। সংস্কৃত গ্রন্থ, বন্ধান্ধরে। আরও বিস্তর গ্রন্থ আছে। আমাদের তাড়াভাড়ির জন্ত স্বস্তাল দেখিতে পারিলাম না—তবে সেবায়েত মহাশয়কে যত্নের সহিত রক্ষা করিতে বলিয়াহি। প্রাথম শ্রীবিগ্রাহ-সেবক কৃষ্ণকিশোর গোস্বামীর (ব্রহ্নবাসী) সময়ের একটী ভালবৃক্তের দামামা ছিল; সেটী ভগ্ন অবস্থায় এখনও দৃষ্ঠ হয়।

সেবায়েত মহাশয়ের মৃথে এই স্থানের প্রচলিত কাহিনী গুনিলাম:—
শ্রীল রঘুনাথদাদের শ্রীবৃন্দাবন বাদের পরে এই স্থান মুসলমানগণ
কর্ত্ব নিগৃহীত হইতে থাকে। পরে রঘুনাথের পিতা গোবর্দ্ধন মজুম্দারের তিরোভাব হয়। ঐ সময়ে যবনভয়ে রঘুনাথের বাল্যকালের সেবিত শ্রীশ্রীরাধামোহন বিগ্রহ নদীগর্ভে লুকাইয়া রাধা হয়। পরে

বৃদ্ধাবন হইতে রম্বাথদাস তাঁহার জনৈক প্রজ্বাসী শিশ্য ক্ষাবিশোর গোস্বামীকে শক্তি সঞ্চার করত: উক্ত শ্রীবিগ্রহের উদ্ধার এবং সেবা জ্ঞা সপ্তগ্রামে প্রেরণ করেন। তিনি আসিয়া নদী হইতে শ্রীমৃত্তি-ছয়কে উঠাইয়া সেবা প্রকাশ করেন। যবনগণের নানা উৎপাত কৃষ্ণাকশোরকে সহ্ করিতে হইয়াছিল। পূর্বে ভাদ্র মাসে এখানে উৎপব হইত। বর্ত্রমানে ১লা মাঘ উৎসব হয়। বর্ষাকালে লোক জনের আগমনে ক্ষা হয়। এজন্ত প্রাচীন নিয়ম পরিবর্ত্তন হইয়াছে শুনিলাম। কৃষ্ণপুরের শিশ্যশাথা বা সেবায়েতগণের নাম:—

🕮 কৃষ্ণ কিশোর গোদামী। শিষ্য ক্ষল গোসামী স্বরূপ দাস কুঞ্চলাস দাস মুকুন্দ দাস रुक्तिमान नाम (১ম) বিনোদদাস দাস নিতাইদাস দাস (य) विस्नामनाम नाम নবীন দাস (৩য়) বিনোদ দাস (১৩১৫ দেহ রক্ষা) শ্রীগোরাপদাস বাবাজী (বর্তুমানে ১৩২৮) চুচ্ডাতে রঘুনাথ গোস্বামীর পিতার দেবিত ঐবিগ্রহ আছেন:

ঝড় ঠাকুরের পাট জেদো বা ভেরুয়া গ্রাম

শ্রীরঘুনাথ দাসের জ্ঞাতি-খুড়া কালিদাস ও ভুইমালীজাতীর ঝড়ু ঠাকুরের প্রসঙ্গ শ্রীতৈভভচরিতামৃতে আছে:—

ভূমিমারী জাভি বৈষ্ণব ঝড়ু ঠাকুর নাম ॥

উক্ত ঝড় ঠাকুরের শ্রীপাট ভেদো বা ভছরা আমে। ইহাও ছগলী কোলার, ক্ষপুর হইতে ১॥ কোল দক্ষিণে এবং বাণ্ডেল জংসন হইতে ১ মাইল পশ্চিমে। ভোলোর ডাক্ঘর দেবানলপুর। এই স্থানে বাড় ঠাকুরের শ্রীমদনগোপাল বিগ্রহ আছেন। বর্তমান সেবারেতের নাম—শ্রীরামপ্রসাদ দাস। হিল্ফানী বৈষ্ণব।

উক্ত কালীদাসের শ্রীবেগ্রহ সরস্থতীতীরে শৃশ্বানগরে বহুদিন পর্যান্ত ছিলেন। ২০।২৫ বংগর হইতে ত্রিবেণীর মতিলাল চট্টোপাধ্যার ত্রিবেণীতে (ইাসপাতালের নিক্ট) স্বীয় গৃহে লইয়া গিয়া সেবা করিতেছেন।

(কালীদাস)—"রঘুনাথ দাসের তিহোঁ হয় জ্ঞাতি খুড়া।" চরিতামূত,অস্তা,১৬ পরিছেদে ইহাঁর ও ঝড় ঠাকুরের বিবরণ আছে।

(৭ম গোপাল) শ্রীমহেশ পুত্তিত।

ব্রজের মহাবাছ স্থা। ব্রাহ্মণ।
মসিপুর হইতে বর্ত্তমানে শ্রীপাট পালপাড়া। নদীয়া জেলা।
আবিভাব—১৪১৪ শকে, ভিরোঃ—১৫০৪ শকের পূর্বে। অগ্রহারণ
ক্রফা ত্রয়োদশীতে উৎস্ব।

১৩২৮।২৩ মাঘ দোমবার শ্রীপাট দর্শন দৌভাগ্য।

স্থান-পরিচয়:—নদীয়া জেলায় পালপাড়া গ্রাম। ই, বি, রেলের শিয়ালদ্হ হইতে চাক্দহ প্রেদনে (৩৯ মাইল, ভাড়া ॥৮৫) নামিয়া ডিছিন্ট বোর্ডের রাস্তা ধরিয়া দক্ষিণদিকে এক মাইল পথ। গোগাড়ি পাওয়া যায়। ৮পকা দেবী অনেক দূরে আছেন। চারি দিকেই গভীর জক্ষণ। ১সময়ে সমরে বাঘও বাহির হয়।

দর্শনীয়:—ভিষ্টিই বোর্ডের কাঁচা রাস্তার পূর্ব দিকে জন্মণের মধো সাধারণ গৃহাকারে পাকা দেবমন্দির। একথানি সেবারেডের ব্যবহার জ্বন্ত থড়ুয়া চালার ধর, এবং বর্ত্তমান দেবালয়ের পশ্চিম দিকে একটী পাকা গৃহ নির্দ্ধিত হইতেছে। দেবালয়ে নিম্নলিখিত বিগ্রাহ

শ্রীশ্রীগোপীনাথ শ্রীশ্রীনিতাই গৌরাক শ্রীশ্রীমদনমোহন

ইহা ভিন্ন শ্রীন্থানাথ জীউ, শ্রীগোপাল এবং ৮০০টা শিলা আছেন, ইহারা অন্ত স্থান হইতে জাদিয়াছেন। বঢ় আকারের বুগল স্তি গোবরভাঙ্গার জনৈক গোপের দেবাভাবে এই স্থানে আনীত হইয়াছেন। দেবালয়ের সম্মুখে বা দক্ষিণ দিকে মহেশ পশুতের ফুল-সমাজ থেদি করা হইয়াছে। বোধ হয়, প্রাচীন সমাজেয় কোন স্মৃতি-চিহ্ন এই স্থানে রক্ষা করিয়া তত্বপরি বেদী নির্মাণ ও তুলসীমঞ্চ হইয়াছে।

এই দেবালয়ের সীমানার দক্ষিণ দিকে একটী অতীব বৃহৎ দেবতাশ্রু মন্দির গর্ভমেণ্ট কর্ত্ব প্রাচীন স্মৃতি-চিহ্ন রক্ষা আইনার্থারী
রক্ষিত হইরাছে। মন্দিরে কার্ত্র-কার্যা আছে। চিত্রের মধ্যে রাম রাবণের
বৃদ্ধ বৃঝিতে পারিলাম। ইহা যে কত দিনের মন্দির, তাহা কেহই
অবগত নহেন। অনেকে বলেন, পুরাকালে রাম রায় ও গদ্ধর্ব রায়
নামে রাজার এখানে গড় ছিল। তাঁহাদেরই এই মন্দির। মন্দিরটী
ভালিয়া গিয়াছিল—গর্ভমেণ্ট হইতে মেরামত হইয়াছে। মন্দিরের

দরজার কতকগুলি পরসা দেখিলাম। অমুমান, ভক্তিমতী রম্ণীগণ দেবে'দেশে প্রণামী দিয়া গিয়াছেন। আমরা পরসাগুলি জনৈক ভক্ত বাবাজীকে দিলাম।

শ্রীপাটের বিবরণ:— মহেশ পণ্ডিতের শ্রীপাট মসিপুর চইতে বর্ত্তমানে পালপাড়ায় আগমন সম্বন্ধে শুনা যায়:—প্রাচীন মসিপুর, স্থলাগর, ছর্গাপুর, শরভাঙ্গা প্রভৃতি গ্রামগুলি গঙ্গাগর্ভে লীন হইয়াছে। বর্ত্তমানে আবার সেচ সব স্থানে চর পড়িয়া নুতন গ্রাম হইতেছে, অনেক স্থানে নব গ্রামগুলির পুরাতন নামও হইয়াছে।

মুগ্রির গ্রাম ধ্বংশ হইলে স্থলাগরের নিকটবর্তী বালুধাডাঙ্গারা বেলেতালা গ্রামে শ্রীবিগ্রহ সকল স্থানাস্তরিত হন। পরে অনুমান ১২৫৭ দালে পুনরায় গন্ধার ভাঙ্গনে বেলেডালাও তথ্ন হইলে পাল-পাড়ার জমিদার ওনবকুমার চট্টোপাধ্যায় (বা তিতুবাবু) সেই সময়ের মহেশ পাওতের সেবান্নেত বাবাজীকে বলিয়া পালপাড়ায় শ্রীবিগ্রহ-শমূহকে আনয়ন করেন ও দেবালয় নির্মাণ করতঃ স্থাপিত করেন। তিতুবাবুর সহিত বাবাজী মহাশয়কে প্রদত্ত জমি জমার মৌথিক কথা ছিল, তিনি মৃত্যুকালে স্বীয় পুত্রকে ঐ সকল রেজিষ্টারী করিয়া দিতে বলিয়া দেন। এজন্ত তিতুবাবুর পুত্র শ্রীরজনীকান্ত চট্টোপাধ্যায় ২৬।১।১৮৮৩ সালে সেই সময়ের সেবান্নেত হরেক্ত্র দাস বাবাজীকে রেজিষ্টারী দলিল প্রদাম করিয়াছিলেন। উক্ত দলিলও আমরা দেখিলাম।

সেই সময় হইতে মসিপুরের পরিবর্তে শালপাড়া মহেশ প্তিতের শ্রীপাট ব্লিয়া গণ্য হইয়াছে। রামক্ষাদাস বাবাজী (ইনি পালপাড়ার

বিগ্রহ আনেন)

হঙ্কেফদাস বাবাজী (ইং ১৮৮৩

সালে ছিলেন)
গোবিন্দাস বাবাজী

বিগ্রহ আনেন

বিগ্রহ আনেন

সালে হিলেন)

গোবিন্দাস বাবাজী (১৩০০ হইতে বর্তমান ১৩২৮)

গত ১৯১৭—২১ সালের সেটেলমেণ্টে এই দেবালয়ের বিষয়ে এই রূপ লিথিত আছে:—জেলা নদীয়া, থানা চাকদেই (১), মৌজা পালপাড়া, লং ৩৫, ভৌজি নং ১, পতিয়ান নং ৪২, দেবোত্তর গৌরানভাই বিগ্রাই, সেবায়েত সনাতন দাস থৈক্ষব, পিতা ভাতলকচন্দ্রদাস বৈহুব। ২৬,১।২১ সন।

দেবালয়ের আয়ে তেমন কিছুই নাই। স্থানীয় ভক্ত কালীক্ষ চক্রবর্তী বাষিক ২৫, টাকা দেন। স্থান্টী দেবালয়ের মত পরিকার পরিকল্প দেখিলাম না।

বৈষ্ণৰ গ্ৰান্থে শ্ৰীমহেশ পণ্ডিভ-প্ৰসঙ্গ :---

(ক) গণোদ্ধেশে:---

মহেশপণ্ডিতঃ শ্রীমান্ধাবাতঃ ব্রেজে স্থা ৷ ১২৯

ভারদ্ধার মুনি সমুমানি তার্পি ইউ(ত। আইবেলন চক্রাই পালা স্থানিতে।) এবে চক্রাই লোক চাকিল। কংয়। তাজি, ১২ ৭০৬ পুঃ ;

⁽১) চাকদাহ— শ্ৰীনিবাস আচাৰ্য্য যথন নৰ্দ্বীপ ভ্ৰমণ করিছে চলেন, তথন শ্ৰীশাৰ আচাৰ্য্য প্ৰভূকে বলিয়েছিলেন :--

- (খ). বৈষ্ণ ব আচারদর্পণ,—
 মহাবাহু গোপাল যে ব্রজে ক্ষ্ণিস্থা।
 মহেশ পণ্ডিত এবে তার নাম লেখা॥
 নিত্যানুক যার কুল ধন প্রাণ গতি।
 মশিপুর গ্রামে হয় যাহার বস্তি॥
- গে) পাটপর্যাটন ,—

 সাজনা সরভাঙ্গা সুখ্যাগর নিকটে।

 মহেশ পজিতের বাস কহি করপুটে॥

 মহেশ মহাবাহু পুর্বে জানিবা আখ্যান।
- (ঘ) অন্তাসংহিতার,— মহাবাহ-গোপবাল: জীমান্ মহেশপভিত:।
- (ঙ) চৈতভাদশীতায়:—

 জন্মিলেন মহাবাহ্য বরাহনগরে।

 মহেশ পণ্ডিত নাম দেশ দেশাস্তরে।
- (5) বৈক্ষববন্দনা, বুন্দাবন্দাগ ঠাকুরক্ত,— মহেশ পণ্ডিত অভি পর্ম মহাস্ক্রা
- (ছ) ঐ দেবকীনন্দনক ত,— মহেশ পণ্ডিত বন্দো নৃত্যবিনোদী।
- (জ) ভক্ষালে,— মহাবাহ স্থা শ্ৰীমন্ মহেশ প্ভিত।
- (ঝ) ভাগবতে, অন্ত্য, ৬:৪৭**৪ পৃ:,---**মহেশ পণ্ডিত **মতি পরম মহান্ত**।
- (ঞ) চরিতামতে, আদি, ১০ম, ১৯,— মহেশ পশুত, শ্রীকর, মধুসংন।

ই—>১১/১০২—<u>,</u>

মহেশ পঞ্জি ব্রেজের উদার গোপাল।

চকা বাজে নৃত্য করে প্রেমে মাতোরাল।

(ট) বৈষ্ণব আচারদর্পণের ভিন্ন মতে, — মহেশ পণ্ডিত মহাবল স্থা।

আনেকে পুর্বাজীপাট মিপির্বকে জমিপুর বিলয়া ভুল করেন।
বরাহনগর প্রভাত স্থানগুলি মহেশ পণ্ডিতের বিহারভূমি ছিল।
ইটাইটে জনস্থান।

৪২৮। ই ভাত শ্রী বিফু প্রিয়া ও আনন্দবাজার পত্রিকায় বরাহনগর কামারপাড়া হইতে শ্রীগোপালচক্র ভৌমিক মহাশয় বরাহনগরে মহেশ পত্রিবের শ্রীপাট্রপে উৎসব করিবার জন্ত সংবাদপত্রে লিথিয়াছিলেন।

শ্রীল মহেশ পশুতের বিবরণ।

জীমীনিত্যানন্দ বিজ, ৩র বড়ে, ২০০ পৃঃ--

মহেশ পণ্ডিত বশড়ানিবাসী জগদীশ পণ্ডিতের কনিষ্ঠ ভাষা।
জগদীশ বন্দাঘটা গাঞি, রাঢ়া শ্রেণী ব্রাহ্মণ। ইহার পূর্ববাস হাইট প্রদেশ। ইহাদের বিবরণ জগদীশচরিত্র-বিজয় গ্রন্থে দৃষ্ট হয়। চাক্দাহের নিকট মসিপুর, পরে সরভাঙ্গায় পাটবাটী ছিল—গঙ্গাগুড়ে ঐ সক্তু গ্রাহ্ম ধর্মে হইলে নিকটবভা পালপাড়া গ্রামে শ্রীপাট সংস্থাপিত হইয়াছে।

শ্রীযুক্ত কালী প্রসন্ন চক্রবর্তী মহাশয় লিথিয়াছেন:—(শ্রীবিষ্ণুব্রিয়া ও আঃ বাঃ পত্রিকা—ও২৮ গৌঃ অঃ, ২৬ চৈত্র, ক্রমশঃ প্রকাশ প্রবন্ধে) বাঁচার বাঁটার একাদশীর নৈবেন্ত থাইবার জন্ত বালক নিমাই বড়ই কালিয়াছিলেন এবং বালকের সেই আবদার রক্ষা করিবার জন্ত যথন সমুদ্য নৈবেন্ত আনিয়া দিয়া নিজেকে ক্রতক্রতার্থ মনে করিয়াছিলেন,

এই মহেশ পণ্ডিত সেই জগদীশ পণ্ডিতেরই কনিষ্ঠ সহোদর। পূর্ববিদ্ধে কমলাক্ষ বন্যোপাধ্যার নামে একজন রক্ষ্ণীশ্রেণী ভক্ত ব্রাহ্মণ বাস করিতেন। জগদীশ ও মহেশ নামে তাঁহার হুইটী পুত্র জন্মে (১)। কমলাক্ষের স্ত্রীর নাম বা মহেশ পশ্তিতের মাতার নাম শ্রীমতী ভাগ্যবতী দ্বী।

জগদীশ অভিশর প্রতিভাগতার ছিলেন। নবদীপে ভাঁহার টোল ছিল। কোন্সময়ে যে ইছারা পূর্ববিদ্ধ হইতে নবদীর্থো আসিয়া বাস করেন, তালা জানিবার উপায় নাই। তথন পূর্ববিদ্ধবাসিগণ নবদীপে গলার তীরে একটা পল্লীতে সকলে বাস করিতেন। জগদীশের টোল শ্রীশ্রীজগরাথ মিশ্রের বাটীর নিকটেই, ছিল। উভর পরিবারের মধ্যে যে ঘনিষ্ঠতা ছিল, তালা আমরা নৈবেল্ল-ভোজন লীলার দ্বারা বিশেষ ভাবেই জানিতে পারি। শ্রীশ্রীশচী দেবী ও জগদীশ পণ্ডিতের স্ত্রী শ্রীমতী ছবিনী দেবীতে অভিশয় প্রণার ছিল। জগদীশচরিত্র-বিজয়-(২)

১। কিন্ত জয়ানক্ষের চৈত্যুসকলে জানিতে পারি, হিরণ্যও জগনীপের সুহোদর। যথা:---

জগদীশ হিরণ্য হুই সহোদর।

^{- -} শিভাানন শিয় বড় নবদীপে হর ॥

ভাষা হইলে ইহারা ভিন সহোদর। চরিতামুতে আছে,---(আদি, ১০)

শভাগদীশ প্ডিভ আব হরিবা প্ডিভে ∥শ

[&]quot;यादित कुणा देकल दार्ट्या खलू वर्राच्या।"

[&]quot;এই তুই বলে জালু একাদণী দিশে ।

विकृत देनदवन माणि गारेडा चार्द्र ॥"

ইংবার বালা জগদীশ ও হিল্পা প্তত্ পুথকু পুণক নিটো বোধ হয়। ২। "জগদীশ্চতিত্তি বিজ্ঞা" গ্রাহ ১৭০৭ শ্রেন পুতির কালতির মুদ্রিত হটলা

দোহাকার প্রীতি তুই সহোদরা যেন। যেই জন নাহি চিনে জ্ঞান করে হেন॥(১)

ত থই অক্তরেশ প্রথারবীজই কালে জগদীশের হৃদরে বাৎসন্য-প্রেম্বর্ক ও মংগ্রা পণ্ডিতের হৃদরে দান্তপ্রেমক্রশে মহাবৃদ্ধে পরিপত হইয়াছিল।

প্রভু সন্ত্রাস লইয়া নদীয়া আধার করিয়া চলিয়া ঘাইবেন, এবং
নীলাচলে প্রীশ্রীজগল্প সমীপে থাকিবেন, এই সংবাদ জগদীল প্রবণ
করিয়া অবধি বড়ই ব্যাকুল হইলেন। কিন্তু মনে মনে ভাবিলেন—
যদি পুরীধাম হইতে জগলাথদেবকে আনিয়া নদীয়ার মাঝে বদাইতে
পারি, তবে প্রভুকে আর পুরীধামে যাইতে দিব না। বাৎস্লারসিক
জগদীশ শীয় অমুজ মহেশ পণ্ডিতকে ছবিনী দেবীর নিক্ট রাথিয়া
তিনি অবিলয়ে পুরীধামে যাত্রা করিলেন। উৎকলের রাজার নিক্ট
স্পাদেশ হইল:—জগদীল পুরীর 'বৈকুণ্ঠ' (২) হইতে প্রীমৃত্তি লইয়া
প্রেমোনাদে বঙ্গদেশে প্রভ্যাবর্ত্তন করিতে লাগিলেন। কিন্তু নদীয়ার
নিক্টবর্ত্তী যদ্ডা গ্রামে আগিলে জগলাথ দেবের আজ্ঞা হইল, শ্রহ্ইই
থানেই আমাকে স্থাপনা কর। জগদীশ দেই স্থানেই গ্রামানীরে

জগদীশ হিরণ্যের ঐ বাড়ী হয়। জগনাথ যিশ্র সন্যে অত্যন্ত প্রণয়॥

হিল। এখন দেখিতে পাওয়া যায় না। প্রশেতার নাম—আনন্দ্রিজয় দাস্ বাজনস্তাদাস।

^{🔰।} ভব্তিরত্বাকরে,---

২। বৈক্ঠ –পুরীধানে নৰকলেবর হইলে পুরাতন শ্রীদৃত্তি যে ছানে রক্তি। হয়, তাহার নাম বৈক্ঠ।

₹₹

সুদ্র কুটীর নির্মাণ করতঃ প্রভূকে স্থাপনা করিলেন। এইরূপে শ্রীপাট ষস্ভার উৎপত্তি হইল (১)।

া শ্রীপাট ষসড়ায় অনুমরা ২৩এ মাব ১৩২৮ তারিবে প্রন করি। নদীয়া জেলার চাকদহের ক্টে বি আর ষ্টেশন, কলিকাতা কইতে ৬৯ মাইল, ভাড়া নেওঁ)

মাইল পশ্চিমে। সেটেলনেণ্ট ডোইজী নং ২৪। সাধানে গৃহাকারে দেবালন
উহাতে শ্রীশ্রীজগন্নাথ, শ্রীশ্রীরাধাক্ষ, শ্রীশ্রীরাধার্ম্ভ জীউ এবং দ্বিনী মাতার ছাপিত শ্রীশ্রীপৌরনিতাই গোপাল আছেন। জগদীশ যে ষ্টিভারে শ্রীজগন্নাথদেবকে বহন করিয়া আনিয়াছিলেন, সেবায়েত মহাশয় তাহা আমাদিগকে দেখাইলেন। পোরাড়ি কফনগরের রাজা পূর্বে দেবালয় নির্মাণ করিয়া দেন, পরে উহা জীবি হইলে ছানীয় উন্দেশ্চন্দ্র মজুন্দারের পত্রী মোক্ষদা দাসী ১৩২৩ সালে সংস্কার করিয়া দিয়াছেন, শ্রহং একখানি প্রভাকলক দেবিলাম। বাহিরের গৃহখানি সৌদামিনী দাসী নির্মাণ করিয়া দিয়াছেন।

মনিরের পশ্চিমে দোলমঞ্চ ও সামবেদী আছে। ৪০ চল্লিশ বংসর পূর্বে উহাত্র
নির্মাদিয়া গলানুদেবী প্রবাহিত হইতেন। এখন প্রায় ১ ক্রোশ চড়া অভিক্রম করিয়া
পলায় যাইড়ে ইর। প্রীপাটে একটি অভীব প্রাচীন বকুল বৃক্ষ হিল, সামাল্ল দিন
হইল নই হইয়াছে। প্রবাদ, প্রীধীরভক্ষ প্রভুর বার্মত নেড়া ও তের্মত নেড়ীকে
অগদীশ পণ্ডিত ঐ বকুল বৃক্ষ হইতেই আন্তর কলাইয়া ভাহাদের পাওয়াইয়াছিলেন।
অগদীশ পণ্ডিতের মাত্র এক বর বংশ্বর আছেন। নাম প্রীল নম্বীপচন্দ্র
সোন্ধানী। প্রের্মাদের ওকা বিভীয়াতে অগদীশ পণ্ডিতের ভিরোভাব উৎসব

শ্রীবৃদ্ধাবনে পোণেশ্বর রোড বা পোণীনাথ বাজারে "শ্রপদীশ কুল্ল" আছি।
ভথার এই শ্রীপাটের শিষাপ্রকে ভেট দিতে হয়। শ্রীশ্রীনৃত্যপোণালজীর সেবা ও
শ্রপদীশের স্মাজ আছে।

পূর্বে ৰোলমঞ্চের উত্তরে বটবুক্তমূলে কালদার প্রসিদ্ধ ভক্ত ভপৰাদদাস বাবাকী। সাধন ভক্তন করিছেন।

শ্ৰীশ্ৰীদ্বাদ্ধ গোপাল

ছবিনী দেবীরও শ্রীগোরালের ও তি গ'ঢ় ক্মুরাগ ছিল। শ্রীপাট স্থাপনের পরে জগদীশ যস্তাতে স্থীয় পত্নী এবং প্রাতা মহেশকে স্থানরন করতঃ শ্রীবিগ্রহ দেবা করিতে থাকেন।

> মহেশ পণ্ডিত আর ত্থী ঠাকুরাণী। কিই স্থানে দোঁহাকারে আনি**ল আ**পনিয়া

> > — অগদীশচরিত্রবিভারী

ইহার আর দিন গরে জগুদীশ, মহেশের বিবাহ দিয়াছিলেন। ধার্মিক শশুরের একান্ত আগ্রহে মহেশ পণ্ডিতকে বাধ্য হইয়া শশুরালয়ে থাকিতৈ ইয়াছিল। কিন্তু তাঁহার প্রাণ শশুর শাশুড়ীর আদর যতে এবং নবীন দাম্পত্য-স্থে আরুষ্ট হইল না। মহেশ পণ্ডিতের সংসার ত্যাগ সম্বন্ধে "অগদীশ্চরিত্তবিজয়ে" আছে:—

শহারত সালান এইণ করিলা শাভিপুরে প্রীক্ষিত্র ছিলাননান করিলে প্রভুৱ ভক্ত যিনি বেখানে ছিলান, সকলেই তাঁহাকে দর্শন করিবার জন্ত শাভিপুরে গমন করেন। কিন্তু জগদীশ পণ্ডিত ঘাইলেন না। তিনি আজ ভগলান্কে পরীকা করিবেন—প্রভুৱ ভক্তবাৎসল্যের শিরিচয় লইবেন। কিন্তু কর্জণাময় প্রভু কি স্থির থাকিতে পাঁরেন ৽ জিনি রজনীধোগে শ্রীনিভ্যানন্দ সহ যণড়াতে উপন্তিত হইলেন। জগদীশ পণ্ডিত ও ছ'বনীদেবীর মনঃসাধ পূর্ণ হইল। কত যত্নে, কত আদরে প্রভুৱবের সেবা করিলেন। কিন্তু এ সময়ে মহেশ পণ্ডিত গৃহে ছিলেন না, ভিনি শ্বরালয়েই ছিলেন। এজন্ত সে রাজের মহানন্দ তাঁহার উপভোগ হইল না। পরদিবস ছখিনী দেবীর অমুরোধে প্রভুৱয় বশড়াতে খাকিতে বাধ্য হইলেন। ঐ দিনে মহেশ পণ্ডিতের হঠাৎ শাগমন হয়। শহেশ আজ প্রভুৱ দর্শন পাইয়া আছহারা হইলেন ও শ্রীনিভ্যানন্দ প্রভুৱ চরণে জনমের মত বিজ্ঞীত হইলেন। অভ্যন্তামী নিভাইটাদ

মহেশকে কোলে তুলিয়া লইলেন; তখন গুই ভাই ছুই প্ৰভুৱ পঞ্চে বিকাইয়া গেলেন:—

> চৈতিন্ত নিতাই অবতার ছই ভাই। অগদীৰ মহেৰ বিক্ৰীত ছই ঠাই॥

> > [कश्रीम-विकत्र] ।

ঁ জীনিতানিক প্রভূমহেশকে দীকা দিয়া তাঁহাকে নিজের পরিকর ক্রিয়া লইলেন। মহেশ পণ্ডিত সেই, হইতে ছায়ার স্থায় তাঁহার অনুগ্রন্ত রহিলেন।

পরে নীলাচলে মহাপ্রভূ শ্রীনিভ্যানন্দ প্রভূকে গোড়ে গমন করিয়া প্রেমস্থ কি প্রচার করিবার জন্ত আজ্ঞা করেন ও নালাচলে আদিজে নিধেষ করেন। কিন্তু নিভাই কি গৌর বিনা থাকিতে পারেন!

> ষ্ম্বপি প্রভূব আজ্ঞা গৌড়েতে রহিতে। নিত্যানন্দ প্রভূকে ১৯ম ভক্তি প্রকাশিতে॥ তথাপি চলিশা মহাপ্রভূকে দেখিতে। নিত্যানন্দের প্রেমচেষ্টা কে পারে বুঝিতে॥

চারি মাস ইহিলা সবে মহাপ্রভুর সঙ্গে।

[এই5ডভাগবভা

ঐ সময়ে, কবিরাজ গোস্থামীর মতে সন্নাদের আরও তিন বংশর পরে শীনিতানিক প্রভু সংসারাশ্রম গ্রহণ করিতে আদিই হন। অংশুভ—
বিনি বন্চারী বিহপের ভাগে স্বৈছাগ বিচরণ করিভেছিলেন, আল
ভিনি প্রিয়জ্নীর কঠোর আদেশ পালনে বৃটিত হইলেন না।

আজা পাই নিত্যাৰকচন্দ্ৰ ততকৰে। চলিলেন গৌড়ে দেই সঙ্গে নিজগণে॥ [ভাগৰত]।

শ্ৰীশ্ৰীদাদশ গোণাল

ঐ সময়ে মহেশ পশ্তিতও শ্রীনিত্যানন প্রভুর সঙ্গে গৌড়ে আগমন করেন। শ্রীনিত্যানন প্রভু ভক্তসঙ্গে পানিহাটীতে—

> রাধ্ব পণ্ডিভগৃহে সর্বাজে আসিয়া। রহিলেন সকল ভক্তগণ লয়া॥

এই স্থানে কিরুপ প্রেমানজো সকলে থাকিতেন, ভাহা **এই**চভক্র- ... ভাগবভগ্রন্থে বিশেষভাবে জানা যায়,—

নিতানিক বিশিয়া আছেন নিংহাসনে।
সমুধে করয়ে নৃত্য পারিষদগণো॥
কেহ গিয়া বৃক্রের উপর ডালে চড়ে।
পাতে পাতে বেড়ায় তথাপি না পড়ে॥
কৈহ প্রেমস্থে হুজার করিয়া।
বুক্রের উপরে থাকি পড়ে লাক দিয়া॥
কেহ বা হুয়ার করি বৃক্স্ল ধরি।
উপাড়িয়া কেলে বৃক্বলি হরি হরি॥

সকলেই বিয়োধিক, গন্তারপ্রকৃতি, মহা মহা পণ্ডিত। তাঁহাদের এইরূপ চাঞ্চা যে কভদ্র গভীর প্রেমের পরিচয়, তাহা সামান্ত প্রশিদ্ধান করিলেই বুঝা যায়।

এইরপে প্রভূব সঙ্গে ১হেশ পণ্ডিত তিন মাস পানিহাটীতে শিতিবাহিত করেন। এই তিন মাস কাহারও বাজ্জান ছিলনা।

ঐ সময়ে শ্রীপাট, পানিহাটীতে শ্রীল রলুনাথ দাদ শ্লোমার দশু-মহোৎসব হয়। ইহাতে নানাস্থান শহুতে বহু ভক্তের স্মাগমন হয়। শ্রীনিত্যানন্দ প্রভু ডিড়া দ্ধি প্রদাদ পাইবার জন্ম প্রধান প্রধান- ভক্তগণকে বৃষ্ততের বেদীর উপরে সীয় পার্শ্বে বসাইয়াছিলেন। উহাতে মংশে পণ্ডিতও প্রভুর নিকট বসিয়াছিলেন।

এই উৎস্বের পর প্রেক্স সংগ্রাদে গমন করেন। মহেশ পণ্ডিভও সঙ্গে ছিলেন। পরে প্রভু সংগ্রাদে হইতে ধ্বন নানাস্থানে ভাষণ করিতে গাঁকেন, ত্বন্ধ মহেশে পণ্ডিভ উচিত্র সহিত ছায়ার মৃত্থাকিতেন।

ইহার পরে শ্রীন্তাইটাদ স্থাদাসঁ পণ্ডিভের গৃহে বিবাহ করিয়া কিছুনিন অধিকানগরে অবস্থান করতঃ গড়দহে শ্রীপাট স্থাপন করিয়া-ছিলেন। ঐ সময়ে তাঁহার প্রিয় পরিকরগণকেও জীব উদ্ধারের হন্ত স্থানে স্থানে শ্রীপাট করিতে আজ্ঞা করেন। কিন্তু ঘাদশ গোপাশের শ্রীপাট কথন কোনটা প্রতিষ্ঠিত হুইয়াছিল, ভাহার সময় নির্ণয় করিবার উপায় নাই। অনুমান, প্রভুর সংসার আশ্রমের কিছুকাল পরেই মহেশ পণ্ডিত যুশুড়ার অদ্রে গলাতীরে ম্যিপুর গ্রামে শ্রীবিগ্রহ-সেবা প্রতিষ্ঠা করতঃ শ্রীপাট স্থাপন করেন। ইহার সাধুতার দৃষ্টাস্কেশত শত জীবের শ্রীবনের গতি পরিবর্তিত হইয়া গিয়াছিল। ইহার প্রেমের প্রগাড়তা

মবেশ পণ্ডিত কত দিন ধরাধামে ছিলেন, ভাচা জানি না। মহা-প্রভুর বিরহে ভক্তগণ বিশেষ কাতর হটগা পড়েন, ভাচার উপর শীনিভাানন প্রভুর বিয়োগ হটলে সে নিদারুণ ব্যথা আর বেশী দিন সহু করিতে পারেন নাই। ক্রমে ক্রমে ভাঁহারা স্বধাম গমন করিতে থাকেন:।

জগদীশ পণ্ডিতবংশীর জটনক গোসামী এবং পালপাড়ার হুনৈক
অতিবৃদ্ধের মুখে শুনা গিয়াছিল—অগ্রহায়ণ—মাসে ক্লয়া হুলােদুলীভে
সহেশ পণ্ডিতের তিরাভাব তিথি,। ঐ তিথিতে পূর্বে উৎস্ব হুইত।
প্রায় ৪০০০ বৎসর হুইবে, এই মহোৎসব বন্ধ হুইয়াছিল। কিন্তু বর্ত্ত-

মানেও ঐ তিথিতে পুনরায় উৎসব হইয়া থাকে। (কাহারও মতে পৌষ মাসের ক্রফা অন্তমীতে তিরোভাব উৎসব হইত।)


মতেশ পণ্ডিতের তিরোভাব হইলে তাঁহার এক সন্নাসী শিয় জীবিপ্রাহ্ময়ের সেবার ভার প্রাপ্ত হয়েন। এইরূপে শিয়াপরস্পরায় সেবাকার্যা চলিয়া আসিতেছে।

আবি ভাব-কাল,---

দশুমহোৎসবে (১৪৩৯ শ্রাকে) উপস্থিত। থেতুরীর ১৫০৪ শ্রের উৎসবে নাম নাই। ভক্তির্ত্তাকরে ৮/৫৪২ পৃঃ আছে, থড়দহে শ্রীন নরোত্তম ঠাকুরের আগমন হটলে মহেশ পণ্ডিত মহাশ্র তাঁহাকে বহু, সমাদরে শ্রীমন্বিরে লইয়া গিয়াছিলেন।

এজন্য অনুমান, ১৪১৪ শকে জন্ম এবং ১৫০০ শকের পূ'বি , ভিরোভাব।

শ্রীল মহেল পত্তিত বিবাহ করিলেও তাঁহার সন্তান সভতি হয় নাই।
ইঠার ভাতার বংশধরগণ ্যশড়াতে মাত্র এক্ঘর আছেন। বিন্তু পূর্ব
বংশাবলী ইঠারা অবগত নহেন। যাহা জানেন, ভাহা এই;—



পক্ষে পুরুষোত্তমের প্রীপাট নছে। উহার পুত্র প্রীল কানাই ঠাকুরের শ্রীপাট। এ বিষয়ে প্রবাদ, একদা শ্রীবৃন্ধাবলে কানাই ঠাকুর নৃত্য

১৪। পুরুষোভ্য ব্রহ্ম চারী (ঐ ঐ)।

"পুরুষে:তম ওক্ষচারী আর কৃষ্ণনাস।"

্ ১৫। পুক্ষোভ্য জানা। মহারালা প্রতাপক্ষের পুর।

এতাপর দের পুত্র পুরুষোত্তম আনা। অত্রাপবলী।

- ১৬॥ পুরুষোত্র নাগর। সদাশিবসূত নাম নাগর পুরুষোভ্র 🖁
- ১৭। পুরুষোত্র বিশ্র। বুন্দাবনের গোবিন্দ দেবের পুনারী বা শেষদান দিলান্তবাদীশের নামান্তর।
 - ১৮। পুরুষে:ত্রম ভীর্ষ। বৈক্ষর বন্দনায় র— পুরুষোত্তম ভীর্ষ বন্দো রসিকশেখর॥
- ১১। পুরুষ্টের পণ্ডিত। নব**রীপবাসী "রত্তাকর সূত"---বৈক্ষববন্দনা। ইনি** নবদীপের পুরুষোত্ম বলিয়া অত্যান।

এই ১১ জন পুকুবোত্ন মধ্যে চরিতামুতে ৪ জনের নাম আছে--

- ১। অধৈত শাখায়— পুরুষোত্তম ব্রহ্মচারী।
- ২। ঐ পুরুষোত্ম শভিত।
- ত। বিভাগনন্দ শাখায়—সৰ্বীপের পুরু**ৰোভন পণ্ডিত।**
- ৪। 👌 সহাশিবের পুত্র পুরুষোর্ভ্রম কবিরাজ ।
- ঐতিভেত্তাগ্ৰভেও ৪ জনের নাম আছে ঃ—
 - ১ ৷ পূক্ৰেভিন দাস
 - ২। ঐ পণ্ডিত
 - তঃ ঐ সঞ্জয়
 - 🛾 । 👌 আচাৰ্য্য

देवकववनानाग्रस्ट ठाति खदनत्र नाम चार्छ।

- ১। প্রযোভ্য ব্রহ্মচারী।
- ২। পুকুষোত্তম পণ্ডিত।

করিতে করিতে তাঁহার দক্ষিণ পদের ন্পুর ছুটিরা যার। তিনি প্রতিজ্ঞা করেন, যে স্থানে নৃপুর পতিত হইবে, সেই স্থানেই বাস করেব। পরে বোধধানার উহা পতিত দেখিরা ওথার বাস করেন। (১) কিন্তু কানাই ঠাকুর শেষ জীবনে গড়বেতা গ্রামে গিরা হরিনাম প্রচার করিতে থাকেন ও সেই স্থানেই সমাধি প্রাপ্ত হন। এ জন্ত তাঁহার গড়বেতাতেই শ্রীপাট (২)। এই স্থানে কানাইঠাকুরের শিশ্ব-বংশধর ব্রাহ্মণগণ অন্তাপিও সেবাকার্য্য করিতেছেন। এবং বোধখানার কানাই ঠাকুরের জ্যেন্ত প্রের বংশধর-গণ বাদ করিতেছেন। তথার শ্রীশ্রী প্রাণ্বল্লত নামক শ্রীবিগ্রহের সেবা আছে। ধ্য দোলে উনার উৎদ্ব হইরা থাকে। শ্রীপাটে একটা কদ্ম

"পৌরপদতর্জিণীতে" 'ভদ্র' মহাশর বজেন, এই চারি জন প্রযোজন ব্যতীত আমরা আর এক প্রবোজমের সন্ধান পাইয়াছি। বশোহর জিলার বোৰধানাতে ইহার শ্রীপাট ছিল। ইহার উপাধি (রজের) ভোককৃষ্ণ (১১০ পৃঃ)।

এখানে ভদ্রবহাপর ঠিক বুরিতে পারেন নাই। কারণ, সনাশিবপুর পুরুষোত্তর বোধখানার পুরুষোত্তর। উনি বলেন, এই পুরুষোত্তর পদকর্তা ছিলেন। ইহা ঠিক। প্রকাশিত পদাধলি ব্যতিহেকে ইহার কৃত অপ্রকাশিত পদাবলা এই বংশীর গোসাযিগণের নিকট আছে। এবং বর্তমানে প্রচার হইতেছে।

১। বোধবাৰা যশোহর জিলায়ু বি, দি আর বিকরগাছা (কলিকাতা ছইতে ৬৬ মাইল, ভাড়া ১/১০) গড়বেতা হইতে ২ মাইল দূরে। ডাক্থর অমৃতবাজার।

২। গড়বেতা মেদিনী পুর জেলায়। বি এন আর রেলের একটা ষ্টেসন। (হারড়া হইতে ১০০ নাইল, ভাড়া ১৯০১০)। গড়বেতা প্রামে জীগোরারপরিকর শ্রীল সারক্ষদাস ঠাকুরের প্রাচীন সমাধিমন্দির আছে। ষ্টেসন হইতে প্রায় ও নাইল দুরে বগড়ার প্রসিক্ষরায়জীর মন্দির। শীলাবতী নদার উপরেই শীম্নিরন ১০২৮। কার্তিক মাসে আম্বা এই শ্রীবিগ্রহ দর্শন করি।

ত। রত্নকরমূত পুরুষোভ্র (ন্বছাপে জন্ম)

श्रद्भाष्ट्रमण्डः निवास्त्रत न्याकत्रत्यत्र काळः (नवदीशः)।

বৃক্ষ আছে, উহাতে ঠিক ৫ম দোলের উভিতে একটা মাত্র ফুল ফুটির্ট উঠে। এ ফুল শ্রীবিগ্রহকে প্রদান করা হয়। উক্ত প্রধাণবল্লভ শ্রীবিগ্রহ সদাশিব কবিরাজের সময়ের বলিয়া বংশধবরণ বলেন। সদাশিক কবিরাজ হলিয়া শ্রীকৃষ্ণকে "প্রাণবল্লভ" বলিয়া ডাকিন্ডেন।

পুরুষোত্তম ঠাকুর বা কানাই ঠাকুরের অপত পুত্র বংশীবদন ঠাকুরের বংশধরগণ বর্ত্তমানে নদীয়া জেলার ভাজনঘাটে বাদ করিতেছেন। তণার শ্রীশ্রীরাধাবল্লভন্তীর দেবা আছে। এই বংশীয় গোম্বামিগণ চিরদিনই ধনে মানে এবং বিদ্যা ভলিতে পরিপূর্ণ। বর্ত্তমানে অনেকেই উচ্চশিক্ষিত এবং পদস্থ রাজকর্মচারী।

ভাষিক স্থ এরপ সিন্ধবংশ কুত্রাপি দৃষ্ট হয় না। কারণ, ইণাদের চায়ি পুরুষ মহাপ্রভুর পরিকর এবং ব্রজের স্থাস্থী। পুত্র কানাই ঠাকুর ব্রজের উজ্জল গোপাল। পিতা পুরুষোত্ম ঠাকুর ব্রজের স্থোকরক্ষ স্থা। পিতাম্হ স্থানির কবিরাজ ব্রজের চল্রাবলী স্থী। প্রপিতাম্য কংশারি সেন বা স্থ্রারি কবিরাজ ব্রজের ইন্নাবলী স্থী।

কংশারি সেনের শ্রীপাট গুপ্রিপাছার (১)। সদাশিব কবিরাজের শ্রীপাট কাঁচডাপাছার (২), পুরুষোত্তম ঠাকুরের মুথসাগরে এবং কানাই

১। গুপ্তিপাড়া নদীয়া লাইনের একটা ষ্টেমন। কংসারী সেনের কোন হিজ্ নাই। এগানে শ্রীশীবৃন্দাবনচন্দ্র বিগ্রন্থ আছেন। ইনি ৬৪ মোহাস্তের মধ্যে ক্ষ-দাস ব্রহ্মচারীর স্থাপিত। বৈগ্র আচারদর্শন্ মতে এই স্থানে ব্রেশ্বর পণ্ডিতেরও শ্রীপাই জনাভূমি। ইংগড়া হইতে ৪৭ মাইল, ভাড়ো ৮৫ (বার হাবরা বাত্তেল হেলা)।

২। কাঁচড়াপাড়া ই, বি, আহ টেশন শিয়ালদাৰ হইতে ২৮ মাইল, ভাড়া।

1০। এখানেও সনাশিব কবিছাভের কোন চিফ্ নাই। এল শিবানন্দ সেন

কবিকর্ণপুর প্রভৃতির ক্রেল্মি। শিবানন্দ সেনের নীক্ষান্তর প্রীনাথ পতিত প্রতিষ্ঠিত

শিক্ষান্দ হিল্পের টেসা ২ইতে ১ মাইন প্রয়োগ প্রতিষ্ঠিত বিভাগ করিল। প্রকাতন

ম্নিকা এই হানের ১ মাইন স্ফিলে সুন ২০ট না হালিধ্যরে মংগ্রুত্ব দীয়া

ঠাকুরের (শীর্ণাব গোষামীপ্রাবন্ত নাম) শ্রীপাট বোধধানা বা গড়-বেতার।

ক্ষাপর হইতে চান্ত্ গ্রামে পুরুষোত্তম ঠাকুরের শ্রীপাট হইবার কারণ, প্রথমে বালীডাঙ্গা বা বেলেডাঙ্গা গ্রাম ধ্বংস হইলে, শ্রথসাগরে পুরুষোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহ সকল আগমন করেন। পরে তাহাও ধ্বংস হইলে ঐ স্থানে শ্রীশ্রীজাহ্লবাদেবীর যে গাদি ছিল, এই গাদির শ্রীবিগ্রহ-সালের সহিত পুরুষোত্তম ঠাকুরেরও শ্রীবিগ্রহ সকল সাহেবডাঙ্গা—বেড়ি-প্রামে আগমন করেন। কালক্রমে বেড়িগ্রামও ধ্বংস হইলে প্রায় ৫০।৫৫ বংশর হইবে, আহ্রবামাতার গাদির বিগ্রহসকলের সহিত পুরুষোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহ চানুড়ে গ্রামে সেবিত হইতেছেন।

মাসিক "বিষ্ণুথিরা পত্তিক।" ৮।১০ সং, ৪৫৭ পৃঃ আছে;—পাটস্থিত শ্রীবিগ্রাহ চাকুদহের নিকট চাঁহড়ে গ্রামে সেবিত হইডেছেন। ঐ দেবার স্বত্যাধিকারী জিরাটনিরাসী শ্রীনিত্যানন্দক্তা শ্রীমতী গ্রামাতা_ দেবীর বংশীর গোস্বামীগণ।"

সাপ্ত'ছিক শ্রীশ্রীবিঙ্গ্রিয়া ও আনন্দবাজার পত্রিকা, ৪২৯ গৌ: আঃ, ২৯ ফাস্তুৰ ভারিখে শ্রীযুক্ত রজনীকান্ত বিস্তাবিনোদ লিথিয়াছিলেন ;—

এইরণে ভাগীরধীর প্লাবন-তরক-ভাড়নে স্থসাগরস্থ ঠাকুর পুরুষোন্তমের পাটবাটীও গঙ্গাগর্ভে বিলীন হইলে তৎপ্রতিষ্ঠিত বিগ্রহ-শ্বর নানা স্থানে ঘুরিয়া বর্ত্তগানে চাঁড়েভিয়া গ্রামে প্রতিষ্ঠিত হর্মাছেন।"

চাঁহছিরার ছই যুগল রাধাক্ষ্ণসূর্ত্তি এবং ১টী জীক্ষ্ণসূত্তি আছেন। ইহার মধ্যে এক যুগল জীলীরাধাক্ষ্ণসূর্ত্তি পুরুষোভ্রম ঠাকুরের। বাকি

ষক শ্রীণাদ ঈশর পুরীর ভিটা। এইছানে জীবাস পণ্ডিত, জীরামপণ্ডিত প্রভৃতিবাসর ছিল। সাধক রাম্প্রসাদ সেনের ইহাই জন্মভূমি।

শ্রীবাধক্ষ এবং শ্রীগোরনিতাই মূর্ত্তি ও শ্রীকাহ্ণবাদেবীর শ্রীমৃর্তি, 'কাহ্ণবাদেবীর গাদির।'

পুরাত্র স্থাগার ধবংদ হইয়া পুনরায় গঙ্গার নুষন চড়ার জিপর
নুষ্ঠন স্থাগার প্রাম হইয়াছে। উহা চাঁহড় প্রাম হইতে এ৪ মাইল
দূরে। কালীগঞ্জের দক্ষিণে।

বর্ত্তমান শ্রীপুরুষোত্তম ঠাকুরের শ্রীপাট বা শ্রীশ্রীরত্ব কাহ্নবার শ্রীপাট বা গাদি চান্দ্র গ্রাম নদীয়াজেলার; ইহার থানা চাক্দহ, ভাক্দর সিমুরালী। (ই, বি, আর. সিয়ালদহ হইতে সিমুরালী ষ্টেশন ৩৬ মাইল, ভাড়া—॥/১০) ষ্ট্রেশন হইতে মাত্র ১ পোগ্রা পথেরও কম। গ্রামার ধারে। স্থানটী বড়ই মনোরম। (১)

প্রানিভ্যানন প্রভুর করা প্রামতী গঙ্গাদেবীর বিবাহ হইলে—প্রস্থু ওঁহাকে। গণাজনগর চৌদ্দমৌজা দান করেন। পরে গঙ্গামাভার বংশধর জিরাট বলাপড়ের গোলামিগণের প্রাচীন পুরুবের কেহ ১৪ মৌজার মধ্যে সুখ্যাপর বেলেভালাতে ক্রাহ্রনামাভার নামে এই গাদি স্থাপন ও বিগ্রহ প্রভিষ্ঠা করেন। ভদববি এই প্রাণাটের উৎপত্তি। বর্তমানে জিরাট বলাপড়ের উক্ত বংশীয় গোলামিগণের ক্রিনিকের নাম প্রীশনিভূষণ গোলামী, ক্লেনা হুগলী, বলাগড় ধানা ও ডাক্ষর এব জিরাট প্রাম।

সেবায়েত মহাশয়ত পুর্বোজ কথা বলিলেন;—গদার ভাগনে বেলেডালা ভং

হইলে তথা হইতে মুখদাগরে, এবং তাহাও ধ্বংদ হইলে সাহেবডালা বেড়ি আম এবং
বেড়িগ্রাম ধ্বংদ হইলে ৫০।৫৫ বংশর হইবে, বর্তমান চান্দুড়িয়াতে জীশাট উঠিয়া

আসিয়াছে। তবে পুরুষোভ্যঠাকুর বা তাঁহার বিগ্রহের কথা ইনি কিছু জানেন না।
না জানিবারই কথা।

বলভাষা ও সাহিত্যগ্ৰন্থে আছে,---"শ্ৰীশ্ৰীনিভ্যানন্দ প্ৰভূৱ কল্মা শ্ৰীমতী প্ৰশাৰাভাৱ

⁽১) সেবায়েত শ্রীসীভানাথ দাস বৈষ্ণবের মূপে চান্দুড়িয়ার বহু জাক্রার পাটের বিষয়ে শুনিলাম ;—

স্তোককৃষ্ণ, পুরুষোত্তম ও দামগোপাল পুরুষোত্তম

- ব্ৰ) গণোদেশে ছুইৰন পুৰুষোভ্ৰম আছেন,---
 - (१ थम) (छाकक्षः मथा शाग् या नामः भिश्रक्राहमः।
 - (বিভীর) সদাশিবহুতো নামা নাগর: পুরুষোত্তম:।

বৈশ্ব বংশোদ্ভবনামা দামা যৌ বল্লভো একে।।

অর্থি স্তোকর্ষ্ণ পুরুষোত্রম দাস। এবং দাম পুরুষোত্রম নাপর।
ইনি সদাশিবপুত্র। কিন্তু সদাশিব কবিরাজ-পুত্র পুরুষোত্রম দাস
ঠাকুরই যে স্তোকর্ষ্ণ সোপাল, ইহা অনেকেরই মন্ত। বিশেষতঃ
অনন্তসংহিতার আরও পূর্বে আমরা গোপাল নির্ণয়ে এ বিষয়ের মীমাংসা

স্থানী শ্রীমাধবাচার্য্য, শ্রীপুরুষোত্তন ঠাকুরের তিরোভাবের পর দীক্ষা লইয়াছিলেন এ জন্ম মনে হয়, পুরুষোত্তন ঠাকুরের তিরোভাবের পর ও তাঁহার শ্রীপাট পদাপর্ভে নাইলে মাধবাচার্য্য বংশীরগণ পর্ম যত্ত্বে স্বীয় শ্রীবিগ্রহগণের সহিত পুরুষোভ্রম ঠাকুরের শ্রীশ্রীবিগ্রহ্ণয়কে স্থত্তে রক্ষা করিয়া সেবা করিয়াছিলেন।

সেবায়েত বৈষ্ণবগণের ভালিকা---

পোপালদাস মহাস্ত

বামকৃষ্ণাস

রামদাস বৈশ্ব

রামদাস বৈশ্ব

পোপালদাস

পাতানাথ দাস (বর্তমান)

সশহরা দিবসে এছাতে উৎপৰ হয়। দেবালয় খড় য়া মরের। স্থানটি বেশ পরিষার পরিষ্ঠিন করিয়াছেন। মন্দির নির্মাণ করিয়াছেন।

প্রবোজন ঠাকুর বা কানাই ঠাকুরের বর্তমান বংশধর গোস্থানীগণের নিকট অনুরোধ, এই স্থানে তাঁছারা পুরুষোজনের স্মৃতি রক্ষা করিয়া বাদশ গোপালের অন্তম্ম একটা শ্রীপাটের দর্শনভাগ্য গৌড়ীয় বৈক্ষবগণকে শ্রদান করুন।

করিয়া শইরাছি। এজন্ত স্তোকরুক্ষ সদাশিবপুত্র পুরুষোন্তমদাসং ঠাকুরই আমাদের ৮ম গোপাল। বৈষ্ণব আচারদর্পণে ঠিক এই মন্তই আছে:—

স্থোক কৃষ্ণ গোপাল যে বৃন্ধাবনে ছিল।
ঠাকুর পুরুষোত্তম এখানে হইল॥
সদাশিব ঠাকুরপুত্র হয় বৈস্তলাতি।
নিজ্ঞানন্দ শাখা স্থানগরে বসতি॥

থৈকাৰপ্ৰত্যে নাগর প্রক্ষোভ্যকে নাগরদেশবাদী বলা ইইয়াছে। নাগর নগর বা নাগরদেশ তাঞ্জোর ইইতে ১৪ মাইল দক্ষিণে, ভিচিন্পল্লী ইইতে ১৪৫ মাইল পূর্ব্বে ও সম্জের উপকূলে।

বোষের উপকূলে তুলনদীর তীরবর্তী এক নাগর নগর (বেদলুরের: সমীপবর্তী) আছে; ইহা সেই স্থান নহে। (বঙ্গভাষা ও সাহিত্য)।

এই নগরদেশের বিবরণ জানিবার জন্ত খাগড়া বছরমপুরে পূজনীয় গোপেজনারায়ণ মৈত্র মহাশয়কে পত্র দিয়াছিলাম। তিনি ২১:১:২২ তারিখের উত্তরে জানানঃ—

* * "নাগরদেশ সহস্কে এদেশের সকলেরই ধাবেণা অস্তি।
আমি ৩০ বংসর পূর্বে চারিধাম-ঘোরা কোন অভ্যাগতের নিকট শুনি
বে, নাগরদেশ বর্ত্তমানে গুজরাট আদেশের নিকট। গুজরাট ভঞ্চলের
গৌড়ীর বৈশ্বব আমি অনেক দর্শন করিরাছি। ১৩)১৪ বংসর পূর্বে
এক মুর্ত্তি অভ্যাগত রাচ্চে ভ্রমণ করিতেন, তিনি গুজরাটী এবং তার
মূলদীকা শিক্ষা ঐ দেশে নিত্যানন্দ-পরিবারের কোন আধড়ার হর্রু
আকাশ করিতেন। তিনি নিজ্পিগকে হাদ্প গোপালের অফ্তম
শিশ্বসম্প্রদার গণ্য করিতেন।"

ভোকর্ক:—ভোক অর্থে জন্ন অর্থাৎ ছোট রুষ্ণ। ইহাঁর

ক্ষের তার রূপ ছিল, এজত পিতামাতা ভাবিলেন, ইহার নামও বলি কৃষ্ণ রাথি, তবে এক সহিত ইহার (এক নামের জন্ত) থুব বেশী বন্ধুত্ব হইবে। কিন্তু প্রজে গোপরাজের পুত্রই এক্ষিক্ষ, অত্যের নাম কৃষ্ণ রাথা অন্তায় বিবেচনার এক্লপ ভোককৃষ্ণ বা ছোটকৃষ্ণ নামকরণ করিয়াছিলেন। এজাগবতের বৈষ্ণ:ভাষণী টীকা, ১০ স্কঃ, ১৫ সাঃ।

অভান্ত বৈষ্ণৰ এতে পুৰুষোভ্য প্ৰদেশ :---

मौ िका এवः देवक्षव चाहारत्रत्र कथा भूटर्व विविद्योहि ।

(ক) অনন্তসংহিতায়---

পুরুষোত্তমো বৈশুকুলে স্ভোক্রঞঃ প্রিয়োম্ম।

(ধ) ভক্তমালে—

স্ভোক ক্ষণ থেহোঁ তেঁহ দাস পুরুষোত্ত্য। নাগর পুরুষোত্ত্য ধেহুঁ পূর্বেব ব্রঞ্জে দাম ॥

(গ) বৈষ্ণবৰন্দনা, বৃন্দাবনঠাকুরক্ত:-বাহ্য নাই পুরুষোত্তম দাদের শরীরে।
নিত্যান্দচক্র থার হৃদ্ধে বিহরে।
ভোকক্ষ করি যারে পুরাণে বাখানে।
পুরুষোত্তম সেই বস্ত জানে সর্বজনে।

(ঘ) পুরাতন পঞ্জিকার:—

- >। পুরুষোভ্যঠাকুর--- প্রথদাগরে এপাট।
- ২ ৷ পুরুষোত্তম নীর—নাগরদেশে 🐣
- ৩। কানাই ঠাকুর—বোধখানার 🤻

🕻 ঙ) চৈতন্ত্ৰসঙ্গীতায়:—

স্থসাগরেতে স্থোকরণ গুণাকর। শ্রীপুরুষোত্তম কবিরাজ নামধর। ইহার মতে বোধখানার উজ্জ্বগগোপাল শিশুক্ফদাসের শ্রীপাট দ (চ) পাটপ্যাটনেঃ—(ভিন্নতে)

"বোধখানাতে নাগর পুরুষোত্তম জন্মিল।"

"প্ৰদাম স্থা পুক্ষোত্তম পূ**ৰ্বা আ**থ্যানে ॥"

(ছ) হৈত্তাপারিষদ-জন্মভাননির্ণয়ে:-- (ভিন্নমতে)

(ক) পুরুষোত্তম ব্রহ্মচারী জন্ম কাঁচিসানি।

(খ) সদাশিব কবিরাজ কানাইয়া গ্রামেতে। তথাই শ্রীপুরুতোম——সাধে॥

- (জ) ভোগমালায়—কেবল নাগর পুরুষোত্ত্যের নাম আছে।
- (ঝ) বৈঞ্চৰ আচারদর্পণের বিভিন্ন মতে:---

১ম নাগর পুরুষোত্তমই অংশুমান্ দথা, ২য় নাগর পুরুষোত্তমই স্থোকরুঞ্।

- ্ঞ) বুলাবনদাস ঠাকুরক্ত ও দেবকীনন্দনক্ত বৈষ্ণববন্দনায়—
 প্রথাত্তম প্রিড, রত্নাকরপুত্র, লবঙ্গস্থা, নবদীপে বস্তি বস্থি
 হইয়াছে।
 - (ট) এীচৈতগুভাগৰতে:---

সদাশিব কবিরাজ মহাভাগ্যবান।

যার পুত্র শ্রীপুরুষোত্তম নাম॥

বাহ্য নাই পুরুষোত্তমের শরীরে।

নিত্যানন্দ্রন যার হাদ্যে বিহ্রে॥ অন্ত, ৬৪৭৪%

(ঠ) শ্রীচরিতামৃতে,—আদি ১১।১০২।
শ্রীসদাশিব কবিরাজ বড় মহাশ্র।
শ্রীপ্রধাত্তম দাস ভাহার পুত্র হয়।
ভার পুত্র মহাশ্র শ্রীকাত্র ঠাকুর।

- (ড) ইটিভন্তচনাম্ভ (বৃন্ধাবনদাসকৃত) ১৫৮ পৃঃ,— শ্বীভোককৃষ্ণ: কমনীয়কান্তিঃ
 - প্রাশতবক্ষাঃ অমুবঃ প্রাশারঃ।
 - স্বভাবসংকীর্ত্ত-ভাবঃ ে:
 - সতং নিংিঃ নৃত্যতি বিহব েঃ ⊁ন্॥
 - যুগাংতারঃ প্রকটপ্রভাব:
 - কুফাংশকঃ শ্রীপুকুষোত্তমাথাঃ॥
- (ঢ) প্রেমে পরিপূর্ণ শ্রীপুরুষোত্তম ঠাকুর।
 - যাহার অভিষেক হইল সাকাৎ প্রভূর।
 - সপ্ত বৎসরের কালে রুফারপে ধরে।
 - নাচিয়া সঙ্কীর্তনে সর্বচিত হরে।
 - তোকস্বঞ্চ স্বরূপ ভাহ। অনুভবে জানি।
 - সাধু জন স্থিয় হয় যাহার গুণগানে। 🔄।
- (৭) "চদ্ৰপ্ৰভা" নামক গ্ৰেষ্ট্;—

সম্বরারেঃ হুতো জাতঃ কবিরাজস্দাশিবঃ।

সদাশিংস্থা পুত্রো দাবগ্রকঃ পুরুষোত্ত ঃ ॥

পুরুষোত্তমসেনো যো বিষ্ণুণারিষদোপম:।

স ঠকুর ইতি খাতো বিশ্ববিশ্রতসদ্ধশাঃ॥

ইহা ভিন্ন নিম্নলিখিত সামান্ত বিবরণ বৈষ্ণাব এছে পাওয়া যায়,— ঠাকুর, দাস, সেন, কবিরাজ এবং গোসামী গুড়তি উপাধি স্তোক-


কুষ্ণ পুরুষোত্তমের জানা যায় ৷—

প্রাক্তির বৈষ্ণববন্দনাকার ব্রাক্ষণকুলাবতংশ শ্রীল দৈবকীনন্দন প্রস্বোত্তিমের শিষ্য ছিলেন। দৈবকানন্দন শ্রীবাস পণ্ডিতের নিকট অপরাধী হওরার মহাপ্রভূর আদেশ অনুসারে শ্রীবাসের নিকট ক্ষমা প্রার্থনা করেন ও শ্রীবাস আজ্ঞায় বৈষ্ণব্যক্ষনা রচনা করেন। ইহাতে শ্রীপুরুষোত্তমের বিষয় এইরূপ আছে,—


> इष्टेरिय यत्मा त्यात्र श्रीश्रक्तरशास्त्रम नाम। কি কহিব তাঁহার গুণের অনুপাম॥ শপ্ত বৎদরে যার ক্রফোর উন্মাদ। ভূবনমোহন নৃত্য শক্তি অগাধ॥ গৌबीनाम कीर्खनोबात চিকুরে ধরিয়া। নিত্যানক্তব পড়িলেন শক্তি কিয়া॥ গদাধর দাস আর গোবিন্দ খোষ। যাঁহার প্রকাশ দেখি পরম সভোষ॥ ষার অষ্টোত্তর শত ঘট গলাঞ্চলে। অভিষেক সর্বজ্ঞা যার শিশুকালে॥ করবীর মঞ্জরী আছিল ধার কাণে। প্ৰাগন্ধ হৈলা ভাষা সভা বিজ্ঞানে 🛭 যাঁর নামে মিগ্ধ হয় বৈষ্ণব স্কুল। সৃর্ত্তিমস্ক্র প্রেমরস—যার কলেবর॥

শ্ৰীকাত্তত্তনিৰ্ণয় প্ৰস্থে জানা যায়, ৬২ পৃঃ—


শ্রীপুরুষোত্তম ঠাকুর স্বীয় ভার্যা। জাহ্নবা দেবীর সহিত (ইন্টার অপর নাম শ্রীমতী গৌরজারুনা) প্রধাগরে বাস করিতেন। স্থাপাপরে এক পরম বোগী বহুকাল কইতে ধ্যানমগ্র অবস্থার হিলেন। তাঁহার দারীরের উপরে মৃত্তিকার স্তর পড়িয়া গিয়াছিল। জনৈক কুন্তকার মৃত্তিকা ধননকালে উক্ত যোগীর স্বন্ধদেশে আঘাত লাগে। পরে ইনি ধ্যানভক্ষে পুরুষোত্তমগৃহে অভিথি হন। পুরুষোত্তম-গৃহিনীর সেরা বত্রে পরম পরিভোষ লাভে তাঁহাকে পুত্রবর প্রদান করেন। এবং বলেন, শা।




কানাই ঠাকুরের ৪র্থ পুত্র বংশীবদনের বংশাবলী। ভদ্ধন-ঘাটের গোষামিবংশ



রাধারমণ-বংশাবলী





শামিই তোমার গর্ভে জন্মগ্রহণ করিব। আমার এই স্কলেশের অস্ত্রাঘাত দেখিয়া চিনিতে পারিবে। কিন্তু একথা প্রকাশ করিলে। শাশনি ধরাধামে থাকিতে পারিবেন না।

পরে ষ্থাসময়ে গৌরজাহ্রবা দেবী পুত্রত্ব লাভ করিলে—ভিনি
শিশুর অঙ্গে অন্তাবাতিচিহ্ন দেখিয়া হাস্ত করিয়া উঠেন।—কিন্ত ধাতীর
প্রবল আগ্রহে যখন সাধুর পূর্বকিথা ব্যক্ত করিলেন, তথন তাঁহার প্রাণবায়ু বহিগত হইল।

বাদশ দিনের শিশু মাতৃহারা হইলে দ্যান্য জীনিত্যানক প্রভু স্থায় -ক্রথসাপরে গমন করতঃ বালককে লইয়া থছ্নতে শ্রীঞ্জাতুবা মাতাকে সমর্পণ করেন। নামের একতা হেতু পুরুষোত্তম-গৃহিণীর সহিত কাস্থা ্দেবীর মিত্রতা বা সৈ সম্বন্ধ ছিল। তিনি পুত্রাধিক ক্ষেহে শিশুকে পালন করিতে লাগিলেন। নিভ্যানন প্রভু শিশুকাল হইতে বালকের ক্ষভক্তি নিরীক্ষণ করিয়া উহার নামু শিশুক্ষদাস রাখিলেন। এই দীর গোষামী কানাই ঠাকুর নাম রাথেন। পরে ইনি কানাই ঠাকুর নামে বিখ্যাত হন। ছাওয়াল কৃষ্ণদাসও ইহার নামান্তর। কৈশোর বয়সে শ্রীশ্রীজাক্বা মাতার সহিত ইনি শ্রীব্লাবন গমন করিয়াছিলেন। পুরুষোত্ম ঠাকুরের এই পুত্র ১৪৫৭ শকে, বাংলা ৯৪২ সালে রথ্যাত্রার দিনে জন্মগ্রহণ করেন। (নিত্যানন্চরিত ২০৭ পৃঃ, ৩ম খতে ১৪৫৩ শকে লিখিত আছে)। সুধ্যাগরে পুরুষোত্তমগৃহে একটা মুচুকুন্দ ফুলের গাছ ছিল। ঐ কানে শ্রীনিত্যানন্দ প্রভু উপবেশন করিয়াছিলেন। বুন্দাবনদাস-কৃত "হৈতজ্ঞচন্দোদম" গ্ৰন্থে ৬পৃঃ—জানা বায়—পূৰ্ব্বাক্ত দৈৰকীনন্দন ব্যতিরেকে শ্রীনিত্যানন প্রভুর জামাতা (শ্রীমতী গলাদেবীর স্বামী) শ্রীল মাধবাচার্য্যও এই বৈস্তকুলোজনগ্রী মহাত্মার নিকট দীকা ্গ্রহণ করত: ইউদেবক্সপে বরণ ক্রিয়াছিলেন।

শ্রীবৃন্ধাবনে 'ব্যাদের বেরা' নামক স্থানে শ্রীপুরুষোত্তমপুর কানাই 'ঠাকুরের কুঞ্জ আছে। তথার প্রাণ্ডলভ নামক শ্রীবিগ্রহের দেবা হইরা থাকে। শ্রীধাম নবদীপেও ঠাকুর কানারের একটা শাক্ডা শহে।

আবির্ভাবকাল,— পানিহাটীর ১৪৩৯ শকের উৎদবে ইহার নামাণ না থাকিলেও ভাবার্থে উপস্থিতি বুঝা ষায়। ১৪৫৭ শকে পুত্র কানাই ঠাকুরের জন্ম। ১৫০৪ শকের পেতৃরীর উৎদবে গমন করিয়াছিলেন। ক্রুমান ১৪ শত শকের প্রথমে জন্ম এবং ১৫০৪ শকের পরে পৌষঃ মাদের ক্রফা চতুর্দনীতে ভিরোভাব।

ঠাকুর পুরুষোত্তমবংশীর—বন্ধুবর শীরুক্ত হরিজীবন গোসামী পুরুষোত্তম ঠাকুরের রচিত অপ্রকাশিত অনেকগুলি পদ আমাকে প্রদান

(৯ম গোপাল) শ্রীপরমেশ্বর দাস।

ব্রজের অর্জুন গোপ। বৈছাকুলোজ্জলকারী।

শ্ৰীপাট ভড়া আটপুর। (হুগলী জেলা)।

প্রকটকাল ১৪০০ শকাবের প্রথম হইতে ১৫০৪ শকের পর: পর্যান্ত—ভূরোভাব উৎসব তিথি বৈশাখী পূর্ণিমা।

হানপরিচয়—(১৩২৮)২৬ এ মাঘ, শুক্রবার শ্রীপাট দর্শন-সৌজাগা।) ।
হগলীজেলায় আটপুর গ্রাম। ইহার থানা জাইপাড়া—ক্ষণনগর।
ভাকবর প্রথামেই। হাবড়া আমতা লাইট রেলের হাবড়া হইতে আটপুর ষ্টেসনে (দুরত্ব ২৫ মাইল, ভাড়া॥১০) নামিয়া পাঁচ মিনিটের প্রথাকুরবাটী।

বে স্থানে দেবালয়, ঐ স্থানকে বর্ত্তমানে আমুরবাটী প্রাম বলো
মুসলমান অধিকারের সময়ে আমুর থাঁ ও আটু থাঁ জনিদারের নামামুসারেই
আমুরবাটী ও আটপুর গ্রাম নাম হয়। পূর্ব্বে ২০টা ক্ষুদ্র নদী বা ধাল
এই স্থানের পাশাপাশি ছিল; এখনও চিক্ত আছে। এজন্ত প্রাচীন নামবিশ্বালা। (৮জানকীলাল শাস্ত্রী মহাশয় লিধিয়াছেন, "কাটোয়ারউত্তর পশ্চিম; কোণে বিশ্বালা গ্রাম। কিন্তু তাহা নহে।) আরও
ইহার প্রাত্তি গ্রামে বিভিন্ন স্থানের উল্লেখা আছে, ব্যা—হিঃপ্রা;
সাচড়া পাচড়া, ২০ নহ, ভহতপুর, বে তু বা কাইগ্রাম। এগুলি প্রস্তুতপক্ষেই ইয়ে শ্রীপাট নহে, নামপ্রচারক্ষেত্র।

আটপুর গ্রামটী গল্লীগ্রাম হইলেও অনেক ভদ্রগোক ও ধনী লোকের: বাস আছে। প্রায় হাজার ঘর বস্তি চইবে) একটী হাট আছে, শনি ও মল্লবারে হাট হয়। ওস্ত্রায়গণের বাস বেশি। তাঁতের কাণড় হয়। দর্শনীয়,—

দেবালয় সাধারণ গৃহের মত। এবেশ-পথের দরজার উপরে (সেবায়েত বেণীমাধ্ব অধিকারী) নাম থোগিত আছে। সমূথে একটী ভাটচালা, উহার উত্তর দিকে পাকশালা। ইহাতে একথানি প্রস্তর ফলকে আছে,—

পরমভাগবত--শ্রীননীলাল সাহা দ্বারা
পাকশালা নির্মিত
১ তৈত্র--১৩২৬

শ্রীমনিরের দালানে অনেকগুলি পুণাবতী স্ত্রীলোকের নাম প্রস্তর কলেক জাছে। ইহাঁরা দেবালয় সংস্থার করিয়া দিয়াছিলেন। কিম্লিখিত শ্রীমূর্ত্তি আছেন—

<u>क</u> िकी रगाम व	শ্রী শ্র াম স্থলর J	শীমতী রাধারাণী
<u>ভী</u> শিলা	(এবং ধাতৃময় শু	ज्ञाकारदत्र क्रीहत्रन्दस्य,
	- শ্ৰীশ্ৰা	হেন্দ্র, শ্রীমন্তী)

ধাত্মর ক্রাকারের শ্রীমৃতিগুলি শ্রীপরমেশ্বর ঠাকুরের সঙ্গে সঙ্গে পাকিতেন। প্রস্তারমর বড় শ্রীমৃতিগুলি তিনি শ্রীমতী জাহুবাদেবীর আদেশে এই স্থানে প্রতিষ্ঠিত করিয়াছিলেন।

দেবালয়ের বাহিরে বা প্রবেশ-পথের দক্ষিণদিকে একটা বড় বেদী।
বেদীর মধ্যস্থল তুলসীমঞ্চ। উহাই পরমেশ্বর ঠাকুরের সমাজ। বেদীর
পশ্চিমদিকে একটি বকুল বৃক্ষ, এবং পূর্বদিকে থ্য প্রাচীন ১টা কদম ও
১টা বকুল বৃক্ষ।

স্থানীর শ্রীললিতমোহন দত্ত এই বেদীটি সংস্থার করিয়া দিয়াছেন।
প্রবাদ, পরমেশ্র দাদের দস্তধাবন-কার্ছ হইতে এই বৃক্ষের উদ্ভব। কদম
গাছে দোলের সময়ে একটী করিয়া কদম ফুল হয়, তাহা শ্রীবিগ্রহকে
পরান হইয়া থাকে।

প্রচৌন স্থতিচিত্যথে শ্রীবিগ্রহাদি বাতিরেকে উক্ত বৃক্ষদ্ব এবং পরনেশর ঠাকুরের শ্রীদংকীর্তনের সমরে বাবস্থ অভিচলাকার একটি পিতলের পুস্তি আছে। পূজারী ব্রাহ্মণ শ্রীযুক্ত মাধনলাগ নেওগী মহাশর আমাদের উহা দর্শন করাইলেন। শ্রীবিগ্রহের নামে পূর্বের বিস্তর ভূদপতি ছিল, এখন সামান্তমাত্র আছে। বৈশাধ মাদের পূর্ণিমা বা জুলদোল দিবসে এখানে মহোৎসব হইয়া থাকে।

এই দেবালয়ের কিঞ্ছিৎ দূরে বর্জমানরাজ তেজশুক্র বাহাত্রের দেওয়ান ৺ক্ষাকুমার মিত্রের শ্রীশ্রীরাধাগোবিন দেবালয়ও মনোহয়। নিকটে গ্রাম্যদেরী শ্রীশালিদের বা মাতা আছেন। উহা গড় ভবানী-পুরের রাজা নরেন্দ্রনাথ রারের প্রতিষ্ঠিত।

শ্রীপাটের নিকটেই শ্রীল ললিডমোহন দত্তের বাটী। এই ভদ্রলোক আমাদের বিশেষ আগ্রহের সহিত বিবরণাদি জ্ঞাত করিয়াছিলেন। এবং শ্রীবিগ্রহের ফটো দিয়াছিলেন।

পরমেশ্বরদাস ঠাকুরকে কেহ কেহ পরমেশ্বর দাসও বলেন। বৈষ্ণব গ্রন্থে পরমেশ্বরনামা ও ভিন্ন উপাধিযুক্ত আর তৃই-জনের নাম-পাইরাছিঃ—

(১) পরমেশ্র দাস মলিত। শ্রীল বীরভদ্র প্রভুষধন বৃন্ধাবনে গমন-করেন, ওখন ইহার গৃহে অবাস্থতি করিয়াছিলেন,—

"পর্মেশ্বর নাম মলিক নাম হয়॥"
নিত্যানন্দগণ তেঁহো সবংশ সহিতে॥
(নিত্যানন্দবংশ'বস্তার – ৩৮পৃঃ)।

(২) *পরমেশ্বর দাস মোদক,—নবদীপবাসী মিষ্টান্ন-বিক্রেতা। ইহার গৃহে প্রভু বাল্যকালে মিঠাই থাইতেন।

নদীয়বোদী মোদক ভার নাম প্রমেখর।

মোকক বেচে প্রভুর ঘরের নিকট ঘর॥ চরিতামূত, অন্ত, ১২।

ইছার পুত্রের নাম মুক্রাদান।

ত্রীবৈষ্ণব গ্রন্থে পর্দেশরদাসের প্রদক্ষ:

(ক) গণোদ্দেশদীপিকার;

নায়ার্জ্ন: সথা প্রাগ্রো দাস: ত্রীপর্দেশরঃ। ১৩২

(খ) বৈষ্ণব আচারদর্পণে;

—

আর্জন গোপাল বলি ব্রজে ছিল খিনি। পরমেশ্ব ঠাকুর হইল এবে ডিনি॥ নিত্যানন্দ প্রিরশাধা অলৌকিক প্রীতি। রাচ্দেশে বিশ্বালাতে বস্তি॥

(গ) পাটপ্র টলেঃ—

সাচচাতে পরমেশ্বর দাসের বস্তি।
পরমেশ্বর অর্জুন স্থা পূর্বে এই খ্যাতি॥
মাধ্বের স্থা এই পাশুব নহে।
হিরণ্গা সভড়া পাঁচড়া স্ক্রিজনে করে॥
(অর্থাৎ পাশুবের মধ্যে অর্জুন স্থা নহে)।

- (ব) উটেডেন্ড পারিষদ জানানির্বরে ;— পরমেশার দাস খড়দহে প্রকোশ।
- (চ) অনন্তসংহিতার— কর্জুনঃ পুরুদেহে যঃ কলো: শ্রীপরমেশ্বঃ।
- ্চ চৈত্তাসসীতার— ভরাট পুরেতে হয় কর্জুনের বাস। নামেত প্রমেশ্বর উপাধিতে দাস।
- (জ) বৈষ্ণববন্দনা (দেবকীনন্দনকুত)—
 প্রমেশ্বর দাস ঠাকুর বন্দিব সাবধানে।
 শ্রালে লওয়ান নাম সংকীর্তন স্থানে॥
- (ঝ) ঐ বৃন্দাবনদাসক্ত—
 পরমেখর দাস ঠাকুর বন্দিব সাবহিতে।
 থে কৈল আপনি বাক্ত কীর্তনে নাচিতে।

গভাদশ শৃগাল ভাকিয়া একে একে। যোল নাম বোলাইল স্বাকার মুখে।

(ঞ) ভক্তমালে---

অৰ্জুন নামেতে স্থা প্রমেশ্ব দাস।

- টে) বৈহাৰ আচারদর্শণে—ইহাঁকে বিভিন্ন মতে সুবাছ ও ভার-সঞ্ -স্থা বলা হইয়াছে।
 - ঠি) তৈত ত তেলে দেরে; ২৮—১৫ পৃ:—

 ন্থাত স্থান্ত প্রকাশ ॥

 প্রের গোপবেশরূপ পর্যেশ্বর ধরি।

 শ্গালেরে হরিনাম দিশা ভতি করি॥

 মহা অনুভব কর্মানা ধার কথন।

 বিস্তার স্বর্ধিত আছে ক্রিবা শ্রেশ ॥
 - (ড) চৈত্তচ্চিত্তামৃতে, আদি, ১১,—
 প্রমেশ্বর দাস ভিত্যানন্দের শ্রণ।
 কৃষ্ণভক্তি পায় তারে যে করে ধারণ॥
 শীপরমেশ্ব দাস।

স্বৰ্গীয় জগবন্ধ ভট্ৰ মহাশন্ন ইহার বিষয়ে লিখিয়াছেনঃ---

বৈভবংশাবতংগ শ্রীবর্ষের দাব সেতবা কাউ গ্রামে পঞ্চশ শতাকীতে জন্মগ্রংগ করেন। ইনি নিত্যানল প্রভুর নিকট দীক্ষিত হুইয়া থড়দহে বাস করেন। কাহারও মতে হনি আহ্বাদেবীর মন্ত্রশিক্ষ। বেত্রীর মহামেশার হান শ্রীমতী জাহ্রবা মাতার সহত গমন করিরান্ ছিলেন। ঈশরী আজ্ঞার জীপরমেশর দাস। করিলা গমন সজ্জা হইরা উল্লাস।। (নরোঃ বি:)।

থেতুরী পরিত্যাগ সময়ে রাজা সন্তোষ রায় আক্রা দেবীকে উপঢৌকনশ্বরণ যে যে দ্রবা সামগ্রী দিয়াছিলেন, তাহা পরমেশ্বর দাসের হতেই অর্পন করেন। যথাঃ—

শ্রীর সঙ্গেতে দিবার ধোগ্য যাহা। শ্রীপরমেশ্ব দাসে সমর্পিল ভাহা॥ (ঐ)

আবার জীজাহ্বা ঠাকুরাণী যথন রাষ্চক্র গোস্থামীকে সঙ্গে করিয়া।
জীবন্দাবনে গমন করেন, তথন বীরচক্ত প্রভুর আন্দেশক্রমে পরমেশ্বর
লাস তাঁহাদিগের প্রধান রক্ষক ও অভিভাবকস্থর সঙ্গে গিয়াছিলেন। যেই মাত্র ঠাকুরাণীর শিবিকা বুন্দাবনে উপস্থিত হইল,
বুন্দাবনবাদী গোস্থামিগণ ঠাকুরাণীকে গ্রহণ জন্ত কিয়দ্দুর অগ্রাসর
হইলেন, তথন পরমেশ্বর দাসই জাহ্যবাদেবীর নিকট গোস্থামিগণের
এইকুপ পরিচর দিয়াছিলেন:—

স্বারী আগে শ্রীপরমেশ্বরী দাস।
ধীরে ধীরে কহে অতি স্মধুর ভাষ॥
শ্রীগোপাল ভট্ট, শ্রীভূগর্ভ, লোকনাথ।
শ্রীজীব, শ্রীকৃষ্ণ পণ্ডিভাদি এক সাথ।
এ সকলে আইলেন আগুদরি গৈতে।
এত কহি স্বারে দেখান দূর হৈতে॥ (১)

বৃন্দাবন হইতে আগমনের পর ইনি জীনিবাস আগগ্রিক সক্ষেত্রী জীপাট পড়দহ লইবা গিয়াছিলেন। আগগ্রিত্র, (१) জীরঘুনন্দন, নরোত্তম ঠাকুর, ও রামচন্দ্র কবিরাজ, পরমেশ্রর দাসের প্রতি যারপর। নাই ভক্তি প্রদর্শন করিভেন। প্রবাদ, এই সকল মহাজারা পরমেশ্রর

দাসের চতুত্জ মূর্ত্তি দর্শন করিয়াছিলেন। এবং দেই অবধি তাঁহাকে অপ্রাকৃত মন্ত্র্যা বা নরনারায়ণ বলিয়া জ্ঞান করিতেন।

ইনি বিছু দিন গরলগাছা (১) গ্রামে বাস করিয়াছিলেন। পরে জাহ্বা দেবীর আদেশক্রমে তড়া আঁটপুরে গমন করং: জ্রীন্ত্রীরাধা-গ্যেপীনাথ বিগ্রহের সেবা প্রকাশ করেন। (২) সম্প্রতি এই জ্রীবিগ্রহের নাম জ্রীজ্রীশ্রামস্থলর হইয়াছে। অধুনা শুনিয়াছি, চাচড়ার রাজা-দিগের সরকার হইতে শ্রামন্ত্রনারের সেবা সম্পন্ন হয়। পরমেশ্রী দাসের প্রভাব সময়ে নানা ভত্তুকাহিনী প্রচলিত আছে। আমরা ছইটী বৃত্তান্তের সংক্ষিপ্ত বিবরণ লিপিবদ্ধ করিয়া এই প্রবন্ধের উপসংহার করিব।

একদা আঁটপুরে (অন্ত গ্রন্থে আছে, আকনা নাখেশ গ্রামে) পর্মেশ্র দাস ভক্তমশুলী সঙ্গে কীর্তনাননে মগ্র আছেন, এমন সময়ে গ্রামের কোন ছইলোক একটা মৃত শ্লাল কীর্তন্দলমধ্যে নিক্ষেপ করে। পর্মেশ্র দাস সেই মৃত শ্লালকে জীবিত করিয়া কীর্তনে নাচাইয়া-ছিলেন।

⁽১) ছগলী জেলায় চণ্ডীতলার নিকট।

⁽२) ঈশরীর মনোর্ভি কে ব্কিতে পারে।
শীপরবেশরী দাস কহে ধীরে ধীরে।
ভড়া আঁটপুর গ্রাম শীঘ্র করি যাহ।
ভঙা রাধা গোপীনাথ সেবা প্রকাশহ।
ঈশরী আজার শ্রীপরমধেরী দাস।
রাধা গোপীনাথ সেবা করিলা প্রকাশ।
শীস্থারী সমন করিলা সেইখানে।
হৈল ধে উৎসব তা দেখিল ভাগ্যবানে।

পরনেশার দাস একদিন ঐ আটপুর গ্রামে ছইথানি দক্তধাবন-কাষ্ঠ
মৃত্তিকায় প্রোথিত করেন, তাহা হইতে অতি সত্তর ছইটি প্রকাণ্ড বকুস
বৃক্ষ উৎপত্র হয়। ঐ বৃক্ষ অতাপি বর্তমান আছে। (গৌরপদতর্গিণী,
১০৭ পৃঃ)।

মহাপ্রভূষখন পুরীধান হইতে পানিহাটীতে শ্রীশ্রীরাঘব পণ্ডিতের ভবনে আগমন করেন, সেই সময়ে পর্মেশ্র দাসও শাসিয়া প্রেমে ক্রন্দন করিয়াছিলেন,—


> স্ত্রে ধাইয়া আইলেন সেইক্ণণে। প্রভু দেখি প্রেম যোগে কান্দে ছইজনে॥

> > --ভাগবত।

শ্রীনিত্যানন্দ প্রভ্ যথন গোড়ে প্রেম প্রচারার্থ আগমন করেন, পরমেশ্রর দাসও তথন তাঁহার সঙ্গে আগমন করিয়াছিলেন।—ঐ সময়ে গোপাল ভাবে বিভার হইয়া পরমেশ্রর দাস হৈ হৈ শব্দ করতঃ নৃত্যা করিয়াছিলেন। প্রসিদ্ধ ১৪৩৯ শকের দহ-মহোৎসবে ও বেতুরীর ১৫০৪ শকের উৎসবে ইনি উপস্থিত ছিলেন। ইবশাথী পূর্ণিমাই (ফুল দোলের দিন) সম্ভবতঃ ইহাঁর তিয়োভাব-তিথি।—ইনি চির-কুমার ছিলেন। ইহাঁর লাতার বংশ আছে। বহু চেয়া করিয়াও পূর্ণ বংশতালিকা সংগ্রহ করিতে পারি নাই। যতদূর পারিয়াছি, তাহা প্রস্ত হইল।

বংশ্বরগণ কটক, গরলগাছা, আঁটপুর, এই কয়স্থানে বাস করিতে-ছেন।—গরলগাছার (ডাকঘর চণ্ডিডলা, জেলা হুগলী) শ্রীযুক্ত সভাচরণ গুপ্তের নিকট বংশতালিকা ইহাপেকা কিছু অধিক আছে বলিয়া শুনিলাম। শ্রীপাটের সংবাদদাতা সেবাধেতগণের ভাগিনের শ্রীযুক্ত পাঁচকড়ি গুপু, সাকিন তড়া আটপুর।

विश्वकूरमाञ्चमकात्री कागुश शाव।



(১০ম গোপাল) শ্রীকালাক্রঞ্জদাস ঠাকুর

ব্ৰজের লবঙ্গপা। ব্ৰাহ্মণ।

শ্ৰীপাট আকাইহাট। (বৰ্দ্ধমান জেলা)।

জন্ম ১৪০০ শকাব্দের প্রথমেও তিরোধান ১৫০৪ শকাব্দের পরে। তিরোভাব উৎসব (সোনাজলা পাবনায় অগ্রহাঃল ক্ষয়া বাদশী) আকাইহাটে চৈত্র কৃষ্ণা হাদশী বাক্ণীতে।

স্থ'ন পরিচয়—(১৪ই ফান্তান, রবিবার, ১৩২৮ সালে শ্রীপাট দর্শন গৌস্তাগ্রহয়)।

স্মাকাইহাট গ্রাম বর্দ্ধমান জেলার। কাটোয়া ইহার থানা ও ডাক-ঘর। কাটোয়া হইতে "নবছীপ কাটোয়া" রাজপথের ধারে।

বাণ্ডেল জংগন হইতে কাটোয়া প্রেদনে নামিয়া ২ মাইল অথবা কাটোয়ার পূর্ব প্রেসন দাইলাট নামিয়া প্রায় এক মাইল পথ। হাবড়া হইতে কাটোয়া ৯০ মাইল, ভাড়া ১৮০ আনা। দাইহাট ৮৬ মাইল, ভাড়া ১৯০ আনা। নিকটবর্ত্তী ১২টা গ্রামের "হাট" আথা। যথা—আবৃ-হাট, বোষহাট, বাজে-পাতুহাট, পাতুহাট, মগল হাট, আকাইহাট, বিকে হাট, বেরা হাট, পাতাইহাট, দাঁইহাট ইত্যাদি। ইহাদের ইন্দাণী পরগণা বলে। আকাইহাট গ্রামটা অতীব কুল্র এবং লোকজনের বাদ নাই বলিলেই চলে। ২া৪ ঘর ক্ষিজীবী মাত্র।

আকাইহাটে কালাক্ষণাস ঠাকুরের শ্রীপাটকে লোকে পাটবাড়ী বলিয়া থাকে। আমরা হতগুলি শ্রীহীন শ্রীপাট দেখিয়াছি, তন্মধাে ইহার মত আর কোথাও দেখিতে পাই নাই। সেবাভাবে শ্রীপাটের শ্রীবিগ্রহ স্থানাস্তরিত হইরাছেন, স্থানটী জন্দ হইরাছে এবং প্রাচীন স্থতিচিহ্ন শ্রীকালাক্ষণাস ঠাকুরের সমাধি-মন্বিটী কড়িকাঠ ভালিয়া চাপা পড়িয়াছে। "নূপুর কুণ্ড" নাঁমক পুকরিণীটি শুকাইয়া গিয়াছে। আজ ঘাদশ গোপাতের এক গোপাল, মহাপ্রভুর প্রিয় ভক্তের শ্রীপাটের এই ছদিশা দেখিয়া মনে বড়ই কট হইল। হায়!—উত্থায় হাদি লীয়ন্তে দরিজাণাং মনোরথাঃ।

কলিকাতা হইতে আকাইহাট দুর হইলেও অতি নিকটে বর্দ্ধি — কাটোয়া মহকুমা। এ স্থান সহর বলিলেও চলো। কত বৈশুব ভক্ত ধনীর বাদস্থান, কিন্তু তাঁহাদের কি এই পবিত্র স্থানটীর উদ্ধারের জন্ত আগ্রহ হয় না ? বেশী নয়, ৫।৭ শত টাকা হইলে বর্ত্তমানে স্থানটী পরিষ্ণার পরিছেয় হয়। এমন কি কেহই নাই, বিনি এই পবিত্র স্থান্টীর সংস্থার করিয়া বৈশুব জগতের একটী মহৎকার্য্য সম্পন্ন করেন ?

দর্শনীয়, —রাস্তা হইতে আত্রবাগানের মধ্য দিয়া ষাইলে সমূথে একটা ভয় কুটারি দেখা ষায়। কুটারির মধ্যে শীবিপ্রহের শৃত্য বেদী এবং পশ্চিম দিকে সমাজ। কুটারীর পূর্বে দক্ষিণ কোণে একটা খড়ুয়া চালা। তাহার মধ্যে সেবারেভগণের সমাজ। পশ্চিম দিকে একটা ক্ষুদ্র চালা ঘর। তাহাতে সেবারেভ হরেরাম বাবাজী মহাশয় থাকেন। ইনিই এখন এ হানের সেবারেভ, সমাজসেবা করেন। ইহার গৃঁহের দক্ষিণে একটি পুক্রিণী, ইহাই "নুপুরক্ঞা"। প্রবাদ, এই পুক্রিণীতে শীথভের মুকুন্দাআজ শীল রঘুনন্দন ঠাকুরের নূপর পতিত হইয়াছিল। ফেহ কেহ বলেন—মহাপ্রভুর বা শীনিত্যানন্দ প্রভুর নূপুর পতিত হইয়াছিল। ঐ নুপুর আবাহ হইতে তিন ক্রোশ দ্রে কড়ুই গ্রামে মহাস্ত বাটাতে অস্তাপিও আছে। (১)

⁽১) কুড়ুই আন কাটোয়া বর্জমান লাইট রেলের কৈচর ষ্টেসন হইতে ? নাইল।
এখানের মহাস্ত-বংশধরের নাম তিনকজি মহাস্ত। ইহাদের গৃহে শ্রীশ্রীগোণীনাথ
সেবা শাছে। এবং আ কাইহাট শ্রীপাটের শ্রীবিগ্রহ শ্রশ্রীয়াধাবল্লভনী শ্রীগোণালকী এবং উক্ত নুপুর শাছেন। কুড়ুই গ্রামের ডাক্ষর কৈচর এবং জেলা বর্জমান।

কালাক্ষদাস ঠাকুরের জীবিগ্রহ জীরাধাবল্লভ ও জীগোণাল জীউ
৩-।৪- বৎসর পূর্ব হইতেই এ স্থানের সেবাদ্বেত ৮ দীতানাথ দাস বাবাজীর সময়ে কুড়ইগ্রামে মহাস্তবাটীতে গমন করিয়াছেন। হরেরফ দাস
বাবাজীর নিকট নিম্নলিখিত সেবাদ্বেত শিষ্যগণের নাম পাইলাম—

হরিদাস বাবাজী
রমণগোপাল গোঁসাই

কুড়ুই গ্রামের মহাস্তগণ
বীতানথে গোঁসাই

হৈগর শিষ্য ছিলেন।
গৌরহরি বাবাজী

শীহরেরাম দাস বৈরাগী (১৩-৬ সাল হইতে ১৩২৮ বর্ত্তমান)
হরেরাম বাবাজী মহাশয় বলিলেন, পূর্ব্বে অনেক প্রাচীন গ্রন্থ এ স্থানে
ছিল, বর্ত্তমানে সব নত্ত হইয়াছে। কয়েকঝানি মাত্র আছে, তাহা দেখাই-লেন। ১২০০ সালের হস্তাক্ষর একথানি শ্রীটেডক্ত ভাগবত এবং
১১৭১ সালের শিধিত একথানি চরিতামৃত দেখিলাম।

হরেরাম বাবাজী "আকাইহাট আশ্রমের ত্রবস্থা" শীর্ষক একথানি বিজ্ঞাপন পত্র আমাদের দিলেন। তাহাতে দেখিলাম—"পূর্ব্বে এই শ্রীপাটের স্থথ সৌভাগ্যের পরিসীমা ছিল না। আশ্রমস্থান ভক্তগণের প্রাপ্তায়ে উজ্জল থাকিত, অতিথি অভ্যাগত সংকৃত হইতেন। ভক্ত ধনিগণের সাহায়ে শ্রীমন্দির নির্মিত হইয়াছিল। শ্রীবিগ্রহের সেবার জন্ত নিক্ষর ভূসপ্রতি অনেকে দিয়াছিলেন। এখন তাহার কিছুই নাই। জমিদার মহাশয় সম্পত্তি হত্তগত করিয়াছেন। শ্রীবিগ্রহ নাই, অতিথি শভ্যাগতকে অল্লান দ্বের কথা, সমাজ্ঞানেবা— তাহাও ভিক্ষাণান তথুলে কুলার না। ২০ বংগর পূর্বেষ ষাহা ছিল, তাহাও নাই।

তৈত্র ক্ষা দাদশী বারণীর দিবস এথানে সমারোহে উৎসক্

ইত। শ্রীপাট অগ্রদ্ধীপের মহোৎসব দর্শন করিয়া ভক্তগণ এই স্থানে
আগমন করিতেন। এখন সে উৎস্বের অঙ্গহানি হইয়াছে। বৎসামান্ত ভাবে আয়োজন দারা নিষ্ক্ষ রক্ষা করতঃ শ্রীকালাক্ষ্ণদাস ঠাকুরের ভিরোভাব ডিথির আরাধনা করা হয়।

গৌরপদতরঙ্গিণীতে (২৪ পৃ:) ভক্তবর জগবস্থ ভদ্র মহাশন লিথিয়া-ছেন,—কালীরাক্ষদান—পাতাইহাটের উত্তরে আকাইহাট গ্রামে ইহাঁর শ্রীপাট, এখানে তাঁহার সমাধি আছে। ঐ সমাধির পশ্চিমে "নৃপুর কুও" একটা প্করিণী আছে, ইনি কার্স্থ ছিলেন।"

শীশীবিফুপ্রিয়া পত্রিকায় (৮২র্ষ, ১২সং—৪০৯পৃ) কালা কৃষ্ণদাসকে কায়স্থ বলিয়া লিখিয়াছেন। বৈষ্ণব আচারদর্পণে স্বধামগত নবদীপচন্ত্র গোস্বামী প্রভূপাদ •লিখিয়াছেন;—"কেহ কহে ব্রাহ্মণ, কেহ কহে বৈষ্ণ জাতি।"

কিন্ত তাহা নতে, ইনি ব্রহ্মাণ ছিলেন। বিশেষ অমুসন্ধানে ইহাঁর বংশধরগণের পরিচয় ও বংশতালিকা প্রাপ্ত হইয়াছি টু বৈষ্ণব গ্রন্থেও জানা যায়, ইনি ব্রাহ্মণ ছিলেন।—

পাবনা জেলার সোনাতলা গ্রামনিবাসী শ্রীষ্ক্ত বিজয়গোবিন্দ গোস্বামী মহাশ্র ইহাঁর বংশধর। ইনি ১৩২৮ ১০ই মাঘ তারিখের পত্রে লখিয়াছেন;—"কালা কৃষ্ণদাস ঠাকুর বরেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ, ভরছাজ গোত্র, ভাদভূগ্রামী। ভাদ্ধ্রামিগণ কুলীন বলিয়াই সমাজে পরিচিত ছিলেন। সায়ালে নামক জনৈক কুলীন শ্রীহট্টে চাকরী করিতেন, তিনি বরেন্দ্রভূমি হইতে পঞ্চগোত্রীয় ব্রাহ্মণ সন্ধান আনিয়া তাঁহার পঞ্চ ক্রাকে বিবাহ দেন। সেই হইতে প্রাহিটের ইটালাগলিয়া প্রভৃতি স্থানে তাঁহারা কুলীন বলিয়া

बिह्ने शामन क्लिशान

পরিচিত। ভাদড়গণ এখন শুদ্ধ শোতির ও কাপ্শ্রেণীতে বর্ত্তমান আছেন।

আকাইহাট হইতে কালা ক্ষণাস ঠাকুর হরিনাম প্রচার করিওে করিতে এদেশে আগমন করেন ও সোনাতলা গ্রামে আশ্রম করেন। বে স্থানে তিনি আশ্রম করেন, সেই মাঠে এখনও গৃহাদির ভগ্ন 6হু আছে। পরে এই স্থানে তাহার জ্ঞান্তিগণও আগমন করেন। এবং আকাইহাটে বারেক্স ব্রাহ্মণ না থাকায় তিনি এই দেশেই বিবাহ করিয়া সংসারী হন। কিছু দিন পরে তিনি পুনরায় আকাইহাটে ও শ্রীবৃন্ধাবনে গমন করেন।

সনাতলা প্রামে অবস্থান কালীন তাঁহার শ্রীমোহনদাস নামে এক পুত্র জন্মে। উহাঁকে মাতৃলালয়ে দোনাতলা বা ভাত্তী মথুরাপুর প্রামে রাথিয়া এবং সমুদয় সম্পত্তি উক্ত পুত্রকে প্রদান করিয়া সন্ত্রীক শ্রীকুন্দাবনে গমন করেন। শ্রীকুন্দাবনেও তাঁহার গোরাঙ্গদাস নামে আর এক পুত্র জন্মেন। শ্রীকুন্দাবনে জন্মহেতু গৌরাঙ্গদাসের অপর নাম বুন্দাবনদার্মন্দা পরে ১ম পুত্র মোহন্দাসের নিকট ইহাঁকেও প ঠাইয়া দেন এবং সম্পত্তির ছয় আনা অংশ লইতে আদেশ করেন। কুষ্ণদাস ঠাকুর শ্রীকুন্দাবনে গোবিন্দ্রীর অহুরূপ কালাটাদ বিগ্রহ প্রকাশ করতঃ জ্যেট শ্রাভার সহিত সেবা করিতে থাকেন।

ভানত্গণের বাদের জন্ম এই গ্রামের নাম ভাত্টী মথুরাপুর ছিল। আমাদের পরিচয় "ভাত্টীয় বৈষ্ণর পরিবার।" কালাক্ত্য-দাস ঠাকুরের বংশধর আমরা বর্ত্তমানে সোনাতলা, ছেচানিয়া চোমরপুর, করঞা, পৌচাথোলা, পোতদিয়া, প্রভৃতি স্থানে বাদ করিতেছি।

সোনাতলার আশ্রম-বাটীর ভিটা, মন্দিরের ইট এবং পু্করিশীর ঘাঠ এখনও দৃষ্ট হয়। এখানের শ্রীবিগ্রহ—শ্রীগ্রাকার্টাদ জ্বীট পালাক্রান বংশধর-গণের গ্রামে ছই মাদ করিয়া স্বাস্থিতি করেন। দুরের জ্ঞাতিগৃহে গমন করেন না।

এথানে অগ্রহারণ রুঞা দাদশীতে রুঞ্চনাস ঠাকুরের তিরোভাব উৎসব হয়। বারেন্দ্রেণী ব্রাহ্মণ ও সংশূদগণ আমাদের শিষ্য।

সোনাতলা আসিতে হইলে কলিকাতা হইতে গোরালন, তথা হইতে ষ্টিমারে কালীগঞ্জ লাইনে সাধুগঞ্জে নামিরা নৌকাষোগে বেড়াবন্দরে, তথা হইতে পশ্চিম দিকে তুই কোল দূরে সোনাতলা গ্রাম ইছামতী নদীর উত্তর তীরে। ইতি। শ্রীবিজয়গোবিন্দ গোসামী।

বৈষ্ণব গ্ৰন্থে কাণাক্ষ্যনাস ঠাকুম প্ৰসঙ্গ,---

(**ক**) গণোদেশে—

कानाकुक्षमागम्या (या नवत्रम्या उद्या

(খ) বৈষ্ণবাচার দর্পণে ;—

পূর্বের বুন্দাবনে ষেহো লবন্স গোপাল। ঠাকুর কানাই এবে পণ্ডিত বাধান॥
কৈহ কহে বৈভ জাতি কালাক্ষ্যদাস।
নিত্যানন্দ প্রভু শাখা বোধখানার বাস॥
"

ইনি পুরুষোত্য ঠাকুরপুত্র কানাই ঠাকুরকে অনুমান করিয়াই এই-রূপ লিখিয়াছেন, কিন্তু তাহা নহে।

(গ) পাটপর্য্যটনে---

আকাইহাটে কালাক্ষণাদের বদতি। পূর্বেতে লবজ স্থায়ার নাম খ্যাতি॥

(ষ) চৈত্ত-পারিষৰ জন্মস্থান নির্ণয়— আকাইগাটেতে বড় ক্লঞ্চাণ নাম। ক্ষণাস বিহরুষে বড়গাছি ধাম।। মামদাবাদে জন্ম কালিয়া ক্ষণাস নাম।।"

ংড়গাছির ক্ষণাস ও কালিয়াক্সফলাস ভিন্নভক্ত। মামদাবাদে ইহাঁর জনা হইতে পারে।

(ও) ঐতিতভাচরিভাষ্ত, আদি— কৃষ্ণাস নাম শুদ্ধ কুলীন ব্ৰাহ্মণ। যাঁরে সঙ্গে লইয় কৈল দক্ষিণ ভ্ৰমণ॥

ঐ ১১শ পরিচ্ছেদে,—

কালাকস্কদাস বড় বৈষ্ণৰ প্ৰধান। নিত্যানন্দচক্ৰ বিহু নাহি জানে আন॥

(চ) অনন্তসংহিতার—

পূর্ববিধেরা লবঙ্গো মে ক্রফাথ্যঃ স কলে যুগে॥

(ছ) ভ্রদশ পাটনির্বয়ে—

কাণাক্ষদাস—শাকাই হাট।

- (জ) হৈত্তসংগীতায়—
 - কুলিগ্রামে জ্রীলবঙ্গ জনমিল আসি।
 কালিকৃফদাদ নামে ষেহ গুণরাশি॥

এই কুলিগ্রাম কোথায় (१)। পারিষদজন্মস্থান নির্ণয়ে মামদাবাদ আছে।

- ্ঝ) বৈষ্ণৰ আচারদর্শণের ভিন্ন মতে ইনি লবঙ্গস্থা নহেন, মহারাহ্যস্থা।
 - (ঞ) বৈষ্ণববদানা, বৃন্দাবনদাস ঠাকুরকুত,—
 প্রাসিদ্ধ কালিয়া ক্লফদাস ত্রিভ্বনে।
 গৌরচন্দ্র ক্রি হয় খাহার প্রণে॥

মহাবাস্থ করি যারে ভাগবতে কয়।
কালিয়া কৃষ্ণদাস সেই বস্ত জানিও নিশ্চয়॥
ইহাঁর মতে লবঙ্গপা পুরুষোত্তম দাস ঠাকুর।
(ট) ঐ দৈবকীনন্দক্ত,—

কালিয়াকৃষ্ণনাস বন্ধো বহু ভক্তি করি। দিব্য উপবীত বস্ত্র কুষ্ণতেজধারী॥

(ঠ) ঐ বুনাবেনদাসকুত,—

উন্মাদী বিনদি বন্দো কাগাক্ষঞ্চাস। প্রেমতে বিভোর সদা না সম্বরে বাস॥

(ড) ভক্তমাণে,—

লবঙ্গ নামেতে সথা কালাক্ষণাস।। কালাক্ষণাস ঠাকুর শ্রীনিত্যানন প্রভুৱ শিষ্য। এবং তাঁহারই আজ্ঞায় বিবাহ করিয়াছিলেন।

শ্রীশ্রীনিত্যানন্দর্গরতগ্রন্থে আছে,—ইহাঁর শ্রীপাট বর্দ্ধনান কাটোয়ার নিকট আকাইহাট গ্রামে। ×× শ্রীর্দ্ধিতামূতে আছে—

কৃষ্ণদাস এই সরল ব্রাহ্মণ।
ইহা সঙ্গে করি লেহ ধর নিবেদন।
জলপাত্র বস্ত্র বহি ভোমা সঙ্গে যাবে।
যে ভোমার ইচ্ছা করে কিছু না বলিবে।

মহা প্রভূ তীর্থবাত্রাকালে নিভ্যানন্দ ও সার্বভৌম ভট্টাচার্যোর নির্দেশক্রমে এই কালারফদাসকে সঙ্গে লইয়াছিলেন। উপরোক্ত পস্তই ভাহার
প্রমাণ। এবং ভীর্থ হইতে জ্রীক্ষেত্রে আগমন করিয়া প্রভূ সার্বভৌমকে
বিলিয়াছিলেন,—

তবে প্রভুকালারফদাস বোলাইলা।
প্রভুক্তে ভট্টাচার্য্য শুন ইহার চরিত।
দক্ষিণ গিরাছিল ইহ আমার সহিত।
ভট্টমারি হইতে গেল আমারে ছাড়িরা।
ভট্টমারি হৈতে ইহার আনিল উদ্ধারিয়া।
ইবে আমি ইহা আনি করিল বিদার।
বাহা বাহ আমা সনে নাহি আর দার॥

এত ওনি কৃষ্ণদাস কানিতে লাগিল। শ্রীচরিতামূত। প্রস্থা শ্রীক্ষেত্রে প্রত্যাবর্তনবার্তা শ্রীশ্রীমাতাকে জ্ঞাপন করিবা জন্ম এই কালাক্ষকদাসকে শ্রীধাম নবনীপে প্রভু পাঠাইয়া দিয়াছিলেন।

তবে সেই রুফ্নাস গোড়ে পাঠাইলা।
বৈষ্ণব স্বাকে দিতে মহাপ্রসাদ দিলা॥
তবে গৌড় দেশে আইলা কালাক্ষনাস।
নব্দীপে গেলা তিহ শচী মাতা পাশ॥ চরিতামৃত।
(নিত্যানন্দচরিত, ৩য়, ২০৭ পুঃ)।

ভট্ৰারীতে যে ঘটনা হইয়াছিল,ভাহা এই,---

একদা দক্ষিণের মল্লার দেশে বেতপানি নামক স্থানে মহাপ্রস্থ ভ্রমণ করিতে করিতে জ্ঞীজীর খুনাথ জীউ দর্শন করতঃ রাত্রিধাপন করিতেছিলেন। ঐ স্থানে "ভট্টমারী" নামক বামাচারী সন্মানী সম্প্রদায় থাকিত। (গ্রী মন্ত্র লইয়া ভাত্রিক মতে ইথাদের সাধন)। ভাহারা ক্ষণাসকে সর্বল বুঝিয়া প্রশোভন দ্বারা মোহিত করতঃ নিজেদের আ্রামে লইয়া যায়।

স্থীপৰ দেখাঞা তাঁর সোভ জনাইল।

জার্য্য সরল বিপ্রের বুজি নাশ হৈল । চরিতামৃত, মধ্য, ১। নিজাভক্তে মহাপ্রভু ক্ষণাসকে দেখিতে না পাইয়া ঘটনা বুকিতে পারিলেন, এবং ভট্টমারিগণের গৃহে গমন করতঃ ক্ষণাসকৈ প্রতার্পণ জন্ত বলিলে সমুদয় ভট্মারিগণ প্রভুকে মারিবার জন্ত উন্থত হইল। তথন তাহাদের মধ্যে হৈ হৈ শক্ষ উত্থিত হইলে নিকটবর্তী বেধানে যত ভট্টমারী ছিল, সকলেই কি বিপদ্ হইয়াছে ভাবিয়া শল্প শল্প লইয়া মার মার শক্ষে উপস্থিত হইল, এবং প্রকৃত ব্যাপার কি, তাহা ব্রিতে না পারিয়া প্রস্পত্রে মারামারি কাটাকাটি আরম্ভ করিল

"খণ্ড খণ্ড হইল ভটুনারী পালার চারিভিতে॥" ভটুমারিগৃহে উঠিল মহা ক্রন্দনের জোল॥" এ।


তথন মহাপ্রভু কালা কৃষ্ণদাসকে কেশে ধরিয়া গৃহ হইতে টানিয়া আনিয়া, তথা হইতে প্রস্থিনীতীরে আদি কেশবজীর মন্দিরে গ্রন ক্রিণেন।


কালাক্ত্রনাদ হারা প্রভু জগৎকে এই শিক্ষা দিলেন, হে মানব, ছব্দিব বশতঃ যদি কথন পতিত হও, জানিও, কর্মণাময় প্রভু ভোমার পশ্চাতে আছেন, কেশে ধ্রিয়া তিনি ভোমাকে নিজের কাছে টানিয়া লইবেন। বিশেষত শ্রীনিতাই গৌরাঙ্গ অবতারশিরোমণি।

তিরোভাব-কাল।—পানিহাটীর দশুমহোৎদবে (১৪৩৯ শকের)
কালাক্ষ্ণদাস নাম নাই, হোড়ক্ষ্ণদাপ নাম আছে (১)। তাহা হইলেও
ইনি যে উপস্থিত ছিলেন, তাহা "নিত্যানন্দ ষত পারিষদ" পরারে জানা
যায়। ধেতুরিব১৫০৪ শকের উৎসবে ইহার নাম আছে। একক্স
১৫০৪ শকাক্ষের পরে ভিরোভাব বলিয়া মনে হয়।

উৎদব সম্বন্ধে ভিন্নমত। সোনাতলার অগ্রহারণ ক্ষণা ঘাদশী, আকাই হাটে হৈত্রক্ষণ যাদশী ভিথি।

১। বড়গাছি গ্রামে শীল পেলা ক্ষণাস। কৃষণাস রাজা হরি হোড়ের নক্ষন। ভক্তিরঃ, ১২, ১৮১ শৃঃ!





অন্যান্ত শ্রীপাট

এই স্থানে (বর্দ্ধমান জেলায়) ভাষণ করিবার সময় যে যে শ্রীশাট দর্শন করিয়াছি, এবং যে যে শ্রীপাটের বিবরণ পাইয়াছি, এখলে ভাষা সংক্ষেপে উল্লেখ করিভেছি।

া কাটোরা—ইহা গৌরভক্তগণের পঞ্চ ধামের এক ধাম।
ক্রীন দাস গদাধর-প্রতিষ্ঠিত প্রীক্রীমহাপ্রভু আছেন। প্রীনিত্যানন্দ প্রভু
নাই। গোরামিগণের মুথে শুনিলাম—শ্রীণাট খেতুরী, শ্রীপণ্ড এবং
কাটোরার শ্রীবিগ্রহ একই দারু হইতে এবং একই ভাস্কর দ্বারা নির্মিত
হইরাছিল। যে প্রীশ্রীবক্তাদেব বিগ্রহ আছেন, উহা আড়াইশত বৎসরের
হনৈক সাধুর শ্রীবিগ্রহ। ঐ সাধু পরলোক গমন সময়ে শ্রীপাটে প্রদান
করেন। জনরব, সাধুর নিকট বিস্তর স্বর্ণাদি ছিল, তাহাও শ্রীপাটে
দিয়াছিলেন। দাস গদাধরের সমাজ, যে নরস্কর প্রভুর শ্রীকেশ মুপ্তন
করেন, তাহার সমাজ এবং কেশব ভারতীর সমাজ আছে। শুনিলাম,
শ্রীল গদাধরের সমাজের উপরে মহাপ্রভুর শ্রীকেশের, পরে সমাজ
দেওয়া হইরাছে। অভক্ত আমরা, সম্দার সমাজগুলিকে প্রাচীন বলিয়া
মনে করিতে গাহিলাম না।

শীলাস গদাধরের প্রাহ্মণ শিষ্য শ্রীল ষত্নন্দন ঠাকুরের বংশধরগণই বর্তমানে এই স্থানের সেবায়েত। একাণে শ্রীগ নিত্যানন্দ ঠাকুর ভাগবতরত্ম মহাশর আছেন। এথানেও নবদ্বীপের মত ভেট প্রথা হইয়াছে।
চারি আনা যিনি দিবেন, তিনিই দেবদর্শনের অধিকারী; নচেৎ ক্ষুদ্ধ
মনে কিরিয়া যাইতে হইবে। ইহাদের দেখাদেখি আবার কালনাদ্ধ
গৌরীদাস পণ্ডিতের পাটেও ঐ প্রথা হইয়াছে। তবে চারি আনা
স্থান এক আনা মাত্র।

দেবালয়ের মধ্যে চারি ধারেই প্রস্তারকলকে নাম খোদিত আছে।
গলার ধারে ভদ্রলোকের থাকিবার জন্ত ১০২৭ সালে দেবীদাস দেবশর্মা
মহালর একটী ধর্মশালা নির্মাণ করিয়াছিলেন। এবং ১৩.৬ সালে
নবীনচন্দ্র শর্মা(হেড্রা গ্রামনিবাসী) একটী বাঁধা ঘাঠ নির্মাণ করিয়া
দিয়াছেন।

(২) মাধাইওলা—বোষহাটও বলে। কাটোমা হইতে ১ মাইল ক্ষিলে। আকাইহাট যাইবার পথে। এই স্থানে বিখ্যাত জগাই মাধাই ছই লাতার মধ্যে মাধাইয়ের সমাজ আছে। এই স্থান লুপ্ত ছিল। আড়াই শত বংগর পূর্বের গোপীচরণ দাস নামক ভনৈক বাবালী মহাশর ইলা উদ্ধার করতঃ শ্রীতৈত্ত শ্রীনিত্যানন্দের বিগ্রহ প্রতিষ্ঠা করেন। শেবক-শ্রোগণের নাম,—

শ্রীগোপীচরণ দাস মহান্ত
গৌরচণদাস
গৌরকিশোর
ফুগকিশান
রাধাবিনোদ

শ্রীবৈজনাথ দাস মহান্ত (বর্তমানে ১৩২৮)

ইংগার ছয় চক্রবর্তীর গোকুলানন্দ চক্রবর্তীর ঘর। শ্রীনিবাস আচার্য্য পরিবার।

শ্রিবাহ এখানে ৪ মাস থাকেন। বাকি ৮ মাসের মধ্যে ৪ মাস বিশ্রামতলা গ্রামে (কুলাই ডাক্ঘর, বর্দ্ধমান জেলা নবগ্রাম হইতে ৩ মাইল এবং আধ্সন্পুর কাটোয়া রেলের পাঁচুন্দি ষ্টেম্ন হইতে এক মাইল দুরে বিশ্রামতলা) থাকেন। এথানের মোহান্তের নাম শ্রীননীভোষ দাস মহান্ত।—রপবারার জীনিপ্রাহের উৎসব হয়। এবং নার চারি মাস— বীরভূম কোলার বাহিনীগ্রামে বোলপারের নিকট (ভাক্ষর বাহিরী,) থাকেন। এখানের সেবায়েত জীক্ষীহৃদয়চৈতক্ত দাস বাবাজী। রাস্যাত্রার উৎসব হয়।

কাটোয়ার উৎণব দোলযাত্রাতে হয়। শ্রীমাধাইয়ের সমাজের একথানি পুরাতন ফটো শ্রীপাটে ছিল; আমরা তাহা লইলাম। এই পাটবাটীর নিকটে বারদীর শ্রীল লোকনাথ ব্রহ্মচারীর শিষাগণের একটী স্থ্নর
মুখাড়ী আছে।

- ০। আকাইহাটের দক্ষিণে পাডাইহাটগ্রাম। এই স্থানে রাস্তার ধারে একটা দেবীমান্দর দেখিলাম। উহার কাছে একটা প্রাচীন খেদিত প্রস্তরের গাম মৃত্তিকাতে প্রোধিত রহিয়াছে। কেহ বলেন, পূর্বের বোরাহাট গ্রামে রামানন্দ নামে ছইব্যক্তি বাস করিতেন,—একজন শাক্ত, একজন বৈষ্ণৱ। রামপ্রসাদ ও আজু গোসাঞির স্থার ইহাদের সঙ্গীতে শাক্ত বৈষ্ণবের কাবর লড়াই হইত। শাক্ত রামানন্দের "এই রণমাঝে দিগম্বরী নাচে গো।" গানটি প্রসিদ্ধ। এই স্থান হইতে গঙ্গাদেবী বস্তু দূরে। কিন্তু গ্রামের ধাবে একটি পুক্রিণী থনন করিতে করিতে গঙ্গার ঘাট আবিষ্কৃত হইহাছে দেখিলাম।
- ৪। দাঁইহাট—ইহা বেশ বর্জিফু গ্রাম। এথানে শ্রীল মুকুন্দ ঘোষের শ্রীপাট ছিল। কাহার মতে মুকুন্দানন্দ বা কুমুদানন্দ। একটা গৃহছের বাটীতে শ্রীপাটের স্থান নির্দেশ শাছে শুনিয়াছিলাম। এবং ইহার শ্রীবিগ্রহ শ্রীশ্রীপর্যাবিকরায় রামচরণ চক্রবর্তী ঠাকুর-বংশীয়গণের গৃহে শাছে শুনিয়াছিলাম। (বিফুপ্রিয়া, ৮ বর্ষা, ১২ সং, ৪৮৪ পৃঃ)।

কিন্তু ঐ দিনে আমরা অসুসন্ধান করিয়া কিছুমাত্র জানিতে পারিলার না। দাইহাটে গদাধর ভাষত্রের নিবাস ছিল। বৈঞ্ববন্দনায়,——

ভাষর ঠাকুর বন্দো বিশ্বকর্মান্মভব।।

এই গদাধর ভাস্করের আজীর স্বজনগণ দাইহাটে বাস করিতেছেন।
বঙ্গদেশের যাবতীয় স্থানর স্থানর শীবিগ্রহের নির্মাণ ইহারাই করিয়া
ভাকেন। নবীনচন্দ্র দাস ও হরিচরণ দাস ভাস্কর নামক, গদাধর ভাস্করের
ভূই জান বংশধর আছেন।

নিম্লিখিত শ্লীপাটগুলির সন্ধান বর্দ্ধান জেলার কৈচর পোঃ শীভলগ্রামনিবাদী ইনেম্পেকটিং পণ্ডিত শ্রীষ্ক্ত রেণুণদ হাজরা মহাশরের নিকট প্রাপ্ত।

- (১) শ্রীল স্থবৃদ্ধি মিশ্রের শ্রীপাট। বেলগাঁ। কেলা বর্দ্ধান শ্রীপত্ত হইতে ৩ মাইল পশ্চিমে। শ্রীবিগ্রহ শ্রীশ্রীনিতাই গৌরাঙ্গ। স্থবৃদ্ধি মিশ্রের বংশধর শ্রীগোবিন্দ্রক্ত গোস্বামী। হেড মাষ্টার জবগ্রাম হাই স্থল, স্মীরগ্রাম পোঃ, বর্দ্ধান জেলা।
- (২) সনাতন দাসের সমাজ। ইনি শ্রীল বৃন্ধাবনদাস ঠাকুরের শাখা। মোষসূলি গ্রামে শ্রীপাট। দাইহাট হইতে ২ মাইল দক্ষি. । বর্তুমান সেবায়েত শ্রীহরিদাস শাখিরিয়া। সমাজ সেবা হয়।
- (৩) শ্রীরামকৃষ্ণ ঠাকুরের শ্রীপাট। কলদা গ্রামে। কৈচর ষ্টেশন হইতে (B.K.R) ২ কোশ। স্থামড়া ভাকবর, জেলা বর্দান। শ্রীবিগ্রহ শ্রীশ্রীনাথ ও ৮দামোদর্শী। দেবারেত শ্রীবিনোদলাল চট্টোপাধ্যার।
- ৪। শ্রীল গোপালদাদের সমাজ। দৈতে বা দধিয়া গ্রামে।—(A k R). রামজীবনপুর হইতে ৩ মাইল দক্ষিণে। মাকরী সপ্তমীতে উৎসব হয়।
- ৫। শীশীক্ষরার জীউ সেবা। (কোন্ভক্তের প্রতিষ্ঠিত, তাহার সংবাদ পাইলাম না) কাপুলে গ্রাম। দ্রিহাট হইতে ৫ মাইল, দেবায়েত শীষ্ঠীনশ্রাম রায়।

(১১শ গোপাল) শ্রীশ্রীধর ঠাকুর বা পণ্ডিত।

ব্ৰের মধুমকল বা কুত্মাদ্ব দ্বা। ত্রীধান নবদীপের মাল্ঞপাড়ার

জ্ঞীপাট। জেলা নদীয়া। আফাণ। কাহার মতে গ্রহবিপ্র।

১৩ শত শকাক্ষের শেষভাগে এবং ১৪·০,শুকাক্ষের মধ্যে প্রকটকাল ৷

ভিরোভাব-ভিথি লুপ্ত।---এজগ্ত প্রভুর জন্মদিন ফাল্কনী পূর্ণিমা।

শ্রীতৈওভাচরিভামতে আদি, ১০, শ্রীতৈভভাশাখাতে—

খোলা-বেচা শ্রীধর প্রভুর প্রিয়দাস।

এবং ঐ আদি ১১ পরিছেদে শ্রীনিত্যানন শাখাতে,— नक्षी मुकुन्न सूर्या भाषत औषत्र।

এই ছুই শাধার শ্রীধরনামা ভক্তই একজন। ইনি শ্রীনিত্যানন্দ-পরিকর দ্বাদশ গোপালের অন্তর্গত হুইখেও, শ্রীচৈতন্ত্র-শাথা। এ জন্ত ছুই গণেই ইহার নাম আছে।

শীধর ব্রশ্বচারী নামক ভক্ত এই শ্রীধর হইতে ভিন্ন ভক্ত। ইনি গদাধর পণ্ডিতের শাথা। শ্রীচরিভামৃত, আদি, ১২ পরিচেনে,—

শাখা শ্রেষ্ঠ গ্রুবানন্দ শ্রীধর ব্রহ্মচারী।

গৌরগণো, দশেও বাদশ গোপালের শ্রীধর ব্যতিরেকে ইহার নাম **সাহে,**—

"ব্ৰদ্যচারী শ্রীধরনামকঃ॥" ১৯৯

থোলা-বেচা এধর ঠাকুরের জনান্তান বা জীপাট একলে গলাগতে। ইহাঁর বংশধর বা জ্ঞাভিবংশ আছেন কি না, বহাদন হইল বৈষ্ণব সংবাদ-পত্তে অবেধিত হইয়াছিল। কিন্তু কোনই উত্তর পাওয়া যায় নাই।

(গত ১৫ই ফাল্ডন, সোমবার, ১৩২৮, আমরা ইহাঁর সম্বন্ধে কোন নুতন

বিবরণ সংগ্রহ মানসে শ্রীধাম নবদীপে গিয়াছিলাম। কিন্তু কিছুই পাই নাই।)

শ্রীব্রনাথ দাস বলেন—নদীয়ার তন্ত্রবায়নগরের নিকটেই শ্রীধরের গৃহছিল। (শ্রীগোরান্দেবক, ১ বর্ষ, ৬৬০পৃঃ)।

শ্রীহরিদাদ নন্দী মহাশয়ও ঐ কথা বলেন ;—তাঁভিপাড়ার নিকটেই শ্রীধরের গৃহ। (ঐ ৬০০ পৃঃ)।

গদাদেবীর ভাগনে ঐ সক্ল স্থান ভাগিয়া গিয়া দ পড়ে। কালিয়াদহ বা কুলেদ এখন আখ্যা।

স্থার কান্তিচন্দ্র রাড়ী মহাপরের মতে বর্ত্তমান নবদীপের মালঞ্চ-পাড়ার উত্তরে প্রাচীন তন্ত্রবায়পাড়া। তাহার উত্তর পূর্ব্বে শুজাবণিক্পল্লী ছিল। তন্ত্রবায়পল্লীর নিকটেই প্রভূর বাড়ী ছিল। ৬৬পৃঃ।

বর্তুমান গাবতলার ও তাহার নিকটবর্ত্তা স্থানই তন্তুবারণাড়া। এখনও ঐ স্থানে তন্তুবারগণের বাস দৃষ্ট হয়। শীধরের বাদী ঐ মালফ-পাড়ার, প্রভুর গৃহের নিকটেই ছিল। নবরীপতত্ত্ব।

অধিকন্ত কান্তি বাবু, এই শ্রীধর ঠাকুরের থোলা বেচা ব্যবসা দেখিরা তিনি ইহাঁকে গ্রহবিপ্র বা আচার্য্য ব্রাক্ষণ বলিয়া অনুমান করিয়াছেন।

শ্রেষ ব্রজনাথদাস বাবাজী মহাশয় বছ পরিশ্রমে নদীয়ার যে সকল প্রাচীন অমূল্য মানচিত্র প্রকাশ করিয়াছেন, ভাহার মধ্যে শ্রীধরের গৃহের স্থানও নির্দেশ করিয়াছেন দেখিলাম।

যাহা হউক, ইঁহার জীপাটের এবং জীবিগ্রহাদির ও সমাজের বিবর্ণাদি পাইবার আর উপায় নাই। বৈঞ্চব গ্রন্থ পাঠে স্পষ্ট জানা যায়, জীধরের স্ত্রী পুত্র ছিল না। চিরকুমারও হইতে পারেন।

रिवक्षव श्राप्त श्रीधरत्रत्र छ द्वाश

- (ক) গণোদ্দেশদীপিকায়— থোলা বেচাভয়া খ্যাভঃ পঞ্জিভঃ শ্রীধরো বিজঃ।
- (থ) বৈষ্ণব আচারদর্শণে;—
 ব্রুক্তে ছিল হাস্তকারী শ্রীমধুমঙ্গল।
 গৌরাঙ্গের সঙ্গে এবে পণ্ডিত শ্রীধর॥
 নিত্যানন্দ প্রভূপাথা রুফে হর প্রীতি।
 নবদীপে বাস হয় শুদ্ধাচার অতি॥
 "দ্বাদশ গোপাল হর এই পর্যান্ত॥"
- (গ) পাটপ্রাটনে,---

থোলাবেচা শ্রীধরের নবদীপে বাস।
মধুমঙ্গল পুর্বের এই জানিবা নির্যাস।।
এই যে দ্বাদশ পাট হইল লিখন।

(ব) অনস্তদংহিতায়----

শ্রীপর: শ্রীপরদম: পূর্বের শ্রীমধুমঙ্গ: 🛭

(ও) বৈষ্ণববন্দনা, দৈবকীনন্দনকুত,— বন্দো খোলাবেচা খ্যাত পণ্ডিত শ্রীধর। প্রভু সঙ্গে ধার নিত্য কৌতৃক কেবল।

দাদশ পাট নির্ণয়ে, চৈতজ্যকীতায়, বৃন্দাবন ঠাকুর ও বৃন্দাবন দাস্-কৃত বৈষ্ণব বন্দনায় ইংকে দাদশ গোপালের মধ্যে ধরেন নাই।

(চ) ভক্তমালে,—

থোলাবেচা শ্রীধর পণ্ডিত বে ব্রাহ্মণে। থোলা কাড়াকাড়ি প্রভূ কৈল যার•সানে। তেঁহ যেঁহ হল ব্রজে শ্রীমধুমঙ্গল।। (ছ) ঐচরিতামৃত আদি, ১০—

খোলাবেচা শ্রীধর প্রভুর প্রিয় দাস।

যার সনে প্রভু করে নিত্য পরিহাস॥

প্রভু যার নিত্য লয় থোড় মোচা ফল।

যার ফুটা লৌহ পাত্রে প্রভু পিলা জল॥

(জ) ঈশান, শ্রীনিবাস আচার্য্যকে নবদীপ ধাম দর্শন সময়ে কাজীর ভবন দেখাইয়া, পরে—

ঐ শ্বীধরের ভাসা বর দেখি দূরে।
মন্দ মন্দ হাসে এথা উল্লাস অন্তরে দ
এ পথে শ্বীধর বরে গিয়া গণ সনে।
দেখে ফুটা লোহপাত্র আছেরে প্রাক্তবে॥
ভক্তিরকা, ১২, ১২১ পৃঃ।

শ্রীধরের পরিচয়

শ্রীচৈতগুভাগবত, মধ্য, ৯ম, ২২৩ পৃ: জানা বায় ;---

নবদীপবাদী শ্রীধর ঠাকুর থোড়, মোচা, কলা, কলার পাত এবং ব্যঞ্জনাদি খাইবার জন্ম থোলার ডোঙা বা পাত্র বিক্রন্তর দ্বারা জীবিকা নির্বাহ করিতেন। (কলার ডোঙায় পুর্বে বাজনাদি ব্যবহার হইড। শ্রাদ্ধের সময়ে এখনও উহাতে দ্রবাদি রাখা হয়)।

খোলার পদার করি রাখে নিজ প্রাণ॥
একবার খোলা গাছি কিনিয়া আনয়।
খালি খালি করি তাহা কাটিয়া বেচয়।
তাহাতে ধা কিছু হয় দিবদে উপায়।
তার অর্দ্ধ গলার নৈবেতা লাগি যায়॥

অর্কেক সহায় হয় নিজ প্রাণ রক্ষা। এই মত হয় বিফুভক্তের পরীক্ষা।।

শীধর মহা সভাবাদী, যে দ্রব্যের যে দাম, তাহা এক কথার বিক্রিক করিতেন। খাঁহারা তাহাকে চিনিতেন, তাঁহারা, দর দাম না করিয়া শীধর যাহা বলিতেন, তাহা দিয়াই দ্রব্য লইয়া যাইতেন। সাধারণে শীধরকে "থোলাবেচা চাযা" জ্ঞান করিত।

শ্রীমনির নিমাইচরিত গ্রন্থে পূজনীয় শিশিরবাবু লিখিয়াছেন—
"শ্রীধর দিবানিশি উচৈচঃ মরে ক্রফনাম জাপিতেন। তাঁহার নাম জাপিবার
উপদ্রবে ভবালোকে নিদ্রা যাইতে পারিত না। স্থল কথা, শ্রীধর একজন
পরব বৈহার ছিলেন, স্তরাং নিমাই পণ্ডিতের তাঁহার উপর নিতান্ত
আক্রোশ। নিমাই কথন কথন বাজারে ঘাইতেন, আর তাঁহাকে
দেখিলে শ্রীধরের মুখ মানি শুকাইয়া যাইত। নিমাই বাজারে আদিয়াই
প্রথমে শ্রীধরের নিকট উপস্থিত। শ্রীধর ভয়ে ভয়ে বলিতেছেন—"ঠাকুর,
কাড়াকাড়ি করিবেন না। আমি যে মূলা বলিব, তাহার কমে হইবে না।
আপনি আমার নির্দারিত মূল্য দিয়া দ্রব্য লইয়া যান, নতুবা অন্ত প্রাণ্
রির নিকট ক্রেয় করুন।"

নিমাই বলিতেছেন,—"আমি যোগানিয়া ছাড়িনা।"

শীধর। ঠাকুর ! ভোমার পায়ে পড়ি, হন্দ করিও না। আমি দরিদ্র, আমি টাকা কোথায় পাইব ?

তথন নিমাই পণ্ডিত, শ্রীধর যে মূল্য বলিল, তাহার অর্দ্ধ মূল্য বলিয়া হাতে উঠাইলেন, আর শ্রীধর অমনি দাঁড়াইয়া বলিতেছেন—"ভোমার পায়ে পড়ি, তুমি অহা পদারির কাছে যাও।"

তখন নিমাই কৃত্রিম ক্রেধি করিয়া বলিতেছেন;—''তুমি যে আমার হাতের দ্রব্য কাড়িয়া লও, এ কাজ কি তুমি ভাল করিতেছ ? জান, তুমি যে গঞ্চাকে প্রভান নৈবেল দাও, আমি ভাহার পিতা ?" ইহাতে প্রীধর প্রীবিষ্ণু স্মরণ করিয়া লুই কর্ণে হাত দিয়া বলিভেছেন, "পণ্ডিত ! বয়স হইলে লোকে ক্রমে ধীর হয়, তুমি ক্রমেই চঞ্চল হইভেছ। ভোমার কি গল্পাকেও ভন্ন নাই ?" নিমাই বলিভেছেন;—ভাল ! তুমি দেবভাগণকে বিনা মূল্যে প্রভাহ উপহার দিয়া থাক, আমাকে না হয় অল্ল মূল্যে কিছু ছাড়িয়া দিলে। প্রীধর বলিভেছেন—ঠাকুর ! আমি হার মানিলাম, আমি মূল্য কমাইব না। তবে নিভান্তই আমাকে না ছাড়, তবে ভোমাকে প্রভাহ এক থও থোড় ও আহার করিবার থোলার পাত্র বিনা মূল্যে দিব। কিছ আমান্ত সহিত ছল্য করিও না। তথন নিমাই বলিভেছেন ;—বেশ, এই কথা। তবে আর বিবাদ কি ?"

🕮 ধরের এই খোলায় নিমাই নিত্য আহার করিতেন।

(১ম থণ্ড, ৭৯ পৃঃ)।

নদীয়া ধামে শ্রীবাস অঙ্গনে যে দিন মহাপ্রকাশ লীলা হয়, সে দিন শ্রীভগবানুরূপে মহাপ্রভু আজ্ঞা করেন—শ্রীধরকে শীদ্র আন।

এই শ্রীধর কে ? ভক্তগণ জিল্জাসা করিলেন। প্রভু বলিলেন—
বে শ্রীধর তাঁহাকে কলাপাতা খোলা বোগাইয়া থাকেন। অমনি
করেকজন ভক্ত ছুটিয়া গেলেন। সেই চঞ্চণ ব্রাহ্মণকুমার, বিনি ভাহার
সঙ্গে কলাপাতা লইয়া কাড়াকাড়ি করিতেন, শ্রীধর আর তাঁহাকে তথন
দেখিতে পান না। শুনিয়াছেন, তিনি পরমভক্ত হইয়াছেন। ইহাও
শুনিয়াছেন, তিনি শ্বয়ং শ্রীকৃষণ। কিন্তু শ্রীধর অভ্যন্ত কৃত্র ব্যক্তি, সাধ্য
করিয়া দেখিতে আসিতে পারেন না। নিশিবোগে শ্রীধর বিসয়া উচৈচঃশ্বরে নাম জপ করিতেছেন, এমন সময়ে জনকয়েক ভক্ত আসিয়া
তাঁহাকে বলিলেন, শচীর উদরে শ্রীভগবান জন্ম লইয়াছেন। অন্ত
প্রকাশ হইয়া ভোমাকে ডাকিতেছেন। স্বরিদ্র শ্রীধর খোলা বেচেন,

শীনবদ্বীপ ব্ৰাহ্মণ পণ্ডিতের স্থানে তিনি নিতান্ত স্থায় ব্যক্তি। ভাহাকে শীকৃষ্ণ ডাকিতেছেন, ইহা ভাবিয়া শানন্দে মূৰ্চ্ছিত হইয়া পড়িলেন।

তথন ভক্তগণ তাঁহাকে ধরাধরি করিয়া লইয়া চলিলেন। ××
প্রভুবলিভেছেন,—হতে শ্রীধর, ওঠ। ভোমার প্রতি আমার বড় প্রেহ।
ভাহা না হইলে ভোমার দ্রব্য কাড়িয়া কেন লইব ? আমাকে দর্শন
কর। শ্রীধর সেই মধুর বাক্যে চেতন পাইলেন। চেতন পাইয়া
দেখেন যে, তাঁহার সেই চঞ্চল ব্রাহ্মণকুমার বটে। দেখিতে দেখিতে
সেই নিমাই শ্রীধরের নিকটে শ্রামহুন্দর রসরাভরূপ হইলেন। শ্রীধর
দেখিতেছেন যে, কত কোটী দেব দেবী তাঁহাকে স্তবস্ততি করিভেছেন।
শ্রীধরের আবার অচেতন হইবার উপক্রম হইল, এমন সময়ে প্রভু আবার
তাঁহার সহিত কথা কহিতে লাগিলেন।

প্রভূ বলতেছেন;—"তুমি চিরদিন ছঃখ পাইয়াছ, এখন আর তোমার ছঃখ থাকিবে না।" শ্রীধর করজোড়ে বলিতেছেন,—"প্রভূ! তোমার দোষ নাই, আমি মুর্থ। নিজ দোষে ফাঁকিতে পড়িয়াছি। তুমি না আমাকে বার বার নিজ পরিচয় দিয়াছিলে, তুমিই ত আমাকে বলেছিলে, তুই যে গঞ্চ পূজা করিদ, আমি তাঁর বাপ! তবু আমি মৃচ্মতি ' ভোমাকে চিনিতে পারি নাই।" নিমাই বলিতেছেন,—"তুমি আমাকে া চিনিতে পার; আমি তোমাকে বরাবর চিনি।"

শ্রীধর বলিতেছেন,— "আমার খোলা বেচা সার্থক হইল। কুজা তুলনী চলন দিয়া তোমার চরণ পাইরাছিল, আমি কলার খোলা দিরা তোমার পাদণ্য দর্শন করিলাম।" শ্রীভগবান্ ইহাতে হাসিয়া বলিলেন, "শ্রীধর!— তুমি ঠিক কথা বল নাই। তুমি আমাকে খোলা ও পাতা কবে দিয়াছিলে! আমি না কাড়িয়া লইরাছিলাম। কিন্তু করি ক; তুমি একান মতে দিবে না। তবে তুমি নিশ্চিত জানিও, আমি

ভক্তের দ্রব্য এইরপে চিরকাল কান্ডিয়া লইরা থাকি। আমার মনে প্রণ বিশ্বাস যে, ভক্তের দ্রবো আমার সম্পূর্ণ অধিকার আছে। এখন প্রীধর, শুন। তুমি চিরদিন তঃথ পাইয়াছ; অন্ত ভোমাকে আমি . ক্রিদির দিব, দিয়া ভোমার দারিদ্রা ঘুচাইব।

শীধর বলিলেন,—"আমি অন্ত দিন্ধি লইয়া কি করিব ? আমি
মহাজনকৈ পাইয়াছি, আমি কেন ধন লইব।" তথন প্রভূ
বলিতেছেন;—"তুমি চিরদিনের দক্ষিত্র, তুমি যদি অন্তদিন্ধিরূপ প্রসাদ
না লও, আমি সোমাকে একটি সামাজ্যের রাজা করিব। ভাহা
হইলে তুমি পরম হুথে থাকিবে।"

শীধর বলিতেছেন:— "ঠাকুর! আমি রাজা চাহি না। আমি
অন্তের উপরে প্রভৃত করিতে চাহি না। আমি ভোমার কাছে কিছুই
চাহি না।" তখন প্রভূ বলিতেছেন, "সে কি; আমার দর্শন বার্ধ
হইতে পারে না। ভোমাকে অবশ্য বর মাগিতে হইবে।"

তথন শ্রীধর বলিতেছেন:— "আমিত খুজিয়া পাই না, কি বর মাগিব। তবে যদি তোমার আজায় বর মাগিতে হয়, তবে এই বর দাও যে, যে কঞ্চ পরমস্থানর প্রভূত শক্তিসম্পার ব্রাহ্মণকুমার আমি চুকলৈ বলিয়া আমার হাতের খোলা পাতা জোর করিয়া কাজিয়া লইতেন, আর কন্দল করিতেন, তিনি চাঞ্চল্য ত্যাগ করিয়া এখন নিশ্চল হইয়া আমার হৃদয়েশ্বর হুইয়া থাকুন।"

ভক্তগণ শ্রীধরের প্রার্থনা শুনিয়া একেবারে বিস্মিত হইলেন। তথন প্রভু বলিতেছেন,—

তুমি দরিদ্র, কাণ্ডাল, সমাজে ঘুণিত, আমি ভোমার সমুধে। আমি অষ্ট সিদ্ধি দিলাম, তুমি লইলে না। তুমি ভক্ত, এ সমুদর তুদ্ধ দ্বা কেন্ল লইবে ? তুমি এ সমুদর লইবে না, তাহা আমি জানি। আমিতো ভোমাকে পরীক্ষা করিতেছিলাম না; জীবগণকে আমার ভাজের মাহাল্ল্যা দেখাইবার নিমিত্ত ভোমাকে প্রলোভন দেখাইলাম। এখন আমিট ভোমাকে বর দিতেছি—'আমাতে ভোমার প্রেম হউক।' এই কথা বলিবা মাত্র শ্রীধর মৃষ্টিহত হইয়া ভূতলে পভিত হইলেন।— (১ম খণ্ড—২২ পৃঃ)ধ

শ্ৰীভাগৰতে (মধা, ২৩ অধ্যায়, ৩৩৭ পৃঃ),---

একদিন মহাস্কীর্ত্তন সময়ে প্রভুকীর্ত্তন করিতে করিতে জীধরের গৃহ্ছ উপস্থিত হইলেন।—মাটির ১খানি মাত্র বর, তাহাও ভগ্ন, চালে খড় নাই, তৈজস পত্রের মধ্যে একটী শত তালিদেওয়া লোহ কলসী, চোরেও তাহা ছোর না।

প্রস্থার অগনে উপহিত হই রা নাচিতে লাগিলেন, অবশেষে ভজের ভগবান— শ্রীধরের সেই ভগ্ন জবপূর্ব পাত্র নিজে তুলিয়া লই রা জল পান করিতে লাগিলেন। জাজ রাজহাজেশ্বর দহিদ্রের কুটীরে ভগ্ন পাত্রে জল পান করিতেছেন দেখিয়া শ্রীধরের হৃদর বিদীর্ণ হইল। ভিনি—

> মইমু মঁইমু বলি ডাক্রে শ্রীধর। মোরে সংহারিতে সে আইলা মোর বর॥

তখন প্ৰভু বলিতেছেন ;—~

প্রভূ নৈলে শুদ্ধ মোর আজি কলেবর॥
আজি মোর ভক্তি হৈল ক্ষেত্র চরপে।
আধিরের জল পান করিলো ষখনে॥
এখনে সে বিফুভক্তি হৈল আমার।
কহিতে কহিতে পড়ে নয়নে স্থার॥
বৈষ্ণবের জল পানে বিফুভক্তি হয়।
সবারে ব্যায় প্রভূ গৌরাল প্রাদর॥

ঐ, মধ্য, ১৩ অধ্যায়ে মহাপ্রভুর সহিত' জলকেলি সময়ে অহান্ত ভক্তগণের সহিত শীধরেরও নাম পাওয়া বায়।

ঐ, মধ্য, ২৬ অধ্যায়ে —

প্রভূ সন্নাস লইবার পূর্বে দিনে প্রীধর তাঁহার গাছের একটা লাউ প্রভূকে আনিয়া দিলেন। প্রভূ মনে ভাবিলেন, কালত গৃহ ত্যাগ করিব, ভক্ত শ্রীধরের এ উপহার তো গ্রহণ হইল না; কিন্তু ভক্তের দ্রব্য প্রভূত্যাগ করিতে পারিলেন না। শচী মাতাকে, বলিলেন,—"মা! এই লাউ রন্ধন করিয়া শ্রীক্ষের প্রসাদ আমাকে দাও।

ঐ, অন্ত খণ্ডে, ১ম--জানা ধায়,---

প্রীতে রথযাত্রার গমন করিতেছেন।

জাকিঞান কুফাদাস চলিলা শীধর। যার জল পান কৈলা প্রভু বিশ্বস্তর॥

ইহা ভিন্ন আর কোন পরিচয় বৈষ্ণব গ্রন্থে পাই নাই।—আহির্ভাব সময়—১০শত শকাকের শেষ ভাগে। প্রভুর ভিরোভাবের পূর্ফেই— অর্থাৎ ১৪৫৫ শকের মধ্যে অপ্রকট। ১৪৬৮,৩৯ শকের দণ্ড মহোৎসবে এবং থেজুরীর উৎসবে ইংগর নাম নাই।

> কোথা ওছে খোলাবেচা শ্রীধর পণ্ডিত। গৌরাঙ্গ-ভকতি দানে কর হদ্য মণ্ডিত॥

(১২শ গোপাল) শ্রীল হলায়ুধ ঠাকুর

ব্রক্তের—বলরাম স্থা, প্রবল বা ২য় সুবল স্থা। ব্রাহ্মণ। শ্রীপাট শ্রীধাম নব্ধীপের হামচক্রপুর গ্রামে। স্থানপরিচয়—(১৩২৮, ১৩ই ফাল্পন, সোমবার অনুসন্ধান জন্ম শ্রীধাম নবদীপে গমন করিয়াছিলাম।)

রামচন্দ্রের ও হলায়ুধ ঠাকুর সম্বন্ধে বিফুপ্রিয়া পত্তিকা, ৮ম বর্ষ, ১১ সংখ্যার ৮৭২ পৃ: এইরূপ আছে—

শ্রীপাট রামচন্দ্রপুর শ্রীধাম নবদীপের উত্তর ৮গঙ্গারণশিচম তীরে অবস্থিত। এহানে ১ হলাযুধ ঠাকুর, ২ জ্বননন্দ ব্রহ্মচারী এবং ৩ মুকুল ঠাকুরের বাসস্থান ছিল। বর্ত্তমানে মাহাকে রামচন্দ্রপুর বলে, তাহা আকুমানিক ৭০।৭৫ বংসরের গ্রাম। প্রাচীন রামচন্দ্রপুর গ্রামের দক্ষিণ পূর্ব্ধ কোলে অবস্থিতি ছিল। এবং প্রসিদ্ধ দাওয়ান গঙ্গাগোবিল্দ সিংহের প্রতিষ্ঠিত স্তব্ধুং দেবমন্দির, বাঁধা ঘাট, অতিবিশালা, মন্দিরে রাধাবল্লভ যুগল মূর্ত্তির সেবা ছিল। এখন তাহার চিহ্নমাত্র নাই। শ্রীমৃত্তি ৮কাশীধামে রক্ষিত হইয়াছেন। একণে যে স্থানে কালিনহ নামে একটি জলাশর আছে, তাহারই দক্ষিণ অংশে একবার পূর্ব্বোক্ত দাওয়ান গঙ্গাগোবিল্দ সিংহের প্রতিষ্ঠিত মন্দিরের চূড়ামাত্র দেখা গিয়াছিল। উহা গঙ্গাদেবীর ভাঙনের সময় আবিস্কৃত হয়। পরে আবার বালুকা ওপ্রসাটি চাণা পড়্যা মন্দির অদুগ্র হইয়াছে। ইহা প্রায় ৩০।৩৫ বংসরের কথা। ইত্যাদি। লেখক পাদটীকার লিখিতেছেন,—

"আমাদের সহিত রামচক্রপুর গ্রামের একজন বাবাজী—নাম স্থী-চরণ, একজন গোপ—নাম মুচিরাম ঘোষ, ইহাদের বঙঃক্রম ৭০ বংশরের কম নহে, সাক্ষাং হয়, বাবাজী এই স্থানে ৪০ বংগর আছেন।

খোষজীর জনাস্থানও ঐ গ্রামে, কিন্ত ইহারা উক্ত শ্রীপাটের হলামুধ ঠাকুর প্রভৃতির বিষয় কিছুমাত্র বলিতে পারিলেন না।" ইত্যাদি।

শীহরিদাস নন্দী গিণিয়াছেন;—রুদ্রপাড়া, রামচন্দ্রপুর, কবলা আলি প্রভৃতি ২ শত ২র্ষ পুর্কেরি স্থানগুলি কইয়া যে নুতন নদীয়া নগুর হু বাছিল, তাহাও জলগর্ভে প্রবেশ করে,ও বর্ত্তমান কুলিয়া চরস্থিত নব্দীপ নগর্তীর পত্তন হয়। শ্রীগোরাক্সেবক, ৯ বর্ষ, ৬৫০পৃঃ।

শীব্র জনাথ দাস লিথিয়াছেন,—বাগোয়ান পরগণার জমিদারের কাগজে কর্মণাড়া চর লইয়া রামচন্দ্র প্রভৃতি বাহির দ্বীপের মাঠ বলিয়া লেখা আছে। এ, ৯ম বর্ষ, ৬৪পৃঃ।

ভক্তিভালন শ্রীবৃক্ত ব্রন্ধনাথ দাস মহাশয়ের ১৫ই মান,১৩২৮ তারিবের পত্রে জানিতে পারি, উক্ত দেওয়ান গলাগোবিন্দ সিংহের শ্রীমন্দিরের কিয়দংশ দেখা গিয়াছে। এই সংবাদে আময়া অতীব আগ্রহামিত হইয়া নবনীপ বড়ালঘাট হইতে প্রায় ১॥০ মাইল পথ উত্তর পশ্চিম কোণে গলার চর বা মাঠের মধ্যে গমন করি।—দেখিলাম, ১৬ হস্ত পরিমাণ গভীর বালুকা ভেদ করিয়া একটী বৃহৎ চতুছোণ গর্ত্ত করা হইয়াছে। উক্ত গর্ত্তের নিয়ে বজনাথ দাস মহাশয় এবং আময়া লোহশলাকা ছায়া বালুকা ভেদ করিতে লাগিলাম ও নিয়ে যে কোন কঠিন দ্রব্য আছে, তাহা স্পষ্ট বৃঝিতে পারিমাম। শীঘই এই শ্রীমন্দির সাধারণের নয়ন-গোচর হইবে। ব্রন্ধনাথ দাস মহাশয় যে কি পরিশ্রম ইহার জক্ত করিয়াছেন ও করিতেছেন, ভাহা বলিবার নহে। তিনি যেন ঐ কার্যো উন্মন্ত হইয়া গিয়াছেন। বোধ হইল, প্রভুর জন্মস্থান উদ্ধার অক্ত তিনি আদিই হইয়াছেন।

স্থানটীতে পূর্বে (গলার ধারে) দেবালয় ছিল—পরে ভালনে দেবালয়দি গলাগর্ভে পড়িয়া গভীর জলে অনুশু হইয়া বায়। পরে গলার গতির হাদে পুনরায় মন্দির দুশু হয় ও চড়া পড়িতে পড়িতে মন্দিরটী বালুকামধ্যে প্রোথিত হইয়া বায়।—এরূপ মাঠের মধ্যে যে ৩০।৩৫ বৎয়র পূর্বে গলাদেবী ছিলেন, তাহা দেখিলে প্রকৃতই আশ্চর্যা হইতে হয়। এ স্থান হইতে গলাদেবী এক্ষণে প্রায় করি পোয়া পথ।—

ব্রজনাথ দাস মহাশর থেমন জ্বরান্ত কর্মী, মনে হয়, ভিনি এই স্থানের ভক্তগণের শ্রীপাটেরও স্থান নির্দেশ একদিন করিতে পারিবেন।— ভাঁহার উচ্চ কল্পনা থেরূপ, ভাহাতে অভি শীঘ্রই এই মাঠের মধ্যে নগর বিস্বার সন্তাবনা। আমরা কোন ধনী ভক্ত দারা দাদশ গোপালের এক্তম শ্রীহলায়্থ ঠাকুরের স্থৃতিমন্দির এই স্থানে নির্মাণের আশা করি।

শ্রীবৈষ্ণবগ্রন্থে শ্রীহলায়ুধ-প্রসঞ্

(ক) গণোদ্ধেশ—

বলরামসথঃ কশিচ্ছ প্রবলো গোপবালকঃ।
কাসীদ্রজে পুরা যে:২ছাস হল:যুধঠক রঃ॥ ১৩৪।

- (খ) শনশুসংহিতায়,—
 স্বশো বলরামসথ: কলৌ জীহলাযুধ:।

 স্বশেতে ভবিষ্যান্তি কলৌ মন্ধ্রমণে।
- (গ) ভক্তমালে—

 হলায়ুধ ঠাকুর হন পুরুবে প্রবল।

 বলদেবসথা তেঁহ নাম যে প্রবল॥
 ভবেতে সমান প্রায় সমান যে বল॥
- (६) বৈষ্ণবংশনা দৈবকীনন্দনক্ত,— ইলায়ুধ ঠাকুর বন্দো করিয়া আদর।
- (৬) ঐ, বৃন্ধাবন্ধাসক্ত,—
 হুলায়ুধ বাহ্নদেবে,
 বন্দনা করিব তবে,
 তৈতন্তে একান্ত যার মন ॥
- (চ) বৈষ্ণব অভিধানে— কবিচন্দ্র, রামদাস, বনমালী, হলায়ুধ॥

ছে) বৈষ্ণব আচারদর্পণে উপগোপাল নির্ণয় বিবরপে,—
স্বল গোপাল ব্রজে বলরামস্থা।

এবে শীহলায়্ধ পণ্ডিত নামে লেখা॥

কৃষ্ণসেবা করি ষেইেঁং বিষয় কৈল দূর।

তৈতভের শাখা বাস রামচন্দ্রপুর॥

তিতভের শাখা বাস রামচন্দ্রপুর॥

এই গ্রন্থে মতান্তরে ইইাকে বীরবাহু স্থা বলা হইয়াছে।

(জ) হৈতি সাপারিষদজনানির্ণায়ে;—

"ষত সাব প্রাকাশ হইলা নব্দীপে।"

"হুলায়ুধাচার্যা আর বল্লত আচার্যা॥"

পাটপর্যাটনে, দ্বাদশ পাট নির্ণয়ে, মাল্সা ভোগ প্রথায়, চৈতিভাল সঙ্গীতায়, বুকাবন ঠাকুরকৃত বৈষ্ণব্যক্ষায় এবং পুরাতন পঞ্জিকার ইহাঁকে দাদশ গোপালের মধ্যে ধরা হয় নাই।

অধিকস্ত আশ্চর্য্যের বিষয়, শ্রীচৈতগুভাগবতে এবং শ্রীচরিতামৃত্তের শাখা বর্ণনে ও অক্সস্থানে ইহাঁর নামোল্লেখ নাই।

গৌরপদতরঙ্গিণীতে আছে (৫১ পৃঃ),—হলায়ুধ ৬৪ মহান্তের অস্ততম শ্রীনিত্যানন্দ-চিংতে আছে (৩য়, ২০৯ পৃঃ ঃ—

শ্রীহলায়ুধ ঠাকুর শ্রীবলদবেদথা প্রবল গোপাল। ইহাঁর বাসস্থান নবদ্বীপের নিকট রামচন্দ্রপুর—এ গ্রাম অধুনা গঙ্গাগর্ভে নিম্জ্রিত।"

আমাদের ত্রভাগোর বিষয় এই, অভি সামাক্ত পরিচয় ভিন্ন আর কিছুমাত্র বৈষ্ণব গ্রন্থে উল্লেখ নাই।

> জর জর হলায়ুধ আচার্যা ঠাকুর। জকতি দানে কর কালিমা দুর॥ শীনিত্যানন্দরামার নমঃ।

শ্রীকৃষ্ট হৈ জ্ঞান ক্ষঃ। শ্রীকাদশগোপালার ক্ষঃ।

अभ्युर्व ।

দ্বাদশ উপগোপাল

*বৈষ্ণব আচারদর্পণ ইইতে যে ১২শ জন উপগোপালের নামোলের করিয়াছি, তাঁহাদের সংক্ষিপ্ত বিবরণ এই :—

-)। শ্রীর্লায়ুধ পত্তিতা, ইহাঁকে মুল গোণাল-শ্রেণীতে ধরা ইবাছে। এজকু ইহাঁর বিবরণ ষ্থাস্থানে দিয়াছি।
 - ২। শ্রীকৃদ্পণ্ডিত। ব্রাক্ষণ।

বক্ষথপ গোপাল যার নাম ব্লাবনে। শীক্ষ পণ্ডিত বলি এবে গোর সনে॥ নিত্যানল প্রভূ শাখা বল্লবপুরে বাস।

জীরাধাবলভ ঠাকুর বাঁহার প্রাকাশ । (বৈ: আ: দর্পণ)।

বলবপুর কমলাকর শিশুলায়ের শ্রীপাট মাহেশের ১ মাইল উত্তরে।
শ্রীরামপুর ষ্টেসন হইতে নিকটে। বড়দহের ৮প্রামপ্রর নীউ, সাইবোনার ৮নলত্লাল জীউ এবং এই হলবপুরের রাধাবলভ জীউ এক
প্রস্তর হইতে নির্দ্ধিত। শ্রীহিগ্রহণণ কাহারও মতে বীরভিত্র প্রভূর
নিন্দ্রিত এবং কাহারও মতে এই রুলে পণ্ডিতের নির্দ্ধিত। কলপ্তিত
চাতরার গৌরাজ-পরিকর শ্রীল কাশীশ্র পণ্ডিতের ভাগিনেয়। বংশধরগণ বল্লবপুরেই বাস করেন। ভনেকের নাম শ্রীরাধালচল্র চক্রবর্তী।
শ্রথানের রথমাত্রা বিখ্যাত উৎসব। দেবালয় প্রকাণ্ড মন্দিরাকারের।
কল্ল পণ্ডিতের ১৪৬০ শকে (ণু) কার্ত্তিক ক্রফান্তমীতে জন্ম। দ্রাভার
নাম রমাকান্ত ও লক্ষণ।


৩। মুকুন্দানন্দ পণ্ডিত। শ্রীধাম নবছাপে বাড়ী। গোরাঙ্গ উদয় । গ্রন্থ প্রবেতা।

> গন্ধর্ব গোপাল ব্রজে ছিল বিরাজিত। এবে গৌর সঙ্গে মুকুন পিগুতে॥ চৈতত্যের শাখা নবহাপে বাস হয়। যার গ্রন্থ প্রকাশিত গৌরাজ উদয়॥ বৈ: আঃ দঃ।


৪। কাশীখন পণ্ডিত। ত্রাহ্মণ। ইইনে জ্রীপাট জ্রানস্বের দক্ষিণ অংশ চাতরা গ্রামে। "বৈষ্ণধ আচারদর্পণে" যে বল্লবপুণ লেখা আছে, তাহা স্পূর্ণ ভূল। চাতরাতে ঐ স্থানকে মহাপ্রভূব নাটী বলে। ভগ্ন হইলেও অতীব স্থলের দেবালর ছিল। কাশীখন পণ্ডিতের জ্রাতার বংশধনগণ ঐ স্থানে বাস করিতেছেন। এই স্থানের পূর্ণবিবরণ জ্রীগোরাঞ্চন্দেবকে প্রকাশ করিয়াছি।

কি স্থিণী গোপাল ক্ষণ্ড বিজ ছিল।
কাশীশ্বর পণ্ডিত বলি খ্যাতি এবে হৈল।
বল্লবপুরেতে বাস (চাতরা হইবে) চৈততের শাখা।
নিত্যানকপ্রিয় উপগোপালমধ্যে লেখা।

(देवः ष्याः मर्शन) ।



কাশীক্ষা পণ্ডিতের বংশতালিক।



निद्यमन

গৌড়ীয়-বৈষ্ণব-সিম্মিলনীর অনুকম্পায় এই পুস্তক প্রকাশিত হইল, কিন্তু নানা কারণে গ্রন্থ মধ্যে বিস্তর ভ্রম প্রমাদ রহিয়া গেল। ক্রটী মার্জনা করিবেন।

শ্রীপাটগুলির প্রতি স্থানের ফটোচিত্র নক্সা ও যাতায়াতের স্থবিধার জন্ম একথানি মানচিত্র করা হইয়াছিল—কিন্ত ঘটনাচক্রে তাহাও মুদ্রিত হইল না। সতন্ত্র ভাবে সেগুলি প্রকাশ করিবার বিশেষ ইচ্ছা আছে। ইতি—

> বিনীত— শ্রীঅস্ল্যধন রায় ভট্ট।

বিত্তাপন

১। त्र्र बीरिक्षित एति जिल्यांन।

অপূর্ব্ব গ্রন্থ। ইহাতে যাবতীয় গোড়ীয় বৈষ্ণবগণের জীঘনী বর্ণমালা অমুসারে সজ্জিত হইয়াছে। একথানি গৃহে থাকিলে যাবতীয় ভক্ত-গণের লীলা কাহিনী অতি সহজেই জানিতে পারা যাইবে। থণ্ডা-কারে বাহির হইতেছে। ৮।১০ থণ্ডে সম্পূর্ণ হইবে।

১ম খণ্ড (অ: - চ:) মূল্য -- ৸৽

হ। জ্ঞীপাট পানিহাটী ও শ্রীশ্রীরাধারমণ ভরণ দাস দেবের গ্রুফ ভিত্রাবলি

প্রত্যেক—৵৽

७। बीशोदां (अत्र जात्र ज्यान।

ভারতবর্ষের যে যে স্থানে প্রভুর শ্রীচরণ রেণ্ পতিত হইয়াছিল সেই সেই স্থানের বিবরণ সহ স্থাপুর ভ্রমণ লীলা কাহিনী ভারতবর্ষের মানচিত্তে পথের গতি চিহ্নসহ। শীঘ্রই প্রকাশিত হইবে।

গ্রন্থানির প্রাপ্তিমান:—

ত্রী অমূল্যধন রায় ভট্ট
পানিহাটী পোঃ
২৪ প্রগণা

IN OR THE